On the 6th February 1954, the Government announced an *ad hoc* relief of Rs. 5 per month for 4,312 teachers in Government schools, who were neither graduates nor trained to finish their course of training within a period of three years. The Government further announced a relief of Rs. 5 per month in addition to dearness allowance to 11,000 teachers in unaided secondary schools. (Dr. SRIKUMAR BANERJEE: What was the date?) The Government on the 6th February, 1954, further expressed its desire that all unaided institutions should apply to the Secondary Education Board for grants-in-aid and abide by the conditions therefor laid down by the Board. (Dr. SRIKUMAR BANERJEE: That was a bluff.) If there be a deficit, that deficit would be entirely borne by the Government. Unfortunately, Sir, to some of the unaided schools that proposal was not acceptable. On the 14th February, 1954, the Government proposed the setting up of a commission of enquiry to investigate into the whole system of secondary education in the State and make recommendations as to further benefits that might be conferred on the teachers. On the 16th February, 1954, the Government announced that it was willing to pay Rs. 17-8 per month for the year 1954 as dearness allowance irrespective of the same contribution by the schools at the suggestion of the teacher members of the Congress Parliamentary party. The Government further agreed to increase the *ad hoc* relief from Rs. 5 to Rs. 10.

Mr. Speaker, Sir, as far as I am aware, two questions have cropped up in the public mind relating to the handling of the situation by the Government. The first is: why did not the Government announce their latest decision earlier; and the second is what was the necessity or justification for the arrest of the teachers on the morning of the 16th February? Quite apart from the obstruction to the public created by the teachers, the A.B.T.A. on the 15th February, 1954, announced that unless their demands were accepted in full within 24 hours they would direct squads of four teachers each day to break the police cordon near Government Place East and proceed towards the Writers' Buildings carrying banner and shouting slogans, and further added that

[Sj. Sankar Prasad Mitra.]

Government would be responsible for any untoward happening. On the morning of the 15th February we also read a statement by two of our friends opposite and a prominent leader of the Communist Party of India, as follows: "......Responding to the growing popular feeling we feel it our duty to declare that we shall wait up to the 16th to see whether on the 15th with the opening of the Assembly the Government concedes the demands of the teachers or not, and if the Government still refuse to see sense we call upon the public to rally in their thousands at 3 p.m. at the maidan and to take a huge united mass deputation to the Assembly. We shall carry on this movement and, if necessary, we shall seek the co-operation of trade unions and other public organisations to organise a complete province-wise general strike in the near future." The members of the House are entitled to draw their own conclusion in the face of these statements as to the justification for these arrests. (Sj. JYOTI BASU And murders!)

Secondly, Sir, on the question as to why the announcement was not made earlier, indeed, Sir, we on this side of the House had put the same question to the Hon'ble Chief Minister, and the answer that we got was that the Government was unable to make further financial commitments until the budget estimates were ready or the re-appropriations from other items of the Education budget were made. (Dr. SRIKUMAR BANERJEE: What about loans?)

What happened on the 16th February, 1954, near the gates of the House is known to the Hon'ble members. An arrangement was arrived at between the Congress and the Opposition parties, and the representatives of the parties were proceeding towards the demonstration to communicate the arrangement to the demonstrators, when they started surging forward and the police prevented them. This incident was followed by arson, loot and vandalism on a giant scale (Sj. JYOTI BASU: By the police), by attempt to plunge the city into total darkness to convert it into a paradise for rioters, ruffians and hooligans (Sj. JYOTI BASU: Like your Ministers) and by a campaign of senseless destruction. It was clear beyond a shadow of doubt that there was a well planned and organised attempt by political elements (Sj. JYOTI BASU: and the Government) to create chaos, confusion and disorder as if in a reckless and desperate effort to capture power by force. No Government in any part of the civilised world (Sj. JYOTI BASU: Don't be childish) has ever allowed or can ever allow such a situation to develop. If it has not the power to restore peace and order in such circumstances it forfeits its right to exist. We are however happy that the situation has been brought under control, and law and order has again been established. Not very long ago I was also a student. Not very long ago I was also a teacher in a private college and the University. Many of the persons who are affected by this crisis today are those at whose feet I had seen the dawn of knowledge. It is our earnest appeal to our teachers to accept the proposals of the Government in the spirit in which they have been offered. We do not say that their demands have been satisfied. We do not say that even if their demands were satisfied they would be getting all that is necessary for their subsistence. But we do say that there have been distinct improvements on previous offers. Then there are Government assurances that, subject to the fulfilment of minimum conditions ensuring improvement in the standard of education, financial aid may be available from the Government of India to give our teachers further relief.

[3-40—3-50 p.m.]

The door to negotiation and settlement of disputes by constitutional means would ever remain open.

May I in conclusion humbly and respectfully remind the teachers of the land of a famous saying which is as follows:—

> "Teachers should be held in the highest honour. They are the allies of legislators; they have agency in the prevention of crime; they aid in regulating the atmosphere, whose incessant action and pressure cause the life-blood to circulate, and to return pure and healthful to the heart of the nation".

With these words, I oppose the motion.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, we shall be failing in our duty if we do not avail of this opportunity to condemn with all the emphasis that we can command the outrageous atrocities of the Police on the peaceful demonstration of the teachers, their sympathisers and supporters who wanted together in and around this House to make their voice heard and their grievances redressed. We have seen with our own eyes from outside this House how hundreds of mounted police were recklessly let loose to chase the demonstrators. We have seen with our own eyes how armed police charged them brutally with lathis when they were almost paralysed or blinded with tear gas. After having seen that, it is not at all possible for us to give the Government any benefit of doubt. The teachers are proverbially innocent, innocuous and inoffensive. The word "teacher" is sacred. They are held in great respect and in high esteem all over the world. But what treatment has been meted out to them by our Government which designates itself as a popular Government? This incident occurred but only for one man and he is Dr. B. C. Roy. It is his empty pride, it is his arrogance, it is his obstinacy that brought about this crisis. The teachers have been crying hoarse for more than a year. They had made representations. They had approached the Government for redress. In fact, with the money that they were getting it is difficult for them to live. Then how could you expect the teachers who are entrusted with the duty of moulding and shaping the destiny of the nation to do justice to the cause for which they stand? Our Chief Minister did not pay any heed to their just demands. There was a lot of haggling as if it was a fish market. He raised his bounty by degrees as if he was going to make a charity to the teachers, as if it was his own personal property. He led the teachers—the innocent teachers—to this crisis. If any incident has happened after the Police atrocities it is he alone who is responsible for this. He always tries to put the blame on the shoulders of the Opposition. Whenever he himself commits an error and whenever he is faced with difficulties, he tries to pass them on to the Opposition. That has become a fashion of the Congress rule in this country. What for is the Opposition there, if they really cannot voice the misery of the people, if they cannot criticise the Government—what for is the Opposition there? They must stand by the people and they must criticise the Government whenever it commits any wrong. But the Government cannot escape its liability by trying to shift the blame on to the Opposition. People are not yet so idiotic as to believe what Dr. Roy will say to them. On the day of occurrence Dr. Roy gave some more concession to the teachers. Actually the proposal came from the Chief Whip of the Government to us to meet the demonstrators and to convince them that they have been given something and to resist them, if possible, from coming forward—but it was too late. When was that decision taken? Why was it not announced earlier? If only that was done, the crisis could have been averted. Dr. Roy has himself kindled the fire and he will have to extinguish it. He has got to do it, otherwise he along with others will be burnt in the fire. Yet there is time for

[Sj. Sudhir Chandra Ray Chaudhuri.]

a settlement. This satyagraha movement—who launched it in this country first? (Interruption.) It was started by the Congress first and what we had seen in the past? Even in the British *raj* the Ministers used to go to the jail to see the leaders and settle their affairs. What debars Dr. Roy from going to the jail and seeing the teachers there and settling the matter once and for all. He will not do that. I know that is his vanity, that is his empty pride and that is his arrogance, and that is what is leading us to catastrophe. While I condemn the police atrocities, I also condemn the hooliganism that prevailed in the city. There can be no reason why private property should be destroyed. But who let loose the hooliganism? Who knows that they are not Government agents and were there to counteract the reactions of the occurrence?

(At this stage the red light was lit.)

My time is up. I would again appeal to Dr. Roy to go to jail, see the teachers and settle the matter once and for all.

[3-50—4 p.m.]

Sj. Jogesh Chandra Gupta: Mr. Speaker, Sir, the Finance Minister mentioned two paradoxes which have hampered the progress and prosperity of the State. The first one is that there is a difference between the employment trend and those who need employment in this province, and the second paradox to which he referred was the disparity between wealth and the power to tax and obtain advantage of the wealth of the State for purposes of the State. These are the two paradoxes which have prevented us from doing what we should have done for a Welfare State. Today, Sir, we are faced with a third paradox. When there is no difference that the teachers should get a better emolument, when it is not a case as in the case of commercial and industrial enterprises that those who make the profit refuse to give to the employees what they demand, when the reasonableness of the demand is agreed upon with the only difference about the way to find the means to fulfil the demands, we find paradoxically enough that the resources of the State, the property of the State are being destroyed crippling the capacity of this State to meet those demands. We have got to get over these paradoxes. The other two paradoxes may not lie in our power but this paradox which we are bringing about it is in our power to avoid this, and today I would plead before all the members of the House to do all in their power to prevent the crippling of the resources of the State, to bring about a peaceful atmosphere to meet those urgent demands. Many of us would have liked the fulfilment of the demands earlier than it has been possible, but as I have already mentioned the 2 paradoxes facing the Finance Minister delayed the fulfilment of them. But let us not by our action delay the thing any further. What we have got to do is that when it is agreed that much more has got to be done, let us not cripple our resources, let us not embarrass the people. Was it necessary in this context to take recourse to the procession, to march, breaking the law and bring about the resultant destruction which happened.

Sir, what has pained me most is the dragging of the students and others and bringing them in this demonstration. Sir, I got information that when the procession comes there would be all these consequent troubles. Sj. Priya Ranjan Sen also corroborated that there were talks of burning trams and State buses. That made me very anxious. I approached the Chief Minister and wanted to convey the latest solution before the processionists would start. I requested the Opposition friends who were good enough to agree to go and prevent it, but when we went there what did we find? The processionists proceeded without

heeding to the requests of Sj. Bankim Mukherji, Sj. Hemanta Basu and Sj. Nepal Roy and others who had gone to meet the processionists. Why did they do so? Because, as Sj. Nepal Roy told me, in this procession the hooligan elements really preponderated.

Sj. Nepal Chandra Roy: Not in the procession, they were outside the procession. That is false. They were outside the procession.

(Noise and interruption.)

Sj. Jogesh Chandra Gupta: I had confirmation of the statement of my friend when I found that I was clean relieved of the golden fountain pen. So there is no doubt about it. It is not a surmise, it is a confirmation. What happened afterwards was worse. It was quite clear that those who conducted the procession had not any influence over the processionists. The properties of the State were lost, as I have already said, thus crippling the hands of the Finance Minister who would have employed all the resources of the State to meet the demands. I therefore ask, is it not the duty of all members to whichever side they belong, is it not the duty of the public to mobilise themselves against a recurrence of such happenings. (Sj. JYOTI BASU: Go and ask your Government.) I heard the police was responsible, not the people. Was the police responsible for wounding the police horses?

(The member having reached the time limit resumed his seat.)

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, I rise with a heavy heart to refer to the atrocities of the 16th February. Sir, as a result of police firing and tear-gassing and lathi-charges, as many as seven precious lives were lost, many persons were very seriously injured and they are lying in agony in several hospitals of the city of Calcutta. Now, Sir, the first question that arises in my mind is this. Could not these unfortunate incidents have been avoided? If they could have been avoided, by whom could they have been avoided? My straight answer to this is that they could have been easily avoided and they could have been avoided and should have been avoided by Dr. Roy. Dr. Roy is solely responsible for these tragic events, these tragic atrocities. Dr. Roy is now a fossilised gentleman, he is suffering from senility; nature has her effect upon him. Well, Sir, he is now all brain, no heart; he is now all cold logic and no emotion. He cannot be persuaded to hear anybody's counsel whether it comes from this side or from that side.

Well, Sir, these teachers were being paid less than the sweepers, less than the orderlies, and this thing in itself is a matter of shame to Bengal, and the worthless Ministry that is holding the reins of Bengal should have long ago hung down its head in shame in the face of such a tragic fact. For the last one year they are petitioning, they are bemoaning, they are wailing before this Ministry, but their wailings fell on deaf ears of this redoubtable Dr. Roy. Then, Sir, as a matter of last resort they had no other alternative but to take recourse to strike and peaceful demonstration, but this also did not draw any word of sympathy from this Dr. Roy. Much incense was burnt at the alter of this fastidious God Dr. Roy, but to no effect. Therefore, from the instinct of self-preservation, to put their body and soul together, these modest gentlemen who even now continue the long line of the old Rishis, were also driven to desperation to take recourse to this peaceful method. They squatted in front of His Excellency's palace for five days, but still no sweet word or solacing word was given out from His Excellency's quarters or from the dovecots of the Writers' Buildings.

[4—4-10 p.m.]

Now, Sir, Dr. Roy could tolerate them sitting there under very tragic circumstances for five days. What led him all on a sudden to let

[Sj. Tarapada Bandopadhyay.]

loose the hounds of law and order on those people and to arrest them in the still hours of the 15th February? I must say that it was a most unstatesman-like, a most heartless act on the part of Dr. Roy and his Government. Instead of doing anything to solve their troubles, to allay their difficulties, he took recourse to highhandedness, and for this the situation went out of his hand and he had ultimately to submit and he made some concessions. I should say he made some fair concessions, but it was a belated attempt and there was no time to avert the trouble. As a matter of fact, when Dr. Roy made that statement here regarding teachers' emoluments, teachers' salaries, etc., I told him in this House that the time was fast running out and that this matter should at once be communicated to the leaders of the teachers. The leaders of the teachers were already in jail. Sir, nobody was sent to the jail to meet them and to see their reaction. Therefore, much of the goodness of this belated statement was robbed of much of its grace, because of this belatedness, because of this undue delay. Now, Sir, the blame has been laid at the door of the parties of the opposition. I would like to submit that this blame is false. The blame, if it has got to be laid anywhere, it must be laid at the door of Dr. Roy and his Congress followers. They have no kindness or humanity in them. Now, Sir, these opposition members could not have been worth the trust that has been so religiously so to say, so sacredly reposed upon them by the electorate, if they did not support the cause, the sacred cause, the genuine cause of these teachers. And what did they do? They know from their past experience that unless some pressure was put upon this Ministry of Dr. Roy, they could not be persuaded to do anything. And to move things in the right direction, they led a peaceful demonstration. Of course, at once 144 was clamped upon Calcutta and these persons were prevented from approaching the premises of this Legislative Assembly. Sir, would the heavens have fallen if they were allowed to proceed here? I am sure if they were allowed to proceed here, the prestige of Dr. Roy's Government would not have suffered a whit but would have enhanced, but unfortunately it was not allowed to be done. What inevitably, therefore, followed was known to Dr. Roy and everybody. Even in the midst of peaceful processions hooligans may come there, goonda elements may come there, but that could not be helped, otherwise the result would be that no peaceful demonstration could be led by any opposition members on the ground that in a peaceful demonstration may mix up some undesirable elements or goonda elements. If this is your intention, if this is your serious contention, then really nothing can be done. Whatever that may be, even now the situation could be averted. And what is the remedy? The remedy is that all the teachers and all the responsible members of this House arrested should at once be set free, they should at once be released, and Dr. Roy should come into contact with the teachers who are guiding the strike through this movement. And I think these gentlemen, these poor teachers—they are very good gentlemen, they are very good souls—can even now be persuaded to call off the strike if they are properly approached, and this should be done. No undue sense of prestige should stand in the way.

Sj. Hemanta Kumar Basu:

"এসেমব্লি"তে আমরা প্রধান মন্ত্রীকে অনুরোধ করি যে শিক্ষকদের ব্যাপারে আলাপ আলোচনার জন্যে তাদের সঙ্গে দেখা করা উচিত। কিন্তু তিনি তাঁদের প্রতিনিধিদের সঙ্গে দেখা করেন নি এবং তাঁদের দাবীদাওয়া সম্বন্ধে বিশেষ কোনো বিবেচনা করেন নি। শিক্ষক মহাশয়েরা তাদের দাবীদাওয়া নিয়ে বরাবরই আন্দোলন করেছেন, "কনফারেন্স" করেছেন, কিন্তু গভর্ণমেণ্ট এ বিষয়ে একেবারেই উদাসীন রয়েছেন। তাঁরা "সেকেণ্ডারী এডুকেসন বোর্ড" মারফৎ তাদের দাবী জানিয়েছেন, এটা তাদেরই "কনষ্টিটুয়েণ্ট বডি", সুতরাং এর "রেকমেণ্ডেশন"

যে গভর্ণমেণ্ট মেনে নিবেন এটা স্বাভাবিক কিন্তু "ডাঃ রায়"এর পক্ষে তা গ্রহণ করা সম্ভব হোল না। "সেকেণ্ডারি এডুকেসন বোর্ড"এর যে প্রস্তাব সেটা একটা দায়িত্বশীল প্রতিষ্ঠানেরই প্রস্তাব, তার প্রস্তাব যদি সরকার মেনে নিতেন তাহলে এই রকম গোলমালের সৃষ্টি হোত না। কিন্তু দিনের পর দিন কেটে গেল, শিক্ষকেরা যখন কোনমতেই সরকারকে দিয়ে সেই প্রস্তাব মানাতে পারলেন না, তখন বাধ্য হলেন এমন কোনো কাজ করতে অবশ্য শান্তিপূর্ণভাবে যাতে সরকার তাদের দুঃখ বুঝেন যাতে সরকারের মনকে তারা প্রভাবিত করতে পারেন, জনমতকে সরকার মেনে নিতে এগিয়ে আসেন। তাই তারা শান্তিপূর্ণ ভাবে "ডালহৌসি স্কোয়ার"এ "স্কোয়াটিং" আরম্ভ করেন এবং শান্তিপূর্ণভাবে "প্রসেসন" করে অগ্রসর হচ্ছিলেন। তাঁরা ইটপাটকেল ছুঁড়েন নি, দিনের পর দিন, ৫ দিন ধরে তাঁরা শান্তিপূর্ণভাবে ডালহাউসি স্কোয়ারে "স্কোয়াট" করে ছিলেন। কিন্তু যখন কোন মতেই সরকার রাজী হলেন না তখন তারা স্থির করেন যে চারজন করে শিক্ষক শান্তিপূর্ণভাবে আইন ভঙ্গ করবেন। যখন তাঁদের সকল আবেদন নিবেদন গভর্ণমেণ্টের কাছে ব্যর্থ হ'ল, তখনি কেবল তারা আইন ভঙ্গ করতে উদ্যত হলেন।

[4-10—4-20 p.m.]

প্রধানমন্ত্রী মহাশয় বলে থাকেন যদি এরকম কোন অভিযোগ থাকে তাহলে সেই অভিযোগ উপস্থিত করবার জন্য। কিন্তু সেই অভিযোগ উপস্থিত করলে এবং যদি সেই বিষয়ে কোন সমাধানের চেষ্টা না হয় এবং সেই অভিযোগ যদি প্রত্যাখ্যাত হয় তখন জনসাধারণ কোন পথে যাবে? কাজেই শিক্ষকরা আইনানুসারে চারজন চারজন করে যদি তাদের ন্যায়সঙ্গত দাবী জানাবার জন্য আইন ভঙ্গ করে তবে সেটা তারা সরকারের উপর প্রভাব বিস্তার করবার জন্যই করেছিল। কিন্তু দুঃখের বিষয় যে অবস্থাটা ঘটে গিয়েছে সে অবস্থার ফলে আজকে যে এতগুলি লোক মারা গেল, কয়েকশত লোক রাজবন্দী হল এবং আজকে চতুর্দ্দিকে যে একটা অসন্তোষের মনোভাব দেখা দিয়েছে এর জন্য দায়ী প্রধানমন্ত্রী, এবিষয়ে কোন সন্দেহ নাই।

(Cries from the Congress Benches—No, no.)

স্পীকার মহাশয়, আপনি জানেন ১৯৫২ সালে আমরা যখন প্রধানমন্ত্রীর কাছে গিয়েছিলাম তখন প্রধানমন্ত্রী আমাদেরকে হাঁকিয়ে দিয়েছিলেন। যদিও পরে তিনি সেই ন্যায়সঙ্গত দাবী মেনে নিয়েছিলেন। তিনি যদি সেই দাবী আগেই মেনে নিতেন তাহলে ১৯৫২ সালে খাদ্য আন্দোলন হত না এবং তিনি বলেছিলেন আগুনে হাত দিলে হাত পোড়ে, যদি তিনি দাবী মেনে নিতেন তাহলে যে আগুন চারিদিকে জ্বলেছিল তাতে তারই হাত পুড়েছিল এবং ৭ দিনের মধ্যে শান্তিপূর্ণ গণ আন্দোলনকে মেনে নিতে বাধ্য হয়েছিলেন।

এখানেও শিক্ষক মহাশয়দের দাবী অতি সঙ্গত দাবী, প্রত্যেক বছরে "রেভিন্যু" খাতে খরচা বেড়েই যাচ্ছে, না হয় এই "ইনপেড টিচার"দের জন্য আরও এক কোটিই না হয় বাড়ত যদি তাদের কিছু মাইনে বাড়িয়ে দেওয়া হত কিন্তু তা হল না। গভর্ণমেণ্টের বিভিন্ন বিভাগে যথেষ্ট অপব্যয় হচ্ছে কিন্তু এই দুঃস্থ শিক্ষকদের মাইনে যদি সামান্য বাড়িয়ে দেওয়া হত সেটা সম্পূর্ণ সঙ্গত হত। সেদিন ১৬ই তারিখে যে "কনসেসন" তিনি ঘোষণা করেছেন সেটা একটু বিলম্বে হয়েছে আমরা যখন সেখানে গেলাম তখন "প্রসেসন" বেড়িয়ে গেছল এটা আগে করলে কি ক্ষতি হত? এখনও সময় আছে যদি সময় থাকতে তিনি সমস্ত শিক্ষকদের এবং তাঁদের সঙ্গে যারা গ্রেপ্তার হয়েছে তাদের ছেড়ে দেন তাহলে আমি মনে করি সহজেই ব্যাপারটার সমাধান হবে।

Sj. Kali Mukherjee:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে যে "এ্যাডজর্নমেণ্ট মোশন" এই "হাউস"এ আনা হয়েছে তার সঙ্গে আমরা গত কয়েক বৎসর ধরেই পরিচিত। গত বছর বাজেটের সময় দুর্ভিক্ষের নামে চাষীদের এখানে নিয়ে এসে একবার "এ্যাডজর্নমেণ্ট মোশন"এর চেষ্টা হয়। গত বছর "নভেম্বর" মাসে চটকল শ্রমিকদের হাজারে হাজারে হাটিয়ে নিয়ে এসে এরকম ভাবে আর একবার "এ্যাডজর্নমেণ্ট মোশন"এর চেষ্টা হয়েছিল। যারা বার বার এ রকম করে, এবারও দেখছি তারাই সে গরীব ও শ্রদ্ধেয় শিক্ষক মহাশয়দের রাজনীতির গণ্ডির মধ্যে টেনে এনে আর একবার রাজনৈতিক খেলার ব্যবস্থা করেছেন। ("নয়েজ এ্যাণ্ড ইনটারাপসানস্"।) এ ধরণের জিনিষ আমাদের কাছে নূতন নয়। আমরা জানি ১২ই তারিখে যেদিন মাষ্টার মহাশয়দের "স্কোয়াটিং"এর ব্যবস্থা করা হয় এবং যখন তারা ধৃত হলেন, তখন দেখা গেল একজন নয়, দুজন নয়, ৬৫টী জন মাষ্টার মহাশয়দের সঙ্গে ধৃত হন। তারা শুধু রাজনীতিক কর্মীই নন, মাষ্টার মহাশয়দের এই অবস্থার মধ্যে

[Sj. Kali Mukherjee.]

এনে তারা তাদের রাজনৈতিক উদ্দেশ্য উদ্ধার করবার চেষ্টা করেছেন। ("ক্রাইজ—সেম, সেম"।) ১৯৫০-৫১ সালের বাজেটে ৩১/৪ কোটি টাকা শিক্ষা খাতে খরচ করা হয়েছিল। সেই খাতে ১৯৫৪-৫৫ সালে ধরা হয়েছে প্রায় ৬০ কোটি টাকা। আমি "চ্যালেঞ্জ" করে বলতে পারি, ভারতবর্ষের অন্যান্য কোন প্রদেশেই পশ্চিমবঙ্গের স্কুলে মাষ্টার মহাশয়েরা যা পান—এত পান না।

(Question—question—cries from the opposition benches.)

বেশ তাহলে প্রমাণ করুন। প্রতি ক্ষেত্রেই আমরা তাদের বেশী দিচ্ছি। সেদিনই "প্রাইমারী স্কুলে" ৪০ লক্ষ টাকা দেওয়া হয়ে ছিল কিন্তু সে প্রশ্ন তারা এখানে আনেন নি। তারা এনেছেন এই বাজেটের সম্মুখে কি করে মাষ্টার মহাশয়দের দুর্দশা-গ্রস্ত করে আর এক বার জুলাই বিপ্লবের নামে সমস্ত বাংলা দেশ এবং কলকাতা সহরকে জাগিয়ে দেওয়া যায়।

১৪ই তারিখে ২১টা সভা করা হল। "লেবার এরিয়া"তেও কয়েকটি সভা করা হয়েছে। তাদের প্রতিটিতেই "স্লোগান" ছিল "জুলাই বিপ্লবে পরিণত কর"। ১৫ই তারিখে ৩২টা "মিটিং" হয়েছে। তাতেও ঐ একই রব ছিল "জুলাই বিপ্লবে পরিণত কর"। এছাড়া, স্পীকার মহাশয়, প্রতিটি ঘটনা যদি আপনি অনুধাবন করে দেখেন, তাহলে দেখবেন এর পিছনে কত বড় ভীষণ ষড়যন্ত্র ছিল। ("নয়েজ—ইনটারাপসানস"।) শুধু তাই নয়। যারা এর নেতৃত্ব করেছেন, তাদের পর্য্যন্ত সৎসাহস নেই বাইরে বেরুবার। ("নয়েজ"।) তাই "এসেমব্লী হাউসে" আশ্রয় নিয়েছেন ("ষাউটস—সেম, সেম"।) তাদের যদি সেই সৎসাহস থাকত, তাহলে তাদের উচিৎ ছিল যেমন করে ডা: স্বরেশ ব্যানার্জি ঝাণ্ডা নিয়ে এগিয়ে এসেছিলেন সেই রকম তাদেরও করা। কিন্তু তারা করলেন কি? যেহেতু তারা "এসেমব্লী"র সভ্য,—তাই আজ মাষ্টার মহাশয়দের দুর্দ্দশাগ্রস্ত অবস্থায় রাস্তায় ফেলে রেখে এই "এসেমব্লী হাউসে" লেজ গুটিয়ে বসে আছে। ("নয়েজ—ইনটারাপসনস"।) এই কাপুরুষতা সত্বেও আজকে এখানে গলাবাজি করে বলছেন, গভর্ণমেণ্টেই সর্বতোভাবে দোষী। আমি একটি ঘটনা অনুধাবনের জন্য আপনাকে জানাচ্ছি। সেদিন যখন ৩-৩০ টার সময় মনুমেণ্ট থেকে "প্রসেসন" স্বরু হয়, তখন সেখানে শিক্ষকের লেশমাত্রও ছিল না। ৫টা থেকে ৫-৩০ টার মধ্যে "কর্ডন" ভাঙ্গা হবে এটা স্থির করা হয়। কিন্তু তার বহু আগেই "কর্ডন" ভাঙ্গবার চেষ্টা করা হয়। এই "এসেমব্লী থেকে শ্রদ্ধেয় বঙ্কিম বাবু এবং অন্যান্য অনেকে সেখানে গিয়েছিলেন, যাতে করে এই ধরণের ঘটনা বন্ধ করা যায়। কিন্তু তারা উপেক্ষিত হয়েছিলেন; তারা ভ্রুক্ষেপমাত্র করল না। ("ইণ্টারাপ-সানস"।) এর দ্বারা এই প্রমাণিত হল যে যারা নেতৃত্ব নিয়েছিলেন এই ব্যাপারে, তারাও সময়ে তা সামলাতে পারেন নি। ("নয়েজ"।) ৫-৩০টার সময় দেখা গেল ধর্ম্মতলায় আগুন জ্বলছে। ৫-৪০ মিনিটের সময় বৌবাজার "জুয়েলারী সপ-এ" লুঠ হচ্ছে এবং ৫-৫০ মিনিটের সময় "লিণ্ডসে ষ্ট্রীট" ও "পার্ক ষ্ট্রীট"এ লুঠ চলছে। এবং এ ছাড়াও আরও কয়েক জায়গায় দোকান লুটপাট হচ্ছে। তাহলে পরিস্কার দেখা যাচ্ছে যে "প্রসেসন" এসেছিল, সেটা দুই ভাগে বিভক্ত হয়ে এক ভাগ "এসেমব্লী" অভিযানে, এবং আর একভাগ লুটতরাজ করতে যায়। ("ভয়েস" আপনি ছিলেন নাকি?)

আজকে যারা বিরুদ্ধ পক্ষে আছেন, তাদের বলব কি ধরণের লোক নিয়ে তারা বাংলাদেশে রাজনীতিক খেলা করছেন। আমার পূর্ববর্তী বক্তা, বন্ধু তারাপদ বাবু বলে-ছেন যে এটা বিধান বাবুর জন্যই হয়েছে। স্পীকার মহাশয় আপনার মাধ্যমে আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যদি তাই হত, তাহলে চশমা চোখে দিয়ে এবং গলায় চাদর ঝুলিয়ে তাকে হেলে দুলে এরকম সুন্দর-ভাবে রাস্তায় চলতে হত না। ("নয়েজ এ্যাণ্ড ডিস্টার্বব্যান্সেস"।)

(At this stage Member having reached his time limit resumed his seat.)

[4-20—4-30 p.m.]

Sj. Haripada Chatterjee: মাননীয় সভাপাল মহাশয়, আমি আশ্চর্য্য হয়ে ভাবি যে কথায় কথায় আমাদের প্রধানমন্ত্রী মিলিটারী ডাকেন কেন। ১৯৪৬ সালে সমস্ত বাংলাদেশে পুলিসখাতে ৩ কোটি ১০ লক্ষ টাকা ব্যয় হয়েছিল; আর এখন ছ'কোটি টাকা ব্যয় করছেন। ১৯৪৬ সালে ২৭টি জেলা ও কলকাতা শহরে ৩ কোটি ১০ লক্ষ টাকার পুলিস ছিল, তখন এই রকম কথায় কথায় মিলিটারী ডাকা হতো না; আর এখন তিনি কথায় কথায় পুলিস ডাকেন।

Speaker: Are you making a speach on police budget?

Sj. Haripada Chatterjee: You just hear and have patience.

এখানে লাঠিচার্জ হবার সঙ্গে সঙ্গে এক ঘণ্টার মধ্যে হেডকোয়ার্টার থেকে ওর কাছে টেলিফোন আসে, "এখনি মিলিটারী ডাকা হোক।" আমি সব দায়িত্ব নিয়েই বলছি। এ-কথা উনি স্বীকার করুন আর নাই করুন। উনি বলেন, "বাংলা পুলিস ডাকুন", কিন্তু হেডকোয়ার্টার থেকে বল্লে "মিলিটারী ডাকুন"। উনি উদ্ধত, কিন্তু ওর পরামর্শদাতা পুলিশ আরো উদ্ধত। এই ক'রে তিনি দেশ শাসন করছেন? (গোলমাল) এই ক'রেই তিনি কি দেশ শাসন করবেন? এই ত কালী মুখার্জী অনেক কথা বললেন, কিন্তু একথা তিনিও স্বীকার করতে বাধ্য হয়েছেন যে, এখানে যারা কমিউনিষ্ট নেতা ছিলেন তাঁরা গোলমাল চান নি, তাঁরা শান্তি স্থাপন করতেই গিয়েছিলেন। এ-কথা জে, সি, গুপ্তও স্বীকার করেছেন এবং আমিও বলছি। কমিউনিষ্টদের সঙ্গে লড়াই করতে হয় একশোবার করব, কিন্তু তাঁদের মধ্যে থেকে আমি বুঝেছি যে তাঁরাও শান্তি চেয়েছিলেন তাঁরাও সকলে চেয়েছিলেন একটা মীমাংসা হোক। কিন্তু আমাদের উদ্ধত প্রধানমন্ত্রী তাঁর পরামর্শদাতাদের সঙ্গে পরামর্শ করে তাঁদের "ম্যারেষ্ট" না ক'রে পারলেন না। যেটা বেলা ১১টার সময় ঠিক হয়েছিল, কেন তিনি সঙ্গে সঙ্গে এখানে তা জানালেন না? এই হচ্ছে মিলনের ব্যাপার! একদিকে চলছে মিলনের ব্যাপার, আর একদিকে চলছে মিলিটারী। কাটজু সাহেব এ বিষয়ে তাঁর দাদা। উনি যদি হন ফ্যাসিষ্টদের রাজা তবে তিনি হচ্ছেন ফ্যাসিষ্ট সম্রাট। তিনি মন্ত্রীদের মানহানি হলে পুলিস কেস হবে বলে আইন করতে চান। অর্থাৎ মন্ত্রীদের অন্যায় কাজের সমালোচনা পর্য্যন্ত করতে দিতে প্রস্তুত নন। এত বড় ফ্যাসিষ্ট সম্রাট যে মিলিটারী ডাকা ও গুলিচালনা সমর্থন করবেন তাতে আশ্চর্য্য হবার কিছুই নেই।

যাক সে কথা। প্রধানমন্ত্রী কিভাবে লোক মরছে তা দেখুন, ট্রাম বাস পুড়ুক। এই সব "হুলিগ্যানিজম" চলুক এ কেউ সমর্থন করবে না। এর জন্য ত ৯ কোটী টাকার পুলিস আছে। মিলিটারী ডেকে বেপরোয়া গুলি চালান কেন? এই "হুলিগ্যানিজম"ত আপনারা "লেট লুজ" করেছেন। কালী মুখার্জী জিজ্ঞাসা করছেন কারা এইসব করছে; এই ৬ কোটী টাকার পুলিস তা বলুক। প্রভাত ভট্টাচার্য্য—আমি যে খবর পেয়েছি উনি তদন্ত করে দেখুন সেটা ঠিক কিনা—কালীপদ ভট্টাচার্য্য, প্রফেসার সুরেন্দ্র নাথ কলেজ, তাঁর পুত্র। দেড় বছর আগে বিবাহ করেছে, দুই বন্ধু সহ মোটরে যাচ্ছিল পুলিস তাকে হিঁচড়ে টেনে নিয়ে গেল। শুনা যাচ্ছে যেখানে তাকে ধরেছে সেখানে গুলি চলেছে এবং তার "ডেড্‌ বডি" পাওয়া যাচ্ছে না। এই খবর যদি সত্যি হয় তবে সে কি ভয়ঙ্কর কথা। দেখুন আরো কি হয়েছে। এডুকেসন ডিপার্টমেণ্টের কে, সি, কুশারীর স্ত্রী দোতালার উপরে ছিলেন, গুলি তাঁর হাত ভেদ করে গিয়ে তাঁর স্থির জানুতে বিঁধে আছে। এই রকম বেপরোয়া ভাবে গুলি চালানো হয়েছে। অজিত দে পোষ্ট এ্যাণ্ড টেলিগ্রাফ ডিপার্টমেণ্টের চাকুরে। ৬ মাস আগে তার বিবাহ হয়েছিল। ভবানীপুর, দেবেন্দ্র ঘোষ রোডে খাবার কিনে বাড়ী ফিরছিলেন, পুলিসের গুলিতে মারা গেলেন। অনেক ছেলেকে খুঁজে পাওয়া যাচ্ছে না। তাদের আত্মীয় স্বজন সন্দেহ করছে তারা হয়ত জীবিত নেই। এইরকম ভাবে তিনি দেশ শাসন করবেন? তাঁর বাড়িতে প্রতিরাবে ১২ জন পুলিস, ৩ সিফটে পাহারা দেয়: এছাড়া ওয়ারলেস ভ্যান, আই, বি, সার্জেণ্ট, ইন্সপেক্টর, ইত্যাদি পাহারা দিচ্ছে; তাতে কমসে কম ৫০ হাজার টাকা খরচ হয়। আর যতগুলি পুতুল মন্ত্রী আছে, যাদের আজকে জ্যোতি বিধানচন্দ্র বিধান-সূর্য্য, যাঁর জ্যোতিতে প্রফুল্ল চন্দ্র জ্যোতিষ্মান। (গোলমাল) তাঁদের সবার এই পুলিস পাহাড়া উঠিয়ে নেওয়া হোক। এই ক'রে তিনি গণতন্ত্র চালাবেন? তাঁরা পুলিস পাহারায় থেকে মিলিটারী ডেকে গুলি চালাবেন, চরম ঔদ্ধত্য করবেন আর আমরা তা সমর্থন করব? শ্রদ্ধেয় শরৎ বসু একটা কথা বলেছিলেন আমার রুচিতে বাধলো ব'লে বললাম না। (গোলমাল) যে লোক এমন তাকে ক্ষমতার আসনে বসাতে নেই। আপনারা বাইরে গিয়ে কথা বলতে পারেন না? মিলিটারী ডাকা হবে? বলতে লজ্জা করে না?

"জেনারেল ইলেকসান"এ যান; যদি মিলিটারী ডাকা ছাড়া দেশ শাসন না করতে পারেন। যদি আপনাদের পেছনে কিছু মাত্র জন সমর্থন না থাকে তবে সকলে "রেজিগনেসান" দিন না কেন?

যাক, আমি আবেদন করছি প্রধানমন্ত্রীর কাছে, এখনও সময় আছে, সাবধান হোন; যাদের ধরেছেন তাদের সব ছেড়ে দিন। চলুন সকলে মিলে এই শিক্ষকদের যারা চিরদিন লাঞ্ছিত যারা বাস্তবিক খেতে পায় না

(At this stage the red light was lit.)

তাদের কাছে যাই, ভালবেসে আপনার জনের মত কথা বলি, সব মিটে যাবে। মেটান ১ মিনিটের ব্যাপার। ঔদ্ধত্য ত্যাগ করুন। চলুন তাদের সমস্যার সমাধান করি। তাদের ন্যায্য দাবী মেনে নেই।

Sj. Bankim Mukherjee:

মিঃ স্পীকার, এই সমস্ত ব্যাপারটা—ঘটনাটা লক্ষ্য করলে এটুকু সুস্পষ্ট বোঝা যায় যে, গভর্ণমেণ্টের

[Sj. Bankim Mukherjee.]

মীমাংসা করবার কোন ইচ্ছা ছিল না। নইলে পর যখন শিক্ষকরা ১০৮ ঘণ্টা এই রাস্তায় উপর বসে-ছিলেন সেই ১০৮ ঘণ্টায় কলকাতা রসাতলে যায়নি; আকাশও ভেঙে পড়েনি। এই ১০৮ ঘণ্টা আইন-শৃঙ্খলার মর্য্যাদা অটুট ছিল। কিন্তু তাঁদের আরও ১২ ঘণ্টা মোট ১২০ ঘণ্টা আটকে রাখলে বোধ হয় আইন শৃঙ্খলার মর্যাদা সম্পূর্ণ রক্ষা হ'তো। আরো ১২ ঘণ্টা পরে তাঁরা স্থির করলেন এদের নতুন কিছু 'কনসেসন' দেওয়া হবে। মাত্র কয়েক ঘণ্টা আগে যদি তাঁরা এটা স্থির করতেন, তাহলে আগে এই শিক্ষকদের গ্রেপ্তার করবার কোন প্রয়োজন হ'তো না।

দ্বিতীয়ত: একটা কথা শুনলাম: শ্রী শঙ্কর বাবু বললেন যে পলিটিক্যাল পার্টিরা এসে বলেছিলেন যে তাঁরা এসেমব্লীতে "ডেপুটেশন" নিয়ে যাবেন সেটা কি একটা অপরাধজনক ব্যাপার? এসেমব্লীতে আসা কি অপরাধজনক ব্যাপার? না, আইনবিরুদ্ধ ব্যাপার? ফ্রান্স, ইটালী, ইংল্যাণ্ডে কত বড় বড় ষ্ট্রাইক" হয়ে যায়; কিন্তু তার সঙ্গে সঙ্গে এমন ধর-পাকড় হয় না। সেখানে গণতন্ত্রের মর্যাদা আছে। আর এখানে গণতন্ত্রের এমনই মর্য্যাদা যে "প্রিনসিপ্যাল লীডার অব দি অপোজিশন"-কেও গ্রেপ্তার করার চেষ্টা করা হয়; এমন কি এসেমব্লীর মর্য্যাদা লংঘন করেও তাঁকে গ্রেপ্তার করা যায় কিনা সেই চেষ্টা। এই হ'লো গিয়ে গণতন্ত্র। সেদিন যাঁরা আইন ভঙ্গ করেছেন, ১৪৪ ধারা ভঙ্গ করেছেন, আপনারাই তার অবস্থা সৃষ্টি করেছিলেন। যদি এসেমব্লীতে এই "ডেপুটেশন" আসতে কোন বাধা দেওয়া না হ'তো তাহলে তারা বিনা বাধায় চলে আসত, আইন ভঙ্গের কোন প্রশ্নই উঠত না। আর এই ১৪৪ ধারা কি আইন? মহাত্মা গান্ধী ১৯২৬ সালে কলকাতার দাঙ্গার সময় এই আইন ভঙ্গ করেছিলেন। পণ্ডিত মদন মোহন মালব্য ভঙ্গ করেছিলেন; কিন্তু তখনকার সাম্রাজ্যবাদী সরকার তাঁকে গ্রেপ্তার করে নি। তিনি "চ্যালেঞ্জ" করেছিলেন এই বে-আইনী আইনের বিরুদ্ধে। সাম্রাজ্যবাদী শাসকেরা কথায় কথায় মানুষের স্বাধীনতা খর্ব করত; কিন্তু আজকে স্বাধীন তন্ত্রে যখন মানুষের মৌলিক অধিকার স্বীকৃত হয়েছে তখন এই ১৪৪ ধারা তুলে দেওয়াই উচিত; আর যদি তুলে দেওয়া নাও হয় অন্তত:পক্ষে সেটা প্রয়োগ না করাই উচিত। কিন্তু গণতন্ত্রকে অস্বীকার ক'রে আমাদের 'ফ্যাসিষ্ট' মনোভাবসম্পন্ন সরকার কথায় কথায় এই অন্যায় আইন প্রয়োগ ক'রে বসেন।

শ্রী কালী মুখার্জী বললেন রাজনৈতিক দল এটা করছে এটা রাজনৈতিক দলের কার্য্য। কিন্তু দুর্ভিক্ষ কি আমরা সৃষ্টি করেছি? এবং চটকলের শ্রমিকরা যে "ট্রাইবেশন ওয়েজ" পায় সেটাও কি আমরাই সৃষ্টি করেছি? শিক্ষকরা যে 'ট্রাইবেশন ওয়েজ'এর বেশী চাওয়ার জন্য গ্রেপ্তার হলেন, সেটাও কি আমরা করেছি? আমরা রাজ-নৈতিক দল হিসাবে কর্তব্যচ্যুত হবো যদি দেশের বিভিন্ন শ্রেণীর যে সমস্ত অভিযোগ সেগুলিকে রূপায়িত করতে না পারি, যদি অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ না করি; এবং সেই হিসাবে প্রত্যেকটি দেশের রাজনৈতিক দলেরই এটা কাজ।

[4-30—4-40 p.m.]

আমরা বিরোধীপক্ষ, আমাদের বিশেষ করে এটা কর্তব্য। আপনাদের কাছে বারবার বলা হয় এটা নিয়ে রাজনৈতিক খেলা করবেন না। আমরা অত্যন্ত "সিরিয়াসলি" মনে করি এই গভর্ণমেণ্ট দেশ শাসনের অনুপযুক্ত। এই শাসনকে সরিয়ে দিতে পারলে আমরা এরচেয়ে ঢের ভাল ব্যবস্থা করতে পারি। আমরা দুর্ভিক্ষ দমন করতে পারবো, শ্রমিক ও মধ্য-বিত্তদের বাঁচবার মত পয়সা দিতে পারবো এই "প্রোগ্রাম"—কার্য্যক্রম আমাদের আছে। তাই আমরা প্রাণপণ চেষ্টা করি এই গভর্ণমেণ্টকে তার আসন হতে চ্যুত করতে এবং আমাদের এই রাজনৈতিক কর্তব্য পালন করা উচিৎ। এবং সেই হিসাবেই আজ আমরা শিক্ষকদের দাবী নিয়েছি।

বলা হয় যে এই সমস্ত লোকেরা যখন হরতাল, "ষ্ট্রাইক", "ষ্ট্রাগল" আরম্ভ করলো তখন আমরা (অর্থাৎ গভর্ণমেণ্ট) আর এ-বিষয় কোন মনযোগ দেবো না। কিন্তু অভিজ্ঞতা কি প্রমাণ করে? অভিজ্ঞতা প্রমাণ করে যে একবার "ষ্ট্রাগল" নয়, আজীবন বারবার "ষ্ট্রাগল" করলে পর, তবেই অবস্থার উন্নতি হয়। ২৫-৩০ বৎসর আগে তখন সাধারণ পিয়োন, চাপ্রাসি, জমাদারের মাইনা ৮৲, ১০৲, ১২৲ টাকা মাত্র ছিল তখন চটকলের শ্রমিকদের মাইনা ছিল ১৬ থেকে ২০ টাকার মধ্যে। সেই সময় একজন অত্যন্ত নিম্নতম কেরাণীর মাইনা ছিল ৩০ টাকা, এবং তারই জন্য লোকে কথায় কথায় বলে "৩০ টাকার কেরাণী"। তখন শিক্ষকদের মাইনা

ছিল ২৫ থেকে ৩০ টাকা। আজ ৩০ বৎসর পরে এই অবস্থার পরিবর্তন হয়েছে। আজ পিয়োন, চাপ্রাসি ৮০--৯০ টাকা পাচ্ছে এবং আজ কেরাণীদেরও মাইনা কিছুটা বেড়েছে, ৯০--১০০ টাকা হয়েছে। শ্রমিকদের মাইনা পূর্বে যা ছিল তারচেয়ে বেশ বেড়েছে, এবং শুনতে পাই শ্রমিকদের অবস্থা মধ্যবিত্তদের চেয়ে অনেক ভাল। এই শ্রমিক উন্নতির কারণ কি? এর কারণ, গত ২৫-৩০ বৎসর থেকে গ্রামে গ্রামে "মিলিট্যাণ্ট ট্রেড ইউনিয়নজম" গড়ে উঠেছে এবং শ্রমিক শ্রেণী ক্রমশঃ সংগ্রাম করে এগিয়ে গিয়েছে এবং এই কেরাণী শ্রেণী বহুদিন "ষ্ট্রাগল" করেনি, তারা মাত্র ৮--১০ বৎসর "ষ্ট্রাগল" করতে আরম্ভ করেছে, তাই তাদের কিছুটা উন্নতি হয়েছে। কিন্তু, নিরীহ শিক্ষক, তারা কোনদিনই "ষ্ট্রাগল" করেনি তাই তাদের আর্থিক অবস্থা পিয়োন, আর্দালি, শ্রমিকদের চেয়েও খারাপ। আজ জিনিষপত্রের দাম ৭-৮ গুণ বেড়ে গিয়েছে। লোকের ক্রয় ক্ষমতা নেই। এদের মাইনা বাড়াতে বললে, গভর্ণমেণ্ট একটা অজুহাত দেখিয়ে বলেন আমাদের অর্থ নেই, কোথা থেকে দেবো। কিন্তু, তারা কোটী কোটী টাকা ব্যয় করে বিরাট বিরাট প্রাসাদ তৈরী করছেন তাঁদের মন্ত্রী, উপমন্ত্রী ও অফিসারদের রাখবার জন্য। আজ "কল্যাণীতে" কোটী টাকা ব্যয় হচ্ছে। সত্যই যদি অর্থ না থাকে তাহলে এই রকম ভাবে চলবার কি প্রয়োজন? বাজেটে দেখা যায় কোটী কোটী টাকা "লোন" নেওয়া হয়; এসবের জন্যেতো কই অর্থের অভাব হয় না। আজ অর্থের যত অভাব এই শিক্ষকদের জন্য।

যে জিনিষটা সবাই স্বীকার করেন যে তাঁরা "বিলো ষ্টারভেসন ওয়েজ"এ রয়েছেন, তখন সেখানে এটা করা উচিত নয় কি? কিন্তু তা, তাঁরা করা প্রয়োজন মনে করেন না। তাঁরা সর্বদা অর্থের অভাব এই অজুহাত দেখান। এই সমস্ত শাসকদের এই ধরণের অজুহাত চিরকালই থাকবে, এবং বিনা সংঘর্ষে, সংগ্রামে কিছু পাওয়া যাবে না। কারণ শোষিত সমাজ ধনিক গভর্ণমেণ্ট যতক্ষণ গদিতে থাকে ততক্ষণ কিছুতেই সাধারণ লোকের প্রয়োজন মত অর্থ পাওয়া যায় না। কিন্তু অসাধারণ লোকের জন্য প্রচুর অর্থ পাওয়া যায়। এই ব্যবস্থা চলতে থাকে।

এটা সবাই জানে, অর্থ যখন একদিকে ব্যয় হতে থাকে তখন আর একদিকে নিশ্চয়ই অনটন পড়বে। সুতরাং এটা কি উচিত নয় যে এক দিকের ব্যয় কমিয়ে আর একদিকে নিয়ে আসা। আমরা দেখতে পাই এই গভর্ণমেণ্ট একদিকে "কনসেসান" আর একদিকে "টেরর" সৃষ্টি করে দমাতে চাচ্ছেন। নইলে পর মাত্র ৪৷৷টার সময় যখন "প্রসেসন" আসবে বলে ঠিক হ'ল সেই সময় তিনি একটা ডিসিসনএ এলেন যে এদের কিছু দেওয়া হোক। এতপরে কেন তিনি বললেন? আমরা চেয়েছিলাম যাতে কোন রকমে একটা আপোষ মীমাংসা হয়ে যায়; কোন রকম অশান্তি না ঘটে তারজন্য আমরা প্রাণপণ চেষ্টা করেছিলাম এবং আমরা জানতাম এটাকে মীমাংসা করতে পারে একমাত্র শিক্ষক সমাজ। কিন্তু দুঃখের বিষয় তাদের অর্দ্ধেক আজ জেলের ভিতর। সেইজন্য আমরা মন্ত্রীমহাশয়কে বারবার বলেছিলাম এদের ছেড়ে দেওয়া হোক। কিন্তু ডাঃ রায় বললেন পরামর্শ করবার জন্য এদের ছেড়ে দেওয়া যায় না, আজ দেশে শান্তি ও শৃংখলা বজায় রাখতে হবে; আইনের মর্য্যাদা রাখতে হবে। ডাঃ রায়ের কথাটার কিছু "ফ্যালাসি" ছিল আজও সেই "ফ্যালাসি" রয়েছে। তিনি বলেন কোর্টের আইন থাকা সত্ত্বেও কি তাদের মুক্তি দিতে হবে? তাঁর সর্ত্তে যদি আসে তাহলে তারা মুক্তি পাবে। অর্থাৎ তার কথার ভিতর এই "ফ্যালাসি" ছিল যে তিনি চান লোকদের আটক রেখে, চাপ দিয়ে, জোর দিয়ে এই সমস্ত ব্যাপারের মীমাংসা করে নেওয়া। নইলে পর সামান্য একটা "টেকনিক্যাল" ব্যাপার সেটা আটকাত না, তার একটা মীমাংসা হয়ে যেত। আমরা তাদের উপদেশ দিতে পারি না যে তোমরা এই পথে যাও, তোমরা "ষ্ট্রাগল" তুলে নাও। যেখানে তাদের সংযুক্ত কমিটি আছে, শিক্ষক সমিতি আছে তাঁরাই সব স্থির করবেন এবং তারই জন্য আমরা বারবার বলেছি তাদের ছেড়ে দেবার জন্য। কিন্তু ডাঃ রায় বলেছেন যে, কোর্টে "পেটি কেস" বলে তাদের সামান্য জরিমানা হয়ে তারা ছাড়ান পেয়ে বেরিয়ে আসবে।

আমি শুধু "কনভে" করতে গিয়েছিলাম, "চিফ হুইপ"কে সঙ্গে নিয়ে এবং সেখানে যাতে একটা মীমাংসা হয় তার চেষ্টা করেছিলাম। "যারা আটক আছে তাদের বাইরে ছেড়ে দেওয়া হোক" এই কথা যদি প্রধানমন্ত্রী মহাশয় বলতেন, যদি সেই "জেশ্চার" পাওয়া যেত তাহলে হয়ত খানিকটা "রেমিডি" হতে পারত। কিন্তু তাঁর কাছ থেকে সে "জেশ্চার" পাওয়া যায়নি। উনি শুধু আমাকে বললেন বাইরে কি "রিএ্যাকসনটা" হচ্ছে সেটা একবার দেখে আসুন। "রিএ্যাকসন আর কি দেখবো? দেখলাম তখন "প্রসেসন"এর লোক চলতে আরম্ভ করেছে। আজকের এতবড় ঘটনায় সমস্ত ভারত-বর্ষের লোক হতচকিত হয়ে রয়েছে। একটু আগে যদি প্রধানমন্ত্রী মহাশয় একটা "ষ্টেটমেণ্ট" দিতেন এদের ছেড়ে দেওয়া সম্পর্কে, তাহলে হয়ত এই ঘটনা

[Sj. Bankim Mukherjee.]

ঘটত না। আজ যদি এই সমস্ত আটক শিক্ষকদের বাইরে নিয়ে আসবার কিছু চেষ্টা হ'ত তাহলে এত ক্ষতি হ'ত না। দেশের কত অর্থ এই ভাবে নষ্ট হয়ে গেল, কত লক্ষ টাকার "প্রপার্টি" ধ্বংস হয়ে গেল। ("এ ভয়েস": করলে কারা?") এবং কংগ্রেস থেকে এখানে বলা হয় যে এরা সব "পিক পকেট" কিন্তু আমরা দেখেছি গত কংগ্রেস অধিবেশনের সময় কল্যাণীতে বহু "পিক পকেট" হয়েছিল, তাহলে কি বলতে হবে যে সেখানকার কংগ্রেস অধিবেশনটাও শুধু এদের নিয়ে? আমি বিশেষ করে শ্রীযুক্ত জে, সি, গুপ্ত মহাশয়কে এই কথা জিজ্ঞাসা করছি। এই জিনিষটা ত অনেক জায়গায় হয়ে থাকে।

তারপর সবচেয়ে ভীষণ কথা যে সমস্ত লোক গুলির আঘাতে আহত হয়ে মারা গিয়েছে। নাভী থেকে মস্তিষ্ক পর্য্যন্ত জায়গায় গুলি বিদ্ধ হয়েছে, অর্থাৎ "অর্ডার" ছিল "স্যুট টু কিল" আমরা শুনেছি প্রধানমন্ত্রী মহাশয় তার চীফ্ সেক্রেটারীকে সঙ্গে নিয়ে দুই ঘণ্টা কাল "কণ্ট্রোল রুম"এ বসেছিলেন। কিন্তু আমরা দেখেছি মুসলিম লীগ আমলে সুরাবর্দ্দী সাহেব সেই ১৫ই আগষ্ট তারিখে মাত্র ১ ঘণ্টা কাল এই রকমভবে "কণ্ট্রোল রুম"এ থেকে সারা কলিকাতা সহরে কি অবস্থা করেছিলেন। আজ আবার আমাদের চিফ মিনিষ্টার মহাশয় ঐ "কণ্ট্রোল রুম"এ দুই ঘণ্টা ছিলেন এবং তিনি সেখান থেকে এই হত্যাকাণ্ড চালিয়েছিলেন। মীমাংসা করা সম্ভবপর ছিল, তিনি যদি মীমাংসার পথে যেতেন, তা হতো। কিন্তু তিনি তা করেননি। সেখানে এই রকম করে আইনকে চুলচেরা করে দেখবার কোন প্রয়োজন ছিল না।

রাজ্যপালের বিরুদ্ধে যে বিক্ষোভ প্রকাশিত হয়েছিল তা তিনি সহ্য করবো না বলে ধমক দিয়ে শিক্ষকদের উপর এক বাড়ি দিলেন। আমাদের এই ৩৩ কোটী দেবতার দেশে আর অন্য দেবতা বাড়াবেন না। রাজ্যপাল এবং রাষ্ট্রের প্রতি আমাদের যথেষ্ট সম্মান আছে। আমাদের অনুরোধ ঐ বৃটিশ সাম্রাজ্যের অনুকরণে আর এই জিনিষ সৃষ্টি করবেন না।' আমরা জানি "কিং এ্যাণ্ড কুইন" তাঁরা "অ্যাবভ ল এ্যাণ্ড অ্যাবভ রুল"। আমরা দেখছি নুতন দেবতা আপনারা সৃষ্টি করতে চান। যিনি একদিন শিক্ষক ছিলেন তাঁকে আজ রাজ্যের সভাপালের আসনে বসিয়েছেন। তিনি একদিন সমস্ত শিক্ষকদের সভাপতিত্ব করেছেন কিন্তু আজ তিনি তাঁদের জন্য একটু বাইরে যেতে পারলেন না এই জিনিষটার জন্য একটু প্রতিবাদ করার প্রয়োজন ছিল এবং তারই প্রতিবাদ করা হয়েছিল।

[4-40—4-50 p.m.]

Sj. Annada Gopal Mukherjee: মাননীয় স্পীকার মহোদয়, আমি বিরোধীপক্ষ বন্ধুদের আলোচনা ধৈর্য্য সহকারে শুনেছি; তাদের আলোচনার মধ্যে কলিকাতার বুকের উপর উচ্ছৃঙ্খল আচরণ হচেছ তার সমর্থন একজন বক্তা ছাড়া আর সবাই করেছেন। আমি তাদের বলতে চাই যে কলিকাতার বুকে আগুন জ্বালিয়ে, মানুষের জীবন বিপন্ন করে দেবার পিছনে কি তাদের সমর্থন ছিল? তাদের বক্তৃতার মধ্যে তাই তো প্রমাণিত হচেছ। আমি আর একটি কথা আমাদের তরফ থেকে স্পীকার মহোদয়কে বলতে চাই যে সমস্ত শ্রদ্ধেয় শিক্ষক মহাশয়রা আন্দোলন করেছেন তাঁদের সেই আন্দোলনে রাজনৈতিক দলের হস্তক্ষেপ না পড়ে তার চেষ্টা তাঁরা করেছিলেন, কিন্তু বরাবর দেখেছি গণ্ডগোল যা বাঁধে কলকাতার বুকে তার পিছনে থাকে এই বামপন্থী দলের প্রচেষ্টা। দিনের পর দিন নানা জনসভায় তাদের মুখ থেকে শুনেছি যে আমরা শিক্ষকদের ব্যাপার নিয়ে কলকাতার বুকে ট্রাম আন্দোলনের মত আন্দোলন সৃষ্টি করে কলকাতা সহর পুড়িয়ে দেব। তাদের উদ্দেশ্য শিক্ষকদের সুবিধা হোক বা না হোক বেতন বাড়ুক বা না বাড়ুক নিজেদের রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ হলেই হ'ল। বৈদেশিক প্রভুদের দালালী করে কলকাতার বুকে অরাজকতার সৃষ্টি করে দেশের সাধারণ মানুষকে সর্ব্বনাশের মুখে ছুঁড়ে দিতে চান, কিন্তু নিজেরা এসে "এসেম্ব্লী"তে আশ্রয় নেন। কিন্তু জনসাধারণ ঘুমিয়ে থাকে না, বাংলা দেশের মানুষ শিক্ষকদের দাবী সম্বন্ধে সচেতন। কংগ্রেসের সদস্যরা আনন্দের সঙ্গে জানাচেছন যে বাংলা দেশের শিক্ষকদের দাবীর যাতে উপযুক্ত ব্যবস্থা হয় তার চেষ্টা তারা করছেন। প্রধান মন্ত্রী বলেছেন যে তাদের দাবী সম্পূর্ণভাবে পুরণ করা সম্ভব না, কিন্তু আপাততঃ আংশিকভাবে পুরণ করতে স্বীকৃত আছেন। বামপন্থী দলগুলি এতে হতাশ হয়ে পড়েছেন কারণ শিক্ষকদের দাবীর ব্যাপার মিটে গেলে তাদের উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে। এই তো সেদিন যখন "ষ্টেট অ্যাকুইজিসন বিল" পাশ হয় তখন এরা বলাবলি করছিলেন এটা পাশ হয়ে গেলে তাদের সামনে কাজের আর কোনো "প্রোগ্রামই" থাকবে না। এই যে ট্রাম বাস পুড়েছে, জাতীয় সম্পত্তির ক্ষতি হয়েছে, "ফায়ার ব্রিগেডের" একজনের উপর আক্রমণ হয়েছে "অ্যাম্বুলেন্স"এর উপর আক্রমণ হয়েছে, "এসেন্সিয়াল সার্ভিস"এর উপর আক্রমণ হয়েছে এর নিন্দা তো এদের কারও মুখে শুনি না। ওদিকে তথাকথিত বামপন্থী নেতারা যারা বসে আছেন তাঁরা

একজনও এসবের নিন্দা করেছেন কি না বলুন। তারা কেবলই বলছেন গুলি করা হয়েছে। এটা কি রকম মনের পরিচয় দেয়?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I thank you for giving me this opportunity of placing before the House a few facts with regard to the motion that is under discussion. My friends have already told the House what was the reason which led to the strike by the teachers. On the 6th February I explained the concession Government were prepared to make. The All-Bengal Teachers Association were not prepared to accept it. They called for a strike on the 10th. There was picketing at the entrances of most of the schools and colleges. Several heads of institutions sent me letters complaining about the behaviour of the students and also—I am ashamed to say—in one of the letters two members of this Assembly were also mentioned as those who went to create disturbances. In the afternoon of that day 2,000 students and teachers and 300 women started towards Dalhousie Square where section 144 had been promulgated. They squatted on Old Court House Street on the 10th. We waited till the 15th. We met them on the 13th—the members of the A.B.T.A. People were not able to move about in that area. The trams and buses ran as usual. There was no clash with the police or with any other person because of the strike. The strikers squatted on Old Court House Street. They collected funds; they gathered food and they used tarpaulins for the purpose of their shade. No attempt was made on our behalf to interfere with them. On the 13th when I met the A.B.T.A. people, I asked them why they were squatting—because the purpose of squatting of this type or procession of this type was either to draw the attention of the people or to draw the attention of the Government to their position; both the objects had been achieved, but they should see that while they were wanting their rights to be established they were interfering with the rights of the people of the city. I pointed out to them the mistake that they had been making but they would not listen. I put to them then that if you agree—if the managing committee give Rs. 17-8 as dearness allowance I would be prepared to pay Rs. 17-8 as dearness allowance. They insisted on saying that the Government must pay Rs. 25 and the schools will not pay anything. On the 15th night, as has been pointed out by my friend Sj. Sankar Mitra, the members of the squatting teachers were arrested. The reasons have been given by him and I need not dilate upon them. On the 16th afternoon a meeting was held addressed by several Leftist leaders. After the meeting a procession of 5,500 marched towards the Legislative Assembly to violate the order under section 144. You have heard they stated in this hall—one of the members of this Assembly said "we want to crush the Government". Therefore, at that stage it was not a teachers' procession at all—it was not a procession for the purpose of coming to the Assembly to tell the members of the Legislature what their demands were—but it was a camouflaged method of trying to crush the Government. My friends talk about democracy. Is that the method by which you can crush any Government? Today Legislature is the place where they can crush the Government if they want to. If section 144 had been imposed without proper rhyme and reason, it is for them to move a vote of no-confidence against the Government which had imposed section 144 order—not otherwise. Democracy does not run in that direction. The police had to use tear gas to disperse them. Heavy damage was caused. Shortly afterwards—and this is a most important point—within two hours after this incident—as has been pointed out by Sj. Kali Mukherjee—almost simultaneously with this incident in front of the Assembly damages were done to private property in the Chowringhee—S. N. Banerjee Road area—glass panels and panes of various shops were smashed—

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

and it was a very funny arrangement that particular people's shops' windows were attacked—not others. There were certain particular places which were attacked, and not others.

[4-50—5 p.m.]

As my friend has pointed out, they attacked the fire brigade vans, private cars were damaged, 26 State buses were damaged and several tram cars were also destroyed; fire brigades were obstructed in their operations and were attacked causing injury to firemen and damage to the vehicles. At this stage I did go to the Control Room. My friend Sri Bankim Mukherji tried to find fault with me in this. I as Home Minister have a right to see that every measure is taken to protect the citizens of Calcutta from arson, from looting—that is my duty. My place was there and I am proud to say that I did take such steps and stopped hooliganism within three hours after it started.

Sir, I do not want to proceed further on this but I want to place before you certain posers. The breakers of the peace all over Calcutta were prompt; their actions were well organised; their work was well planned. Without coordination, without expert knowledge, for example, without the knowledge of how to cut off the electric connection in long stretches of road, such extensive damages to property could not have taken place all over Calcutta. I want members of the House to consider where did the hooligans receive encouragement and support from? Who paid them (Sj. Jyoti Basu: You, you.). Why were shops belonging to private individuals, peaceful citizens looted? Why were only State buses attacked and not private buses? Why were tram cars injured? Why were the fire engine workers stopped from stopping the fire? Who are those incendiaries, who organised them? (Sj. Jyoti Basu: You organised them.) My friend, do not be impatient. We shall find out who did it and they shall pay the penalty. (Noise and interruption.) I know this much—we have witnessed that on the 16th instant—that the leftist leaders cannot control the movement that they launch. They first of all light a match and put fire on to gun powder and then become terror stricken afterwards. This is the position that we have got to get rid of.

৫৫-৫৬ সালে ৪০ লক্ষ টনের বেশী পাওয়া যাবে না। কলকাতার জনসাধারণ সপ্তাহে মাত্র এক সের পাঁচ ছটাক চাল পান এবং অত্যন্ত অখাদ্য চাল আজ জনসাধারণ খাচ্ছেন। সুতরাং খাদ্য সম্পর্কে আত্মসন্তুষ্টির মনোভাব নিয়ে আমাদের ভাগ্য কতখানি যে নিরাপদ আমরা নিজেরা সেটা সহজেই অনুমান করতে পারি। এ সম্বন্ধে আর বেশী কিছু না ব'লে আমার দ্বিতীয় যে বিষয় সেই বিষয়ে বলছি। ওয়েষ্ট বেঙ্গল এষ্টেট অ্যাকুইজিসন অ্যাক্ট পাশ হওয়ার সময় এই সভায় সেদিন প্রধান মন্ত্রী বলেছিলেন যে, এবার আমি কমিউনিষ্ট পার্টির এবং অন্যান্য বিরোধীদের গ্রাম অঞ্চলে প্রচারের প্রধান হাতিয়ার কেড়ে নিয়েছি। যে চিরস্থায়ী বন্দোবস্ত ১৬০ বৎসর ধ'রে কৃষক জীবন পঙ্গু ক'রে রেখেছিল তার থেকে বাংলার চাষীকে মুক্তি দিলাম; কিন্তু বাস্তবে কি তা হয়েছে? যারা "ন্যাকচুয়্যাল টিলার্স" তাদের উনি জমির "ওনার" করবেন বলেছিলেন। কিন্তু "ন্যাকচয়্যাল টিলার্স"-দের "ওনার" হওয়া দূরের কথা আজকে তারা ভাগচাষী হিসাবে হাজারে হাজারে এক আধটা জেলায় নয় সারা পশ্চিমবঙ্গ থেকে উচ্ছেদ হচ্ছে। আমার কাছে হিসাব রয়েছে, প্রত্যেকটি জেলার তালিকা রয়েছে। এই অবস্থা তাঁরা নিজেরা জেনে শুনে বন্ধে করেছেন। যে আইন পাশ হয়েছে তার ৫১ ধারায় সেখানে তাঁরা স্পষ্টভাবে এই কথা বলেছেন যে বর্গাদার দ্বারা যে সকল জমি চাষ হচ্ছে সেই সমস্ত জমি "অন দি ডেট অব ভেষ্টিং" যদি ভাগে না থাকে তাহলে এক ছটাক জমিও নেওয়া হবে না। পাঁচ হাজার বিঘা জমির মালিক আগে দুখানা "ট্রাক্টর" কিনেছিলেন, আরো চারখানা "ট্রাক্টর" কিনেছে। আমি "চ্যালেঞ্জ" করে বলছি যে এই আইনে যা বলা হয়েছে তাতে আমি যদি ৫০ খানা কি ১০০ খানা "ট্রাক্টর" নিয়ে ৫০ হাজার বিঘা জমি চাষ করি তাহলে আমার কোন জমি নেওয়া হবে না। মূল বিলে ছিল ১০০ বিঘার বেশী জমি কোন মালিক রাখতে পারবে না। কিন্তু প্রত্যেক জায়গায় "টেনাণ্ট"-দের উচ্ছেদ করা হচ্ছে এবং তারই ফলে হচ্ছে কি মজুরেরা তাদের ন্যায্য মজুরি পাবে না। মাননীয় রাজ্যপালের ভাষণে "ন্যাশনালাইজেশন" সম্বন্ধে ইঙ্গিত আছে, সেই "ন্যাশনালাইজেশনের" অর্থ আমরা জানি। আমরা দেখছি আমাদের দেশের লক্ষ লক্ষ মানুষ একান্ত দরিদ্র থাকা সত্ত্বেও দামোদর ভ্যালীতে লক্ষ লক্ষ টাকার যন্ত্র দিয়ে সেই কাজ করান হচ্ছে। ঠিক তেমনিভাবে ১৯৪৭ সালে "এগ্রিকালচারাল লেবার" সম্বন্ধে যে অনুসন্ধান হয়েছিল সেই অনুসন্ধানে দেখা গিয়েছে যে বছরে ১০০ দিনের ভিতর ৬৭ দিন তারা কাজ পায়, অর্থাৎ বছরে তারা সাধারণতঃ ৮ মাসের মত কাজ পায় এবং ৪ মাস কাজ পায় না। আমাদের দেশের কৃষকের উপর পশ্চিমবঙ্গের ১ কোটি ৪০ লক্ষ লোক নির্ভরশীল। এই কৃষকদের ভিতর মাত্র ৩৭ লক্ষ লোক উপার্জনশীল এবং তাদের উপর ১ কোটি লোক নির্ভরশীল। মজুর ও ভাগচাষীদের ক্ষেত্রে দেখা যায় মাত্র ১৭ লক্ষ লোকের উপর ৪৩ লক্ষ লোক নির্ভরশীল। এই রকম বেকার সমস্যা যেখানে আপনারা নিজেরা গত বছর বলতে বাধ্য হয়েছেন যে খাদ্য বেড়েছে কিন্তু লোকের ক্রয় শক্তি নাই। আমেরিকা এবং বৃটেনের স্বার্থে তাঁরা "ট্রাক্টর" আমাদের দেশে চালু করতে চান এবং সেই জন্য নানা অজুহাতে কৃষকদের উচ্ছেদ করছেন। শুধু ভাগচাষীই উচ্ছেদ করছেন না, আপনারা এই মজুরদের সমস্যাও ইতিমধ্যে আরো ব্যাপক ক'রে তুলেছেন। এর সাথে সাথেই আমরা এখানে বলছি অন্ততঃপক্ষে ১০০ বিঘার উপর যাদের

জমি আছে তারাই মধ্যস্বত্বভোগী তাহলে পরে সঙ্গে সঙ্গেই ত আপনারা ব'লে দিতে পারতেন যে, ১০০ বিঘার নীচে যাদের জমি তারা মধ্যস্বত্বভোগী নয় এবং ১০০ বিঘের উপরে যাদের জমি তারাই মধ্যস্বত্বভোগী হবে। আজকে আতঙ্কিত হয়ে উঠেছে

[6-40—6-50 p.m.]

এবং তারা তাদের ভয় দেখিয়ে জমি বিক্রি করতে তাঁরা বাধ্য করেছেন। তাঁরা স্পষ্টভাবে বলে দিতে পারতেন কেন এটা করা হয়েছে এই বিলের মধ্যেই তার ইঙ্গিত আমরা দেখছি। আপনারা চান বড় বড় "কো-অপারেটিভ ফার্ম" করবেন এবং সেই জন্য আপনাদের জমির মাঝে মাঝে যে অন্য জমি রয়েছে সেই সমস্ত জমি ভয় দেখিয়ে হস্তগত ক'রে আপনারা "কনসোলিডেশন অব হোলডিংস"এর দোহাই দিয়ে নিজেরা "ট্রাক্টর" চালিয়ে চাষ করবার ব্যবস্থা করছেন অথচ যে মানুষ কৃষক সেই মানুষের সম্বন্ধে কোন মাথাব্যথা দেখছি না। "সেন্সাস সুপারিণ্টেণ্ডেণ্ট" তাঁর রিপোর্টে দেখিয়েছেন যে আগেই কো-অপারেটিভ ফার্ম করা ঠিক নয়। প্রথমে "কো-অপারেটিভ" করবার আগে চীন "কো-অপারেটিভ" করেনি। "কো-অপারেটিভ" ক'রে রাশিয়া ও চীনের সঙ্গে টেক্কা দেবার আগে যে মানুষ "কো-অপারেটিভ" করবে তার দিকে নজর না দিয়ে শুধু এই রকমভাবে কোন ব্যবস্থা করলে তা সম্ভবও হবে না। কারণ এখানে জমিদারীপ্রথা উচ্ছেদের সাথে সাথে জমি নিয়ে গোপনে যে কেনাবেচা চলছে তাতে কৃষক তার ন্যায্য মূল্য পাবে না। তার উপর এটা সত্য, যে বিনা খেসারতে জমিদারী প্রথার উচ্ছেদ এবং বিনামূল্যে জমি বণ্টন (কৃষক স্বার্থের) ওতপ্রোতভাবে জড়িত। সেইজন্য খেসারত না দেওয়া উচিত ছিল। যাদের যথেষ্ট টাকা আছে তাদের ৩,৬০০ টাকার উপর যাদের বাৎসরিক আয় নয় সেই আয়ে বর্তমানে কোন রকমে সংসার প্রতিপালন করতে পারছে না তাদেরই মাত্র খেসারৎ দিলেই চলত। দুটো দিক থেকে ভূমি সমস্যাকে দেখা যেতে পারে, একটা হচ্ছে আন্তরিকভাবে সমস্যার সমাধান করবার এবং তা দূর করবার চেষ্টা করা; আরেকটা হচ্ছে আসন্ন বিপ্লব সম্বন্ধে সচেতন হয়ে সাম্রাজ্যবাদী প্রভুদের পরামর্শক্রমে সেই বিপ্লবকে বাধা দেওয়ার জন্য নূতন কৌশল গ্রহণ করার। কিন্তু কোন দেশে কোন কৌশলেই ইতিহাসের গতিরোধ করতে পারেনি। জনগণের অগ্রগতি ঠেকিয়ে রাখতে পারে নি। একমাত্র সত্যিকারের যে প্রয়োজন সেই প্রয়োজন সম্বন্ধে সচেতন হলেই আপনারা সমস্যা সমাধান করতে পারবেন। আর তা যদি আপনারা না করেন তাহলে কোন কৌশল, কোন চাতুর্য্য, কোন দম্ভই কোনদিন জনতার যে অগ্রগতি, তার যে অভ্যুত্থান, তা ঠেকাতে পারে না। হিংসা অহিংসা কথা তুলে অনেক কিছু ইঙ্গিত করা হয়েছে। কংগ্রেসের নেতৃত্বে যে আন্দোলন হয়েছে তাতেও চৌরিচোরা ও পেশোয়ায় ঘটিতে আমরা দেখেছি। এখন এরা কি দেখেছেন।

This is only a faint glimpse of things to come.

মনে রাখবেন যে অবস্থা চলছে সেই অবস্থা যদি চলে তাহলে পরে যে দুর্নিবার প্লাবন আসবে, সেই প্লাবনে আপনাদের মত মানুষ ডুবে যাবে। এই বলে আমি শেষ করছি।

Sj. Khagendra Nath Bandopadhaya: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানিয়ে যে প্রস্তাব এসেছে তার সমর্থনে আমি কয়েকটি কথা বলবো। গতকাল থেকে আজ পর্য্যন্ত আমরা উভয় পক্ষের বহু বক্তৃতা শুনলাম। আমি শুধু মাত্র আমাদের বিরোধী পক্ষের সভ্য শ্রীমৃত্যুঞ্জয় প্রামানিক মহাশয় "বেসিক এডুকেসন" সম্বন্ধে যেসব কথা বলেছেন আমি তার কয়েকটির প্রতিবাদ করবো। মাননীয় রাজ্যপালের ভাষণে দেখেছি আজ পর্য্যন্ত আমাদের এই প্রদেশে ২,৬৫টি "বেসিক স্কুল" হয়েছে। স্পীকার মহাশয়, আমি এটা বলতে অত্যন্ত গর্ব অনুভব করছি যে আমাদের জেলায় আজ পর্য্যন্ত ৫৫টি "বেসিক স্কুল" হওয়া সম্ভব হয়েছে। এই ৫৫টি "বেসিক স্কুল"এর মধ্যে দেখছি যে, যে ব্যবস্থা হয়েছে তার সত্যাসত্য না জেনে তিনি নিছক বাজে কথা উপস্থিত করেছেন। সুতরাং আমি তাঁকে অনুরোধ করবো যে তিনি যদি বীরভূম জেলায় যান তাহলে দেখতে পাবেন সেখানে এই কয় বৎসরের মধ্যে "বেসিক স্কুল"গুলি কিভাবে গড়ে উঠেছে। যেখানে তিন বৎসর আগে কোন "স্কুল" করা সম্ভবপর ছিল না আজকে সেখানে হওয়া সম্ভব হয়েছে। লোকের মধ্যে এমন একটা উদ্দীপনা এসেছে যাতে এই সমস্ত গ্রামে সরকার "বেসিক স্কুল" করতে বদ্ধপরিকর। আমাদের বীরভূমে এই সমস্ত "স্কুল"এ শিক্ষকরা ছাত্রদের সঙ্গে মেলামেশা করে তাদের হাতে কলমে শিক্ষা দিচ্ছে। যার ফলে ছাত্ররা নিজ হাতে নানা জিনিষ তৈরী করছে; সেখানে নানা রকম "ট্রেনিং" পাচ্ছে যাতে দেখা যাচ্ছে যে এই "ট্রেনিং" তাদের পরবর্তী জীবনে কাজ দেবে। তারপর এইখানে তিন বৎসরের জন্য আমাদের দেশে যে শিক্ষিত বেকারী দূর করার জন্য চেষ্টা

[Sj. Khagendra Nath Bandopadhyay.]

হচেছ এরা বাড়ী ফিরে গিয়ে নানা প্রকার কাজ করবার সুযোগ পাবেন এবং অনেক বিদ্যালয় এই সমস্ত "ট্রেন্‌ড্‌" শিক্ষকদের নেবার সুযোগ পাবে। এতে স্থানীয় ছাত্র, ছাত্রীরা উপকৃত হবে। তারপর "সিডিউল্ড ট্রাইবস্‌" ও "সিডিউল্ড কাষ্টস্‌"দের সম্বন্ধে তিনি যে কথা বলেছেন, তাতে মনে হয় যে তিনি অনেক কথা গোপন রেখেছেন বা জেনেও ইচ্ছা করে বলেননি। কয়েক বৎসর পূর্বে যে সমস্ত বন্দোবস্ত ছিল না এই কয়েক বৎসরের মধ্যে কত ভাল বন্দোবস্ত করা সম্ভব হয়েছে। ইতিমধ্যেই আমরা দেখতে পাচিছ যে "সিডিউল্ড ট্রাইবস"দের জন্য বহু জেলায় ৬০।৬৫ হাজার টাকার আবাসস্থল বা "হোষ্টেল"এর বন্দোবস্ত করা হয়েছে। আজকে দেখতে পাচিছ "সিডিউল্ড কাষ্ট" ও "সিডিউল্ড ট্রাইব"দের ছেলেদের পড়াশুনার জন্য "ষ্টাইপেণ্ড" দেবার বন্দোবস্তও করা হয়েছে। সুতরাং শুধু সরকারের সমালোচনা করতে হবে বলেই একটা আবোল তাবোল বলবো এটা ঠিক নয়। আর একটা কথা বলবো যে গত বৎসর আমাদের সরকারের "প্রকিয়োরমেণ্ট" নীতির ফলে চাষীরা বিশেষ উপকৃত হয়েছে। সে সময়ও বিরোধীপক্ষের অনেক বন্ধুদের বড় বড় চাষীদের "ব্রিফ" নিয়ে কুম্ভীরাশ্রু বিসর্জন করতে দেখেছিলাম।

[6-50—7 p.m.]

তাই এটুকুই বুঝতে পেরেছি যে চাষীদের দাবীদাওয়ার ব্যাপারে যা দেখেছি, আবার আজকে শ্রদ্ধেয় শিক্ষক মহাশয়দের দাবীদাওয়া নিয়ে যা চলছে তার মধ্য থেকে এটুকু বুঝলাম--এইটে বিশ্বাস হল যে আজকে তাঁরা চান যে প্রত্যেকটা জিনিষকে রাজনৈতিক আওতায় এনে নিজেদের স্বার্থসিদ্ধির চেষ্টা করা। কিন্তু আমাদের সরকার এ সম্বন্ধে সম্পূর্ণ সচেতন। আর আমাদের প্রধান মন্ত্রী যে দৃঢ়হস্তে এরূপ গুণ্ডাবাজী ও অরাজকতাকে দমন করেছেন তার জন্য তাঁকে আমি অভিনন্দন জানাই। আমার আর যা বলার আছে তা বাজেট আলোচনার সময় বলব। এই কয়েকটি কথা বলে রাজ্যপালের ভাষণের উদ্দেশে যে সমর্থন জ্ঞাপক প্রস্তাব এসেছে তার আমি পূর্ণ সমর্থন জানাচিছ।

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকার মহোদয়, মহামান্য রাজ্যপালের ভাষণ পাঠ করলে যে কথা প্রথমে মনে পড়ে তা হ'ল মাতৃভাষার প্রতি অবহেলা--বাংলা ভাষার প্রতি অবহেলা. দ্বিতীয়তঃ জনমতের প্রতি উপেক্ষা প্রদর্শন। আমাদের ভারতের রাষ্ট্রপতি এবার "পার্লামেণ্ট"এ ইংরাজীর পরিবর্তে হিন্দিতে বক্তৃতা করেছেন কিন্তু এটা বরাবরই প্রচলিত ছিল যে আগে ইংরাজীতে পরে আবার হিন্দীতে বক্তৃতা দেওয়া হত। কিন্তু এবারে তার পরিবর্তন হয়েছে। আমাদের রাজ্যপাল ভাষণ দিয়েছেন ইংরাজীতে, এতে কি আমাদের মাতৃভাষা বাংলাকে অবহেলা দেখান হয়নি? তারপর বলব. যে আজকে বাংলা ভাষার প্রতি অন্যান্য প্রদেশে বিশেষ করে বিহারে যে অবজ্ঞা প্রদর্শন করা হচেছ তার তুলনা নেই, অবশ্য এখানে তা বেশী আলোচনা করব না। কিন্তু অন্ততঃ এটুকু বলি যে ভবিষ্যতে যদি রাজ্যপাল তার ভাষণ বাংলায় দেন এবং পরে ইংরাজীতে বা হিন্দিতে দেন তাহলে বোধহয় কিছুটা আমরা আনন্দ পাব। আর একটি কথা বিশেষ গুরুত্বপূর্ণ যা সম্বন্ধে রাজ্যপাল তার ভাষণে কিছুই বলেননি। সেটা হ'ল আমাদের জননেতা ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জীর মৃত্যুর তদন্ত সংক্রান্ত ব্যাপার।

এই সভায় সর্বসম্মতিক্রমে যে প্রস্তাব গ্রহণ করা হয়েছিল তার ফলাফল সম্বন্ধে কোন উল্লেখ নেই। গতবার সভার অধিবেশনে গৃহীত হবার পর তিন মাস হয়ে গিয়েছে এর মধ্যে কাশ্মীরের প্রধানমন্ত্রী এখানে এসেছিলেন, আমাদের মুখ্যমন্ত্রী তাঁর সঙ্গে দেখা সাক্ষাৎ করেছেন, কিন্তু তদন্তের কি ব্যবস্থা হ'ল জানতে পারলাম না। মুখ্যমন্ত্রী এ সম্বন্ধে আমাদের যদি কিছু জানান বিশেষ সুখী হব। আর এই যে চরম অবহেলা এবং সরকারী অপদার্থতার জন্যে ভারতের বীর নেতা প্রাণ হারালেন তার তদন্তের দাবী অবহেলা করা গুরুতর অপরাধ বলে ভারতবাসী মনে করে। রাজ্যপাল এ সম্বন্ধে নীরব থেকে গিয়েছেন। গণতান্ত্রিক ভারতের জনমত এতে উপেক্ষা করা হয়েছে, হয়ত কংগ্রেসের কোনো ষড়যন্ত্র এই তদন্তের ভেতর দিয়ে বেরিয়ে পড়বে সেজন্য তাঁরা নীরব রয়েছেন। আর একটি কথা, কংগ্রেস সরকারের জাতীয়তার নমুনা এখানে আলোচনা করতে চাই। স্বদেশী গ্রহণ বাংলার বিশিষ্ট ঐতিহ্য। আজ স্বদেশী কোনো জিনিষেরই মর্য্যাদা দেওয়া হয় না। ইংরাজী ভাব, ভাষা আজ জীবনের প্রতিটি ক্ষেত্রে আসর জমিয়ে বসে আছে। সরকারী কর্ম্মচারীদের পোষাক, হ্যাট, কোট, প্যাণ্ট, নেকটাই, সরকারী ভোজের ব্যাপারে "ব্রেক ফাষ্ট, লাঞ্চ"এবং "ডিনার" তার আবার "বাফেট" সংস্করণ, নমুনা আমরাও পেয়েছি। ওজনের বেলায় বিশেষ করে খাদ্য দপ্তরের হিসাবে দেখতে পাই "টনস আফটার টনস" রেসনের ব্যবস্থা হল "আউন্স"এর পর "আউন্স"। গণনার বেলায় প্রকাশ করেন তা হল "মিলয়নস অ্যাণ্ড বিলিয়ানস"এ, জমির পরিমাপ করা হয় "একরে" এবং উৎপন্ন দ্রব্য ওজন হয়

"পাউণ্ড"এ আবার সমৃদ্ধির পরিমাপ হয় "ষ্টার্লিং" ও "ডলার"এ, সর্বশেষে স্বাধীনতার পরিমাপ হ'ল "কমনওয়েলথ"। এই যদি হয় তাহলে বাংলাদেশের লোকেরা কতটা স্বদেশী হবে জানি না। মধ্যবিত্তের চাকুরী এবং শিক্ষকের প্রতি সরকারের অবহেলা অত্যন্ত দুঃখ এবং লজ্জার কথা। গ্রামাঞ্চলে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা পর্য্যন্ত আজ অচল অবস্থায়। অন্যদিকে দেখুন এই ভারতের আর্থিক সাহায্যে কাশ্মীর গভর্ণমেণ্ট তার বি, এ, ; এম, এ পাঠ পর্য্যায় বিনা খরচায় পরিচালিত করতে পারছে। সরকারের ঔদ্ধত্য ও অহঙ্কার দেশটাকে কোন পথে নিয়ে চলেছে সেটা ভাববার দরকার। সরকারী কর্মচারিগণ জনগণের সেবক না হয়ে প্রভু হয়ে দাঁড়িয়েছে, জনগণ দেশের মালিক হয়েও আজ ক্রীতদাস। "লাইসেন্স, পারমিট", চাকরী দেওয়ার ব্যাপারে পক্ষপাতিত্ব। সরকারী কর্মচারী সামাজিক সম্মেলনে স্বামী-স্ত্রীতে একসঙ্গে মদ্যপান করছে আমি ফটো দিয়ে এটা প্রমাণ করতে পারি--এগুলি হামেশা চলছে। দেশের যদি মঙ্গল করতে চান তাহলে দলগত সংকীর্ণতা পরিহার করে চলবার চেষ্টা করুন। এ না করলে দেশটা ধ্বংস হয়ে যাবে।

[7—7-10 p.m.]

Sj. Annada Prasad Mandal:

মাননীয় রাজ্যপালের অভিভাষণ সমর্থনে দাঁড়িয়েছি। আমি সম্পূর্ণরূপে এই প্রস্তাব সমর্থন করছি। আমার বিরোধী পক্ষের মাননীয় বন্ধুরা বলেছেন যে এতে বহু জিনিস নেই--তাতো বটেই, সব জিনিষ থাকতে পারে না একটি ভাষণে, কিন্তু যা আছে সেটা ঠিক কিনা জানতে হবে ও সেটা মঙ্গলময় কিনা দেশের পক্ষে, সেটা বুঝতে হবে। আমরা রাজ্যপালের বক্তৃতায় যতদূর দেখছি, তাতে দেখেছি দেশের সর্বাঙ্গীন উন্নতির চেষ্টা হচ্ছে এবং যতদূর সাফল্যলাভ হয়েছে তারও ইঙ্গিত আছে। ("ভয়েস" : বাঃ বাঃ!) রাজ্যপাল মহাশয়ের বক্তৃতায় এই রাজ্যে উন্নতি করবার গভর্ণমেণ্টের কতদূর ইচ্ছা রয়েছে তারও প্রকাশ রয়েছে। সুতরাং এর বিরুদ্ধে কিছু বলবার থাকলেও তা যেভাবে বলা হয়েছে তা ঠিক হয়নি। বস্তুতঃ দেখতে পাচ্ছি মাননীয় সভ্যগণ মাননীয় রাজ্যপালের বিপক্ষে যা বলেছেন সেটা ঠিক আইনসম্মত কিনা সে বিষয়ে সন্দেহ আছে। মাননীয় বিরোধীপক্ষের সভ্যগণ অনেক সময় গর্ব করে থাকেন যে তাঁরাই জনসাধারণের ধারক ও বাহক। জনসাধারণের আমি প্রতিনিধি বল্লেই প্রতিনিধি হওয়া যায় না। একটা মিটিং করে ২ শত কি ৫ শত লোকই যদি বলে যে শিক্ষকদের ধর্মঘট সমর্থন করছে তাতে এটা বোঝায় না যে সকল লোকই এই ধর্মঘট সমর্থন করছে। এঁরা যে বলছেন যে জনসাধারণের সকলেই এই হরতাল বা আইন অমান্য আন্দোলন সমর্থন করছে তা ঠিক নয়। গত কয়দিনে দেখা গিয়েছে যে এই কয়েকদিনে কলকাতা শহরে এবং আশে পাশে যে সব ঘটনা ঘটেছে তাতে মাতাল এবং চোর বদমায়েস সব বেরিয়ে পড়েছে, নানা রকম নাশকতামূলক কার্য্য করবার জন্য। তাদেরই সমর্থক হচ্ছেন আমার এই বন্ধুগণ। তাঁদের মুখে একটা কথাও শুনিনি যে এসব কাজ নিন্দাজনক। যে সমস্ত ঘটনা ঘটেছে লোক রাস্তায় বেরুতে পাবে না ট্রাম বাসের অভাবে। সাধারণের চলাচল ব্যাহত হয়েছে এমতাবস্থায় গভর্ণমেণ্টের একটা কর্তব্য আছে--সেই পবিত্র কর্তব্য হল শান্তি ও শৃংখলা রক্ষা করা, জনসাধারণের নিরাপত্তা রক্ষা করা। আমার বিরোধীপক্ষের বন্ধুরা মনে করেন যেন এই রাজ্যটা তাঁদের কিন্তু আসলে তা নয়। যাঁরা ১৪৪ ধারা আইন ভঙ্গ করার জন্য প্ররোচনা দেয় তাঁদের কোন রকমেই সহ্য করা উচিত নয়। আজকে যদি এই ১৪৪ ধারা অমান্যকে এই গভর্ণমেণ্ট অগ্রাহ্য করত তাহলে গভর্ণমেণ্টকে "অ্যাবডিকেট" করতে হতো। সুতরাং গভর্ণমেণ্টের উচিত হয়েছে, যখন ১৪৪ ধারা জারী করা হয়েছে, তার সম্মান রক্ষা করা। এ অবস্থায় সরকার যা করেছেন তা ঠিক করেছেন। ওরা বলে বেড়ান কলকাতায় সর্বত্র তাঁদের মুখে এই কথা যে ওরাই নাকি জনসাধারণের সেবক কিন্তু তা নয়। আমরাও এবং আরও জনসাধারণের সেবক আছে। তাঁরা সকলেই এক মুখে বলবে যে জনসাধারণকে স্বাধীনভাবে চলতে দেওয়া হচ্ছে না বাধা দেওয়া হচ্ছে। আমি নিজে বহু দোকানদারকে জিজ্ঞাসা করেছি তাঁরা কি সত্যই দোকান বন্ধ করেছেন সহানুভূতি দেখাবার জন্য না আর কিছু? তাঁরা সকলেই বলেছেন যে চাপে পড়ে বা ভয়ে তাঁরা দোকান বন্ধ করেছেন, কেউ বা বলেছেন না করলে "দোকান পুড়িয়ে দেবে লুটপাট করবে"। আসলে কেউ ইচ্ছা ক'রে করেনি। এই অবস্থা থাকা দেশের পক্ষে উচিত নয়। আমাদের বিরোধী "কম্যুনিষ্ট পার্টি" মনে করেন যে তাঁরা যা করছে একটা বিরাট কাজ করছেন। আজকে সংবাদপত্রে দেখা গেল তাঁরা বলছেন গভর্ণমেণ্টকে নতি স্বীকার করতে হবে। কিন্তু কেন? আজ যদি গভর্ণমেণ্ট এই উচ্ছৃঙ্খলতার বাধা না দিতেন তাহলে আমরাই তার নিন্দা করতাম। এই যে লক্ষ লক্ষ লোক যারা কলকাতার নাগরিক তারা নিরপত্তার মধ্যে বাস করতে চায়; তাই আমি বলছি গভর্ণমেণ্ট এই নিরাপত্তা বিধান না করলে তাদের

[Sj. Annada Prasad Mandal.] কর্ত্তব্য হানি হবে। এই বলে আমি রাজ্যপাল মহাশয়ের ভাষণ সমর্থন করছি।

[7-10—7-20 p.m.]

Sj. Dhananjoy Kar: মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্যপাল মহাশয় তাঁর সরকারের তথাকথিত উন্নতিমূলক কর্মপ্রচেষ্টার কথা ঘোষণা করার পর একটা কথা বলেছেন যে আমাদের রাত্রি যদিও অন্ধকারময় এবং দুর্যোগপূর্ণ তাহলেও তিনি আলোকের রেখা দেখতে পাচেছন। অর্থাৎ আমাদের দুঃখ কষ্ট যদিও এতদিন ছিল শাগ্রই তা লাঘব হবে। কিন্তু তাঁর এই আশার বাণী শুনেও আমরা কিন্তু কোন আশা ভরসা পাচিছ না। আমি যদি সেই বাণীর কথা আমার নির্বাচন কেন্দ্রে যাইয়া বলি তবে সেই জায়গার অধিবাসীরা মহামান্য রাজ্য-পালের ভাষণ সম্বন্ধে কি বলবেন জানি না কিন্তু আমার মনে হয়, আমার মুখে সেই কথা শুনে তারা বলবে এ একটা মস্ত বড় ধাপ্পা। কেন না তারা বলবে গত ৭ বছর কংগ্রেসী রাজত্বে দেশ কতটুকু উন্নতির দিকে গিয়েছে, এদিক দিয়ে তার সব বিচার করে দেখবেন। গত ৭ বছর কংগ্রেসী রাজত্বের পরেও যদি দেশ বৃটিশ আমলের থেকেও কিছুটা উন্নতিলাভ না করে থাকে তাহলে কি করে আশার সঞ্চার হবে? রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে বলেছেন যে তাঁর সরকার নাকি মাথা পিছু চিকিৎসায় ১৬/০ ব্যয় করছেন। কিন্তু আমার নির্বাচন কেন্দ্র সেই গোপীবল্লভপুরের কথা যদি বলি তারা বলবে, এ হিসাব ঠিক নয়। সেখানে ২ লক্ষ লোকের মাথা, সরকারের হিসাব আছে কিনা জানি না কিন্তু যদি থেকে থাকে ত তার মাথাপিছু খরচের উল্লেখ থাকলে (তাহলে) আমার নির্বাচন কেন্দ্রের অধিবাসীদের মধ্যে উৎসাহ সঞ্চার হত এবং তারা রাজ্যপালের অভিভাষণকে অভিনন্দন করতে পারত। কিন্তু দুঃখের কথা এই যে ব্যবস্থা তা নয় সে বিষয়ে আমি বলতে পারি, এই যে মাথা পিছু ১৬/০ খরচ, সেটা বড় বড় কর্মচারী পোষার জন্য খরচ, গরীবদের জন্য নয়; সাধারণ লোক তার এতটুকু অংশও পাচেছ না তা সুনিশ্চিত। এবং সেদিক থেকে সরকার কোন ব্যবস্থাই যে করেনি এটা স্থির কথা।

আজ গত ক বছর ধরে এই হাউসে যে অভিযোগের কথা বারবার উল্লেখ করেছি এবং সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেছি আজ পর্য্যন্ত তার একটারও প্রতিকার হয় নি বা চেষ্টা হয়নি। এই হাউসে আমি বারবার বলেছি আমার এলেকায় কোন স্বাস্থ্য কেন্দ্র প্রতিষ্ঠিত হয়নি যদিও এখানে ২ লক্ষ লোকের বসতি। জমিদার বাহাদুরের যে দাতব্য চিকিৎসালয় ছিল তাও বন্ধ হয়ে গেছে। কিন্তু তার পরিবর্তে সেখানে কোন স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করাতো দূরের কথা সেই যে দাতব্য চিকিৎসালয় এতকাল ছিল তার চাল, কড়িবড়গা, জানালা, দরজা নিলামে বিক্রয় করিয়া সেটী সম্পূর্ণ ধ্বংস করার কৃতিত্বের কথা যদিও একটু রাজ্যপালের ভাষণে উল্লেখ থাকত তাহলে মনে করতে পারতাম যে রাজ্য-পাল তাঁর সরকারের সত্যিকার গুণগান করছেন। কিন্তু আমি তার অভিভাষণে সেসব কোন কিছুর উল্লেখ দেখতে পাচিচ না।

[7-20—7-23 p.m.]

তারপর আমি আর একটা কথা বলব; রাজ্যপাল মহাশয় বলেছেন এবং অত্যন্ত গর্ব অনুভব করেছেন বলে মনে হচছ যে তাঁর সরকার ড্রাই ডোল ও ক্যাস ডোল বেশীর ভাগ বিতরণ করেছেন। কিন্তু এই ব্যাপারে যে সমস্ত দুর্নীতি আমরা সরকারের নজরে এনেছি তার কোন প্রতিকারের উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নাই, তা যদি থাকত তাহলে বুঝতাম সত্যই কাজ করেছেন। সুতরাং সেই ড্রাই ডোল ও ক্যাস ডোল বিতরণ সম্বন্ধে কি কাজ তাঁরা করেছেন সে বিষয়ে আজ আর কিছু বলব না। কিন্তু আমি বলব বন্যা প্রতিরোধের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন? আজ যে বন্যার ফলে লোকদের নানা প্রকার দান ও ঋণ দিতে হচেছ সেই বন্যা প্রতিরোধের কি ব্যবস্থা করেছেন? আমার নির্বাচন কেন্দ্রে কমপক্ষে ৫০ হাজার একর জমি নষ্ট হতে বসেছে। শুধু একটা থানার, গোপীবল্লভপুর ৩।৪নং যুনিয়নে প্রায় দশ হাজার লোক উদ্বাস্তু হতে চলেছে, সে সম্বন্ধে সরকার কোন ব্যবস্থাই অবলম্বন করছেন না। আমি এর জন্য সেচমন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করে বলেছিলাম আশুই-ধর্মপুর বাঁধ পুনর্নির্মাণ করার জন্য পূর্ববর্তী জমিদার যে বাঁধ নির্মাণ করে ঐ ভূমি রক্ষার ব্যবস্থা করে দিয়ে দশ হাজার লোকের গ্রাসাচছাদনের ব্যবস্থা করেছিলেন, সেই বাঁধ ভেঙ্গে যাবার ফলে লোক সব পথের ভিখারী হতে বসেছে. আপনারা দয়া করে সেই বাঁধটা নির্মাণ করে দিন দিয়ে দশ-হাজার লোককে রক্ষা করুন, আমি জানি না অজয় বাবু কি পন্থা অবলম্বন করেছেন। আমি আশা করি এই সেসনের মধ্যেই তাঁর কাছ থেকে জানতে পারব কি প্রচেষ্টা চলেছে।

Adjournment.

The House was then adjourned at 7-23 p.m. till 9-30 a.m. on Saturday, the 20th February, 1954, at the Assembly House, Calcutta.

ASSEMBLY PROCEEDINGS

Saturday, the 20th February, 1954.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 20th February, 1954, at 9-30 a.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 170 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[9-30—9-40 a.m.]

Deaths through starvation in the State during January to October, 1953.

***14. Sj. Hemanta Kumar Ghosal:** Will the Hon'ble Minister-in-charge of the Food, Relief and Supplies Department be pleased to state—

(*a*) the number of deaths through starvation, if any, in West Bengal, district by district, each month from January to October, 1953;

(*b*) what is the thana-wise figure of starvation deaths, if any, during the same period; and

(*c*) what steps were taken by the Government to save the lives of the persons who may have died through starvation?

Minister-in-charge of Food, Relief and Supplies Department (the Hon'ble Prafulla Chandra Sen): (*a*) Nil.

(*b*) and (*c*) Do not arise.

Relief to distressed people of Santipur, Nadia.

***15. Sj. Provash Chandra Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Food, Relief and Supplies (Relief) Department be pleased to state—

(ক) বর্তমান বৎসরে নদীয়া জেলার অন্তর্গত শান্তিপুরের দুঃস্থদের মধ্যে রিলিফ হিসাবে বিলি করিবার জন্য সরকার কত টাকা মঞ্জুর করিয়াছেন;

(খ) এই রিলিফের টাকা স্থানীয় কোন প্রতিষ্ঠান মারফৎ বিলি করা হইয়াছে কিনা; হইয়া থাকিলে, প্রতিষ্ঠানের নাম কি;

(গ) কত টাকা আজ পর্য্যন্ত রিলিফ হিসাবে কত লোকের মধ্যে বিলি করা হইয়াছে; এবং

(ঘ) গড়ে প্রতিলোক কত টাকা করিয়া রিলিফ পাইয়াছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) ও (গ) শান্তিপুর বা কোনও নির্দিষ্ট এলাকার জন্য সরকার হইতে কোন রিলিফ মঞ্জুর করা হয় নাই। সমগ্র জেলার দুঃস্থদের জন্য সরকার রিলিফ মঞ্জুর করিয়াছেন এবং তাহা হইতে প্রয়োজন অনুযায়ী জেলা-ম্যাজিষ্ট্রেট শান্তিপুর মিউনিসিপ্যাল এলাকায় ১,৯০৮ জন লোকের মধ্যে নগদ ১,৫৪৬৲ টাকা এবং চাল ও গমে মোট ৭৩ মণ ৩ সের খয়রাতি সাহায্য হিসাবে বিলি করিয়াছেন।

(খ) নগদ টাকার রিলিফ মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষ এবং জেলা-ম্যাজিষ্ট্রেটের অধীনস্থ সরকারী কর্মচারিগণ বিলি করিয়াছেন। চাল ও গমে যে রিলিফ দেওয়া হইয়াছে তাহা টাউন রিলিফ কমিটির মারফৎ বিলি করা হইয়াছে।

(ঘ) গড়ে আনুমানিক ২৲ টাকা।

(When starred question No. 16 was called.)

Sj. Jyoti Basu: Sir, I suggest, since Sj. Subodh Banerjee, in whose name the question stands, is not here, being arrested and kept in detention under the Preventive Detention Act, this question should stand over.

Mr. Speaker: He has not written *for it. I think no member's* privilege is affected; any other member can put supplementary questions.

Sj. Jyoti Basu: The question stands in his name and he has supplementaries to ask. He is detained without trial.

Mr. Speaker: For the purpose of the question the House is not affected—supplementary questions can be put.

Sj. Jyoti Basu: It is affected, because Sj. Subodh Banerjee knows best what supplementaries to ask and he is not here.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Supposing he is ill.

Sj. Jyoti Basu: If he is ill and if he sends notice——

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sends notice.

Mr. Speaker: He has sent several communications from jail but he has not asked for the postponement of this question.

Sj. Jyoti Basu: About questions it is not necessary because he did not know the question would come up. It is against the privilege of the member. I have seen questions are held over when Ministers are not present.

Mr. Speaker: That is a different matter. That is a matter of giving answer.

Sj. Jyoti Basu: Even when the Deputy Ministers are here, they do not answer for the Ministers.

Mr. Speaker: That is not an analogy. Yes, Mr. Mookerjee.

Tribunal award in respect of dispute between the Calcutta University and its employees.

***16. Sj. Subodh Banerjee:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state whether any award *was given by the Tribunal set up* in connection with the dispute between Calcutta University and its employees in the year 1947-48?

(*b*) If the reply to (*a*) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether the award was accepted by the University authorities either in part or in full;

(*ii*) the date from which the award was given effect to;

(*iii*) whether all grades were revised according to award;

(*iv*) if not, the grades not revised and the reasons for it;

(*v*) whether the hours of duty have been changed according to the award;

(*vi*) if so, the hours of duty; and

(*vii*) whether any overtime is paid for work beyond scheduled hours of duty according to the award?

Minister-in-charge of Labour Department (the Hon'ble Kali Pada Mookerjee): (*a*) Yes.

(*b*)(*i*) Yes, in part.

(*ii*) 2nd April, 1948.

(*iii*) Yes, as reported by the Calcutta University.

(*iv*) Does not arise.

(*v*) The Tribunal did not change the working hours in the General Departments, but working hours in the University Press were reduced to 40 from 42.

(*vi*) 10-30 a.m. to 6 p.m. with half an hour's recess on week-days and from 10-30 a.m. to 3-30 p.m. without any recess on Saturdays.

(*vii*) No, and there is no dispute in this regard.

Accidental death of a worker of Messrs. Albert David and Co., Ltd., Sinthee, 24-Parganas.

***17. Sj. Canesh Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of

the Labour Department be pleased to state—

(*a*) if it is a fact that the dead body of a worker, employed by Messrs. Albert David & Co., Ltd., was picked up from a tank within the factory compound of the said company at Sinthee on 1st May, 1953;

(*b*) whether Government are aware of the cause of and the circumstances leading to the death of this worker; and

(*c*) if not, whether Government consider the desirability of making an enquiry into the matter?

The Hon'ble Kali Pada Mookerjee: (*a*) and (*b*) Yes.

(*c*) The matter had already been enquired into and it transpired that it was a case of accidental drowning.

Sj. Ganesh Ghosh: Will the Hon'ble Minister please say why it took nine months to answer this little question?

Mr. Speaker: The answer might have come to office much earlier but the Assembly was not in session. It is a held over question. It is not a fact that the answer has taken nine months to be given.

Sj. Ganesh Ghosh: Who made this enquiry?

The Hon'ble Kalipada Mookerjee: First of all, the Officer-in-charge of the local police-station held an on-the-spot enquiry and later on the post-mortem examination revealed the result, as I have already said.

Sj. Ganesh Ghosh: Will the Hon'ble Minister please state why he writes that enquiry has been made and it transpired that it was a case of accidental drowning? Why does the Minister say it was a case of accidental drowning. Was there any suspicion about it?

The Hon'ble Kalipada Mookerjee: *No suspicion after the post-mortem examination report.*

Tube-wells within Sonarpur and Bhangar police-station of 24-Parganas district.

***18. Sj. Gangadhar Naskar:** Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—

(ক) ২৪-পরগণা জেলার অন্তর্গত সোনারপুর এবং ভাঙ্গড় থানায় ১৯৪৮ সাল হইতে ১৯৫৩ সালের সেপ্টেম্বর মাস পর্য্যন্ত মোট কত টিউব-ওয়েল সরকার বসাইয়াছেন;

(খ) মোট টিউব-ওয়েলের মধ্যে বর্তমানে উপরোক্ত দুইটি থানায় কোন টিউব-ওয়েল অকেজো হইয়া আছে কিনা; হইয়া থাকিলে তাহার সংখ্যা কত; এবং

(গ) এই অকেজো টিউব-ওয়েলসমূহ মেরামতের ব্যবস্থা সরকার করিয়াছেন কিনা; করিয়া থাকিলে, তাহা কিরূপ?

Minister-in-charge of Medical and Public Health Department (the Hon'ble Dr. Amulyadhan Mukharji):

(ক) সোনারপুর--১৯টি, ভাঙ্গড়--২১টি।

(খ) সোনারপুর--মোট ১০২টির মধ্যে ৯টি অকেজো;

ভাঙ্গড়--মোট ২১০টির মধ্যে ৫০টি অকেজো।

(গ) প্রতি বৎসর গ্রাম্য জল সরবরাহের জন্য বরাদ্দ টাকা হইতে কিছু কিছু করিয়া অকেজো টিউব-ওয়েল পুনরায় বসানো হইতেছে।

Sj. Kanai Lal Bhowmick: গত বৎসর কয়টি অকেজো টিউব-ওয়েল বসান হয়েছে মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: সমস্ত ষ্টেটের জন্য হলে "নোটিশ" চাই। যা প্রশ্ন ছিল তার জবাব আমি দিয়েছি।

Sj. Kanai Lal Bhowmick: সোনারপুর ও ভাঙ্গড় থানায় গত বৎসর কতগুলি অকেজো টিউব-ওয়েল বসান হয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: এ পর্যন্ত মোট ৯টি অকেজো অবস্থায় আছে।

Sj. Kanai Lal Bhowmick:

এই ৯টির মধ্যে কতগুলি গত বছর সারানো হয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এই "লেটেষ্ট রিপোর্ট" আমি আপনাদের দিয়েছি। গত বছর কি হয়েছে তা আমি বলতে পারি না, তবে যদি নোটিশ দেন, তাহলে সন্ধান করে পরে বলবো।

Sj. Kanai Lal Bhowmick:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি ১৯৫৩ সালেতে কতগুলি টিউব-ওয়েল সারান হয়েছে?

Mr. Speaker:

উনি তো "লেটেষ্ট রিপোর্ট" দিয়েছেন, এবং নোটিশ চাই এ-কথাও বলেছেন। আবার এরকম প্রশ্ন করছেন কেন?

Sj. Ganesh Ghosh:

মাননীয় মন্ত্রীমহাশয় (খ) প্রশ্নের উত্তরে বলেছেন যে সোনারপুরে ৯টি এবং ভাঙ্গড়ে ৫০টি অকেজো হয়ে রয়েছে, এই সব জায়গায় জল সরবরাহের কি ব্যবস্থা সরকার করেছেন মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

সরকারের পক্ষে প্রত্যেকটি জায়গায় জল সরবরাহ করা এযাবৎ সম্ভব হয় নাই, তবে ২০ লক্ষ টাকা গ্রাম্য অঞ্চলে সরবরাহের জন্য প্রতিবৎসর দেওয়া হইতেছে; তাতে যতদূর সম্ভব করা হচ্ছে।

Sj. Ganesh Ghosh:

এই লক্ষ টাকা ব্যয় করে ঠিকমত জল সরবরাহ হচ্ছে কি না সে বিষয় খোঁজ নিয়েছেন কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

হাঁা, ঠিকভাবেই যে কাজ করা হয়, সে বিষয়ে সন্দেহ নাই।

Sj. Ganesh Ghosh:

কি ভাবে করা হয়, সেটা জানাবেন কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

সাধারণতঃ টিউব-ওয়েলের মারফৎ, তবে যেখানে টিউব-ওয়েল চলে না, সেখানে "ম্যাসনরী-ওয়েল অর রিং ওয়েল" দিয়ে করা হয়।

Sj. Ganesh Ghosh:

এই ভাঙ্গড়ে ৫০টি অকেজো টিউব-ওয়েলের জায়গায় কয়টি "রিং ওয়েল" বসান হয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

সেখানে টিউব-ওয়েল অকেজো হয়ে আছে, সে গুলিরই সংস্কার হয়, তবে এই অঞ্চলে উহার বদলে "রিং ওয়েল" হয়েছে কিনা, নোটিশ দিলে তথ্য সংগ্রহ করে জানাতে পারি।

Sj. Ganesh Ghosh:

এই যে ৫০টি টিউব-ওয়েল অকেজো হয়ে পড়ে রয়েছে, সেগুলি কবে "রিপেয়ার" করা হবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এখানে কোন নির্দিষ্ট "ডেটমার্ক" দেওয়া যায় না। তবে যত শীঘ্র করা সম্ভব তার ব্যবস্থা করা হয়েছে।

Sj. Ganesh Ghosh:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, কি ভাবে কার্যকরী করবার চেষ্টা হচ্ছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এরজন্য যে টাকা আছে সেই টাকা বিভিন্ন এলাকায় ভাগ করে দেওয়া হয়, এবং "ডিষ্ট্রিক্ট ওয়াটার সাপ্লাই এনকোয়েরী কমিটির" মারফৎ "ষ্ট্যাটিসটিক্স" সংগ্রহ করে কাজ করা হয়। এই কর্মে যেখানে বেশী প্রয়োজন সেখানেই অগ্রাধিকার দিয়া থাকেন।

Sj. Ganesh Ghosh:

এখানে "এনকোয়েরী" করা হয়েছে কিনা, যে শীঘ্রই কাজ কার্যকরী করা হবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এখানে "এনকোয়েরীর" প্রয়োজন নাই। যে সমস্ত "ষ্ট্যাটিসটিক্স" পাওয়া গিয়েছে সেগুলি কার্যকরী করবার জন্য যথাসাধ্য চেষ্টা হচ্ছে।

Sj. Ganesh Ghosh:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, কিভাবে যথাসাধ্য চেষ্টা হচ্ছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

আমি পূর্বেই যেভাবে কাজ হয় সে সম্বন্ধে যা বলেছি তার বেশী আর কিছু বলবার নাই।

Sj. Tarapada Dey:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, এই জল সরবরাহের যে ব্যবস্থা হয়েছে তা কয়টি করে প্রতি ইউনিয়নে হয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

জল সরবরাহের ব্যবস্থা "ইউনিয়ন বেসিসে" হয় না, "ডিষ্ট্রিক্ট বেসিসে" করা হয়, এবং জেলা কমিটী মহকুমা ও ইউনিয়ন হিসাবে ভাগ করে দেয়।

Sj. Tarapada Dey:

প্রতিটি "ডিষ্ট্রিক্ট"এ কতগুলি করে দেন এবং তাতে কোন্ কোন্ "ইউনিয়নে" কতগুলি করে পড়েছে মাননীয় মন্ত্রীমহাশয় বলতে পারেন কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

নোটিশ যদি দেন তাহলে তথ্য সংগ্রহ করে বলতে পারি।

Distribution of agricultural loan and cattle-purchase loan in Singi Union, district Birbhum.

***19. Sj. Provash Chandra Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(ক) বর্তমান বৎসরে বীরভূম জেলার অন্তর্গত সিঙ্গী ইউনিয়নে কত টাকা কৃষিঋণ বাবদ এবং কত টাকা "ক্যাটল পারচেজ" ঋণ বাবদ বিলি করার জন্য দেওয়া হইয়াছে;

(খ) কৃষিঋণ এবং "ক্যাটল পারচেজ" ঋণ পাইবার কোন সর্ত দেওয়া হইয়াছে কিনা; দেওয়া হইয়া থাকিলে, তাহা কি;

(গ) এই ঋণ কত জন চাষীর মধ্যে বিলি করা হইয়াছে এবং গড়ে প্রতি কৃষক কত করিয়া পাইয়াছে; এবং

(ঘ) ইহা কি সত্য যে, অনেক চাষী আবেদন করিয়াও উপযুক্ত পরিমাণ "ক্যাটল পারচেজ" ঋণ পান নাই?

Minister-in-charge of Agriculture Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):

(ক) কৃষিঋণ--১,৫০০৲ টাকা; গরু খরিদের ঋণ--৪,৬০০৲ টাকা।

(খ) কৃষিঋণ এক কিস্তিতে ও গরু খরিদের ঋণ তিন কিস্তিতে আদায়ের সর্তে দেওয়া হইয়াছে।

(গ) কৃষিঋণ--৬৪ জন;

গরু খরিদের ঋণ--২৮ জন;

গড়ে চাষীপ্রতি কৃষিঋণ--২৩।৵০ আনা;

গরু খরিদের ঋণ--১৬৪।৵০ আনা।

(ঘ) তদন্ত করিয়া ঋণের পরিমাণ ধার্য্য করা হইয়াছিল।

[9-40—9-50 a.m.]

Sj. Tarapada Dey:

(গ) প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন কৃষিঋণ ৬৪ জনকে দেওয়া হয়েছে, কিন্তু এই কৃষিঋণের জন্য কতজন দরখাস্ত করেছিল মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

যদি নোটিশ দেন তাহলে পরে বলতে পারি। এই খবর এখন আমার কাছে নাই। প্রশ্নে শুধু মাত্র একটা ইউনিয়নের বিষয় জিজ্ঞাসা করা হয়েছে।

Sj. Tarapada Dey:

এই ইউনিয়ন থেকে কত জন দরখাস্ত করেছেন বলতে পারেন কি?

Mr. Speaker:

উনি ত আগেই জবাব দিয়েছেন।

Preparation of draft Village Panchayet Bill.

***20. Sj. Dasarathi Tah:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, সরকার পশ্চিমবঙ্গের বিধানসভায় আনয়নের জন্য গ্রাম পঞ্চায়েত বিলের খসড়া প্রণয়ন করিয়াছেন এবং উহা স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলিকে মতামতের জন্য পাঠানো হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হাঁ" হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(১) কতদিন পূর্বে উক্ত বিলের খসড়া উক্ত প্রতিষ্ঠানগুলিকে পাঠানো হইয়াছে,

(২) উক্ত খসড়া বিধানসভার সদস্যদের নিকট পাঠাইবার ব্যবস্থা হইয়াছে কিনা, এবং

(৩) যদি না হইয়া থাকে, তাহার কারণ কি?

Minister-in-charge of Local Self-Government (the Hon'ble Iswar Das Jalan):

(ক) না, তবে গ্রাম পঞ্চায়েতের বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

(খ) প্রশ্ন উঠে না।

Sj. Sudhir Chandra Das: মাননীয় মন্ত্রীমহাশয় (ক) প্রশ্নের উত্তরে বলেছেন "না, তবে গ্রাম-পঞ্চায়েতের বিষয় সরকারের বিবেচনাধীন আছে," কিন্তু গত বাজেট অধিবেশনের সময় বলেছিলেন যে আগামী অধিবেশনে গ্রাম-পঞ্চায়েত বিল আনবেন। এটা সত্য কি না?

The Hon'ble Iswar Das Jalan: তা হতে পারে। এ অধিবেশনেও এ বিষয় আসতে পারে।

UNSTARRED QUESTIONS

(answer to which was laid on the table)

Distribution of cattle-purchase loan in the State.

6. Sj. Subodh Choudhury: Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(*a*) total amount of cattle-purchase loan paid in West Bengal district by district from January, 1952, to September, 1953;

(*b*) number of persons covered by cattle-purchase loan district by district; and

(*c*) average amount of cattle-purchase loan given per head?

Minister-in-charge of Agriculture Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed): A statement is laid on the Table.

Statement referred to in reply to unstarred question No. 6.

District.		Amount of cattle-purchase loan distributed in the districts from January, 1952, to September, 1953.	Number of persons receiving loan.	Average amount of loan distributed per head.	
		(*a*)	(*b*)	(*c*)	
		Rs.		Rs.	a.
(1) Birbhum	..	2,65,250	1,733	153	0
(2) Burdwan	..	3,90,000	2,575	151	7
(3) Bankura	..	1,83,000	1,064	172	0
(4) Howrah	..	1,15,000	856	134	4
(5) Hooghly	..	4,35,000	2,175	200	0
(6) Midnapore	..	5,70,725	5,500	103	12
(7) 24-Parganas	..	8,67,150	7,621	113	12
(8) Nadia	..	3,88,000	2,963	130	15
(9) Murshidabad	..	2,54,100	1,452	175	0
(10) West Dinajpur	..	1,74,590	1,909	91	7
(11) Malda	..	2,11,145	1,161	181	14
(12) Jalpaiguri	..	2,33,475	1,331	175	7
(13) Cooch Behar	..	1,80,900	948	190	13
(14) Darjeeling	..	7,400	68	108	13
Total	..	42,75,735	31,356	136	5

Amendments to the motion of Address in reply to Governor's speech.

Sj. Ganesh Ghosh:

মাননীয় স্পীকার মহোদয়, রাজ্যপাল তাঁর বক্তৃতায় আমাদের একথা বিশ্বাস করাতে চান যে বাংলাদেশের কংগ্রেস সরকার নাকি ব্যাপকভাবে শিক্ষার বিস্তৃতির জন্য আপ্রাণ চেষ্টা করছেন। এর চাইতে অদ্ভুত ও হাস্যকর উক্তি কি হতে পারে আমরা জানি না। একে অবিশ্বাস্য রকমের আত্মসন্তুষ্টির মনোভাবও বলা যায় না, কারণ এর অন্তর্নিহিত উদ্দেশ্য অশুভ। বাংলাদেশের প্রত্যেকটি মানুষ, এমন কি সরকার পক্ষীয় কয়েকজন যথার্থই শিক্ষানুরাগীও গত কয়েক বছরের তিক্ত এবং প্রত্যক্ষ অভিজ্ঞতার ভিতর দিয়ে একথা সুনিশ্চিতভাবে উপলব্ধি করেছেন যে বাংলার কংগ্রেস সরকার শুধু শিক্ষাকে সংকোচই করছেন না, শিক্ষাকে প্রকৃতপক্ষে সংহার করছেন। ব্যাপক সংখ্যাগরিষ্ঠতম ছাত্র-ছাত্রীকে প্রতি বৎসর প্রতি পরীক্ষায় ফেল করাবার নীতি, সুপরিকল্পিতভাবে শিশুশ্রেণী থেকে আরম্ভ করে শিক্ষালাভের শেষ পর্যায় পর্যন্ত প্রতি স্তরে শিক্ষার ব্যয় অসম্ভবভাবে বৃদ্ধি করে শিক্ষাজগৎ থেকে সাধারণ পরিবারের ছাত্রছাত্রীকে নির্বাসিত করবার নীতি, শিক্ষাক্ষেত্রে রাষ্ট্রের যথোচিত ব্যয় বর্জন করবার নীতি, আর্থিক সঙ্কটগ্রস্ত বিদ্যালয়সমূহকে যথাসম্ভব সরকারী সাহায্য না দেওয়ার নীতি, শিক্ষাব্যবস্থার মধ্যে পুলিশের অবাধ এবং অবৈধ হস্তক্ষেপ করবার অধিকার দেবার নীতি, দেশের শিক্ষাব্যবস্থার মধ্যে আমেরিকান গোয়েন্দাদের প্রভাব বিস্তার করবার সুযোগ দেবার নীতি এবং শিক্ষদের প্রতি অপরাধজনক উদাসীনতা ও সমগ্র জাতির শ্রদ্ধাভাজন শিক্ষক-শিক্ষিকাদের প্রতি সরকারের অমানুষোচিত বর্বর ব্যবহারের নীতিকে যদি "ব্যাপকভাবে শিক্ষা বিস্তারের জন্য আপ্রাণ চেষ্টা" বলে চালাবার প্রয়াস হয়, তা'হলে তা সত্যি কথা বলা হয় না, সত্যের ব্যাভিচার করা হয়।

এই কংগ্রেসী সরকারের নেতৃত্বে কি ভীষণ দ্রুত গতিতে শিক্ষার বিস্তার লাভ চলেছে তার একটি ধারণা রাজ্যপাল আমাদের দিতে গিয়ে বলেছেন, "১৯৪৮-৪৯ সালে শিক্ষাখাতে সরকারী খরচ ২ কোটি ৫৬ লক্ষ টাকা থেকে ১৯৫৩-৫৪ সালে ওই খরচ ৪ কোটি ৯৪ লক্ষ টাকায় উঠেছে।" সত্যি, এমনটি আর বোধ হয় কোথায়ও হয় নি। শূন্য থেকে যখন ১ হয় তখন সেই বৃদ্ধির পরিসীমা থাকে না, তা হয় অসীম। এও ঠিক তেমনি। পশ্চিম বাংলার মত রাজ্যে ছয় বছরে শিক্ষাখাতে সরকারী ব্যয় $2\frac{1}{2}$ কোটি থেকে ৫ কোটি অর্থাৎ মাত্র ২ কোটি ৩৮ লক্ষ টাকা বাড়িয়ে শিক্ষার অভূত-পূর্ব্ব দ্রুত বিস্তৃতির কথা বলে যাঁরা আত্মসন্তুষ্টি লাভ করেন তারা শিক্ষার শত্রু, জাতীয় মঙ্গল এবং জাতীয় উন্নতির পথে দুর্লঙ্ঘ্য বাধা।

শিক্ষাখাতে বাংলা কংগ্রেস সরকার ২ কোটি ৩৮ লক্ষ টাকা বাড়িয়ে বড় বড় কথা শোনাচেছন। কিন্তু বাস্তবে আমাদের প্রদেশে ও অন্যান্য প্রদেশে কি হচেছ তা একটু লক্ষ্য করুন।

১৯৫৩-৫৪ সালে বাংলা দেশে বাজেটের মোট ব্যয়ের পরিমাণ ৫০ কোটি ৫৭ লক্ষ টাকা। তার ভেতর সাধারণ শিক্ষাখাতে ব্যয় মাত্র ৪ কোটি ৯৪ লক্ষ টাকা। অর্থাৎ সমগ্র ব্যয়ের মাত্র শতকরা ৯·৭ ভাগ। আর তারও এক বছর আগে অর্থাৎ ১৯৫২-৫৩ সালে শিক্ষা খাতে ব্যয় করেছে--

		শত করা
বোম্বাই	..	২০.৮
মাদ্রাজ	..	১৬.৯
আসাম	..	১৬.০
বিহার	..	১৩.২
উড়িষ্যা	..	১৩.০

অন্যান্য প্রদেশেও কংগ্রেস সরকার রয়েছে। কিন্তু তাঁরা যা পারেন, আমাদের বাংলা দেশের নেতারা তাও পারেন না। একে অপদার্থতা বলব, না জনসাধারণের শিক্ষার প্রতি সুপরিকল্পিত শত্রুতা বলব।

এ তো গেল এক দিকের চিত্র; অন্য দিকের চিত্র একটু দেখুন।

১৯৫৩-৫৪ সালে এই কংগ্রেস সরকার শিক্ষাখাতে ব্যয় করেছেন ৪ কোটি ৯৪ লক্ষ টাকা; আর পুলিশ-খাতে ব্যয় করেছেন ৫ কোটি ৮৫ লক্ষ টাকা। অর্থাৎ বাজেটের ১১.৫ ভাগ (যদিও পুলিশখাতে আসল ব্যয় হয়েছে ৭ কোটি ১৬ লক্ষ টাকা)।

মোটামুটি ভাবে যদি বাংলার লোকসংখ্যা $2\frac{1}{2}$ কোটি ধরা যায় এবং বাজেটের সূক্ষ্ম সংখ্যা না ধরে রাজ্য-পালের দেওয়া মোটা সংখ্যা ধরে হিসাব করলে দেখা যায় ১৯৫৩-৫৪ সালে এই মন্ত্রীরা শিক্ষাখাতে ব্যয় করছেন জনপ্রতি মাত্র ১ টাকা ১৫ আনা। আর পুলিশের জন্য ব্যয় করেছেন দেশের মাথাপিছু ২ টাকা ৫ আনা ৫ পাই।

[Sj. Ganesh Ghosh.]

শিক্ষার বিস্তারের চাইতে পুলিশের প্রতি অনুরাগ যে সরকারের এত বেশী এবং প্রত্যক্ষ সেই সরকারের কাজকে "ব্যাপক শিক্ষা বিস্তারের জন্য আপ্রাণ চেষ্টা" বলাকে অতি নিকৃষ্ট শ্রেণীর অসত্য বলা হয়।

এই সরকার ১৯৫৩-৫৪ সালে সাধারণ শাসন বিভাগ, পুলিশ এবং বন্দীশালার জন্য মোট ব্যয় করেছেন ৯ কোটি ২৬ লক্ষ টাকা; অর্থাৎ বাজেটের ১৮ ভাগ, এবং বাংলার জনপ্রতি ৩ টাকা ১১ আনা। কুশাসন ও নিপীড়নের ব্যবস্থার জন্য এই সরকার শিক্ষার চাইতে প্রায় দ্বিগুণ ব্যয় করেছেন জনসাধারণের অর্থ।

নিজেদের আসন এবং ক্ষমতা অব্যাহত রাখবার অন্ধ আগ্রহে জনশিক্ষা, জনমঙ্গল এবং জনকল্যাণের কথা সম্পূর্ণরূপে বিস্মৃতি না হলে এরূপ করা সম্ভব নয়।

[9-50—10 a.m.]

রাজ্যপাল আমাদের আশার কথা শুনিয়েছেন। এই বৎসর অর্থাৎ ১৯৫৪-৫৫ সালে শিক্ষাখাতে ৬ কোটি ৬০ লক্ষ টাকা ব্যয় করা হবে। সামান্য একটু হিসাব করলেই দেখা যাবে যে এই খরচ হবে সমগ্র বাজেটের খরচের মাত্র শতকরা ১২ ভাগ। মোট খরচ ৫৩ কোটি ৩৯ লক্ষ টাকা--আর মাথাপিছু ব্যয় মাত্র ২॥৵০ আর এই বছরেই--১৯৫৪-৫৫ সালে,--শাসন, পুলিশ ও জেলের মোট ব্যয় বেড়ে হয়েছে ৯ কোটি ৪১ লক্ষ টাকা। অর্থাৎ সমগ্র ব্যয়ের ১৭·৬ ভাগ। আর মাথাপিছু ব্যয় ৩৮৩ পাই।

একমাত্র যাঁরা বিভ্রান্ত অথবা প্রবঞ্চক তাঁরাই এই রাষ্ট্রকে পুলিশী রাষ্ট্র না বলে ("ডিরিসিভ্ লাফ্টার") জনকল্যাণ রাষ্ট্র বা "ওয়েল ফেয়ার ষ্টেট" বলতে চেষ্টা করেন।

রাজ্যপাল শিক্ষার দ্রুত উন্নতির কথা উল্লেখ করেছেন--"য্যান আইডিয়া অফ্ দি টেম্পো অফ য্যাড্‌ভ্যান্স"। কিন্তু এই অপদার্থ মন্ত্রীদের নেতৃত্বে বাস্তবে অবস্থা কি দাঁড়িয়েছে? ("এ ভয়েস": আপনাদের মন্ত্রী করা হবে।) তাতে শিক্ষিতের সংখ্যা ১০০ "পার সেণ্ট" হবে। ৭ বছর কংগ্রেসী শাসনের ফলে প্রতি ১০ হাজারে শিক্ষিতের সংখ্যা বেড়েছে মাত্র ১,৫৭২। ১৯৫১ সালের আদমসুমারীর রিপোর্ট বলে পশ্চিমবাংলায় শিক্ষিতের সংখ্যা, মাত্র শতকরা ২৪·৫ ভাগ। এবং এদের মধ্যে বেশীর ভাগই অক্ষর পরিচয়ের পর আর এগুতে পারে না।

কৃষকরা দেশের সংখ্যাগরিষ্ঠ অংশ; এরা তাদের মধ্যে মাত্র শতকরা ১·৬ ভাগ প্রবেশিকা স্তর পর্য্যন্ত যেতে পারে।

স্ত্রীশিক্ষার অবস্থা আরও শোচনীয়। ১৯৫১ সালের সেন্সাস রিপোর্ট অনুযায়ী শিক্ষিত মেয়েদের সংখ্যা প্রতি ১০,০০০ হাজারে বেড়েছে অতি সামান্য মাত্র —মাত্র ৪৩৯ জন।

এই সরকারের আমলে শিক্ষার সুযোগ কি পরিমাণে রয়েছে সে কথা ভাবলে আরও হতাশ হতে হয়।

পশ্চিম বাংলার ২$\frac{১}{২}$ কোটি লোকের জন্য মাত্র ১৯,৯৬৫টি প্রাথমিক বিদ্যালয়--তার মধ্যে মাত্র ৯৭৫টি বালিকাদের জন্য--এবং মাত্র ২,৫০০ মাধ্যমিক বিদ্যালয় আছে। লোকসংখ্যার অনুপাতে হিসাব করলে দেখা যায় একটি বিরাট জনসংখ্যার জন্য মাত্র ১টি প্রাথমিক বিদ্যালয়, ১০,০০০ জনের জন্য মাত্র একটি মাধ্যমিক বিদ্যালয় ("সেকেণ্ডারী স্কুল"), ৩২০,০০০ জনের জন্য মাত্র ১টি কলেজ, এবং ২$\frac{১}{২}$ কোটি লোকের জন্য একটি বিশ্ববিদ্যালয়। (বোলপুর বিশ্ববিদ্যালয় জনসাধারণের আয়ত্তের বাইরে)। এ থেকেই সুস্পষ্টরূপে বোঝা যায় এই সরকারের অধীনে বাংলাদেশে শিক্ষার সুযোগ কি পরিমাণে সংকীর্ণ ও গণ্ডীবদ্ধ হয়ে রয়েছে। এই সরকার প্রয়োজনানুযায়ী শিক্ষার সুযোগ প্রসার করতে পরাঙমুখ। স্ত্রী-শিক্ষার প্রতি এই সরকারী ঔদাসীন্য অপরিসীম--ধিক্কারের যোগ্য। ("এ ভয়েস": রাশিয়ায় কি হচ্ছে?) সেখানে গত পাঁচ বছরে ৫০ কেন শতকরা ৭৫ গুণ বেড়েছে।

এই সরকার যে অর্থনীতি অনুসরণ করে চলেছেন তার ফলেও শিক্ষা নিদারুণভাবে ব্যাহত হচ্ছে। দরিদ্র ছাত্র ও শিক্ষক উভয়কেই মারাত্মকভাবে আঘাত করে শিক্ষার পথ রুদ্ধ করে দিচ্ছে।

অধুনালুপ্ত দৈনিক কাগজ "সত্যযুগের" অনুসন্ধান অনুযায়ী শতকরা ৫০টি ছাত্র স্কুল ফাইন্যাল স্তরে পৌঁছুবার পূর্ব্বেই লেখাপড়া ছাড়তে বাধ্য হয় "সেন্সাস রিপোর্ট"ও একথা সমর্থিত হয়েছে।

আমাদের দেশের ক্ষেত-মজুর ও আধিয়ারের সংখ্যাই বেশী। তাদের মধ্যে প্রতি ১০ হাজারে মাত্র ৪০৬ জন পুরুষ ও ৮৯ জন নারী লেখাপড়া জানে; ১১৩ জন পুরুষ এবং ১৮ জন নারী "মিড্‌ল্ স্কুল ট্যাণ্ডার্ড" পর্য্যন্ত পৌঁছায়। বারজন পুরুষ এবং একজন নারী মাত্র "স্কুল লিভিং সার্টিফিকেট" পর্য্যন্ত পৌঁছুতে পারে, ৩ জন পুরুষ "ইণ্টারমিডিয়েট" এবং একজন মাত্র পুরুষ "বি, এ ট্যাণ্ডার্ড" পর্য্যন্ত যেতে পারে।

সন্তানদের শিক্ষা দেবার খরচ যে পরিমাণে বাড়ছে, তাও সাধারণ পরিবারের ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। প্রায় প্রতি স্তরের বিদ্যালয়ের, প্রায় প্রতি শ্রেণীতে বেতনের পরিমাণ সরকারের নির্দ্দেশে ও ইঙ্গিতে অবিশ্বাস্য রকম বেড়ে চলেছে। গত কয়েক বছরেই ছাত্র-বেতন শতকরা ৩০ থেকে ৫০ ভাগ, এমন কি একশত ভাগ পর্য্যন্ত বেড়েছে। ১৯৪৬-১৯৪৯ সাল--এই তিন বছরে একজন প্রাথমিক স্কুলের ছাত্রের গড় খরচ পশ্চিমবাংলায় শতকড়া ৯৭ ভাগ বেড়েছে।

১৯৪৯ সালে সরকারী তথ্য থেকেই শিক্ষার জন্য গড় খরচ যা জানা যায় তা হ'ল--প্রাথমিক ছাত্র--১১৷৷০; মাধ্যমিক ছাত্র--৪৭ টাকা; শিক্ষক "ট্রেনিং"--৭০১৷৶০; "এঞ্জিনিয়ারিং" ছাত্র—৭৪২৷৶০ এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র--২৫৭ টাকা।

(At this stage the red light was lit.)

রাজ্যপাল আমাদের আশা দিয়েছেন আগামী বৎসরে গ্রাম্য এলাকায় ৮,৫০০ শিক্ষক নিযুক্ত করা হবে--একথাটি একটি ফাঁকা আশ্বাস। আমরা কয়েক মাস আগেও ডাঃ রায়ের কাছ থেকে এমনি একটা গালভরা বিরাট সংখ্যা শুনেছিলাম। কিন্তু শেষ পর্য্যন্ত ডাঃ রায় কি তাঁর কথা রাখতে পেরেছেন? আসলে পুলিশী ব্যয় ও ডাঃ রায়ের খুশি-খেয়াল মেটাবার জন্য প্রস্তাবিত শিক্ষকের সংখ্যা শোচনীয়-ভাবে হ্রাস করা হয়েছে। শিক্ষক বলে যাঁদের সরকারী খরচায় নিয়োগ করা হবে তাঁদের বাস্তবে কি কাজ করতে হবে তা রাজ্যপাল ঠিক বলতে পারেন নি। আসলে ২ লক্ষ ছেলেমেয়ে শিক্ষা দেওয়ার নামে এই ৮,৫০০ শিক্ষকরা যে "সোস্যাল সার্ভিস" করবেন তা হবে "প্রেজেন্ট মিনিষ্ট্রী" এবং কংগ্রেস পার্টির নামে "প্রোপাগণ্ডা"। রাজ্য-পাল বলেছেন ১৯৫৩-৫৪ সালে মাধ্যমিক শিক্ষাখাতে সরকারী ব্যয় ১৩ লক্ষ টাকা বাড়ান হয়েছে কিন্তু যে কথা সরকার জনসাধারণের কাছ থেকে গোপন করে রেখেছেন সে কথাটা এই যে সঙ্গে সঙ্গে শিক্ষাকে গণতান্ত্রিক করার দাবী,--শিক্ষাব্যবস্থাকে অপদার্থ আমলাদের প্রভাব থেকে মুক্ত করার দাবী, শিক্ষার ব্যয় কমাবার দাবী, শিক্ষাকে সাধারণ মানুষের আয়ত্তে আনবার দাবী এবং শিক্ষাকে যথার্থই ব্যাপকভাবে প্রসার করবার দাবী-- এই আন্দোলন দমন করবার জন্য পুলিশখাতে চার লক্ষ টাকা বাড়ান হয়েছে--এটা রাজ্যপাল গোপন করে গিয়েছেন।

Sj. George Mahbert: Mr. Speaker, Sir, I appreciate the manner in which the Governor patiently stood amongst the turmoil and the disturbances of that day. I am sorry to point out that the dignity of the House was in no way enhanced. Are we here just to find fault only, or are we here to correct ourselves and also to make ourselves the true representatives of the people and to do our utmost for the good of the people? But the way we are going is the way to destruction. Friends, this is a very shameful thing that we, the leaders of the people, have come over here to haggle among ourselves for our own purposes. I thank the Governor that he stood up to deliver his speech on that day. I can point out here that the Governor has spoken the truth, that the glimmer of the dawn is in sight now. Friends,——

Mr. Speaker: Please address the Chair.

Sj. George Mahbert: Yes, Sir. You will find that our food position is now gradually getting better. We are comforted in every way that the price of foodstuffs is coming down, and the prices of vegetables also have gone down. As there is considerable improvement in such matters which affect our pockets, our dream of Ramrajya is going to be a reality. We will be gradually getting the comforts of the old days. Even our Ram had to take some trouble to get Seeta back. Now that we have got independence we should see to it that we do not lose that independence. I have been to Damodar Valley Project, and many of our friends also went there, and we saw that the Power House of India, of Bengal, is being built there. I think that within four years they have gone so far that within the next four years most likely we will have the benefit of it. We do not want to say that we want the heaven at once. I think gradual improvement of the country has come within four years' time. Let us give the credit for it to the Government that they have done so well. If things go on in this way we shall find that every other province in the Indian Union will improve within short time.

[10—10-10 a.m.]

[Sj. George Mahbert.]

Sir, even Russia was not built in a day nor was China built in a day. After lots of trouble they have come to be what they are today. If we work constantly and in the way we are working progress will be certain. Let us think of tomorrow and then only we shall be able to do something.

I can tell you about my constituents—friends and comrades of other places are going there—they are going into villages—they are saying the zemindary abolition has come and we have done that and that you will get the benefit. At the same time they are getting hold of jotedars and making them and bhagdars enemies of each other. This is the harvest time and there is enmity created. They are creating trouble. That is not the way in which we should work. In that way we simply bring enmity with one another. We should all be united. We should consider ourselves as one people. There should be unity—brothers and sisters—people from the Western side and people from the Eastern side should work in unity—we should all carry on work as brothers.

What is happening today? Peace has been disturbed and law and order has been broken. Who are the breakers of law? We have framed the Constitution. People should be led by us and not by others. Let us pause and think what we have done recently. I think at this time we should have a Stalin and that Stalin is our Dr. Roy. He acts as our Chief Minister and he has done very well. If he ceases to work as our Chief Minister, I do not know what would happen in Calcutta. There would be tremendous trouble and that would spread into villages, into districts and anywhere in Bengal, but he has just stopped all troubles in time.

Let us all realise—children, brothers and sisters—let us all realise that we are independent and that independence should be carried on in a definite and constructive way and not in a destructive way.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On a point of personal explanation, Sir. I am not Stalin. I do not propose to be Stalin.

Dr. Radha Krishna Pal:

মাননীয় স্পীকার মহোদয়, আমি কিছু বলবার আগে যারা এই কয়দিন শিক্ষক আন্দোলনের ফলে স্বগগত হয়েছেন তাঁদের আত্মার কল্যাণ কামনার জন্য ভগবানের কাছে প্রার্থনা করি যে তাঁদের আত্মার কল্যাণ হউক এবং তাঁদের শোকাকুল পবিবারবর্গের কাছে আমাদের সমবেদনা ও সহানুভূতি জ্ঞাপন কবছি। এ সম্বন্ধে আমাদের কর্ত্তব্য যে যারা মাবা গেছে তাদেব মধ্যে আমি শুনলাম যে বৃদ্ধ বাপ মায়েব একমাত্র ছেলে ছিল। ডাঃ বাযেব কাছে আমার অনুরোধ তাঁদের সেই একমাত্র আযের পথ যে নষ্ট হয়ে গেল তাব জন্য যেন তাঁদেব সংসাব পবিচালনার ভার তিনি গ্রহণ করেন। বাজ্য-পালেব ভাষণেব সম্বন্ধে বল্তে গিয়ে একটা কথা মনে হচেছ যে তিনি নিজে শিক্ষাবিদ্, তিনি আজ গভর্ণব হলেও শিক্ষক ছিলেন এবং ডাঃ বায়ও প্রফেসব ছিলেন। বাজ্যপাল মহাশযকে আমবা পাঠ্যাবস্থায় প্রথমে রিপন কলেজে, এবং পবে ইউনিভার্সিটি কলেজে দেখেছি; এখন তাঁকে গভর্ণররূপে দেখ্ছি। বাজ্যপালেব সম্বন্ধে আমি বলতে চাই যে তাঁব বাড়ীব সামনে উপবাসী শিক্ষক যখন এসে ধব্না দিচেছ্ন তখন আমরা দেখি বর্দ্ধমান থেকে ফিরে এসে তাঁর ওখানে একটা "টিপার্টি" হচেছ্, এবং আমরা যখন আসি তখন বর্দ্ধমান ষ্টেশনে শুনলাম যে সেই কুয়াসার মধ্যে শিক্ষয়িত্রীগণ এবং শিক্ষকগণ বাজ্যপালের ভবনের সামনে বাত্রির কয়াসা ভোগ কবছেন। তাঁর গায়ে কিছু মাত্র বাজল না; তিনি বর্দ্ধমান থেকে মিহিদানা খেয়ে এসে "টিপার্টি" দিচেছ্ন, "ডিনার পার্টি" দিচেছ্ন--

Mr. Speaker: You should not refer to the Governor personally.

Dr. Radha Krishna Pal:

স্যার; আমি গভর্ণরের কথাই বল্ছি।

আমার মনে হয় উনি যদি সে সময় বল্তেন যে না, ডাঃ রায়। আমার পক্ষে অসম্ভব, ডাঃ রায় যা হয় একটা ব্যবস্থা কর, নইলে আমি পারব না এই গভর্ণরশিপ রাখতে. আমি পদত্যাগ করব যদি

তুমি ব্যবস্থা না কর। কিন্তু তা তিনি করেন না—আমরা মনে করেছিলাম যে না, যিনি ৫০০৲ টাকা বেতন নেন, বাকী সব দান করেন—আমার ভাই দাশরথি ভায়া আজ জেলে আছেন, তিনি বলেছিলেন যে কথা সেই দানসাগর গভর্ণরের সম্বন্ধে—"একটা কথা বলব সে লজ্জাও দান করেছেন।"

Mr. Speaker:

আবাব গভর্ণরের সম্বন্ধে বল্‌ছেন।

Dr. Radha Krishna Pal:

তাঁর "কণ্ডাক্ট" সম্বন্ধে নয়, বিদ্যার যে পরিণতি সে সম্বন্ধে বল্‌ছি।

আমি বল্‌ছি যে আজ বিদ্যাসাগর, স্যার আশুতোষ, স্যার গুরুদাস, এবং আমাদের দেশের এই বাংলার মনীষী ভূদেব মুখোপাধ্যায় যদি গভর্ণর হতেন--তাঁরা এই গভর্ণরশিপ্ ত্যাগ করতেন।

[10-10—10-20 a.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I do protest against his continued speaking about the Governor and his action. I think it is absolutely out of place.

Mr. Speaker: I have pulled him up.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Please ask the press not to publish this.

Mr. Speaker: They know this.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: You said yesterday the word "murderer" should not be used. I have found that this expression has been published in the press without your countermanding it.

Mr. Speaker: I generally find that unparliamentary expressions that are taken exception to are not published by the press, but yesterday they published also what Mr. Basu said about it. I pointed out that unparliamentary words should not be used. He said "I did not refer to the members".

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: But that portion has not been published.

Mr. Speaker: I found at least in some of the papers that I read Mr.. Basu's observation has been published.

Sj. Jyoti Basu: He can stop the advertisement of the papers.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not take any orders from you, my dear Mr. Basu. I know exactly what to do.

Mr. Speaker: The press should not publish anything about the personal conduct of the Governor.

Dr. Radha Krishna Pal:

তাহলে আপনি দেখুন এটা বলা যায় কি না, আমি পাড়াগাঁয়ের লোক কোনটা বলা চলে তা আমি বুঝতে পারছি না। ("এ ভয়েস" : দু-বছর ত মেম্বরসিপ্ হয়ে গেল, এখনও শিখলেন না?) তোমরাই বেছে নাও আমি বলে যাচ্ছি। মিঃ স্পীকার স্যার, এখানে আমরা দেখলাম—

ceremonial address of the Governor—

আমাদের "এসেমব্লী"র কর্ম্মকর্ত্তাগণ গভর্ণর বাহাদুর আসবেন বলে যেমন নবাবী আমলে হত সেইরকম ভাবে চারিদিকে ফুল ফুটিয়ে সাজিয়ে রেখেছেন। দেখে মনে হয় আহাহা। যেন নবাব নন্দিনী আসছেন আর——

Mr. Speaker: These are meant for receiving the members and not the Governor. Why should you talk irrelevant things? It is not a joke or a fun. Be serious.

Dr. Radhakrishna Pal:

মহা মুস্কিল, কি যে বলি বুঝতে পারছি না। একজন কবি গান গেয়ে গিয়েছিলেন "এরা সব পাখীর ডাকে ঘুমিয়ে পড়ে ফুলের মধু খেয়ে।" ঠিক সেই রকমভাবে আমাদের গভর্ণর বাহাদুর ঘুমিয়ে ঘুমিয়ে ঘরে ঢুকলেন। কিন্তু, দেখলাম তাঁর শিক্ষকদের প্রতি কোন সহানুভূতি নেই। তার যে মনোভাব সেইটাই আমি বলবো।

Mr. Speaker: Please don't say anything about the personal conduct of the Governor.

Dr. Radha Krishna Pal:

আচ্ছা স্যার, আমি একটা আবেদন জানাচ্ছি যে নেতাজী মহাবিদ্যালয়টা গভর্ণর বাহাদুরের স্পিচ থেকে বাদ গেছে। এখন আমাদের মাননীয় প্রধানমন্ত্রী মহাশয় বলেছিলেন যে আপনাদের কলেজের "রেজাল্ট" খারাপ হওয়ায় ছাত্রেরা ভর্ত্তি হয় না, তারজন্য টাকা দেওয়া যায় না। আমি রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের মধ্যে দিয়ে এই

[Dr. Radha Krishna Pal.]

কথা জানাচ্ছি যে এইবার এই কলেজ "ক্যালকাটা ইউনিভার্সিটি"তে "আই, এস্, সি"তে "ফোর্থ" হয়েছে এবং "আই, এ"তে "নাইন্থ্" হয়েছে। বাংলা দেশের পল্লীগ্রামের মোট ৮১টা কলেজের মধ্যে "আই, এস্, সি"তে "ফার্ষ্ট" হয়েছে। আমি দেখলাম রাজ্যপালের ভাষণের মধ্যে আমাদের দেশের শিক্ষা অগ্রগতির দিকে যাচ্ছে। তাই যদি হয় তবে এই সম্বন্ধেও তাদের "ইন্টারেষ্ট" নেওয়া উচিত এবং তাকে সর্ব্বতোভাবে সাহায্য করা উচিত।

Sj. Ramhari Roy:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের রাজ্যপাল যে সুন্দর অভিভাষণ দিয়েছেন সে সম্বন্ধে বলবার আগে আমি কয়েকটা কথা বলে আমাদের বিরোধী পক্ষের বন্ধু ও জনসাধারণের মনযোগ আকর্ষণ করতে চাই। আমরা যারা এখানে আছি, সকলেই আমরা চাই যে আমাদের সমাজ সুন্দর ও মঙ্গলময় হউক এবং রাষ্ট্র মঙ্গলময় হউক। এই দুইটি জিনিষ করতে গেলে সবচেয়ে যে জিনিষের প্রয়োজন সেই প্রয়োজনীয় দুইটি কথা প্রথমে বলতে চাই। যদি আমরা সমাজকে ও রাষ্ট্রকে মঙ্গলময় ও সুন্দর করতে চাই তাহলে আমাদের সত্য এবং ন্যায় এই দুইটি জিনিষকে অবলম্বন করতে হবে এবং আমাদের সেইরূপ আচরণ করতে হবে ও সেইভাবে আমাদের জীবন তৈরী করতে হবে। কিন্তু বড়ই দুঃখের কথা যে আমরা যেসব বিরোধী বন্ধুর আলোচনা এখানে শুনেছি তাতে অধিকাংশ ক্ষেত্রেই দেখতে পাচ্ছি যে তা অসত্য ভাষণ দোষে দুষ্ট এবং তাঁরা সত্যকে বিকৃত করে পরিবেশন করবার চেষ্টা করছেন ও জনসাধারণকে বিভ্রান্ত করবার চেষ্টা করছেন, তারা অন্যায়কে সমর্থন করে বলেছেন। আমরা দেখতে পাচ্ছি যে শিক্ষক আন্দোলনের মধ্য দিয়েই এটা বিশেষ করে প্রতিফলিত হয়েছে। তাঁরা দেখাতে চেয়েছেন যে তাঁরা সত্যিকারের শিক্ষকদরদী, কিন্তু তাঁরা কার্য্যকলাপের মধ্য দিয়ে জনসাধারণকে আইনভঙ্গের উসকানী দিয়েছেন এবং কলিকাতায় "আর্সন য্যাণ্ড লুটিং"এর মধ্যে মানুষকে ফেলে দিয়ে এইটাই তাঁরা প্রমাণ করেছেন যে তাঁরা সত্যিকারের শিক্ষকদের মঙ্গল কামনা করেন না। তাঁরা চান যে এই বাংলা দেশে একটা "কেওস্ য্যাণ্ড এনার্কি" সৃষ্টি করে তার মধ্য দিয়ে তাঁরা নিজেদের দলকে পরিপুষ্ট করে "পাওয়ার ক্যাপচার" করবার চিন্তা করছেন, জনসাধারণ ও শিক্ষকদের এই কথা এখন বুঝবার সময় হয়েছে যে তাঁদের সত্যিকারের বন্ধু কারা? আমাদের "সো-কল্ড লেফ্টিষ্ট পার্টি" তাদের বন্ধু নয়;

they are friends of themselves only

এই কথা জনসাধারণের যেমন বুঝবার সময় হয়েছে তেমনি আমাদের এখানে যে সমস্ত বিরুদ্ধপক্ষের বন্ধুরা আছেন তাদেরও একথা বুঝবার সময় এসেছে। হরিপদবাবু বলে গেলেন যে সুরেন্দ্র নাথ কলেজের সামনে একটি ছেলেকে গুলি করে মারা হয়েছে ও তাকে গাড়ীতে করে নিয়ে যাওয়া হয়েছে। কিন্তু এটা সম্পূর্ণ ভুল। ছেলেটি "এ্যারেষ্টেড" হয়েছে এবং গুলি খেয়ে মরেনি। এইভাবে তাঁরা সত্যের অপলাপ করেন। যদি আমরা সত্যই দেশের মঙ্গল চাই তাহলে এরকম কথা আমাদের বলা উচিত নয়। লোককে বিভ্রান্ত করে সাময়িক লাভ হতে পারে কিন্তু জনসাধারণ শেষ পর্য্যন্ত সত্যকে বুঝতে পারে। তাঁরা হয়ত মনে করেন যে জনসাধারণের বুদ্ধি নেই, তাদের বিভ্রান্ত করা চলতে পারে। কিন্তু "এডাল্ট ফ্রান্সাইজ"এর মধ্য দিয়েই আমরা যে সত্যকে দেখতে পেয়েছি সেটা হচ্ছে জনসাধারণকে বিভ্রান্ত করে ভাওতা দিয়ে কিছু কাল চলতে পারে কিন্তু জনসাধারণ শেষ পর্য্যন্ত সত্য যখন বুঝতে পারে তখন আর সে ভাওতা চলে না। এবং তারা সত্যকে বুঝতে পেরেছিল বলেই আজ এই সরকার গঠিত হয়েছে।

[10-20—10-30 a.m.]

বিরুদ্ধপক্ষের বন্ধুরা বলে থাকেন যে ১৯৪২ সালের কংগ্রেস আন্দোলনের ধারা তারা অনুসরণ করেছেন। তাঁদেরকে বলি, ১৯৪২ সালের পরিবেশ এখন আর নেই। এখন "এডাল্ট ফ্রান্সাইজ"এর ভেতর দিয়ে কংগ্রেস সরকার প্রতিষ্ঠিত হয়েছে। এটা "পিওপল্স্ ষ্টেট", আমাদের নিজেদের সরকার এটা স্বীকার না করে উপায় নেই। ১৯৪২ সালে বিদেশী সরকারের সম্বন্ধে যে নীতি, আজ স্বদেশী সরকার সম্বন্ধে সেই নীতি অনুসরণ করার কোনো কারণ নেই। আজ এই যে জনসাধারণকে বিভ্রান্ত করে কতকগুলি নিরীহ লোকের প্রাণহানি ঘটান হ'ল এরজন্যে "সো-কল্ড লেফ্টিষ্ট পার্টিস্" দায়ী। জনসাধারণকে বিভ্রান্ত করে পুলিশের গুলির মুখে ছুঁড়ে কংগ্রেস দেয়নি, ডাঃ রায় দেননি। তিনি এই "ললেস্নেস" বন্ধ করবার জন্যে যা করেছেন তার জন্যে সারা বাংলা দেশের লোকের তিনি শ্রদ্ধার পাত্র। মাননীয় রাজ্যপাল যে তাঁর বক্তৃতায় বলেছেন—

"we are all pledged under our Constitution to work for a welfare state"

আজকে তাঁর বক্তৃতা সমালোচনা করতে গেলে দেখতে হবে এই যে তিনি যা বলেছেন এবং সরকার যা করেছেন তাতে আমরা "ওয়েলফেয়ার ষ্টেট"এর দিকে অগ্রসর হতে পেরেছি বা পারছি কি না। আপনারা তাঁর বক্তৃতার মধ্যে দেখতে পাবেন তিনি বিভিন্ন বৎসরের হিসাব দিয়ে দেখিয়েছেন যে "ওয়েলফেয়ার ষ্টেট"এর জন্যে যে সমস্ত "সোশ্যাল সার্ভিসেস, নেশন বিল্ডিং" কাজ দরকার সেদিকে আমরা "ষ্টেডিলি প্রগ্রেস" করে চলেছি। তিনি রাস্তাঘাট নির্ম্মাণের কথা বলেছেন, সেচ পরিকল্পনা, শিক্ষা ও বিভিন্ন "ডেভেলপমেণ্ট"এর কথা বলেছেন। এই ভাবে বিভিন্ন "নেশন্ বিল্ডিং" কার্য্যের কথা উল্লেখ করে তিনি বলেছেন আমাদের সরকার "ওয়েলফেয়ার ষ্টেট"এর জন্যে বৎসর বৎসর "ষ্টেডি প্রগ্রেস" করে চলেছে। কাজেই আজকে দেখা যাচ্ছে যে আমাদের প্রতি বৎসর উন্নতি হচ্ছে। আজ আমরা "টিচার"দের মাইনে বাড়িয়ে দিয়েছি "এডুকেশন, মেডিক্যাল," এবং "পাবলিক হেল্থ"এর সংগে যদি যোগ দি, তাহলে দেখা যাবে যে "টয়েণ্টি পার্সেন্ট অব দি রেভেনু" আমরা শিক্ষাখাতে ব্যয় করছি। আজকে বলা হয়েছে ডাঃ রায়-এর "অফার ইজ টু লেট"। আমি বলি—

nothing is too late for a good thing

যদি আপনারা "অফার" "গুড" বলে মনে করেন আমাদের মিলিতভাবে আজ চেষ্টা করা উচিৎ যাতে সেই "অফার" কার্যকরী করে তুলতে পারি, সব দিক থেকে দেশের মঙ্গল সাধন করতে পারি।

Sj. Amulya Ratan Ghosh: মাননীয় স্পীকার মহোদয়, "গভর্নর"এর "স্পিচ"এ ময়ূরাক্ষী "স্কিম" ও অন্যান্য "মেজর স্কিম এণ্ড মাইনর স্কিমস্"এর উল্লেখ আছে। তাহা বাস্তবিক ভাল কাজ হইতেছে। কিন্তু তাতে বাঁকুড়া জেলায় "ইরিগেশন"এর কোনো উন্নতি হবে না। বাঁকুড়া জেলায় এইসকল "স্কিম"এর উল্লেখ না থাকায় আমি দুঃখিত। বাঁকুড়া জেলার অধিকাংশ লোকই চাষাবাদ করে জীবিকা নির্ব্বাহ করেন। এখানের অধিকাংশ জমিই দেবতার বৃষ্টির উপর নির্ভর করে চাষ করতে হয়। যদিও কিছু কিছু "ইরিগেশন স্কিম" হয়েছে, কিন্তু পল্লী অঞ্চলে সুষ্ঠু "ইরিগেশন এণ্ড মাইনর স্কিমস" বেশী না হওয়ায়, এবং জলসেচনের ব্যবস্থা না হওয়ায় এই জেলার অধিবাসীগণের প্রায়ই অন্নকষ্ট হয়। এই জেলায় প্রায়ই জলাভাবে জমিতে ধান উৎপাদন না হওয়ায় প্রায়ই দুর্ভিক্ষ হয়ে থাকে। গত বৎসরেও গভর্ণমেণ্টকে "টেষ্ট রিলিফ"এর জন্যে বহু টাকা দিতে হয়েছে। বাঁকুড়া জেলায় কতকগুলি "মাইনর ইরিগেশন স্কিম" হবে বলে গভর্ণমেণ্ট বলেছিলেন কিন্তু তাহার কোনটিও কার্য্যকরী হয় নাই। ১৯৫২-৫৩ সালের "বাজেট"এর সময় আমি বাওড়া থানার বহড়ামুড়ী "ইউনিয়ন"এর ভগড়া খাল বেঁধে "ইরিগেশন স্কিম" সম্বন্ধে প্রশ্ন করেছিলাম, তাতে "ইরিগেশন মিনিস্টার" মহাশয় উত্তর দিয়েছিলেন যে সেখানকার কাজ ১৯৫৩ সালের ফেব্রুয়ারী মাসে আরম্ভ হবে কিন্তু আজ পর্য্যন্ত কোনো কার্যকরী ব্যবস্থা হয়নি। এইভাবে ওন্দা থানার লোদনা ইউনিয়নের কুকড়াজোড় খাল ও ভড়া ইউনিয়নের মূলবাঁধ "ইরিগেশন স্কিম" সম্বন্ধেও প্রশ্ন করেছিলাম। তাতেও গভর্ণমেণ্ট "ইরিগেশন স্কিম" হবে বলে স্তোকবাক্য দিয়েছিলেন, কিন্তু দেখা যাচ্ছে এই সব "স্কিম" সম্বন্ধে কোনরূপ কার্যকরী ব্যবস্থা করা হয় নাই। এই সমস্ত "ইরিগেশন স্কিমস্" কার্যকরী হলে বহু জায়গায় জমিতে ভাল জলসেচনের ব্যবস্থা হত এবং জেলার অন্নকষ্ট হত না। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয়কে এই জেলায় "ইরিগেশন স্কিম" যাতে শীঘ্র কার্যকরী করা হয় তারজন্যে অনুরোধ করছি ও দাবী জানাচ্ছি।

সুবর্ণরেখা বাঁধের "স্কিম"এ "উড়িষ্যা গভর্ণমেণ্ট কনফারেন্সে" ঠিক হয়েছে যে $\frac{1}{3}$ অংশ দেবেন, শুনা যাচ্ছে। বাংলার মেদিনীপুর জেলায় গোপীবল্লভপুর, শাঁকরায়েল, নয়া দাঁতন, মোহনপুরে প্রতি বৎসরই জলপ্লাবনে জমির ফসল নষ্ট হয়ে যায়। বাংলা গভর্ণমেণ্ট এ বিষয়ে যদি তৎপর হন এবং তাদের সংগে "কো-অপারেশন" করেন তাহলে মনে হয় মেদিনীপুর জেলার ওই সব থানার যারা পল্লীবাসী তাদের ফসল নষ্ট হবে না। কাঁসাই নদী "স্কিম"এর সংগে যদি বাঁকুড়া জেলায় অম্বিকানগরের নিকট বাঁধ দিয়ে করা হয় তবে রাণীবান্ধ ও রাইপুর থানার জলসেচনের অনেক ভাল ব্যবস্থা হয়। আর একটি কথা, বাঁকুড়া জেলায় পল্লীঅঞ্চলে পানীয় জলের বিশেষ ভাল ব্যবস্থা নেই। সেখানে "টিউবওয়েল" পরিকল্পনা বিশেষ কিছুই করা হয়নি। ঘোলা পচা জল পান করে লোকের স্বাস্থ্যহানি হয়। নানারকম রোগাক্রান্ত হয়। বেশী করে যাতে "টিউবওয়েল বসান হয় তার ব্যবস্থা হওয়া উচিত।

Sj. Haripada Chatterjee: On a point of personal explanation, Sir, আমি জিজ্ঞাসা করেছি এ কথা কি সত্য,- আমি নিজে অবশ্য "ইনকোয়েরী" করে দেখিনি, তবে "পাবলিক" বলছে- অনেক লোকের "ট্রেন" পাওয়া

[Sj. Haripada Chatterjee.]

যাচেছ না। তাই বলছিলাম ওঁরা যদি বলে দেন যে তাদের স্বর্গে বা অন্য কোথাও রাখা হয়েছে তাহলে দেশের লোক দুশ্চিন্তা থেকে মুক্ত হয়।

Mr. Speaker: That is not personal explanation. Personal explanation is something relating to yourself. You are contradicting some statement. That is not personal explanation.

[10-30—10-40 a.m.]

Sj. Nishapati Majhi:

মাননীয় সভাপাল মহাশয়, শিক্ষা সম্পর্কে মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন তা পাঠ করে বাংলার শিক্ষাব্রতিগণ সত্যই ধন্য হয়েছে। তাঁর অভিভাষণের মধ্যে শুধু সরকারের কার্যবিবরণের বিষয়বস্তুরই উল্লেখ নাই। তাঁর অভিভাষণের ভিতর শিক্ষার যে একটা আমূল পরিবর্তন এ রাজ্যে এসেছে এবং আসছে এবং শিক্ষার যে একটা নূতন বিধিব্যবস্থা আগামী দিনের জন্য নিকট হয়ে আসছে সে কথা তিনি দৃঢ়ভাবে বলেছেন। আজ তাই শ্রীঘোষ মহাশয় এবং শ্রীপাল মহাশয়ের বক্তৃতা তথা "শিক্ষাসংকটের জন্য এবং দেশের ব্যাভিচার বিশৃঙ্খলার জন্য কংগ্রেসী সরকারই দায়ী" এই কথা শুনে একটু হাসিই পায়। (----"এ ভয়েস্" : একটু কেন বেশী করে হাসুন।-----) শ্রীযুক্ত পাল মহাশয় শেষ পর্য্যন্ত কোন যুক্তি খুঁজে পেলেন না তাই কবিতা আবৃত্তি করে "ধানের উপর ঢেউ খেলে যায় ইত্যাদি" বলে তিনি বিধান সভায় তাঁর কর্ত্তব্য পালন করেছেন। এতে সত্যই বাংলার আজ হাসবার দিন। যেদিন মাননীয় সদস্যদের রাজ্যপাল মহাশয়ের অভিভাষণের উপর আপন আপন মন্তব্য প্রকাশ করবার দিন, সেদিন এই বিধানসভায় দাঁড়িয়ে 'ধানের উপর ঢেউ খেলে যায়' বলে তারা প্রতিনিধির দায়িত্ব শেষ করছেন—এতে সত্যি আজ হাসবার দিন।

(Dr. RADHAKRISHNA PAL: আমি তোমাকে রবীন্দ্রনাথের শিষ্য বলেই মনে করি তাই।) আমি আজ এখানে দৃঢ়ভাবে বলতে চাই যে আজ আমাদের শিক্ষকদের প্রধান ব্রত ছিল যারা সবচেয়ে শিক্ষায় পশ্চাৎপদ সেই অশিক্ষিতদের শিক্ষাদান করা। কিন্তু আমাদের দেশ স্বাধীন হবার পর, দলগত স্বার্থের জন্য রাজনীতির ক্ষেত্র প্রস্তুত করবার জন্য আজ আমরা এমন স্থানে এসে পৌছেছি যে ব্যক্তিগত স্বার্থের জন্য শিক্ষাব্রতীদের বৈশিষ্ট্য ও ত্যাগ, শিক্ষার মর্য্যাদা মহিমা প্রভৃতি ভলুন্ঠিত হতে চলেছে। ("নয়েজ এণ্ড ডিষ্টারব্যান্স"।) আজ ব্যক্তিগত স্বার্থের জন্যই ব্যক্তিগত আক্রমণই হয়ে পড়েছে বড়, আর সমষ্টিগত চিন্তার ধারা হয়ে পড়েছে অতি নগণ্য। শিক্ষায় অনগ্রসর আজ যারা, তারা এ রাজ্যে আছে প্রায় ৮০ লক্ষ জন। কিন্তু আমি শ্রীপাল মহাশয়কে জিজ্ঞাসা করি তাদের মধ্যে "আই, এ, বি, এ, এম্, এ" পাশ করা কতজন আছে? সে খবর কি তিনি রাখেন? এক লক্ষে ৬ জন তথা ২৮০ জন মাত্র প্রতি বছর "ইউনিভার্সিটির" ছাপ নিয়ে বেড়িয়ে আসে কিনা সন্দেহ। প্রশ্ন আজ এদের শিক্ষাদানের ব্যবস্থা সর্ব্বাগ্রে শিক্ষা বিভাগের কর্ত্তব্য না শিক্ষকদের নানাভাবে বেতন-বৃদ্ধির প্রশ্নই সর্ব্বাগ্রে প্রয়োজন? অবশ্য আমি জানি শিক্ষকরা কম খায়, কম পরে—এ কথা অস্বীকার করা যায় না; সরকারের এ বিষয়ে বিবেচনা করা উচিত ছিল। কিন্তু সত্য বিষয়কে স্বীকার করে এসব প্রস্তাব করা উচিত। শ্রী ঘোষ মহাশয় বলেছেন "শিক্ষার কি উন্নতি হয়েছে?" চমৎকার! ১৯৪৭ হতে ১৯৫৩ সাল পর্য্যন্ত যদি এই রাজ্যের হিসাব নেওয়া যায় তাহলে দেখতে পাওয়া যাবে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা আশাতীতরূপে বৃদ্ধি পেয়েছে, দেখতে পাওয়া যাবে যে "এম্, ই, স্কুল"এর এবং "এইচ, ই, স্কুল" এবং কলেজের সংখ্যা অত্যন্ত বেড়েছে? এসব কি বিরোধী বন্ধুরা দেখতে পান না। এসব সত্য কথা যদি গলাবাজী করে অস্বীকার করে উড়িয়ে দিতে তাঁরা চান তাহলে বলার কিছু নাই। স্পীকার মহাশয় একটা নমুনা আমি এখানে উপস্থিত করছি। কয়েকদিন আগে আমি শ্রী হংসেশ্বর রায়, এম, এল, এ-কে নিয়ে তিনটি সভায় উপস্থিত হয়েছিলাম। সেখানে আমরা একটা ছাপা কাগজ পেয়েছিলাম। তাতে দেখা যায় যে শিক্ষকদের ও ছেলেদের উত্তেজিত করা হয়েছে, এবং গ্রামাঞ্চলে নানারকম দলাদলির একটা আন্দোলন গড়ে তোলার চেষ্টা চলছে। আপনি বোধ হয় জানেন বর্গাদারদের জটিল সমস্যা সমাধানের জন্য সরকার একটা "প্রেসনোট" বের করেছেন এবং স্বার্থ-সম্পন্ন ব্যক্তিদের সতর্ক করে দিয়েছেন।

আমি সেই ছাপা কাগজের কতকাংশ পড়ে শোনাচ্ছি—তা থেকে বুঝতে পারবেন সেই গণআন্দোলনের রূপটা কি।

"এই জমিদারী প্রথা বিলোপ আইন যে আকারে প্রকাশ হইয়াছে, সে আকারে কার্য্যকরী হইলে স্বল্পবিত্ত দু'দশ বিঘা জমির মালিক হইতে বড় চাষী সকলেই ক্ষতিগ্রস্ত হইবেন। অথচ ভূমিহীন ক্ষেত মজুরের বিশেষ কোন সুবিধার আশা নাই। যে জমি ষ্টেটের খাস হইবে তাহা কাহাকে দেওয়া হইবে তাহার নিশ্চয়তা নাই।" তারপর আছে "পল্লীর জনসাধারণ অত্যন্ত চঞ্চল হইয়াছেন

কিন্তু পথ খুঁজিয়া পাইতেছেন না। আমরা বিশ্বাস করি তীব্র গণআন্দোলনের দ্বারাই সরকারকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণে বাধ্য করা যাইবে।" (এ ভয়েস"--কে ছাপিয়েছে, নাম বলুন।) তারপরে আছে "আপনারা চেষ্টা করিলে সহজেই অর্থ সংগৃহীত হইতে পারে। প্রত্যেক গ্রাম হইতে যদি এই সম্মেলনের জন্য এক মণ হিসাবে চাল পাওয়া যায় ('লাফ্‌টার ফ্রম দি কংগ্রেস বেঞ্চেজ') তাহলে প্রতি 'ইউনিয়ন'এ ২০০ শত টাকা পাওয়া যাইবে।"

সেখানে ১৭২টি "ইউনিয়ন"—কত মণ চাল আর কত টাকা হবে এবং তাহারা কিরূপ বোমা সেখানে তৈরী হবে আর সেই বোমা দ্বারা কি কাজ হবে তা আপনি বুঝে দেখুন। এই তো ব্যাপার। (তুমুল হাস্য।) এই হচ্ছে গণআন্দোলনের "গোল" এ যদি অবস্থা হয় এবং গ্রামের লোককে যদি এভাবে কাগজে ছাপিয়ে প্রবোচনা দেওয়া হয় তাহলে দেশের কি অবস্থা হবে ভেবে দেখুন। ("এ ভয়েস্": কে লিখেছে।) এখানে ("পয়েন্টিং টু দি পেপার ইন হ্যাণ্ড") সেটা বলা আছে। তাই আমার বক্তব্য হচ্ছে যদি গণআন্দোলন করতেই হয় সত্যের উপর নির্ভর করেই করা উচিত।

পরিশেষে আমি বলতে চাই এবং এজন্য রাজ্যপাল মহাশয়কে ধন্যবাদ জানাতে চাই--অনুন্নত শ্রেণীর শিক্ষার জন্য ১১ লক্ষ টাকা সরকার বরাদ্দ করেছে এ কথা তাঁর অভিভাষণে উল্লেখ করেছেন। শুধু এই বছরেই নয়, বরাবর এইরূপ টাকা ধার্য হয়ে এসেছে। এবং এ ছাড়া আরও ১০ লক্ষ টাকা আদিবাসীর জন্য বরাদ্দ করা হয়েছে। আজ তাই আমরা চাই যে শিক্ষক ও ছাত্রদের মধ্যে মধুর সম্পর্ক স্থাপিত হোক্। বিশেষ করে যে সমস্ত বিদ্যালয় কমিটি আছে সে সব কমিটিতে যে "হেডমাষ্টার" মহাশয়রা আছেন, তাঁদের কাজ হবে এই নতন মধুর মিলনের আবহাওয়া সৃষ্টি করা। এবং আজকে যে উচছৃঙখলতা দেখা দিয়েছে তা দূর হোক। রাজ্যপাল মহাশয় যে অভিভাষণ দিয়েছেন তা শিক্ষকসমাজ মনে প্রাণে গ্রহণ করুন। শিক্ষাব্রতিগণ তাঁর অভিভাষণ পাঠ করলে আমার মনে হয় বিশেষ উপকৃত হবে। তাই আমি অন্তরের সহিত তার এই অভিভাষণের জন্য ধন্যবাদ জানাচ্ছি। আমি বহুদিন যাবৎ এই "এসেম্বলি"তে যে আছি, আমি কখনও এরূপ যুক্তিপূর্ণ ভাষণ ইতিপূর্ব্বে পাঠ করিনি--এই কথা সর্ব্বান্তঃকরণে স্বীকার করছি। বিরুদ্ধপক্ষীয় বন্ধুরা রাজ্যপালের প্রতি যে অসৌজন্যপূর্ণ ব্যবহার করেছেন তাতে বাংলা সমাজের গৌরব ম্লান হয়েছে। এ জন্য তারা বিশ্বজনের কাছে হাস্যাস্পদ হয়েছেন। আজকে এই বিধান সভায় দাঁড়িয়ে এ কথা দৃঢ়ভাবে জানাতে চাই যে এমন দিন আসছে, যে পঞ্চবার্ষিক পরিকল্পনা শেষ হলে দেখা যাবে দেশের যে মূল সমস্যা শিক্ষা, শিল্প ও খাদ্য--তা অনেকটা সমাধান হয়ে এসেছে। সুতরাং এ কাজ করার জন্য সকল দলের একত্র হয়ে গঠনমূলক কাজ করা আবশ্যক। আজ পশ্চিম বাংলার আয়তন অতি অল্প, অথচ লোকসংখ্যা খুব বেশী। কাজেই আজ বিভিন্ন রাজনৈতিক দল একত্র হয়ে যদি উন্নয়নের কাজে লিপ্ত না হন বিরোধী দলের নিন্দাবাদ ও সত্যের অপলাপ হলে সত্যই দেশের ক্ষতি হবে। গঠনমূলক কাজ তৎপর গড়ে উঠবে না। তাতে রাষ্ট্রের দুর্দ্দশা দূর হওয়া সুকঠিন হবে। বিরোধীপক্ষীয় দল তাদের কাজের দ্বারা দেশের হিত ত করবেনই না, বরঞ্চ অহিত করবেন এবং ভাগচাষীদের সর্ব্বনাশ ডেকে আনবেন।

Mr. Speaker: Your time is up, please finish.

Sj. Nishapati Majhi:

যদি ভাগচাষীদের স্বার্থ বিপন্ন হয় তাহলে সত্যই তারা সে কথা ভুলতে পারবে না। আজ সকলকেই রাজ্যের ভুমিহীনকে ভুমি দেবার জন্য একত্রিত হতে হবে। নতুবা শিক্ষা, স্বাস্থ্য উন্নতি ও সমাজ সেবার কাজ বিপন্ন হবে।

পরিশেষে রাজ্যপাল মহাশয় যে অভিভাষণ দান করেছেন তার জন্য আমি সর্ব্বান্তঃকরণে ধন্যবাদ জানাচ্ছি।

[10-40—10-50 a.m.]

Sj. Jagatpati Hansda:

মাননীয় সভাপালমহাশয়, খণ্ডিত বাংলাদেশে যে সমস্ত সমস্যা দেখা দিয়েছে তন্মধ্যে আদিবাসী সমস্যা অন্যতম ও সামগ্রিকভাবে আমাদের জাতীয় জীবনের উন্নতির অন্তরায়স্বরূপ। সমাজের একটি বৃহৎ অংশ যদি পশ্চাতে থাকে, জাতি হিসাবে কখনও শক্তিশালী হতে পারে না, শ্রেষ্ঠ আসন দাবী করতে পারে না।

আমাদের রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়াছেন তাহা চমৎকার ভাষণ বলিয়া সরকার পক্ষ হইতে যে প্রস্তাব আনয়ন করা হয়েছে তাহা একান্ত হাস্যকর।

আদিবাসীদের উন্নতির জন্য প্রচেষ্টা চলছে সত্য, তাহার জন্য মন্ত্রী, উপমন্ত্রী মহাশয়দের দপ্তর আছে; আদিবাসী পরিষদও গঠিত হয়েছে। প্রতি জেলায় স্পেশাল অফিসার, পাব্লিসিটি সাত্তাল স্পীকার প্রভৃতি নিযুক্ত করেছেন--এই সমস্ত করে রাজ্য সরকার আদিবাসীদের উন্নতির চেষ্টা করছেন।

[Sj. Jagatpati Hansda.]

কিন্তু প্রকৃতপক্ষে নিরীহ, সরল, ভূমিহীন ও নির্ব্বাক আদিবাসিগণকে ভুলিয়ে রাখবার চেষ্টা চলছে মাত্র। কার্য্যের কোনও ফল দেখতে পাওয়া যায় নাই। সৎপ্রচেষ্টার বীজ মাটির নীচেই পচে বিনষ্ট হচ্ছে, অঙ্কুরিত হবার কোন লক্ষণই দেখা যাচেছ না। মন্ত্রী আছেন, অথচ কোন দপ্তর নাই।

স্যার, পশ্চিমবঙ্গে বর্ত্তমানে আদিবাসীর সংখ্যা প্রায় ১২ লক্ষের অধিক। উহাদের অধিকাংশই ভূমিহীন ও সব আদিবাসীই শ্রমিক। উহাদের অধিকাংশই যাযাবর জাতির ন্যায় নানা কাজের খোঁজে ঘুরে বেড়ায় ও দিনমজুরীর উপর নির্ভর করে বাকী সময় ঘরে থাকে। এরা চির-বাস্তহারা বললেও চলে। এইরূপ নির্য্যাতিত জাতির জন্য ভারত গভর্ণমেণ্ট দয়া করে ১০ লক্ষ টাকা দিয়েছেন এদের উন্নতির জন্য। ঐ টাকার মধ্যে নাকি কৃষিঋণ, ব্যবসা বাণিজ্যের ঋণ প্রভৃতি দেওয়া হবে। পশ্চিমবঙ্গ সরকার কত দিবেন তাহা উল্লেখ নাই। কারণ এ জাতি কোন দিন পরমুখাপেক্ষী নয়। দ্বিতীয়তঃ চাইতে জানে না বলে ১০ লক্ষ টাকার মধ্যে যাতে কাজ বজায় করে আদিবাসীদিগকে ভুলিয়ে রাখা যায় তার ব্যবস্থা করা হচ্ছে মাত্র। কিন্তু উদ্বাস্তদের বেলা এই সরকার দিয়েছেন ১৭,৩১,৩১, ৩৭৫৲ গৃহ নির্ম্মাণ, ব্যবসার জন্য, কৃষিঋণ ইত্যাদি বিভিন্ন খরচের জন্য। উদ্বাস্তদের সংখ্যা ১,৪৬২,১৭৫ জন।

পরীক্ষা ফি, পুস্তক ক্রয় ইত্যাদি বাবদ পশ্চিমবঙ্গ সরকার মাত্র ১১ লক্ষ টাকা দিয়েছেন। তাহা "সিডিউল্ড কাস্ট" ও "ট্রাইবের" মধ্যে ভাগ করে খেতে হবে।

চৌদ্দ লক্ষাধিক উদ্বাস্তর বেলায় শিক্ষার জন্য ১,১৩৪টী প্রাইমারী স্কুল ও ৫৮টি সেকেণ্ডারী স্কুল আছে। স্কুলের বিদ্যার্থীকে স্টাইপেণ্ড ও টিউশন ফি ৭৮,৭৮,০৭৮৲, কলেজের ছাত্র-ছাত্রীকে গ্রাণ্ট ১১,৬৭,৭৮০৲ এবং স্টাইপেণ্ড ৩৯,৫৪,৯৫০৲ টাকা দিয়েছেন। আদিবাসী ও কাস্টের জন্য এত খরচ করা হয়েছে কী?

স্যার, আমি উদ্বাস্তদের উপর হিংসা করছি না। কিন্তু প্রমাণ করতে চাই যে নবাগত উদ্বাস্ত অপেক্ষা চির উদ্বাস্ত এই আদিবাসী কোন অংশে শ্রেষ্ঠ নহে, আর্থিক অবস্থায়, গৃহে, ভূমিতে ইত্যাদিতে। পার্থক্যের মধ্যে আদিবাসিগণ পরিশ্রমী, উদ্বাস্তগণ বুদ্ধিমান, শিক্ষিত।

উদ্বাস্তদের দেখা শুনা করার জন্য মন্ত্রী উপমন্ত্রী ব্যতীত বিশেষ কোনও অফিসার নেই। কিন্তু আদিবাসীদের এত ট্রাইবেল ওয়েলফেয়ার স্টাফ থাকা সত্বেও বিশেষ কোনও উন্নতি হচ্ছে না। এতেই প্রমাণিত হয় যে, আদিবাসীদিগকে ভুলিয়ে রাখা হয়েছে উন্নতির কোনও উজ্জ্বল আশা দেখা যাইতেছে না।

স্যার, মাতৃভাষার মধ্য দিয়েই প্রাথমিক শিক্ষা সম্ভব অন্ততঃ যতক্ষণ পর্য্যন্ত না অন্য ভাষা আয়ত্ত করা যায়। আদিবাসীর ছোট ছেলে মেয়েদের আমাদের মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দিতে হয়। তারজন্য উচ্চ শিক্ষিত শিক্ষকের কোনও আবশ্যক নাই। অথচ আদিম জাতির মধ্যে খুব কমই মেট্রীকুলেট আছেন; এম, ই, পাশ কোনরূপে পাওয়া যায়। এদিকে এডুকেশন ডিপার্টমেণ্টের যা রুল সে রুলের তাড়া খেয়েই প্রাইমারী স্কুল যায় যায়। বহু আদিম শিক্ষক বেকার হয়ে যাচেছন। তার কোনও প্রতিকারের কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই।

আদিম ছাত্রগণ বিদ্যাশিক্ষা করতে ইচ্ছুক। কিন্তু দারিদ্র্য বশতঃ উচ্চশিক্ষা লাভ করতে সম্পূর্ণ অপারগ হেতু দুই কূলে পড়তে হয়। না চাকুরীতে না চাষের কাজে। বিহার গভর্ণমেণ্টের মত মাসিক কিছু স্টাইপেণ্ড, বুক গ্রান্ট যথেষ্ট সাহায্য করার কোন উল্লেখ দেখা গেল না।

কৃষির দিক দিয়েও প্রতি জেলায় নামমাত্র কয়েকটি বাঁধ ও অল্প কৃষিঋণ ব্যতীত কৃষির উন্নতির কোন উল্লেখ নাই। পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্ট ৫ শতাংশ রিজার্ভ সিট রেখেছেন। কিন্তু কেন্ডিডেট পান না। অথচ সম্প্রতি দেখা গিয়েছে যে সেন্ট্রাল গভর্ণমেণ্টের চাকুরীতে আদিম শিক্ষিত যুবকগণকে ভর্ত্তি করা হয়েছে। এখানে চাকুরীতে নিযুক্ত হওয়ার কোনও উল্লেখ দেখা গেল না।

পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্টে রিজার্ভ পুলিশ হিসাবে ও স্পেসাল প্রিভিলেজ দেওয়ার সর্ত্তে বামনগর পুলিশ ক্যাম্পে প্রায় ২০০ সাঁওতাল যুবককে 'রিক্রুট' করা হলো। আপ-গ্রেডিং ব্যাপারে ও অন্যান্য স্পেসাল প্রিভিলেজ দেওয়া ত দূরের কথা তাঁদের প্রতি কোনও সুবিচার অদ্যাবধি করা হয়নি।

প্রতি জেলায় আদিবাসীদের জন্য স্পেসাল অফিসার নিযুক্ত হয়েছেন। তাঁহাদের মধ্যে অধিকাংশ নন্-আদিবাসী। শুধু সাঁওতাল ভাষা জানেন মাত্র। কিন্তু সেই সঙ্গে দুঃখের সঙ্গে উল্লেখ করতে হচ্ছে যে তাঁদের দৃষ্টিভঙ্গী সাঁওতালদের সাংস্কৃতিক ও সামাজিক দৃষ্টিভঙ্গীর অনুকূল না হওয়ায় কাজ ভাল

হচ্ছে না। তার প্রতিকার ও উক্ত কর্মচারীদিগকে সাহায্য করবার জন্য '[illegible] মধ্য হতে এসিস্টেন্ট স্পেসাল অফিসার নিযুক্ত করবার কথা থাকা সত্বেও এপর্য্যন্ত কাকেও নিযুক্ত করা হয় নাই—ইহার প্রতিকারের জন্য কোনও উল্লেখ নাই।

আদিবাসিগণ অধিকাংশই ভূমিহীন পরিশ্রমী জাতি। এরা যাতে ভূমি পায় তার কোন ব্যবস্থা নাই। জাল জুয়াচুরি করে চালাকি করে যে জমিদার মহাজন আদিবাসীর যে বিষয় সম্পত্তি হস্তগত করেছে তা ফিরে পাবার ব্যবস্থার কথা তাঁহার ভাষণে উল্লেখ দেখা যায় না।

জাতির পিতা মহাত্মাজীর ১৮ দফা গঠনমূলক কার্য্যের মধ্যে মাদক বর্জ্জনের কথা আছে। মাদক বর্জ্জন ত দূরের কথা, মদে মত্ততা যাতে বৃদ্ধি পায় তার জন্য মদের ও পচাইএর গুদাম বেড়েই চলেছে অন্তঃশুল্কের লোভে। পচাই ও মদের গুদাম যাতে তুলে দেওয়া হয় তাহার কোনও উল্লেখ না দেখে দুঃখিত।

দ্বিতীয়তঃ গত বিধান সভায় নিজে স্বীকার করেছেন যে "জানামঃ রেহঁ হাঁড়ি আর গুজুঃ রেহঁ হাঁড়ি" অর্থাৎ জন্মের সময়ও হাঁড়িয়া আর মৃত্যুর সময়ও হাঁড়িয়া। সুতরাং সরকারী পচাই গুদাম তুলিয়া দেওয়া অসম্ভব। কিন্তু সরকারী পচাই গুদামের সহিত উপরোক্ত "প্রোভার্ব"এর যথেষ্ট পার্থক্য রয়েছে। পার্থক্য এই যে সরকারী পচাই গুদামে আদিবাসী আবালবৃদ্ধবনিতাকে খাওয়ার অভ্যাস বাড়ায়, গরীব আদিবাসী উপার্জিত অর্থ নাশ করে, সামাজিক অবস্থার অধঃপতন ঘটায়, সংক্রামক ব্যাধি বিস্তার করায়, দরিদ্রকে দরিদ্রতর, হীনকে হীনতর করায় ইত্যাদি বহু প্রকার উন্নতির মূলে কুঠারাঘাত করা হইতেছে আর উপরোক্ত 'প্রোভার্ব' "গুজুঃ রেহঁ হাঁড়ি আর জানামঃ রেহঁ হাঁড়ির" তাৎপর্য্য এই যে আদিবাসীদের মধ্যে আবাহমান কাল হইতে উহা বার মাসে তের পার্ব্বণে পূজায় নিবেদন করি। জন্মের সময় ও মৃত্যুর সময় উভয় সময়ই পচাইএর প্রয়োজন। পবিত্র দেহে স্বহস্তে প্রস্তুত করতঃ পূজায় অর্পণ করি। তার কারণ এই যে স্যার, সিঞ্চাঁদো বা সূর্য্য দেবতাই আমাদের প্রধান দেবতা। তাঁর উপর কোন শক্তি বা ভগবান আছে বলে আমরা বিশ্বাস করি না।

সূর্য্য দেবতা হইতে হাঁস হাঁসলী দম্পতি পক্ষীদ্বয়ের উৎপত্তি এবং উক্ত পক্ষীদ্বয় হইতে আমাদের আদি পুরুষ পিলচু হাড়াম পিলচু বুড়ির জন্ম। সূর্য্য দেবের ইচ্ছায় মারাংবুরু (সূর্য্যদেব স্বষ্ট) পিলচু হাড়াম পিলচু বুড়িকে হাঁড়িয়া খাওয়াইয়া কিছু মাতাল করাইয়া পৃথিবীতে মানব সংখ্যা বৃদ্ধি করাইয়াছেন। সুতরাং হাঁড়িয়ার দৌলতেই পিলচু হাড়াম, পিলচু বুড়ির মিলনে মানব জাতির সৃষ্টি হইয়াছে।

[10-50—11 a.m.]

সেইজন্য আমাদের সামাজিক পূজাপার্ব্বণে জন্মের সময় সর্ব্বপ্রথমে মারাংবুরুকে তারপর পিলচু হাড়াম পিলচু বুড়িকে হাঁড়িয়া নিবেদন করি।

দ্বিতীয়তঃ আমাদের ধর্ম্মে পুনর্জন্মে বিশ্বাস করি না। একবার জন্ম গ্রহণ করি একবার মৃত্যু বরণ করি ইহাই আমাদের বিশ্বাস। শবদাহের পর মৃত ব্যক্তির প্রতিচ্ছবি বা আকার যাহা ছায়ায় প্রকাশিত হয় সেই ছায়াকে মৃতের আত্মারূপে গৃহের মধ্যে মৃত ব্যক্তিকে স্থান দিই। সুতরাং মৃতের দেহ নষ্ট হয়েছে—আত্মা নহে। মৃত ব্যক্তি আত্মারূপে গৃহের মধ্যে বিরাজ করে। পিলচু হাড়াম পিলচু বুড়িও হাঁড়িয়ার কৃপায় মানুষ জীবন পেয়ে জীবিত ছিল। কিন্তু মৃত্যুর পরও মরিয়াও সে আত্মারূপে জীবিত। সুতরাং তার খাদ্য পানীয়েরও প্রয়োজন হেতু মৃত্যুর সময়ও উক্ত মৃত ব্যক্তিকে হাঁড়িয়া উৎসর্গ করি। উল্লেখিত আমাদের বিশ্বাসানুযায়ী ইহা স্পষ্টই প্রমাণিত হয় যে "জানামঃ-রেহঁ হাঁড়ি আর গুজুঃ রেহঁ হাঁড়ি" অর্থাৎ জন্মের সময়ও হাঁড়িয়া মৃত্যুর সময়ও হাঁড়িয়া। কংগ্রেস যুগ, বৃটিশ যুগ, মুসলমান যুগ ও হিন্দুযুগের বহু পূর্ব্ব হইতে এই অটল বিশ্বাসে বিশ্বাসী হয়ে আবাহমান কাল থেকে অদ্যাবধি আমাদের সামাজিক বারো মাসে তেরো পর্ব্বণে হাঁড়িয়াকে সরল ও সহজভাবে গ্রহণ করে আসছি ও প্রয়োগ করছি। ইহা পান করে কেবলমাত্র মাতলামি বা বিশৃঙ্খলা সৃষ্টির উদ্দেশে ব্যবহার করা হয় না। আমার বিশ্বাস সমাজ জীবনে যাহা সহজ ও পবিত্র তাহা কখনো অমঙ্গলের কারণ হতে পারে না। সেইজন্য ময়ূরভঞ্জ ষ্টেট তথা উড়িষ্যা গভর্ণমেণ্টের মত সমস্ত পচাই গুদাম তুলে দিয়ে আদিবাসীর প্রতিগৃহে বিনা কর ধার্য্যে পাচাই ছাড় দেওয়ার দাবী জানাচ্ছি।

স্যার, ধর্ম্মে যখন স্বাধীনতা দেওয়া হয়েছে তখন শোষণকারী, সর্ব্বনাশা সরকারী পচাই তুলে দিয়ে আদিবাসীর প্রতিগৃহে বিনা কর ধার্য্যে নির্দ্দিষ্ট পরিমাণ মদ প্রচলনের উল্লেখ না দেখে মর্ম্মাহত হয়েছি। পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্ট তথা অ-আদিবাসী জনসাধারণ নির্য্যাতিত ও ভারতমাতার জ্যেষ্ঠপুত্র আদিবাসীর ধর্ম্ম, সামাজিক, নৈতিক অবস্থা ও তাঁদের

[Sj. Jagatpati Hansda.]

দৈনন্দিন জীবন যাপন কার্যপ্রণালী প্রভৃতি সম্বন্ধে অনভিজ্ঞতা হেতু তাঁহাদিগকে আপন বলে গ্রহণ করতে পারেনি।

পরিশেষে এই হাউসের সম্মুখে বিনীত নিবেদন করি যে আবাহমান কাল ধরে এই আদিম জাতির দারিদ্র্য অজ্ঞতা তাদের জীবনে পুঞ্জিভুত হয়ে গেছে। এদের উন্নতি পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্টের শুভ দৃষ্টির ও সৎদৃষ্টির উপর অধিক নির্ভর করছে ও জাতি ধর্ম্ম নির্বিশেষে ও সমস্ত রাজনৈতিক দলের ঐকান্তিক প্রচেষ্টার উপর নির্ভর করছে।

Sj. Kamalakanta Hembram: মাননীয় স্পীকার মহোদয়, বহু সমস্যাসংকুল প্রদেশ এই পশ্চিম বাংলা। বিস্তর বাধা বিপত্তির মধ্য দিয়ে আমাদের চলতে হচ্ছে তা সত্বেও আমরা নিশ্চিন্ত দৃঢ় পদক্ষেপে স্থির লক্ষ্যের দিকে এগিয়ে চলেছি। আশার রক্তিম আভা আমাদের চোখের সামনে দেখা যায় এই ছবিই মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে প্রকট হয়ে উঠেছে। তাই আমি তাঁর ভাষণকে স্বাগত অভিনন্দন জানাই।

মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে দেখা যায় সরকারের বলিষ্ঠ খাদ্য নীতির ফলে এই প্রদেশ খাদ্যে স্বয়ং সম্পূর্ণতার দিকে এগিয়ে চলেছে। একদিকে খাদ্যশস্যের দাম যেমন দরিদ্র ও মজুরদের ক্রয় ক্ষমতার মধ্যে এসেছে অন্য দিকে চাষীরাও ফসলের নায্য মূল্য থেকে বঞ্চিত হচ্ছে না।

পশ্চিমবঙ্গ কৃষিপ্রধান দেশ, স্বভাবতঃই এই দেশের অর্থনৈতিক কাঠামো নির্ভর করছে সেচ ব্যবস্থার উপর। পশ্চিমবঙ্গ সরকার যে এই দিকে নজর দিতে এতটুকু কার্পণ্য করেনি তার প্রমাণ আমরা পাই ছোট বড় বিভিন্ন পরিকল্পনার ভিতর দিয়ে। বহুমুখী উন্নয়ন পরিকল্পনা সরকার গ্রহণ করায় দেশ সুখ, সমৃদ্ধি, কৃষি ও স্বাস্থ্যপূর্ণতার দিকে এগিয়ে চলেছে। বহু দুর্গম রাস্তা সরকারের প্রচেষ্টায় সুগম হওয়ায় অরণ্যবাসী পিছিয়েপড়া জাতিরাও সমতলের অগ্রসর সমাজের সংস্পর্শে আসবার সুযোগ লাভ করেছে ও নিজেদেরকে স্বাধীন দেশের নাগরিক বলে ভাবতে শিখছে। এটা জাতির পক্ষে কম লাভের কথা নয়।

বাস্তবিকই পশ্চিমবঙ্গ যে "ওয়েলফেয়ার ষ্টেট" সে বিষয়ে সন্দেহ করবার কিছু নেই। যে ম্যালেরিয়া বৎসর বৎসর বিভীষিকা সৃষ্টি করত তা আজ এই সরকার আয়ত্তের মধ্যে এনেছেন। বাংলা দেশে কুষ্ঠরোগ খুব বেশী দেখা যায়। এই কুষ্ঠরোগকেও দমন করবার জন্য সরকার পরিকল্পনা গ্রহণ করেছেন। বাঁকুড়াবাসীর সৌভাগ্য যে গৌরীপুরে কুষ্ঠাশ্রম স্থাপন করা হয়েছে। শিক্ষার ব্যাপারেও দেখতে পাচ্ছি এই সরকার প্রত্যেক জেলায় সবরকম স্কুলের সংখ্যা বাড়িয়ে চলেছেন। আর একটা বিষয় সম্বন্ধে আমি বলতে চাই। সেটা হচ্ছে আদিবাসী বিভাগ। এই বিভাগের কাজ সম্বন্ধে এখানে অনেকে অভিযোগ করেছেন কিন্তু এগুলি সত্য বলে আমি মনে করি না।

বাঁকুড়া জেলায় আদিবাসী অঞ্চলে যেখানে প্রাইমারী স্কুল নেই সেখানে প্রাইমারী স্কুল, যেখানে "এম, ই" স্কুল নেই সেখানে "এম, ই" স্কুল সরকার তৈরী করে দিচ্ছেন। আদিবাসী ছাত্রদের জন্য হোষ্টেলও তৈরী করে দেওয়া হচ্ছে। প্রায় প্রত্যেক ছাত্রই "ষ্টাইপেণ্ড" পেয়ে থাকে। যে সমস্ত ছাত্র ম্যাট্রিক পাশ করেছে তারা সকলেই চাকুরী পেয়েছে। কাজেই আদিবাসীদের জন্য সরকার কিছুই করেন নি একথা সত্য নয়। অবশ্য আদিবাসীদের সব কিছুই হয়ে যায়নি। আস্তে আস্তে সব কিছুরই সমাধান হয়ে যাবে।

[11—11-10 a.m.]

Sj. Nepal Chandra Roy: মাননীয় স্পীকার মহোদয়, সরকারী তরফ থেকে শুধু আমাদের বলা হয়েছে যে আমরা নাকি সরকারের গায়ে মাছির মত ভ্যান ভ্যান করি। ওধারে সরকারী তরফের যে সমস্ত "মেম্বার" আছেন তাদের এটা বুঝা উচিত যে আমাদের বিরোধীপক্ষের কাজ হচ্ছে সরকারের ভুল ত্রুটী ধরে দেওয়া, সংশোধনের পথ বাৎলে দেওয়া। অতএব, সরকারের যদি সারা গায়ে দুষ্ট ব্রণ হয়ে থাকে তাতে আমাদের দোষ দেবার কি থাকতে পারে? "কার্ব্যাঙ্কল" যদি হয়ে থাকে আমাদের কাজই হচ্ছে মাছির মত সেখানে ভ্যান ভ্যান করা। সরকার পক্ষ মনে করেন যে দেশের যা ভাল, যাতে দেশের মঙ্গল হয় সেটা তারাই ভাল জানেন এবং বুঝেন, আমরা তাদের এ সম্বন্ধে সাবধান করে দিতে চাই। একটা সরকারী নীতি হ'ল "ডাইলেটরী ট্যাকটিক্স"--এই যে নীতি গ্রহণ করেছেন এর বিরুদ্ধে আমরা তীব্র প্রতিবাদ জানাই। আপনারা হয়ত সবাই জানেন যে গত দুই বৎসরের মধ্যে বাংলাদেশে বিশেষ করে কলকাতা সহরে যে একটা "ফুটবল ষ্টেডিয়াম"-এর কথা চলছে আজও তা কার্য্যকরী হ'ল না, যদিও এটার একান্ত প্রয়োজন সকলে সেটা উপলব্ধি করেছেন। আমাদের রাজ্যপাল এই ফুটবল খেলার মাধ্যমে নিজের "ফাণ্ড" তৈরী করেন, কিন্তু দুঃখের

বিষয় তিনি চিন্তা করেন না যে "ষ্টেডিয়াম" হলে এ থেকে আরও বহু বেশী টাকা আসত। আমি বলব অন্তত: তার এবিষয়ে দৃষ্টি দেওয়া উচিত ছিল। এখানে লক্ষ লক্ষ ক্রীড়ামোদীরা ব্যর্থ মনে মাঠ থেকে ফিরে আসেন এটা আমরা সকলেই জানি। বাংলাদেশের তুলনায় যে সব "ব্যাকওয়ার্ড প্রভিন্স" রয়েছে সেখানে "ষ্টেডিয়াম" হচেছ, কিন্তু দুর্ভাগ্যের বিষয় কলকাতায় যেটা ভারতের বৃহত্তম সহর বলে পরিচিত সেখানে এরকম দেখি—সেটা বাংলার, বাংলাদেশের প্রধানমন্ত্রীর পক্ষে বড়ই কলঙ্কের কথা। মাঝে মাঝে কাগজে দেখি, বিশেষ করে "এ্যাসেমব্লী সেশন" আরম্ভ হবার আগে আগে যে এবার "ষ্টেডিয়াম" হবে, কিন্তু তিন বছরের মধ্যে কেন যে হচেছ না তার কারণ এর পিছনে গুঢ় রহস্য আছে এটা পরিষ্কার। কিছু স্বার্থান্বেষী লোক আছে যারা খেলাধূলা নিজেদের হাতের মধ্যে রাখতে চায় বলেই মনে হয়। এখানে সরকারের নীতি স্পষ্ট হওয়া উচিৎ "স্পেসিফিক টাইম" দেওয়া উচিৎ যার মধ্যে "ষ্টেডিয়াম প্ল্যান" কার্য্যকরী করা হবে।

আর একটি "পয়েন্ট" আছে যা আমি সরকারকে বলব। আমি বিভিন্ন দেশে দেখেছি "এডুকেশন"এর সংগে "টুরিষ্ট মুভমেন্ট"। সেটা "এডুকেশন ডিপার্ট-মেন্ট"এর মারফতে করা উচিত। "সাইকেল"এ বা পায়ে হেটে ছেলেরা ঘুরুক বিভিন্ন দেশে সারা দেশকে তারা চিনুক এইভাবে "এক্সচেঞ্জ অব হার্ট" হলে সেটাতে দেশের সত্যিকার কল্যাণ হবে। এ সম্বন্ধে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীর সংগে আলোচনা করেছিলাম, তিনি আশ্বাস দিয়েছিলেন, স্বীকার করেছিলেন যে এটা করা উচিত। শ্রীযুক্ত রামনাথ বিশ্বাস কলকাতার বুকে আছেন, কিন্তু তাঁকে আমরা সমাদর করি না। তাঁর সারা পৃথিবীর "এক্সপিরি-য়েন্স" আছে, তার "সার্ভিস" নেওয়া যেতে পারে কিভাবে "টুরিষ্ট মুভমেণ্ট" চলতে পারে, তিনি ভালভাবে জানেন। "ইউরোপে" বহু দেশে যে নাকি "সাটেন মাইলেজ ট্রাভেল" করেনি, নিজের দেশ ভাল করে দেখেনি তার শিক্ষা সমাপ্ত হয় না, সেখানে "ট্রাভেল"টা "কমপালসারি" না করলে "ইউনিভার্সিটি সার্টিফিকেট" দেওয়া হয় না। এটা খুব অল্প খরচেই সম্ভব তা আমাদের "স্থির" আছে। "জার্ম্মাণী"তে দেখেছি যারা ভ্রমণ করতে চায় তারা প্রায় ৪৷৫৲ টাকায় নিজের দেশটাকে দেখবার সুযোগ পায়। আমাদের সরকার যদি ব্যবস্থা করেন, পায়ে হেটে পাটনায় যেতে হলে সরকারী শিক্ষালয়ে যদি সকলে একবেলা খেতে পায় তাহলে অনেক সুবিধা হয়। চার পাচ ছয় আনায় অল্প খরচে দিলে এটা সুষ্ঠুভাবে সম্পন্ন হতে পারে। অন্য "প্রভিন্স" থেকে ছেলেরা এলে সেই সরকার তাদের খরচটা বহন করবে এরকম করলে ৬।৭ বছরের মধ্যে "জেনারেল নলেজ অব ইয়ং স্টুডেন্টস" খুব বেড়ে যাবে। প্রায়ই দেখা যায় হয়ত "বি, এ" বা এমন কি "এম, এ"র পরীক্ষার খাতায় লেখা ইংলণ্ডেশ্বর কে? নেহেরু। আজ বিশেষ করে বলব যে বাংলাদেশের শিক্ষার ষ্ট্যাণ্ডার্ড এত নেমেছে, যে তা কল্পনাতীত, যে বাংলার ছেলেরা আগে সারা ভারতে শ্রেষ্ঠ ছিল এখন সেই ছেলেরা নানাদিক থেকে নেমে যাচেছ। শিক্ষামন্ত্রী এদিকে দৃষ্টি দিলে ভাল হয়। যে সব বাজে ব্যয় হয় তা না করে যদি এদিকে টাকাটা ব্যয় করা হয় তাহলে ফল অনেক ভাল পাওয়া যাবে।

(At this stage Blue light was lit.)

আর একটি কথা আছে।

[11-10—11-20 a.m.]

আমার আর একটা কথা হচেছ--এবার আমি শ্রীমতী রেণুকা রায়ের কথা উল্লেখ করবো। আমি তার "পলিসি" সম্বন্ধে বিশ্লেষণ করে বলব না শুধু বলবো "রায়ট"এর সময় যে সমস্ত মুসলমান সহর ছেড়ে চলে গিয়েছে এবং সেই জায়গায় পূর্ব্ব-বঙ্গ থেকে "রিফিউজি"রা এসে আসন গেড়েছে আজ প্রায় ৪।৫ বছর হতে চলল তাদের সমস্যার কোন সমাধানই হল না। কিছু কিছু লোকের হয়ত ব্যবস্থা করেছেন কিন্তু "ইন্-জেনারেল" কোন ব্যবস্থা হয়নি। আমি জানি সহরের বুকে যেমন কলকাতা সহর, তার "কনজেসসন" কমান উচিত, কিন্তু কমাবেন কি করে? তিনি "রিফিউজি"দের যারা ক্যাম্পে আছে--আমি শুনেছি "রিফিউজি ডিপার্টমেন্ট" থেকে তাদের আগে "রিহ্যাবিলিটেশন" করার ব্যবস্থা হবে, তারপরে সহরের বুকে যারা আছে তাদের ব্যবস্থা করবেন। কিন্তু আমার মনে হয় এই "পলিসি" অত্যন্ত ভুল। ক্যাম্পে যারা আছে তারা থাক। আগে সহরের যারা "কনজেসসন" বৃদ্ধি করছে এদের আগে নিয়ে যেয়ে মফঃস্বলে তাদের ভাল জায়গায় "সেটেলমেণ্ট" করে দেওয়া হোক এবং যারা সহরে জীবিকার্জন করে বেঁচে আছেন তাদের সহরের "সুবার্ব"এ ব্যবস্থা করে দেওয়া হোক।

আর একটা কথা "হাউস বিল্ডিং লোন" যা লোককে দেওয়া হয়েছে সহর বা মফঃস্বলেই হোক, তা এমনভাবে দেওয়া হয়েছে--যেটা আমি গত বাজেট "ডিসকাসন"এর সময়ও বলেছি যে "পার্ট পেমেন্ট" করলে তাতে কোন কাজ হয় না কারণ একটা "ইনষ্টলমেণ্ট" নিয়ে যেতে না যেতে আবার আর একটা "ইনষ্টলমেণ্ট"এর সময় এসে যায় এবং

[Sj. Nepal Chandra Roy.]

তার জন্য চেষ্টা করতে করতে আগেরটা খরচ হয়ে যায়, কাজেই বাস্তবিক কোন কাজ হয় না। ফলে কোন "এ্যাকচুয়েল সেটেলমেণ্ট" হচ্ছে না--সুতরাং প্রকৃত উদ্দেশ্য "রিফিউজি রিসেটেলমেণ্ট", ঘরবাড়ী তৈরী করবার শুধু কোন ব্যবস্থা হচ্ছে না। ফলে যে পরিমাণ টাকা এই বাবদ ব্যয় হচ্ছে তা সেই পরিমাণ "রিফিউজি রিসেটেলমেণ্ট"এর কাজ হচ্ছে না। তাই আমাদের "রিফিউজি" মন্ত্রীমহোদয়াকে একথাই বলবো, হয় নিজের পয়সায় বাড়ী তৈরী করে দিন--ছাদ দিয়ে জল পড়ে এমন ভাঙ্গা-বাড়ীর কথা বলছি না, "কণ্ট্রাকটর"রাই ৫০ ভাগ মেরে যাচেছ--অথবা এমন করুন যাতে সরকারী তত্বাবধানে ভাল বাড়ীর ব্যবস্থা হয়। ("সাউণ্ডস্ এ্যাণ্ড কাউণ্টারসাউণ্ডস্")। কাজেই বলছি এরকম যদি করা হয় তাহলে আমার মনে হয় "রিফিউজি সেটেলমেণ্ট"এর "প্রসেস"টা ভাল হবে। এটা যতই করবেন ততই ভাল হবে এবং দেশেরও মঙ্গল হবে আর তা না করে যদি এ অবস্থা চলতে দেন এবং বামপন্থীদের দোষারোপ করেন তাহলে কোন কাজ হবে না। তারা "ডিস্‌স্যাটিসফাইড" থেকে যাবে এবং যেহেতু বামপন্থীরা তাদের কথা আপনাদের কাছে বলে, কারণ তাদের প্রতি বামপন্থীদের কর্ত্তব্য রয়েছে এবং কিছু কিছু কাজও করছে। সেজন্য বলছি এই "সেটেলমেণ্ট"এর কাজ "ইমিডিয়েটলি" হয়ে যাওয়া প্রয়োজন। যারা সহরে জীবিকার্জন করে তারা সহরের কাছাকাছি যাতে থাকতে পারে তার ব্যবস্থা করা হোক এবং গ্রামে যারা বসবাস করতো তাদের গ্রামে দেওয়া হোক।

(At this stage the red light was lit.)

আর একটা কথা আমার বলার আছে। আমাদের গত "ট্রাম মুভমেণ্ট"এর সময় পুলিশ যে লোকের উপর কি ধরণের অমানুষিক অত্যাচার করেছে, পাশবিক অত্যাচার করেছে তা বলার নয়। আমার এলাকা শ্যামপুকুর থানায় এমনভাবে পাশবিক অত্যাচার হয়েছে--মেয়েছেলেকে পর্য্যন্ত বাদ দেওয়া হয়নি--এরকম বাইশটি আমার কাছে দরখাস্ত রয়েছে যদি চান তো দিতে পারি; তাতে বলা আছে "ডেপুটী কমিশনার" এবং বিশেষ করে কয়েকজন পুলিশ অফিসারের বিরুদ্ধে। কিন্তু এদের তো শাস্তির ব্যবস্থা হলই না বরং এইসব দোষী যারা তাদের হয়ত প্রমোশন দিয়ে দেওয়া হবে, তাদের পদোন্নতি হবে বা বকশিশ পাবে। এই নিরপরাধ সাধারণ মানুষের উপর নির্য্যাতন করা হচ্ছে এটা সরকারের পক্ষে অপমান। এবং বাংলার পক্ষেও এটা অপমান বলে মনে করি। এই "পলিসি" যাতে "কন্টিনু" না করে সে বিষয়ে দৃষ্টি রাখা দরকার; সুতরাং যে সব "পুলিশ অফিসার" দোষী তাদের শাস্তির ব্যবস্থা হোক এবং যারা সত্যই দোষী তাদের আইনানুযায়ী শাস্তি হোক। যদি তা না হয় তাহলে দেশের লোক উত্তেজিত হয়ে উঠবেই "আন্‌নেসেসারী ক্রিটিসিজ্‌ম্" হবেই এবং "এ্যাডমিনিষ্ট্রেটিভ মেসিনারী ফেল" করবে।

Janab A. M. A. Zaman:

মাননীয় স্পীকার, স্যার, আজকে আমার বিশেষ কিছু বলবার ইচ্ছা ছিল না। কিন্তু ২।১টা কথা বলতে হচ্ছে কারণ আমি আজ কয়েকখানি চিঠি পেয়েছি এবং অনেক লোক আমার কাছে এসেছিল তারা অনুরোধ করেছে আমি যেন দাঁড়িয়ে এখানে এ সব কথা জানাই। ("ভয়েস ফ্রম দি অপজিশন বেঞ্চেজ: "ডেপুটী মিনিষ্টার" হবার "চান্স"'ত চলে গেছে।) হাঁ--আমি যা হয়েছি বা হবে। --তা নিজের কাজের দ্বারাই হয়েছি ও হব--আপনাদের ইচ্ছায় কিছু আসে যাবে না।

আমি এখানে প্রথমেই একটা কথা বলে নিতে চাই--আমি "এ্যাসেমব্লী"তে গত ১৮ বৎসর যাবৎ "মেম্বার" আছি--আমি বহু বাজেট দেখেছি। আমিও কয়েকবার "অপোজিশন"এ ছিলাম কিন্তু বাস্তবিক-পক্ষে এবার "অপোজিশনের" যে ব্যবহার দেখছি--এ রকম লজ্জাকর ব্যাপার কখনও এর আগে দেখিনি। গভর্ণর একজন "কন্সটিটুসনাল হেড" --তিনি কোন দলভুক্ত নন। কিন্তু সে দিন যে ঘটনা ঘটেছে--রাজ্যপাল বক্তৃতা দিতে দাঁড়ালে আমাদের বিরোধীপক্ষীয় বন্ধুরা তার প্রতি যে অসৌজন্য প্রকাশ করেছেন--তাতে শুধু বাংলার নয়--সমস্ত ভারতবর্ষের মর্য্যাদা ক্ষুন্ন হয়েছে। আমি শুধু জিজ্ঞাসা করতে চাই--তারা কি সত্যিকারের ভোটের জোরে এখানে এসেছেন--না কি চোরাই মাল হিসাবে এখানে ঢুকেছেন--("নয়েজ") এ কথা যখন আমাদের ছেলেপুলেরা ভবিষ্যতে জিজ্ঞাসা করবে--তখন তারা কি উত্তর দেবেন? গভর্ণর সাহেব কি বক্তৃতা দেবেন না দেবেন--সেটা শোনা হ'ল না, জানা হ'ল না--তার আগেই কৈফিয়ৎ তলব করে বসলেন। যেন তিনি তাদেরই বাড়ীতে খেয়ে পরে এখানে এসেছেন। যারা আমার কাছে এসেছিলেন তারা আমাকে একথাই বলে গেলেন সেদিন যারা এরকম অসৌজন্যপূর্ণ ব্যবহার করেছেন --এবং সমস্ত বাঙ্গালী জাতিকে পৃথিবীর নিকট

হেয় করেছেন—তারা কি সত্যিকারের ভোটের জোরে এসেছেন—এটা যেন আমি এখানে দাঁড়িয়ে জিজ্ঞাসা করি।

(Cheers and laughter from Congress Bench.)

আমি আপনাদের কাছে আর একটী জিনিষ বলব—এবার গোলমালের সময় প্রধানমন্ত্রীমহাশয় "কণ্ট্রোল রুম"এ যেয়ে একটা অন্যায় কাজ করে ফেলেছেন—মস্ত ভুল করে ফেলেছেন। ("ভয়েস" : বেশ বেশ, বলুন)—হাঁ সত্যি কথা বলব তাতে ভয় কি ? আমি এটা বরাবরই দেখে আসছি—এমন কি গত "রায়টে"র সময়ও দেখেছি—যখনই কোন গোলমাল, বিশৃঙ্খলা কলকাতায় হয়, তখনই ২।৪।১০ দিন দোকান-পাট লুট হয়—ঘড়ি, "ফাউণ্টেনপেন"—এ সমস্তই লুণ্ঠন করা হয়—এবং তার কিছু কিছু বখরা বন্ধু নেতাদের পকেটে ও আসে। ("নয়েজ"—আপনার পকেটে নিশ্চয়ই মোটা কিছু জুটেছে।) কিন্তু এবার দেখা গেল ৩ ঘণ্টার মধ্যে সমস্ত ঝামেলা থামিয়ে দিয়ে আমাদের ডাঃ রায় আমাদের বন্ধুদের কিছু পাওয়ার পথটাই বন্ধ করে দিলেন। এটা আমি মনে করি—ডাঃ রায় মস্ত অন্যায় করে ফেলেছেন। ("লাফটার"।)

আজকে পাকিস্থান আমেরিকার সঙ্গে "প্যাক্ট" করছে বলে আমরা প্রতিবাদ করছি। অবশ্য পাকিস্থান স্বাধীন দেশ এই রকম "প্যাক্ট" করার স্বাধীনতা তাদের অবশ্যই আছে। কিন্তু এ যাবৎ পাকিস্থানের সঙ্গে আমাদের যে বন্ধুত্বপূর্ণ সম্বন্ধ চলে আসছিল—বৈদেশিক সাহায্য নিলে, সেই "রিলেশন"টা বিঘ্নিত হবার সম্ভাবনা আছে—তাই আমরা প্রতিবাদ করছি। ঐ একই কারণে—আমাদের বিরোধীদলের বন্ধুদের জানাতে—হুঁসিয়ার করে দিতে চাই—যে রাশিয়া বা চীনের সঙ্গেও তারা যে আমাদের টানতে চাইছেন সেটা যেন না করেন।

[11-20—11-30 a.m.]

আজকে আমাদের ষ্টেট্ বাস যে বাসের মধ্যে আমাদের দেশের ভাইয়েরা চাকুরী করেন, এবং যাতে আমাদেরই বিন্দু বিন্দু রক্ত রয়েছে সেই বাসগুলি পুড়িয়েছে। কাদের ইঙ্গিতে পুড়িয়েছে তারা যে "কন্ট্রোল" করতে পারে নি, আমরা তা স্বীকার করি; আমাদের সাম্নে দুষ্ট প্রকৃতির লোক ছিল। মাষ্টাররা ছিল কোথায় ? ফ্রণ্টে দেখা গেছে সুরেশ বানার্জি ও সুবোধ বানার্জি, তাঁরা কবে থেকে মাষ্টারী করছেন জানি না, বহুদিন তাদের সঙ্গে এক সঙ্গে কাজ করেছি। এদের পিছনে থাকা উচিত ছিল, তা না থেকে তাঁরা আগে ছিলেন, আজকে মাষ্টারদের নাম করে নিজেরাই দেশের সর্বনাশ করার জন্য উদ্যত হয়েছে। সেই জন্য বাসগুলি যারা পুড়িয়েছে তাদেরই কাছ থেকে ক্ষতিপূরণ আদায় করা দরকার। যারা ঐসব করেছে এজন্য দায়ী তাদেরই করতে হবে, যারা নাকি পলিটিক্যাল পার্টির নামের আড়ালে থেকে বহু টাকার সম্পত্তি নষ্ট করছে ("নয়েজ এণ্ড ডিস্টারব্যান্স ; এ ভয়েস". তুমি নিজে যেমন তেম্নি বলছ।) খালি চেঁচালেই হয় না। আমি চাই এ বিষয় আপনার মাধ্যমে জানিয়ে দিতে তাদের যারা নাকি ট্রাম বাস পোড়াবে তাদেরই কাছ থেকে ক্ষতিপূরণ আদায় করতে হবে। তার পরে চৌরঙ্গীর মাথায় দেখা গেছে লাইটগুলিকে পর্য্যন্ত ভেঙ্গে দিয়েছে, এবং দোকানপাট লুট করেছে। সমস্ত মিলিয়ে যা নাকি তারা করেছে তার ফলে এই কলকাতায় মধ্যে একটা উচ্ছৃঙ্খলতার স্বষ্টি করে মানুষের সর্বনাশ, দেশের সর্বনাশ যা নাকি তারা করেছে তা সভ্যজগতের মানুষে কল্পনা করতে পারে না। এইসব কাজ করে আবার বড় গলায় কথা বলতে আসে। প্রবাদই আছে যে চোরের মার গলা বড়। চুরিও করবে আবার বড় বড় কথাও বলবে। তাই আমার কথা হচ্ছে (গোলমাল) এইসব কুকর্ম্ম যারা করেছে শুধু বক্তৃতা দিয়ে তাদের কিছু করা যাবে না, তাদের বিচার পুরাপুরিভাবে হওয়া দরকার। ("এ ভয়েস্" : আগে তোমার বিচার হয়ে যাক।) (গোলমাল) তারা আবার নাকি মিট্মাটের কথা বলে, মিট্মাটের পন্থা বুঝি এই ট্রামবাস পোড়ানো ? মিট্মাটই যদি তাদের উদ্দেশ্য তবে মানুষকে হত্যা করা দোকান লুট করা—("এ ভয়েস" : ও সব করতে তোমার জুড়ি নাই।) বৌবাজারে সোনার দোকান লুট হলো কেন ? ওদের আর এক কীর্ত্তি হলো চাঁদা আদায় করা। জবরদস্তী খাটিয়ে চাঁদা না দিলে দোকান থেকে সাবান, চা, যা কিছু পাবে নিয়ে চলে যায়, টাকা যা এইভাবে আদায় করে এক একটা ফাণ্ডের নাম লিখিয়ে পলিটিক্যাল পার্টিই সব চাঁদা নিয়ে নেয়, যেমন সব কলোনীগুলি হয়েছে—অমুক কলোনী তমুক কলোনীর নাম করে চাঁদা আদায় করে পলিটিক্যাল পার্টির জন্য খরচা হয় (ভয়েসেস: বসে পড়'। কোথা থেকে এসেছ ?) আমি ভোটের জোরে এখানে এসেছি। হাজার হাজার লোক আমাকে ভোট দিয়ে এখানে পাঠিয়েছে সেই ভোটের জোরে জানাতে চাই একটা তদন্ত কমিশন বসানো হোক। যারা ক্ষতি করলো এই লক্ষ লক্ষ টাকা তাদের বিচার আমরা চাই।

[Janab A. M. A. Zaman.]

দ্বিতীয় কথা ওদের আর এক কীর্ত্তি হচ্ছে আগে ছিল শ্রমিক নিয়ে, শ্রমিকদের শেষ করে দিয়ে আস্তে আস্তে শ্রমিকদের ছেড়ে কৃষকদের ধরেছেন, আবার এখন এসে এই মাষ্টারদের ধরেছেন। ওদের কাজ হচ্ছে তলে তলে একরকম, আর সভায় এসে শোনায় আর এক রকম। এ দেশকে ওরা কোথায় নিয়ে যাবার চেষ্টা করছেন? কত কষ্টে কত চেষ্টা করে যে ভারতবর্ষ স্বাধীন হয়েছে, সেই ভারতবর্ষকে ওরা চায় বিকিয়ে দিতে। যেমন আজ পাকিস্থানে এসেছে তেমি আমাদের এই দেশে যেন ওদের চীন হোক বা রাশিয়া হোক কেউ এসে যেন পতাকা গাড়তে না পারে। এই বলে আমার বক্তব্য শেষ করলাম।

Sj. Biren Banerjee:

মাননীয় সভাপাল মহোদয়, রাজ্যপালের ভাষণে যেখানে শ্রমিক সম্পর্কে বিবৃতি আছে আমি বিশেষ কোরে সেই সম্বন্ধেই বলব।

রাজ্যপাল মহাশয়ের বক্তৃতার ১৬ পৃষ্ঠায় দেখি যে তিনি দুঃখ প্রকাশ করেছেন যে ১৯৫২ সাল থেকে ১৯৫৩ সালে ধর্মঘট বেড়ে গেছে এবং "ম্যান ডেজ লষ্ট" হয়েছে বেশী কোরে। এজন্য তিনি দুঃখ প্রকাশ কোরে বলেছেন যে "ট্রেড ডিস্‌পিউট্‌স্‌ এক্‌ট্‌"-এর আশ্রয় নেওয়া হয় নি। তাঁর ভাষণের মধ্যে ইঙ্গিত আছে যে "ট্রেড ডিস্‌পিউট্‌স্‌ এক্‌ট্‌"এর আশ্রয় নিলে ষ্ট্রাইকের এত বেশী প্রাচুর্য্য দেখা যেত না। সভাপাল মহাশয়! "ট্রেড ডিস্‌পিউট্‌স্‌ এক্‌ট্‌"এর ইতিহাস আলোচনা না করলেও আপনার মাধ্যমে বাংলা দেশের সরকারের কর্ত্তৃত্বাধীনে সেই এক্‌ট্‌ কি ভাবে নিয়োজিত ও প্রযুক্ত হচ্ছে তার আমাদের কিছু কিছু জানা আছে। আমরা দেখেছি এই এক্‌ট্‌এর মাধ্যমে সুখ সুবিধা পেতে হ'লে শ্রমিকদের অন্ততঃ ১ বছর দেড় বছর কি ২ বছর পেটে পাথর বেঁধে থাকতে হয়। এখানে শ্রমমন্ত্রী মহাশয় উপস্থিত আছেন; তাঁকে আমি বলতে পারি যে মালিক যখন ইচ্ছা তখন ফ্যাক্টরির গেট বন্ধ কোরে দেয়, এবং কোর্টে হেরে গেলেও মালিক টাকা দেয় না। ঘুসুড়ী অঞ্চলে একটা মিল বন্ধ কোরে দেওয়া হয়, ফলে ২,২০০ লোক ছাঁটাই হ'ল।

[11-30—11-40 a.m.]

ঘুসুড়ী অঞ্চলে মিল বন্ধ করে দেওয়া হল, এখানে ২২শত "ওয়ার্কার্স" ছাটাই হল, তারা "লেবার" দপ্তরে আবেদন করলো, প্রধানমন্ত্রীর কাছে আবেদন করলো কিন্তু কিছুই হল না। বেলুড় "গ্লাস"এর "ওয়ার্কার্স"রা "কোর্ট"এ গেল টাকা পাওয়ার জন্য। "এ্যাপিল" করলো, তাদের টাকা দেবার জন্য, রায় দেওয়া হল কিন্তু তাদের টাকা দেওয়া হল না। এতে কি করে কি হবে। এর পর এরা কোন আন্দোলন করলেই প্রধানমন্ত্রীমহাশয় বলবেন যে এরা উৎপাৎ করছে, হৈ চৈ করছে। অতএব এখানে যেভাবে রাজ্যপাল মহাশয়কে পরামর্শ দেওয়া হয়েছে এই "ট্রেড ডিস্‌পিউট্‌স্‌ এ্যাক্ট"এর ব্যাপারে আমি বলবো যে এই পরামর্শ ঠিকভাবে দেওয়া হয়নি। তাঁকে বলা উচিৎ ছিল যে তারা কতখানি অসহায় অনুভব করছেন এই মালিকদের ব্যবহারের জন্য। তারপর এখানে যে উক্তি করা হয়েছে এই উক্তি এত ভ্রান্ত এত একপেশে সেইজন্য আমি বলবো এরজন্য দায়ী হচ্ছেন আমাদের মন্ত্রিমণ্ডলী। রাজ্যপাল মহাশয়কে যেভাবে "ফিগার্স" দিয়ে দেখিয়েছেন তিনি সেইভাবে তাঁর বক্তৃতা দিয়েছেন। যেমন ধরুণ আমাদের দেশে সাধারণ "জুট ওয়ার্কার্স"-দের কথা ধরা যাক্‌, আমরা জানি গত ২০ বৎসরের মধ্যে তারা এক পয়সাও "বোনাস" পায় নি। এই "বোনাস"এর ব্যাপারে তারা আন্দোলন সুরু করলো এবং তারা একটা "ডেপুটেশান" দেবার পর প্রধাণ-মন্ত্রীমহাশয় বলেছিলেন যে, যে সমস্ত "কোম্পানী" লাভ করেছে তাদের থেকে "বোনাস" আদায় করে দেবেন এই প্রতিশ্রুতি তিনি "ডেপুটেসনিষ্ট"দের দিয়েছিলেন এবং তিনি আরো বলেছিলেন যে "ওয়েজ বোর্ড" বসাবেন। তখন মুখ্যমন্ত্রী মহাশয়কে বঙ্কিম মুখার্জি মহাশয় বলেছিলেন—অবশ্য উনি এখন এখানে উপস্থিত নেই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

উনি আপনার পিছনেই বসে আছেন, আপনি ও কথা "উইথড্র" করুন।

Sj. Biren Banerjee:

ও, উনি আছেন, আমি দেখতে পাই নি। তিনি বলেছিলেন যে এই ব্যাপারে আমরা দেখতে চাই যে আমাদের প্রধান মন্ত্রীমহাশয় "ক্লাইভ ষ্ট্রীট"-এর সাহেবরা যে দম্ভ নিয়ে চলেন তার থেকে তাদের একটু নামিয়ে নিয়ে আসুন এবং তারা যে লাভ করেছে তার একটা অংশ "বোনাস" হিসাবে দিক্‌। কিন্তু তখন আমরা এও বলেছিলাম যে আপনি এটা করতে পারবেন না, যদি করেন তাহলে ওরা আপনাকে গদিতে থাকতে দেবে না। এবং পরে সেটা প্রমাণিত হয়ে গেল। তারপর তিনি গেলেন দিল্লীতে এবং ফিরে এসে এই "ওয়েজ বোর্ড" এবং "বোনাস" সম্বন্ধে একেবারে চুপ হয়ে গেলেন। তারপর আর একটা কথা বলতে চাই যে ২৬শে সেপ্টেম্বর ১৯৫৩তে

জুট শ্রমিকেরা একটা "র‍্যালি" করেছিল ময়দানে সম্পূর্ণ শান্তিপূর্ণভাবে, বে-আইনীভাবে কিছু নয়, কিন্তু প্রধান-মন্ত্রীমহাশয়ের নির্দ্দেশে যারা দূরবর্ত্তী স্থান থেকে আসছিল সেই সমস্ত "ওয়ার্কার"দের বাসে চড়তে দেওয়া হয়নি, তাদের এই "র‍্যালি"তে আসতে দেওয়া হল না। ("এ ভয়েস": বিনা পয়সায়?) মাপ করবেন, তারা পয়সা দিয়েই আসতে চেয়েছিল। কিন্তু তাদের কোন আইনের বলে এই রকমভাবে আটকান হয়েছিল? এমন কি পরে সেখানে বাস চলাচল পর্য্যন্ত বন্ধ করে দেওয়া হয়েছিল। তাঁরা হয়ত বলবেন যে তাঁরা গণতন্ত্রের পূজারী, তাঁরা চান যে তারা শান্তভাবে আবেদন ও বিক্ষোভ প্রদর্শন করুক, কিন্তু কার্য্যকলাপে তাঁরা কি করেন তা দেখা গিয়েছে। অর্থাৎ তিনি দিল্লী থেকে ফিরে আসবার পর এই সমস্ত হয়েছে। অর্থাৎ যারা নরম সেখানে বল দেখান আর যেখানে এই সমস্ত শক্ত মালিক সেখানে টু শব্দ পর্য্যন্ত করতে পারেন না। শ্রমিকরা যদি আন্দোলন করে তাহলে অমনি বলবেন যে কমুনিষ্টরা উৎপাত করছে। "ট্রাম"এর ব্যাপারে এই সমস্ত দেখা গিয়েছে। ট্রাম শ্রমিকরা যখন "বোনাস"এর দাবীতে আন্দোলন সুরু করে, তখন পূজার সময় ছিল লোকের কষ্ট হবে, এই ভেবে তারা ষ্ট্রাইক স্থগিত রাখে। সেই সময় প্রধানমন্ত্রী-মহাশয় তাদের "এ্যাসুরেন্স" দিয়েছিলেন যে তাদের "বোনাস" যা দেওয়া হবে তার অর্দ্ধেক তখনই দেওয়া হবে এবং বাকী অর্দ্ধেকটা ডিসেম্বর মাসে দেওয়া হবে। কিন্তু সে বাকী অর্দ্ধেক তাদের কিছুতেই দেওয়া হল না তখন তারা বহু চেষ্টা করে তার "কোয়ার্টার" ভাগ আদায় করেছে এবং বাকী "কোয়ার্টার" এখনও পায় নাই এবং তা দেবারও নাম গন্ধ নেই। এই নিয়ে যদি ট্রাম শ্রমিকরা আন্দোলন গড়ে তোলেন তাহলে আপনারা বলবেন কমুনিষ্টরা গোলমাল করছে। অর্থাৎ রাজ্যের অবস্থা এই হয়েছে যে মুখ্যমন্ত্রীর মত "পজিশন"এর লোক যে কথা শ্রমিকদের বলেন সেটাও রাখতে পারেন না। তাঁরা যদি কথা না রাখতে পারেন তবে শ্রমিকরা যদি উত্তেজিত হয়ে আন্দোলন করে তবে আশ্চর্য্য হবার কি আছে। দেখা যায় যে সাধারণতঃ যেখানে মালিক পক্ষ ব্রিটিশ সেখানেই তাঁরা কথা রাখতে পারেন না এবং আমাদের দেশী একচেটিয়া পুঁজিপতিদের বেলায়ও ঠিক এই কথা খাটে। তারপর বলা হয়েছে যে চায়ের বাজারে নাকি খুব লাভ হয়েছে। হয়ত হয়েছে। আমরা শুনছি যে চায়ের ইতিহাসে এই রকম লাভের অঙ্ক কখনও আসেনি, কিন্তু একথা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। গত বৎসর চা শ্রমিকদের কম দামে যে "রেশন" দেওয়া হত সেটা বন্ধ করে দেওয়া হয়েছিল তা আবার "রেষ্টোর্ড" করা হয়েছে কি না—এ কথা উল্লেখ নাই কেন? এই সঙ্গে সঙ্গে এই কথার উল্লেখ নেই কেন যে ছোট ছোট চা বাগানের মালিকরা এই ইংরাজ মালিকদের শয়তানীর জন্য তাদের "গার্ডেন" বন্ধ করে দিতে বাধ্য হয়েছিল তার উল্লেখ নেই কেন? এবং এই যে "বুম" এসেছে এটা কাদের জন্য। মালিকদের আয় বেড়ে গেল কিন্তু শ্রমিক যারা খেতে পায় না তাদের মাইনে কমে গেল—"ওয়েজেস" বন্ধ হয়ে গেল, সে কথারও উল্লেখ নেই কেন? তারপর আমি বলবো এই যে বিদেশী মালিক, এদের সম্পর্কে এরা কিছুই করতে পারেন না তার জলন্ত নিদর্শন ও প্রচুর প্রমাণ রয়েছে। "টিটাগড় পেপার মিল"এ ১৩০ দিন ধরে "ষ্ট্রাইক" চলেছিল। এই "ষ্ট্রাইক" করার পূর্ব্বে তারা কর্ত্তৃপক্ষের নিকট বহু আবেদন নিবেদন করেছে, বহু খোসামদ করেছে, বার বার "লেবার" দপ্তরে গিয়েছে, বার বার মন্ত্রী-মহাশয়দের কাছে গিয়েছে, কিন্তু যখন কোন ফল হল না তখন তারা "ষ্ট্রাইক" করতে বাধ্য হল।

১৩০ দিন অর্থাৎ প্রায় $4\frac{১}{২}$ মাসের মতন তারা "ষ্ট্রাইক" করে বসে আছে কিন্তু সরকার সেখানে কিছুই করতে পারছে না। এমন কি শেষ পর্য্যন্ত এই অবস্থায় দাঁড়িয়েছে যে তারা "ইউনিয়ন রিপ্রেজেণ্টেটিভস্, ওয়ার্কার্স রিপ্রেজেণ্টেটিভ"দের নিয়ে মালিকদের সাথে একটা বোঝাপড়া পর্য্যন্ত করে উঠতে পারছেন না। কেন পারছেন না? তার কারণ হচ্ছে এরা ইংরাজ মালিক সেইজন্য। এমনকি শেষ পর্য্যন্ত মালিকদের কাজ চালাবার জন্য পুলিশ দিয়ে সাহায্য করেছেন। এই যদি হয় তাহলে গভর্ণমেণ্ট কি করে বলেন যে আমরা নিরপেক্ষ।

[11-40—11-50 a.m.]

অন্যান্য ব্যাপারেও, বিশেষ করে জুটের ব্যাপারে দেখতে পাওয়া গেল না। যদি সত্যি কথা বলতে চান তাহলে সম্পূর্ণ সত্য বলুন যে ইংরাজ মালিক, মোটা মোটা মালিক যেখানে সেখানে আমরা কিছুই করতে পারি না, আর গরীব হলে সেখানে আমরা নানাভাবে উৎপাত করছি। "টিটাগড় পেপার মিলস্"এর অবস্থা কি? যেখানে ১ কোটি ৪২ লক্ষ ৯২ হাজার মূলধন খাটিয়ে ৫২ সালে "প্রফিট" হয়েছে ১ কোটি ২১ লক্ষ, ৪৭ সালে "প্রফিট" ৪৯ লক্ষ এরপরে ৪৭ থেকে ৫৩ সাল পর্য্যন্ত "প্রোডাক্সন" বেড়েছে "টেন পার্সেণ্ট" অথচ ৫০০ লোক ছাঁটাই করেছে। এ রকম অব-স্থায় সরকার অনড়, এদের যে সমস্ত খাস জায়গা

[*Sj. Biren Banerjee.*]

আছে, মুখ্যমন্ত্রীমহাশয় যে বিবৃতি দিয়েছিলেন যে, যে সমস্ত জায়গা নিজেদের পরিচালনাধীন সেই "ষ্টেট বাস"এর "এমপ্লয়িজ"দের অবস্থাটা কি ? সেখানে দেখুন মুখ্যমন্ত্রীমহাশয় "এ্যাস্যুরেন্স" দিয়েছিলেন সবাইকে কাজে নেওয়া হবে, অথচ এখনও ৫০ জন ছাঁটাই হয়ে পড়ে আছে। "গভর্ণমেণ্ট এমপ্লয়িজ"দের ব্যাপারে কি করা হয়েছে। গত-বছর "এ্যাসেমব্লী"তে মুখ্যমন্ত্রী বলেছিলেন তারা "ইউনিয়ন" করতে পারে, তবে কঠোর বিধি ব্যবস্থা করা দরকার। আমি বলব এটা শ্রমিকদের "ফাণ্ডামেণ্টাল রাইট"এ হস্তক্ষেপ করা। সেখানে দেখেছি "ইণ্ডিয়ান অর্ডন্যান্স ফ্যাক্টরী"র শ্রমিকদের যে সমস্ত দাবীদাওয়া স্বীকৃত, "ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট এম্প্লয়ি"দের সেই স্নযোগ স্নবিধা দেওয়া হয় না। সবচেয়ে আশ্চর্য্যের ব্যাপার "রেলওয়ে এমপ্লয়ি"দের "ইউনিয়ন" করবার যে অধিকার দেওয়া আছে, এখানকার "গভর্ণমেণ্ট এম্প্লয়ি"দের তা কেন দেওয়া হয় না ? "রেলওয়ে এম্প্লয়ি"দের "ইউনিয়ন"এ বাইরের "পলিটিক্যাল লোক" "অফিস বেয়ারার" যদি হতে পারে এখানে তা হতে পারবে না কেন ? একমাত্র চাকরী হারাবার ভয়েই এই সমস্ত শ্রমিক কর্ম্মচারীরা মুখ বুজে চুপ করে নিজেদের এই "ফাণ্ডামেণ্টাল" অধিকার হরণ সহ্য করছে।

তারপরে যা বলছি সেটা হল "আনএমপ্লয়মেণ্ট" সম্বন্ধে। এখানে অনেকে বলেছেন—"সেন্সাস ফিগার" দেখিয়ে বলেছেন—এটা কত বড় "মেনেস্"। আজকে "এগ্রিকালচারাল পপুলেশন", ইণ্ডাষ্ট্রিয়াল পপুলেশন" সব দেখুন প্রত্যেক জায়গায় "আন-এম্প্লয়মেণ্ট" আছে, "ফিগার্স" আছে, কিন্তু সময় সংক্ষেপ বলে দেব না, বাজেট "ডিস্কাশন"এ দেব। এঁরা বলছেন আমরা "কটেজ ইণ্ডাষ্ট্রী" বাড়ানর চেষ্টা করছি। ৮$\frac{১}{২}$ হাজার মাষ্টার নিয়োগ করছি। এই করলে যেন সব হয়ে যাবে। আর "কটেজ ইণ্ডাষ্ট্রী"কে যদি প্রাধান্য দিতে চাইতেন—বলেছেন শতকরা ১৫৲ টাকা আরও বেশী দেওয়া হবে—তা যদি হত তাহলে বলব "রাইটিং প্যাড" হাতে তৈরী কাগজে ছাপা হত। আমাদের মন্ত্রীমহাশয়রা যে সব "প্যাড" ব্যবহার করেন সেগুলি অন্ততঃ হাতে তৈরী কাগজে ছাপা হয় না কেন ? যেখানে লোক খেতে পায় না সেখানে বড় গলাফবলা হয় যে আমরা "কটেজ ইণ্ডাষ্ট্রী"কে প্রাধান্য দিচ্ছি। এই হচ্ছে অবস্থা, সে জন্য আমি বলব রাজ্যপাল মহোদয়কে ভুলভাবে পরিচালিত করা হয়েছে এবং যা বলা হয়েছে তা আংশিক সত্য। যেমন ধরুন, "আন-এমপ্লয়মেণ্ট", এই "ফুড ডিপার্টমেণ্ট"এ তার কোনো উল্লেখ পর্য্যন্ত নেই। আমরা জানি "ফেব্রুয়ারী"র শেষে সেখানে ৪,৮৫০ জন লোক ছাঁটাই হয়ে যাবে, তার মধ্যে ৮০০ জনকে এ পর্য্যন্ত চাকরী দিয়েছেন। আমি জানি সকলকে আশ্বাস দেওয়া হয়েছে তাদের নেওয়া হবে, কিন্তু আজ পর্য্যন্ত মাত্র ৮০০ জনের ব্যবস্থা করেছেন। হাওড়া "মিউনিসিপ্যালিটি"র কথা গত বৎসর রাজ্যপালের ভাষণে ছিল, গত বৎসর কিছু চেষ্টাও সেখানে হয়েছিল, এ বছর তার কোনো উল্লেখও দেখছি না। অন্ততঃ এ কথাটা বলা উচিত ছিল যে গত বৎসর পরিকল্পনা করেছিলাম কিন্তু এ বছর পর্য্যন্ত কিছু করতে পারিনি, আসছে বছর করব। তাহলে বুঝা যেত এদের "পাপার্স"এর "সিন্সিয়ারিটি" আছে। অতএব রাজ্যপালকে প্রশস্তি জানাবার যে প্রস্তাব হয়েছে তার মধ্যে আমি যা যা বলেছি সেগুলি সংযুক্ত করে রাখা হোক।

[11-50—12 noon.]

The Hon'ble Renuka Ray: Mr. Speaker, Sir, as I was listening to the debate on the Governor's speech, I found myself in complete agreement with something that was said by the Leader of the Opposition. He said that the atmosphere in which this debate is going on is unreal. I felt that an incident had taken place which was indeed most incredible. In the whole history of Parliamentary Government or parliamentary rules and canons never has such an incident taken place anywhere. This Constitution that we have given to ourselves is based on certain basic factors. It gives to every individual freedom and only limits it to the extent that it may not turn into licence. It takes for granted certain essential factors and those factors are one by which every man and woman who take oath and enter the legislature are expected to abide. And we saw here an insult to the very Constitution that we have given to ourselves when the person who represents the Government or any Government in power was insulted in this very Chamber. Sir, it is akin to insulting the flag of our nation. Unfortunately, there are people in this country who prefer other people's flags to

their own. I do not know whether it will go home to them if I say that it is like trampling upon the very soul of India. I do not want to labour the point. I only want to say that our essential unity, our sovereign character are threatened by such an insult to our flag, because it is the symbolic representation of the Democratic Republic of India.

তারা "বাই বার্থ অর বাই ম্যারেজ" আসে না। আমাদের দেশে এ সম্বন্ধে বড় উদাব প্রচলন আছে। এরজন্যে আমার মনে হয় এই "লিষ্ট"এর কোনো দরকার নেই। তাছাড়া সবাই "রিলেটিভ্‌"দের নামে দেয় না। আমাদের "রেভেনু মিনিষ্টার" ভাল "সলিসিটর", তিনি জানেন।

The Hon'ble Satyendra Kumar Basu:

"সলিসিটর" নই, "আই প্রটেষ্ট"।

Sj. Bankim Mukherjee:

ভুল হ'ল—"এ্যাড্‌ভোকেট, কাউন্সেল"। তিনি ভাল করে জানেন যখন লোক বেনামী করে খুব কম সময় [illegible] নামে করে, সাধারণতঃ নিজের বাধ্য লোক বা বন্ধুবান্ধবদের নামে করে।

The Hon'ble Satyendra Kumar Basu:

সেখানে বেনামীদার ফাঁকি দেয়।

Sj. Bankim Mukherji:

এ বিষয়ে আপনার জ্ঞান-অভিজ্ঞতা অনেক বেশী। "নো-রিলেশন"এর মধ্যে বেনামী করা হয় প্রচুর তা নিশ্চয়ই জানেন। "সার্ভেণ্ট অর রিটেনার অর এ ফ্রেণ্ড" যেই হোক যদি কোনোও লোককে "ম্যালাফাইডি" বুঝা যায়, তাহলে সেটা "রাইট" করতে হবে।

[4-10—4-20 p.m.]

এই হচ্ছে মোটামাট কথা। তারপর সবচেয়ে যেটা আমার লাগছে—যদিও এই "ষ্টেজ" অদল-বদল করা অত্যন্ত কঠিন, সেটা হচ্ছে এই যে "এভিক্সন" যেটা বাংলার কৃষকদের একটা বড় সমস্যা—সে সম্বন্ধে কোন কিছু শুনতে পেলাম না। নূতন একটা "ক্লজ" যোগ দিতে না পারলে তার সম্পূর্ণ ব্যবস্থা করা সম্ভব নয়। সুতরাং আমি একটা নূতন "ক্লজ"—যেহেতু সেটা "আউট অব অর্ডার" করবেন সেজন্যে সেটা দিইনি। কিন্তু এই বিলে নূতন "ক্লজ" দেওয়া ছাড়া আর কোন উপায় নেই। যারা গরীব যোকা—এরকম বহু লোক পূর্বেই বিক্রী করে বসে আছে—হয়ত বিশেষ লোকসান দিয়ে বিক্রী করে বসে আছে। পাঁচ সাত দশ বিঘা জমিতে যারা খেটে খায়, কুলির মত বা ঐরকম কাজ করে, হয়ত সামান্য "ক্লার্ক" তাঁরা এই আইন সম্বন্ধে অনেক কিছুই জানে না। অবশ্য এদের দোষ দিয়ে লাভ নেই কারণ এখানে এমন অনেক সদস্য আছেন যে আইন পাশ হচ্ছে তার কোথায় কি "প্রভিশন" আছে সেটা ভাল জানা নাই। এমন কি আমাকেও যদি "অফ্‌-হ্যাণ্ড" জিজ্ঞাসা করা হয়, তাহলে এসমস্ত এত "এমেণ্ডমেণ্ট" যোগাযোগের পর কি প্রকৃতরূপ বিলের দাঁড়াল ঠিক বলতে পারব না। বাংলা দেশ জুড়ে একটা বিপুল আশঙ্কা মানুষের মনে হয়েছে এমন কি যারা অল্প জমির "হোল্ডার" তাদের মনেও একটা ভয় এসেছে এটা "ক্যাক্ট" এবং এসম্বন্ধে ছোটখাট বহু "মিডল ওনার্স" জানতে চাইছে তাদের কি হচ্ছে। কত বিঘা জমি থাকলে এই আইনের আওতায় পড়বে না—যেমন ১০০ বিঘা যার জমি "রায়ত, আণ্ডার-রায়ত" এদের ভাবনার কারণ নাই—কিন্তু এসমস্ত বিষয়ে সাধারণ লোকের কোন স্পষ্ট ধারণাই নাই। এমন কি মফঃস্বলে অনেক "বার লাইব্রেরী,

বোঝার লাইব্রেরী"তে এসম্পর্কে কোন স্পষ্ট ধারণা নাই। ("এ ভয়েস": উকিল বাবুরা যত গোলমাল করেন।) না, ওদের শুধু দোষ দিলে চলবে কেন? গতবারের "এসেম্বলী প্রসিডিংস্, সর্ট নোটিশ এমেণ্ডমেণ্ট" প্রভৃতি সব কিছু না দেখে কেউ কিছু ভাল করে বলতে পারে না। তারপরে কংগ্রেস পার্টি থেকে এই যে বিপুল প্রচার হচ্ছে যে এতবড় যুগান্তকারী ব্যাপার হচ্ছে, জমিদারী প্রথা বিলোপ করে দিয়ে, এই প্রচারের ফলেই লোকের মধ্যে যত বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। আসলে কিছুই তো হচ্ছে না—"ইণ্ডিভিজুয়াল" থেকে জমি নিয়ে খাসমহল করছেন। এছাড়া বাস্তবিক আর কিছু হয়নি। কিন্তু প্রচার এত তীব্র চলেছে তার ফলে সমস্ত লোকের মধ্যে বিশেষত: অল্প জমির মালিকদের মনে আতঙ্কের সৃষ্টি হয়েছে। যারা বড় বড় জমিদার জোতদার তারা উকীল, ব্যারিষ্টারদের কাছে পরামর্শ নিয়েই কাজ করেছে কাজেই তারা ভুল করেনি। কিন্তু ভুল করেছে সাধারণ লোক। মিছামিছি ধারণা সৃষ্টি হয়েছে যে বর্গাদার এবং ভাগচাষীদের উচ্ছেদ করা হচ্ছে।

(The Hon'ble SATYENDRA KUMAR BASU:

একটা "প্যাম্পলেট" বেরিয়েছে—এক মণ চা'ল এনে দিলে সব বন্ধ হয়ে যাবে।) ("লাফ্‌টার"।)

Mr. Speaker:

আপনি কোন্‌ "এমেণ্ডমেণ্ট"এর ওপর বলছেন?

Sj. Bankim Mukherji:

আমি "লাষ্ট এমেণ্ডমেণ্ট"এর উপর বলছি। সুতরাং যেগুলি ক্রয় বিক্রয় হয়ে গেছে তার কি করা যায়? কাজেই আমি বলি এইভাবে যে সমস্ত "ম্যালাফাইডি ট্রানজেক্সন" হয়েছে যে সমস্ত জায়গায় "আণ্ডার ডারেস"এ যে সমস্ত "ট্রান্সফার" হয়েছে সেগুলি যদি ফিরে পেতে চায় তাহলে তা যেন হয়।

তারপর এর আগে বরাবরই অনুরোধ করেছিলাম একটা "অর্ডিন্যান্স" করবার জন্য—যাতে যে কোন "প্রসেস"এ এরকম "এভিক্সন" হয় সে সমস্ত যেন রুখবার ব্যবস্থা হয়।

এটা আপনারা সকলেই জানেন বাংলা দেশে সব সময় জমিদারের কাছে কৃষকদের দেয় খাজনা ২।৩ বছর পড়েই থাকে। ২।৩ বছর পরে হয়ত এক বছরের খাজনা দেওয়া হয়। এভাবে প্রায় সব সময় এক বছরের খাজনা "এরিয়ার" থেকেই যায়। সুতরাং তার জন্য যদি জমি দখল করতে হয় তাহলে জমিদারকে "কোর্ট"এ নালিশ করতে হয়। তারপর বহু জমিদার আছেন যাদের প্রজা পুরাপুরি খাজনাও দেয় না এবং দাখিলাও পায় না এবং এই না দেওয়ার জন্য সব সময় আইনগতভাবে বাঁচবারও উপায় নাই। যেমন এখানে কলকাতায় "রেণ্ট কণ্ট্রোল" থাকা সত্ত্বেও বহু গৃহস্থ বাড়ীওয়ালা আছেন যারা দুমাসে একবার ভাড়া নিতে আসে। এমন অভ্যাস বহু বাড়ীওয়ালার থাকে। কিন্তু যখন উচ্ছেদ করবার প্রয়োজন হবে তখন তিনি তা করবেনই। কাজেই অশিক্ষিত বহু কৃষক আছে যাদের দাখিলা না দিয়ে "নোটিশ" করে তাদের জমি দখল করে নিচ্ছে কারণ বহু জমিদার আছে, যাদের খাস জমি নেই। অথচ এদের জমি উচ্ছেদ করার জমিদারের অধিকার নাই। এরকম হাজার হাজার লক্ষ লক্ষ জমি থেকে উচ্ছেদ হচ্ছে। প্রত্যেকটি যদি ভাগচাষ বোর্ডকে ট্রাই করতে হয় তবে মুস্কিল। এই যে ভাগচাষী উচ্ছেদ সব চেয়ে বড় "প্রব্লেম" এবং এই উচ্ছেদটা বেশীর ভাগ হচ্ছে যারা গরীব সেই "লোয়ার গ্রুপ অব ওনার্স"। জানি গভর্ণমেণ্ট এগুলি স্বীকার করবেন না কিন্তু যদি ভাল করে এ জিনিষটা বিবেচনা করেন তাহলে বহু লোক বেঁচে যাবে, দেশে শান্তি ফিরে আসবে এবং সঙ্গে সঙ্গে জমি "একুইজিশন"এর যে "প্রসেস" সেটা চালু হতে পারবে। সুতরাং আমি বলি আজকে "ভোটিং" না করে আপনারা এই "এমেণ্ডমেণ্ট"গুলি সম্বন্ধে বিবেচনা করুন। আর যদি ধরে নিয়ে থাকেন ওদের হচ্ছে "মনোপলি অব উইস্‌ডম্‌", সমস্ত জ্ঞান ও বুদ্ধি তারই, তাহলে যা ইচ্ছা হয় তাই করুন আপত্তি নাই। কিন্তু সত্যসত্যই যদি পরামর্শ ক'রে করতে চান তাহলে ধীর স্থিরভাবে চিন্তা করুন, আলাপ আলোচনা করুন অন্তত: আজ না করে কালও করতে পারবেন এটাই আমার মাননীয় "রেভেন্যু মিনিষ্টার" মহাশয়ের কাছে আবেদন।

[4-20—4-30 p.m.]

Sj. Benoy Krishna Chowdhury:

আমার এমেণ্ডমেণ্টটা অত্যন্ত ছোট। এ সম্পর্কে মাননীয় সদস্য বঙ্কিম মুখার্জী বলেছেন যে প্রায় ৮০ লক্ষ জমির মালিক আছে। এই ৮০ লক্ষ মালিক কে কিভাবে জমি "ট্রান্সফার" করছে এবং তাতে কোনটা "ম্যালাফাইডি" আর কোনটা "বোনাফাইডি" এটা সরকারের বুঝে ব্যবস্থা করা সম্ভব নয়। সেইজন্য জনসাধারণের যদি এই অধিকারটুকু থাকে যে তাঁরা এ সম্পর্কে যদি কোন কিছু জানাতে পারেন সেই "ইনফর্মেশন" সরকারের

[Sj. Benoy Krishna Chowdhury.]

কাছে পাঠাতে পারেন তাহলে সরকার সেই "ইন্‌ফর্মেশনের" উপর ভিত্তি কোরে তদন্ত করবার জন্য হুকুম দিতে পারেন। তাহলে এই ধরণের বহু জিনিস সরকারের গোচরে আসতে পারে, নইলে বহু ব্যাপার সরকারের গোচরে আসবে না এবং অনেক উপযুক্ত ক্ষেত্রেও ব্যবস্থা হবে না।

এই প্রসঙ্গে আরও বলতে চাই যে এই এমেণ্ডমেণ্ট দ্বারা শুধুমাত্র বিভিন্ন নামে যে "ট্রান্সফার" কোরে রাখা হচ্ছে সে সম্বন্ধে বিহিত হবার চেষ্টা হতে পারে, কিন্তু আসলে যে সমস্যা এসেছে অর্থাৎ ব্যাপক উচ্ছেদের সমস্যা তার কোন বিহিত হচ্ছে না। এমন কি মাননীয় রাজস্ব মন্ত্রীমহাশয় বলেছেন যে সার্কুলার তিনি দিয়েছেন ১১ই ফেব্রুয়ারী তারিখে, তার দ্বারা এর সম্পূর্ণ ব্যবস্থা হয়েছে, তা মোটেই হয়নি। বর্গাদার এ্যাক্টটা তারপরে আমি খুব ভালভাবে পড়ে দেখেছি, তাতে স্পষ্ট আছে—"যে মালিক যে জমি ভাগে দেন যদি তিনি দরকার মনে করেন নিজে চাষ করবেন তাহলে তা নিতে পারবেন। এ বিষয়ে একটা চিঠি আমি পড়ে শোনাচ্ছি।

"শ্রীকৃষ্ণ চন্দ্র মাল,

সাং নাওদা, থানা শ্যামপুর, জেলা হাওড়া।

এতদ্দ্বারা তোমাকে জানান যায় যে তুমি নিম্ন-স্বাক্ষরকারীর অধীনে নাওদা গ্রামের যে সমুদয় জমি ১৩৬০ সালে ভাগে চাষ করিয়াছ তাহা নিম্ন-স্বাক্ষরকারী ১৩৬১ সালের বৈশাখ হইতে নিজ লাঙ্গলে চাষ আবাদ করিবে। অতএব তোমাকে এই নোটিশ দ্বারা জানান যাইতেছে যে তুমি উক্ত জমি ১৩৬০ সালের চৈত্র মাহায় নিম্ন-স্বাক্ষরকারীকে দখল ছাড়িয়া দিবে, নতুবা আইন আমলে আসিবে। ইতি ১১ই অগ্রহায়ণ—১৩৬০ সাল।"

এতে তাকেই উল্টো আইন দেখাচ্ছে এই সম্পর্কে। এই রকম বহু ব্যাপার হচ্ছে।

এখন মূল বিলের ৫১ ধারায় যেটা রয়েছে সেই ৫১ ধারার একটা এমেণ্ডমেণ্ট আনা উচিত ছিল। সেই ৫১ ধারায় স্পষ্ট আছে—"অন দি ডেট্ অব ভেষ্টিং";

তাহলে "ডেট অব ভেষ্টিং"এর আগে যদি বর্গা থেকে উঠিয়ে দেওয়া হয় তাহলে কিছুই করা যেতে পারে না। গভর্ণরের বক্তৃতার উপর আমার বক্তব্যের সময় বলেছি "চ্যাপ্টার" ৬এর ৫১ ধারায় স্পষ্ট রয়েছে যদি কোন জোতদার তার ৫০ হাজার বিঘা জমি থাকে এবং "ডেট অব ভেষ্টিং"এর আগে সেই ৫০ হাজার বিঘার সমস্ত ভাগচাষী উচ্ছেদ করতে পারে, তাহলে মালিকের এক ছটাক জমিও সরকার নিতে পারবে না। সেইজন্য যদি ৫১ ধারাটা এমেণ্ড না করা হয় তাহলে কিছুই হবে না। বর্ত্তমানে যে এমেণ্ডমেণ্ট আনা হয়েছে তার উদ্দেশ্য অত্যন্ত স্পষ্ট। সেটা হচ্ছে যে পৃথক পৃথক নামে জমি রেখে বেশী "কম্পেন্সেশন" আদায় করার যে চেষ্টা হচ্ছে তারই বিরুদ্ধে এই ব্যবস্থা। এখানে ওরা যে তথ্য দিয়েছেন তাতে দেখা যায় ৪ লক্ষ একর জমি জমিদারদের খাসে আছে। আর অন্য "ইণ্টারমিডিয়ারী"র হাতে ১৩ লক্ষ একর জমি আছে। অর্থাৎ ৩ গুণ বেশী জমি। এতে বর্গাদারদের উচ্ছেদ কোরে দিলে আদৌ তাদের গায়ে হাত দেওয়া যাবে না। এটা স্পষ্ট নির্দ্দেশ এই ৫১ ধারার। যদি জমিদারদের উচ্ছেদ কোরে দেয় তাহলে কি কোরে তাদের রক্ষা করা যাবে। বর্গাদারের বর্গা এ্যাক্ট দ্বারা "প্রটেক্সন" কিছুতেই হতে পারে না। আপনারা যেটা আনছেন সেটা আমরাও চাই অর্থাৎ ট্রান্সফার বন্ধ করতে হবে। যে সংশোধন এনেছেন তাতে প্রধানতঃ "ম্যালাফাইডি" না "বোনাফাইডি" সেইটাই প্রধান বিবেচ্য বিষয়। যারা এই "ট্রান্‌জ্যাক্সন" করতে যাচ্ছে তারা উকীলের পরামর্শ নিয়ে ফাঁক খুঁজে কাজ করছে; সেক্ষেত্রে এখন বিশেষ প্রয়োজন স্থানীয় লোকেরা যারা বিষয়টা জানে এই রকম ধরণের লোকে কতটা "ইন্‌ফর্মেশন" দিতে পারবে বা সে সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করবার অধিকারও থাকা দরকার। তাহলে অনেক জিনিস কোর্টের কাছে উপস্থিত করতে পারা যাবে। আপনারা যদি এই এমেণ্ডমেণ্ট দ্বারা সারা বাংলা-ব্যাপী—ওয়েষ্ট বেঙ্গল এষ্টেট একুইজিশন হওয়ার পরে অবস্থা অনুকূলে হবে মনে করেন তাহলে জানাতে চাই যে আজ পর্য্যন্ত ৩০ লক্ষ ভাগচাষী জমি পায়নি। আপনাদের ১১ই তারিখের সার্কুলারের পরেও আমি বিভিন্ন জায়গায় গিয়েছি এবং দেখেছি তার দ্বারা কোন সমস্যার সমাধান হয়নি। বিশেষ কোরে যেখানে "রেকর্ড অব রাইটস" হচ্ছে, সেখানে "রেকর্ড অব রাইটস" হলে পর কি হবে এই বিষয়ে জমির মালিকদের মনে উদ্বেগ রয়েছে।

আমার আর সময় নাই, কাজেই শেষ করতে হচ্চে। এই আইনের অনেক কিছু সুস্পষ্ট হওয়া উচিত ছিল। এতে কেবল কতকগুলি ধরণের ট্রান্সফার বন্ধ করা হচ্চে। কিন্তু মূল যে সমস্যা যা বাংলার ভাগচাষীর সামনে এসেছে যে ১০০ বিঘার কম জমি যাদের এবং যাদের অন্য উপায় নাই তাদের তা ভাগ দিতেই হবে। সে সম্বন্ধে এই এমেণ্ডমেণ্টে কোন ব্যবস্থাই হচ্ছে না।

Sj. Janardan Sahu:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এই এসেম্বলী হাউসের প্রত্যেক সদস্যের এবং বাংলা দেশের প্রত্যেক লোকের একটা দৃঢ় ধারণা আছে যে আমাদের কাজটা যেন ভারতবর্ষের মধ্যে আদর্শ হয়। আমাদের এই পশ্চিমবাংলা ষ্টেট্ এটা যেন একটা আদর্শ ষ্টেট্ হয় ইহা আমরা সকলেই চাই। সেই রকম দেশের লোকের সকলকারই বিশ্বাস আছে যে হাইকোর্টের কাছ থেকে ন্যায় বিচার পাওয়া যায়। যদি কোন কারণে হাইকোর্ট থেকে বিচারে খারাপ ফলও হয় তবে লোকের আর কিছু বলার থাকে না। সেইজন্য আমার মনে হয় হাই-কোর্ট পর্য্যন্ত আপীলের কেস্গুলি যেতে দেওয়া ভাল। তাহলে কারো আর কিছু অভিযোগ করবার থাকে না, সকলেই সন্তুষ্ট হবে।

তারপরে আমার আর একটা কথা হচেচ—কেউ যদি কোন জমি এখন কোন সৎ প্রতিষ্ঠানে দিয়ে থাকে, তবেও সে বিষয় বিশেষ বিবেচনাযোগ্য। যদিও অনেক দিন পূর্ব্বে কোন জমিদারের মনে প্রবৃত্তি হয়েছিল যে একটা ভাল স্কুল বা আদর্শ হাসপাতাল প্রভৃতি তৈরী করবেন কিন্তু নানা কারণে পেরে উঠেন নাই, এখন তিনি সেটা করতে চান কিন্তু এই আইন হওয়ার দরুণ পারছেন না। সেই-জন্য আমার বক্তব্য হচেচ একটা সৎ প্রতিষ্ঠানে যদি জমি কেউ দেন তাহলে সেটা তিনি দিতে পারবেন। এই জমি যেন তাঁহার নিজস্ব ৩৩ একর জমি হইতে বাদ না যায়। জমি দশজনের মধ্যে বিলি করে যে কাজ না হবে একটা সৎ প্রতিষ্ঠানে জমি দিয়ে সেই প্রতিষ্ঠান গড়ে তুলে তার চেয়ে ঢের বেশী কাজ হবে। এবং এরকম ব্যাপার হাইকোর্টের বিবেচনার উপর ছেড়ে দিলে আর কোন আপত্তি থাকতে পারে না। হাইকোর্টের উপরই সেটার নিষ্পত্তি নির্ভর করবে। জমি যখন গভর্ণমেণ্টের হাতে আসছে আইনের আওতায়, তখন আর কোন লোকের ক্ষমতা থাকবে না যে জমির আয় থেকে কোন সৎ প্রতিষ্ঠান চালাতে পারে। সেইজন্য আমার মনে হয় হাইকোর্টেরই এটাতে শেষ বলার অধিকার থাকা ভাল। আমার সর্ব্ব-শেষ বক্তব্য হচেচ এই যে আমাদের পশ্চিমবাংলার এই যে ষ্টেট্ একুইজিশন অফ্ ল্যাণ্ড এটা ভারতবর্ষের মধ্যে আদর্শ হবে এই আমি আশা করি।

[4-30—4-40 p.m.]

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, সংস্কৃতে একটা পদ আছে "ছুরে পশ্যন্তি বর্বরাঃ।" পশ্চিমবঙ্গ সরকার সম্বন্ধেও সেই কথা বলা যেতে পারে। তাঁরা সবই করেন কিন্তু বড় বিলম্বে করেন। অনেক জল ঘোলা করে করেন। শিক্ষক আন্দোলনে সেটা ভাল করেই দেখেছি। সেই ত মীমাংসা হয়ে গেল, মাঝখানে কতকগুলো নিরীহ লোকের প্রাণ গেল। এক্ষেত্রেও সেই অবস্থা। এই আইনগুলো যখন করা হচ্ছে তখন যে সমস্ত ট্রানসফার হয়েছে তার জন্য লক্ষ লক্ষ টাকার ষ্ট্যাম্প বিক্রী হয়েছে এবং রেজিষ্ট্রেশন খরচ হয়েছে। সেটা ভাল হউক বা মন্দ হউক, সেটা "ম্যালাফাইডি" হউক বা "বোনাফাইডি" হউক সেইটাই কেবল বিচার্য্য বস্তু নয়; কিন্তু এইভে এই রকম ভাবে কতগুলি অপব্যয় হ'লো এর জন্য দায়ী কে? এই সরকারের অপরিণামদর্শিতা এবং অদূরদর্শিতাই এর জন্য দায়ী, এবং এর ফলে জনসাধারণ সরকারের বিরাগভাজন হন এবং সরকার পক্ষের উপর তাদের কোন শ্রদ্ধা থাকে না। এগুলি চিন্তা করার প্রয়োজন ছিল; এখনও উপায় আছে। যে ক্ষতি করবার তা তাঁরা করেছেন। দু-একটা জিনিষ যদি তাঁরা গ্রহণ করেন তাহলে ক্ষতির হাত থেকে দেশকে রক্ষা করা যায়, এবং তাঁরা অনেকটা ধন্যবাদার্হ হবেন ব'লে আমি মনে করি। প্রথম, এই যে "প্রপোজড সেকশন" ৫এ (ক্লজ ২)এ যে "প্রভিসো" দিয়েছেন, প্রথম দেখেছি যে এতে কতকগুলি জিনিষ বলা হ'য়ে গেছে যে, এই এই ক্ষেত্রে,

"we shall be presumed not *bona fide*"—

ভাল কথা। ধরে নিলাম ঠিক তার 'করোলারি হিসাবে যদি বলা হ'তো যে, সেগুলি 'বোনাফাইডি' নয়, বাকিগুলি সমস্ত 'বোনাফাইডি'; কারণ কোন্ কোন্ ক্ষেত্রে সেই 'ইণ্টারিম অসিফার' 'বোনাফাইডি' নয় তার একটা 'ডেফিনিশন' দিয়েছেন "প্রিজিয়ুম্ টু বি নট বোনাফাইডি"। তাদের বাদ দিয়ে বাকি সমস্ত 'ডকুমেণ্ট' যদি 'বোনাফাইডি' ব'লে ধরা হ'তো তা হ'লে অনেকটা সুবিধা হ'তো। তাও করা হয়নি। দ্বিতীয়তঃ এই 'ক্লজ টু'এ '৫'এর 'ক্লজ টু'এ বলেছেন যে—

"provided subject to such cancellation nothing in the sub-section shall be deemed to affect any right which the transferor or the transferee may otherwise have against each other".

এর "ইণ্টারপ্রিটেশন"এ আমি অন্ততঃ এই অর্থ বুঝেছি: যদি টাকা আদান প্রদান হ'য়ে থাকে তাহলে এর "ইমপ্লায়েড" মানে হয়, কিন্তু "এক্স-প্রেসড" কিছু নেই। তার "ইমপ্লায়েড" মানে যা দাঁড়ায় তাতে বলতে চাওয়া হচ্ছে এই কথা যে টাকার আদান প্রদান পরস্পরের মধ্যে যদি হ'য়ে

[Sj. Rakhahari Chatterjee.]

থাকে সে সম্বন্ধে কারো যদি কোন বক্তব্য থাকে সে "রাইট য়্যাফেক্টেড" হবে না, তার ব্যবস্থা হ'তে পারে। কিন্তু কি ব্যবস্থা হবে? যদি এই আইন হয়, তাঁর দলিলটাকে যখন নাকচ ক'রে দিল এবং দলিলের টাকা দিয়ে যে জমিটা তিনি চেয়েছেন তার থেকে তো "ডিপ্রাইভড" হ'য়ে গেল। এরপরে বাকি তাঁর যে "রাইট" তার সম্বন্ধে তিনি এবার "সিভিল কোর্ট" ক'রে ঘুরে মরুন, অথবা যে ব্যবস্থা করতে পারেন করুন। এ কি রকমের কাণ্ড? সঙ্গে সঙ্গে যদি এই বিধান থাকত যে, যদি দেখা যায় যে বাস্তবিক "বোনাফাইডি" নয়, কিন্তু "ট্রান্সফার" হ'য়েছে এবং "ফর দ্যাট ভিউ কন্সিডারেসন মানি" দেওয়া হ'য়েছে, তাহ'লে সঙ্গে সঙ্গে এ বিধানও থাকা উচিত, সেই টাকার যদি "সাফিশিয়েণ্ট প্রুফ" থাকে এবং "বোনাফাইডি" প্রমাণিত হয়, যদি "জেনুইন" প্রমাণ থাকে যে টাকা আদান প্রদান হ'য়েছিল, তাহ'লে সেই বিচারের ভার থাকবে অফিসারের উপর। তিনি কোন্ দলিলটা "বোনাফাইডি" আর কোন্টা নয়, সেটা নির্দ্ধারণ করবেন, এবং সেক্ষেত্রে "বোনাফাইড" দলিলও অনেক ক্ষেত্রে "ম্যালাফাইডি" প্রমাণিত বা সেইরকম "ডিক্লেয়ার্ড" হ'তে পারে। সেক্ষেত্রে যে টাকা আদান-প্রদান হ'য়েছে আমি সেজন্য আমার "এমেণ্ডমেণ্ট মোশন"এ এই কথা বলেছিলাম—

"provided further that the transferor shall be liable to reimburse the consideration money of the transfer to the transferee":

তাতে ক'রে এই অফিসার তার টাকা "পেমেণ্ট" করার বন্দোবস্ত করতে পারে, সেই ব্যবস্থা যদি করেন তাহলে অনেকটা গোলমাল এবং "ট্রাবল" থেকে আমরা রক্ষা পাব।

আর একটা "এমেণ্ডমেণ্ট" হচ্ছে এই এবং সেটা আমি মনে করি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আমি আশা করি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের একটু গভীর মনোযোগ দেবার আবশ্যকতা আছে; অবশ্য দেবেন কিনা তা তাঁর উপর নির্ভর করে। তবু একথা ঠিক যখন প্রথমে "এষ্টেটস্ য়্যাকুইজিসন বিল" আইনে পরিণত হ'য়ে এই এসেম্বলীতে পাশ হ'য়ে যায় এবং তা যখন প্রচারিত হয়, তখন এ বিষয়ে যারা স্বার্থসংশ্লিষ্ট তারা জানতে চায় "প্রেজেণ্ট সেট আপ"এ তাদের অবস্থা কি হবে। কারণ একথা তারা নিশ্চয় মনে করেছিল যে, ৭৫ বিঘা পর্য্যন্ত খাস জমি যারা "ইণ্টারমিডিয়ারী টেনিওর হোল্ডার" থাদের তারা রাখতে পারবে, এবং যারা রায়ত তারা ৩৩ বিঘা পর্য্যন্ত রাখতে পারবে। এ শুধু একটা ধারণা নয়; এই আইন হ'লে যদি ৭৫ বিঘা পর্য্যন্ত খাস জমি রাখা যায় তাহলে যে কোন লোক মনে করতে পারে যে তার যে জমি আছে তার মধ্যে ৭৫ বিঘা নিজে রেখে বাকি জমি বিক্রী করতে পারবে। ধরা যাক, একজনের ১৫০ বিঘা জমি আছে; সে ৭৫ বিঘা রেখেছে, আর বাকি ৭৫ বিঘা বিক্রী ক'রে দিয়েছে। যে আইন করা হয়েছে তার ক্লজ ৬(২)তে বলা হ'য়েছে—

"If any such land or any part thereof is retained by the transferee under the provisions of this Chapter, such land or such part thereof may be taken into account in calculating the land which may be retained by the transferor under this Chapter as if such land or such part thereof had never been transferred and were retained by the transferor or chosen by him as land to be retained by him."

এর কোন বাধা নেই। তিনি ৭৫ বিঘা বিক্রী ক'রে দিয়েছেন, যে ৭৫ বিঘা বিক্রী করেছেন সেটা, আমি মনে করি, তাঁর চ'লে গেল। আর যে ৭৫ বিঘা তিনি "রিটেন" করবেন তাতে তাঁর অধিকার রহিল না এই যে "ডিফেক্ট" রয়েছে এটা সর্বনাশের কথা। খাঁচার মধ্যে যেমন বিড়াল বা ইঁদুর ধরা হয় এরা যেন তেমনি ধরা পড়েছেন এবং এর ফলে সর্বনাশ হবে, একথা আপনাদের চিন্তা ক'রে দেখা আমি প্রয়োজন মনে করি। সেইজন্য আমার "এমেণ্ডমেণ্ট" হচ্ছে এই যে, ৭৫ বিঘা পর্য্যন্ত যে "হাইয়েষ্ট লিমিট" তা বাদে যে জমি তাঁরা বিক্রী করবেন, তার মূল্য "কম্পেনসেসন" স্বরূপ যে টাকা তাঁরা পাবেন সেই টাকা থেকে যেন বাদ দেওয়া হয়।

It should be deducted from the amount.

তাই যদি হয় তাহলে সেজন্য আমার "এমেণ্ডমেণ্ট" হচ্ছে "এমেণ্ডমেণ্ট নম্বর ১৭—

"In clause 2, in the proposed section 5A(*3*)(*ii*), lines 3 to 9, for the words beginning with "such land or such part" and ending with "to be retained by him" the words "such amount of consideration money taken by the transferor may be taken into account in calculating the compensation payable to him and that amount may be deducted from compensation" be substituted.

এ যদি না করেন তাহ'লে অত্যন্ত ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। এ বিষয়ে চিন্তা করবার প্রয়োজন

আছে এবং আমি মনে করি গভীরভাবে চিন্তা করলে এর যে সত্যই গুরুত্ব আছে তা তাঁরা বুঝতে পারবেন। আরেকটা কথা এই যে আমি যে "এমেণ্ডমেণ্ট" এনেছি তার প্রয়োজন আছে বলে মনে করি। কিন্তু সরকার পক্ষ নিজেই যখন একটা "এমেণ্ডমেণ্ট" এনেছেন তখন সেটা নিশ্চয়ই মন্ত্রীমহাশয় গ্রহণ করবেন। করুন, তাতে আমার কোন আপত্তি নাই। আমি পুনঃ পুনঃ বলছি তিনি নিজেও ব্যবহারজীবী। কাজেই এর গুরুত্ব উপলব্ধি করতে পারবেন। তিনি একটু বিবেচনা ক'রে দেখুন এবং "এমেণ্ডমেণ্ট"টা গ্রহণ করুন।

Sj. Madan Mohan Khan:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি আইন মন্ত্রীমহাশয়কে বলছি যে এই বিলে যে বলা হয়েছে যেসমস্ত জমির মালিক বা জমিদার তাদের জমি ও সম্পত্তি অন্য লোককে বন্দোবস্ত করে দিয়েছেন এবং যখন উপরোক্ত জমি বিক্রয় বেআইনি বলে প্রমাণ হবে, তখন তারা যে সমস্ত টাকা পয়সা খরচ করেছে তা ফেরৎ পাবার উপায় এই বিলের আওতার মধ্যে নাই। সুতরাং এই উপায়ের জন্য আমি অনুরোধ করছি যে কলেক্টারের কাছে দরখাস্ত করলেই যখন জমিদারের খেসারত দেওয়া হবে তখন উপরোক্ত ক্রেতাদের সমস্ত টাকা জমিদারের টাকা হইতে কেটে নিয়ে এদের দেবার একটা ব্যবস্থা করা হোক। অথবা যে আইনমতে বিক্রয় জমিগুলি ক্রেতাদের বন্দোবস্ত করা হয় তাহার আইনমত ব্যবস্থা করা হোক।

আর একটা কথা বলছি যে যে সমস্ত জমিদার অন্যায়ভাবে তাহাদের বাড়তি নিষ্কর জমি গরীব কৃষকদের মধ্যে বিক্রয় করিয়া আমাদের সরকারকে ও ভূমিহীন কৃষকদের ফাঁকি দিচেছ সেই ফাঁকি যাতে না দিতে পারেন তার জন্য একটা সিদ্ধান্ত করা হোক যে, যাতে তাহারা ফৌজদারী আইনমতে দণ্ডনীয় হতে পারে তার ব্যবস্থা করা হোক।

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, the intention of this Bill is certainly "bona fide", and therefore the main principle of the Bill will be supported. The main intention of this Bill is, as I understand it, Sir, that under no circumstances a man should by a crooked action or fraud be allowed to retain more than what has been settled to be, or fixed to be his maximum retainable land under the provisions of the Estates Acquisition Act. Certainly, Sir, a man can by entering into many fraudulent transactions, crooked transactions, "benami" transactions, fictitious transactions straightway keep 75 bighas of agricultural land as an intermediary, and by making an effective "benami" transaction in favour of a near and dear one or one of his "karmacharis" he can also retain another 75 bighas of land or other substantial quantities of land. But this should not be allowed to be done. Therefore as regards "mala fide" transactions, transactions which are not genuine, whereby even after the execution of a deed of transfer an ostensible transferor can retain the property which he has sold or transferred to an ostensible transferee, such transfers should not be countenanced.

[4-40—4-50 p.m.]

This is a very good principle of law. There has been given a directive in the Act itself, I mean in sub-clause (2) of clause 6, that certain transfers should be presumed to be "mala fide". I must submit that this is not proper because this is illegal and opposed to all canons of justice and fairplay, because the law is that the apparent state of things should be presumed to be the real state of things. But the law has been changed and a contrary directive has been sought to be given to the enquiry officer, and it has been definitely laid down that in cases of some particular transfers it has got to be presumed that such transfers are not "bona fide"; on the other hand, such transfers are "mala fide". This should not be there. The matter should be decided by the enquiring officer or the judge as the case may be on the basis of accepted principles of law, accepted presumptions, and therefore his hand should not be fettered in any way. There are many cases in which transfers in favour of a wife or in favour of a husband may be genuine or "bona fide". In certain circumstances a husband can transfer or grant certain lands to his wife in order to safeguard her interest, in order to see that she may have

[Sj. Tarapada Bandopadhyay.]

her maintenance after his death or even during his life-time because he may apprehend that his recalcitrant son or rebellious son may not do his duty towards his mother. So there may be perfectly legitimate and "bona fide" transfer by a husband in favour of a wife or by the father in favour of his daughter. It also happens in many cases that really an indigent father, when he has got to transfer some land to somebody, may find his daughter in a position to purchase it, he sells the property to his daughter by taking full consideration money. His satisfaction is that he was going to sell his property but since his daughter was in a position to buy it he sells the property to her. It should be sold to her in preference to others. It cannot be said that all past transfers in favour of a wife or a husband or a daughter should be "mala fide" or should be presumed to be "mala fide". This is a bad principle. Therefore, I have proposed that this directive portion—this sub-clause (2) of clause 6 should be omitted. It should not be retained there.

Now, as my friend Shri Rakhahari Chatterji said, under like circumstances and on the self-same ground, I propose that sub-clause (*ii*) of clause 3 of the proposed new section 5A should be omitted. If this is retained, then some penalty is going to visit a transferor even when the transfer is held to be "bona fide". This is a very bad principle of law, because here it is said "if any such land or any part thereof is retained by the transferee under the provisions of this Chapter, such land or such part thereof may be taken into account in calculating the land which may be retained by the transferor under this Chapter as if such land or such part thereof had never been transferred and were retained by the transferor or chosen by him as land to be retained by him". There is obviously a fallacy of logic, a fallacy in the reasoning. In one breath it is being stated that the transfer is "bona fide" and the transferee is to retain it. So if the transfer is "bona fide" it will be retained. In the next breath it is said for the purpose of considering the maximum retainable by the transferor this land also should be taken into consideration, and this land should be taken as not having been transferred and still being in the possession of the transferor. There is an anomaly; there is a contradiction; there is a paradox. Therefore this provision should not be there. As my friend pointed out very rightly when under the existing law he sold property under some stress of circumstances—under dire need—his daughter was to be married perhaps and therefore he had got to procure some money; at that time he had a hundred bighas of land, he knew then that his maximum retainable land under any circumstances—when the Land Acquisition Act would come into operation—would be 75 bighas; therefore under pressure of circumstances at that time in order to procure money in an exigency he sold 25 bighas and the enquiry officer holds that the transfer was "bona fide" and the transferee should retain possession of the 25 bighas. Then what is the reason that at the time when the transferor's maximum retainable land is considered, this 25 bighas must be deducted from 75 bighas and in the bargain at the end he would be allowed to retain only 50 bighas? That is very bad. He should not be punished for a "bona fide" transaction. Therefore, I have proposed that this clause 2 also should be omitted because it is opposed to all principles of legislation and justice, equity and good conscience. In that way this Government, to solve the economic problem of this country by suitably disposing of the surplus land, are taking recourse to means foul and fair, legal as well as illegal, but I should advise them not to take recourse to foul or illegal means. They should not go against the accepted canons of law.

I had another amendment but that has lost significance, my friend

Shri Debendra Chandra Dey having moved an amendment on the self-same subject. Therefore, I do not press it.

Sj. Rameswar Panda:

মাননীয় স্পীকার মহোদয়, আমার "ফার্ষ্ট এমেণ্ডমেণ্ট" অধিকার সম্বন্ধে। এই যে এখানে আছে—

"The State Government may delegate all or any of its powers under this section to such officers in its service as it may deem fit."

সেখানে আমি বলেছি "সাচ অফিসার্স"এর জায়গায় "নট বিলো দি র‌্যাঙ্ক অব এ মুন্সিফ" যুক্ত হোক, নানা রকম অফিসাররা আছেন—"জুডিসিয়াল এক্সিকিউটিভ"। কিন্তু এটা "জুডিসিয়াল অফিসার"দের কাছে যাওয়া উচিৎ। কারণ এতে নানারকম "নাইসেটি অব ল" আছে, "রেকর্ডিং অব ডেপোজিসন" আছে যা "জুডিসিয়াল" অফিসার হলে ভাল হয় এবং "নট বিলো দি র‌্যাঙ্ক অব এ মুন্সিফ"। তাহলে "ইম্পার্সিয়ালি এণ্ড ল'ফুলি জাষ্টিস ক্যারেড আউট" হবে। সেজন্যই আমার এই "এমেণ্ডমেণ্ট" দিয়েছি।

আমার "নেক্সট এমেণ্ডমেণ্ট এপিল" সম্বন্ধে শ্রদ্ধেয় জ্ঞানবাবু বলেছেন যে এখানে "হাই কোর্ট"এর কোনো ব্যবস্থা নেই। অধিকাংশ ক্ষেত্রে লোকে এই যে "হাইয়েষ্ট ট্রাইবুন্যাল অব্ দি ল্যাণ্ড" তা থেকে "ডিপ্রাইভড্" হয়। যাতে প্রয়োজনমত সকলের পক্ষে "হাই কোর্ট" পর্য্যন্ত যাওয়া সম্ভব হয় তার সুবিধা দেওয়া দরকার।

[4-50—5 p.m.]

আমার "নেক্সট এমেণ্ডমেণ্ট" হচ্ছে "এপিল" সম্বন্ধে। এই "এপিল" সম্বন্ধে আমাদের শ্রদ্ধেয় জ্ঞানবাবুও বলে গিয়েছেন এবং আমাদের "চীফ হুইপ" মহাশয়ও কংগ্রেস পক্ষ থেকে একটা "এমেণ্ডমেণ্ট" এনেছেন। কিন্তু তাতে "হাইকোর্ট"এ "এপিল"এর ব্যবস্থা নেই। "হাই কোর্ট" হচ্ছে "হাইয়েষ্ট ট্রাইবুন্যাল অব দি ল্যাণ্ড"। সেই জন্য "হাই কোর্ট"এ যাতে "এপিল" করা যায় সেই রকম একটা "রাইট" দেওয়া দরকার।

Mr. Speaker:

ঠিক, "নেক্সট এমেণ্ডমেণ্ট" সম্বন্ধে বলুন।

Sj. Rameswar Panda:

আমার "নেক্সট এমেণ্ডমেণ্ট" হচ্ছে—

"a transfer shall be held to be not 'bona fide' if it was made principally or partially with the object of increasing the amount of land which a person may retain under this Chapter".

আমার কথা হচ্ছে আপনারা এখানে "চ্যাপটার টু" রেখেছেন কিন্তু "চ্যাপটার সিক্স" সম্বন্ধে কিছু বলেন নি। "চ্যাপটার সিক্স"টা "অমিট" করেছেন। এই "প্রপোজড্" বিলে আছে—

"In construing the provisions of sub-section (*1*), references to intermediaries shall be construed as references to intermediaries as defined in this Chapter and reference to the expression 'twenty-five acres' in the proviso to clause (*ii*) of sub-section (*6*) of section 5A shall be construed as reference to the expression 'thirty-three acres'."

এটা "চ্যাপটার সিক্স"এ "এপ্লিকেবল" হবে, এটা সুস্পষ্টভাবে

may be retained under this Chapter or Chapter VI

এই কথাটা থাকা দরকার। না থাকলে গোলমাল হতে পারে।

আমার "লাষ্ট এমেণ্ডমেণ্ট" হচ্ছে আপনার "ক্লজ সিক্স"এ একটা "প্রোভাইসো এড" করতে যাচ্ছেন, সেটা হচ্ছে—

"Provided that no such presumption shall be made in respect of transfer of land by an intermediary if the aggregate area of such land owned by the intermediary at any time between the 5th day of May, 1953 and the date of transfer did not exceed twenty acres in extent in the case of non-agricultural land and twenty-five acres in extent in the case of agricultural land."

এখানে আমি বলতে চাই

"in respect of transfer not exceeding five acres of land in favour of poor and dependent relations."—

এটা "এড" করে নেওয়া হোক। আমাদের দেশে এমন অনেক "রিলেসন" আছে যারা "ল্যাণ্ডলেস" তাদের "মেণ্টেন" করতে হয় তারা পরিবারের "মেম্বার" নয় অথচ তাদের পোষণ করতে হয়। সেই সব ক্ষেত্রে যদি এই সংশোধনী প্রস্তাব মত

that is "in respect of transfer not exceeding five acres of Land"

"ইনসার্ট" করে নেওয়া হয় তবে ভাল হয়। আশা করি মন্ত্রীমহাশয় আমার "এমেণ্ডমেণ্টগুলি" মেনে নেবেন।

Sj. Natendra Nath Das: Sir, my two amendments are very simple and of the same nature. They are small amendments. You will find that under sub-clause (*4*) 'The State Government may delegate all or any of its powers under this section to such officers in its service as it may deem fit.' In the next sub-clause, viz., sub-clause (*5*) proviso (*ii*), you will find:

> "In conducting such enquiry the State Government and any officer to whom any powers have been delegated under sub-section (*4*), shall have all the powers of a civil court for the purposes of taking evidence, administering oaths, enforcing the attendance of witnesses and compelling the production of documents and shall be deemed to be a civil court within the meaning of sections 480, 481 and 482 of the Code of Criminal Procedurue."

So, everywhere the functions of the civil court will be exercised by that officer to whom the powers will be delegated. Therefore, my amendment is to particularise the kind of officers who will be delegated those powers. That means that unless judicial officers be authorised with those powers, other officers—revenue officers or executive officers, say, magistrates or circle officers—will not be able to understand all the implications of the Civil Procedure Code or of the civil laws. Therefore, my object is that this should not be kept vague—"to such officers"—but it should be "judicial officers". So, I have suggested the insertion of the word "judicial" before the word "officers" in sub-clause (*4*) and also in proviso (*ii*) of sub-clause (*5*) substitution of the words "judicial officer" in place of "any officer" because probably the object of the sub-clause is to avoid payment of court-fees and stamps as the State Government might bring cases and they will have to pay stamps and court-fees if these cases are tried by a civil court actually. If that be so, if the object be that, that purpose will be served if judicial officers are appointed instead of ordinary officers and they are vested with powers of the civil court. So, I hope the Hon'ble Minister will accept my amendments which are very simple in nature that judicial officers will be entrusted with this work.

Dr. Krishna Chandra Satpathi: মাননীয় স্পীকার মহাশয়, আমি যে "এমেণ্ডমেণ্ট" দিয়েছি শুধু "অফিসার মেন্সন" করা আছে কিন্তু কোন "ক্যাটেগরি"র তা "মেন্সন" করা নাই। তাই আমি বলেছি সেই "অফিসার" হবে "নট বিলো দি র‍্যাঙ্ক অব ডিষ্ট্রিক্ট জাজেস"। কারণ যখন মুল বিলটা আলোচিত হয় তখন আমাদের তরফ থেকে বলা হয়েছিল এর মধ্যে কতকগুলি মূল সমস্যা অমীমাংসিত রয়ে গেছে। কিন্তু সে সম্বন্ধে বিশেষ বিবেচনা না করেই এই বহু ত্রুটিপূর্ণ বিল আনা হয়েছে। আমরা চেয়েছিলাম যে বিলটা কিছু দিনের জন্য বন্ধ রেখে, আবার সমস্ত সমস্যাগুলির কি করে সমাধান হবে তার একটা সুচিন্তিত পন্থা অবলম্বন করে তারপর যেন এই বিল আনা হয়। কিন্তু তা না করায় এত ত্রুটি থেকে গেছে যে মাস দুই যেতে না যেতেই আবার এ বিলের একটা "এমেণ্ডমেণ্ট" উপস্থিত করা হয়েছে। ইতিমধ্যেই বহু বক্তা যে কথা বলে গেছেন জন-সাধারণের স্বার্থ হানি করে বহুরূপে বহু জমি হস্তান্তরিত করা হয়ে গেছে। এবং একটু আগেই যে আলো-চনা হয়ে গেছে "ম্যালাফাইডি" এবং "বোনাফাইডি" নিয়ে তা থেকে পরিষ্কাররূপে এই সিদ্ধান্তে আসতে পারা যায় যে এমন "অফিসার্স"এর উপর নির্ভর করা দরকার যাঁদের ভূমিস্বত্ব সম্পর্কে বিশেষ অভিজ্ঞতা আছে। এবং যিনি বিশেষভাবে যেসব জমি বেনামী করার ব্যবস্থা হয়েছে সেগুলি ভাল করে ধরতে পারবেন। শুধু ১৯৫৩ সালের ৫ই মে তারিখের পর থেকে নয়, ১৯৫২ সাল থেকেই বহু জমিদার বহু পুরাণো চেক দাখিলা দিয়ে অর্থাৎ "ব্যাক ডেট" দিয়ে যাতে সব সাব্যস্ত স্বামী গণ্য হয় সেই ব্যবস্থা করেছেন। এ সমস্ত যাতে বিবেচনা করা হয় এরকম একজন "অফিসার" নিযুক্ত করা হোক। সেজন্যই আমি বলেছি "নট বিলো দি র‍্যাঙ্ক অব এ ডিষ্ট্রিক্ট জাজ"। তাই "অফিসার"এর "ক্যাটাগরি" ঠিক করতে বলছি। "ডিষ্ট্রিক্ট জাজ" বা তাঁর থেকে উচচ ক্ষমতাসম্পন্ন অফিসার নিযুক্ত করা হোক। কারণ ইতিমধ্যে দেখা গেছে কোন স্কুলের কর্তৃপক্ষ জানিয়েছেন যে খেলার মাঠটি পর্য্যন্ত বন্দোবস্ত করে

দেওয়া হয়েছে জমিদারের কোন বিশ্বস্ত কর্মচারী বা পুরোহিত বা বন্ধু বান্ধবদের নামে।

কারণ যেসব জায়গা খাস পতিত ছিল, স্কুলের ছেলেরা খেলাধুলো করত সেগুলি পর্য্যন্ত আজকাল বন্ধ করে দেওয়া হয়েছে। সেইজন্য সেই সব স্বত্ব যাতে রক্ষিত হয়, যাদের এসব বিষয়ে অভিজ্ঞতা আছে এই রকমের দায়িত্বশীল কর্মচারী যাতে সেসব ক্ষেত্রে নিযুক্ত হয় তদুদ্দেশ্যে আমি অফিসারের ক্যাটিগরি ও টাওার্ড ঠিক করবার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি।

[5—5-10 p.m.]

Sj. Bijoy Gopal Goswamy: স্যার, আমার এমেণ্ডমেণ্টের পূর্বে অন্য একটা এমেণ্ডমেণ্ট সম্বন্ধে কিছু বলতে চাই।

শ্রদ্ধেয় কানাইলাল ভৌমিকের বিরুদ্ধে আমার কিছু বক্তব্য আছে। তিনি বলতে চেয়েছেন যে ট্রান্সফার অর্থে "আনরেজিষ্টার্ড" আমলনামা বা সেটেলমেণ্ট জিনিষটা গ্রহণ করা হউক। কিন্তু আমার ধারণা যে ট্রান্সফার হিসাবে এ জিনিষটা গ্রহণ করা উচিত নয়। তাহলে ১৯৫৩ সালের ৫ই মের পূর্বেই সমস্ত জমিদার আমলনামা ক'রে বসবে। তখন সরকারের পক্ষে বলবার উপায় থাকবে না যে আমলনামা মানব না। দ্বিতীয়তঃ সরকারের যদি ইচ্ছা থাকে যে এই ট্রান্সফার মানা উচিত নয়, তাহলে "সেপারেট সাব-সেক্সন" কোরে কোন আমলনামাই মানা হবে না। এই জিনিষটা গ্রহণ করা উচিত। তাহলে যে উদ্দেশ্যে কানাই বাবু করতে চাইছেন সেই উদ্দেশ্য ব্যাহত হবে।

আমার নিজের যে এমেণ্ডমেণ্ট দেওয়া আছে তার সমর্থনে আপনার মাধ্যমে শ্রদ্ধেয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি তিনি যেন একান্নবর্তী পরিবার যেখানে ৮।৯ জন বা বেশী ছেলেপিলে রয়েছে সে সম্বন্ধে যেন একটু চিন্তা করেন। এমন লোকের কথা জানি যার ৩।৪শ' একর পর্য্যন্ত জমি আছে। তাদের সমস্ত জমি নেওয়া হলে বড়ই অসুবিধা হবে। হয়তঃ বৃদ্ধ পিতা পিতামহ বেঁচে আছেন; আগে ভাগ হলে তারা পেতে পারত এখন তাদের অনেক কমে যাবে। সেটা ন্যায্য হবে না। তাই বলছি যেন প্রত্যেক লোকের তার ছেলেদের প্রয়োজন বুঝে দশ একর পর্য্যন্ত জমি কোন রেজিষ্টার্ড ডিড দ্বারা ট্রান্সফার করা যায়—এইটা যেন গভর্ণমেণ্ট থেকে মেনে নেওয়া হয়।

The Hon'ble Satyendra Kumar Basu: Mr. Speaker, Sir, I do not know what the Bill will look like if I accept all the amendments which have been proposed by my friends on the other side. Sir, I sympathise with persons who have under advice from my lawyer friends entered into transactions which come within the purview of the Bill. With regard to the amendments, I accept the one proposed by Shri Deven Dey because it is only right and proper that a provision should be made for an appeal to an officer of the rank of a District Judge. The language of the amendment of Shri Deven Dey is sufficiently comprehensive to give the right to either party to prefer an appeal to this officer. The right of appeal is only available to the party in the proceedings; it is not available to a person who has given information upon which proceedings are initiated. Of course, the Government have got to depend upon information in order to take action under the new section, and I believe a great deal of information will be obtained from the Registration offices.

Sir, the meaning of Chapter VI is clear. What it means is that if a person has his land cultivated under "barga" system he will be allowed to retain a quantity of 33 acres and no more. Whatever is in excess of 33 acres will vest in the State. Whoever is in actual possession of the land, be he a "bargadar" or a sub-tenant will hold his holding under the State. Sir, there is nothing in the Estates Acquisition Act which has conferred any new right on any owner or any right in derogation of the rights of a "bargadar". One of my friends has talked about the grounds of eviction, but he has not drawn the attention of the House to the provision that a "bargadar" can be evicted only in the event of the owner obtaining an order from a Conciliation Board. In section 5 of the "Bargadars" Act the grounds are set out upon which the owner of any land cultivated by a "bargadar" will be entitled to approach the Conciliation Board and to

[The Hon'ble Satyendra Kumar Basu.]

satisfy that Board that a ground, such as is stated in section 5, exists. Upon the Board being so satisfied it may make an order. The proviso to section 5 is in these terms: "Provided that the cultivation of such land by 'bargadar' shall not be determined on any of the above grounds except under the order of the Board." You will therefore see that rights have been conferred by this piece of legislation on the "bargadars", and the remedy has also been prescribed. So, it is for the person who is affected by any action of the owner to approach the proper authority for the purpose of obtaining remedy. In the proposed amendment No. 7, a suggestion has been made that the State Government or the officer who is to be appointed should enquire into the transfer of land including the land of "bargadars". There is nothing either in the Estates Acquisition Act or in this Bill which in any way affects land held by a "bargadar". Whether the land is held by the transferor or transferee or by the State, the "bargadar" continues to be in occupation of the land as such. I do not think that non-promulgation of an Ordinance a few weeks ago matters very much. It is true that there has been a certain amount of commotion in the mufassal, but whenever any new rights are created there is bound to be some amount of agitation. If however my friends will explain to the "bargadars" that their rights are not in any way affected by the Estates Acquisition Act or by this Bill and they cannot be evicted except under process of law, namely, under an order of the Conciliation Board, I think there will be no further trouble. We may have to deal with the rights of "bargadars" in new set-up in the Bill which will be introduced for the purposes of land reform. Suggestions have been made that the commencement of the period during which transactions to be enquired into took place should be from a date anterior to 5th May, 1953.

[5-10—5-20 p.m.]

The Bill was published on the 5th May, 1953, and that is the basic date. You cannot go beyond that date. The Constitution has given certain fundamental rights. Before that Bill was passed every person had a right to acquire and dispose of land, and you could not interfere with it. People had notice of this legislation only on the 5th May, 1953, when the Bill was published. Therefore certain transactions which took place after that date may merit investigation. It will not be equitable to go beyond that date to affect transactions which might have taken place in the normal way without any anticipation of the provisions of the Act.

Sir, a suggestion has been made that the period should not be limited; in other words, it should not be a period ending with the date of vesting. The period has got to be prescribed because otherwise the provision will enable the officer to enquire into transactions which may take place ten years hence. It is not possible to enquire into every case because that would multiply useless litigation. There may have been thousands of transactions. Enquiry will be held whenever there is a "prima facie" reason to believe that the transaction is not "bona fide". Where a transfer is by a person holding land below the ceiling prescribed or is not made with the object of circumventing the Act, it may not be necessary to enquire into it. For instance, a "bona fide" transaction in favour of a creditor in respect of an antecedent debt may not be one which will require any investigation. But if the transaction affects the question of compensation then it may be a matter requiring investigation. If all the transactions are to be enquired into, a huge machinery would be required and an enormous amount of expenditure has to be incurred with no corresponding benefit. Government will examine the transactions and will exercise a discretion in all proper cases. There is a provision that in case of

transfer to certain near relations the transaction would be presumed to be not "bona fide". That does not mean that other transactions may not be enquired into. The majority of the transactions are likely to be in favour of near relations, so that it is much better to start with a presumption in cases of such transfers so as to throw the onus on the other contesting parties as regards the "bona fides" of the transaction.

The suggestion about the substitution of the word "shall" in place of "may" is meaningless, as Government must be of opinion in each case that the transaction is not "bona fide". Action depends on the opinion of the Government. The word "may" is more appropriate.

A further suggestion has been made that Government should act either on its own motion or on receipt of information. Government will act "suo motu" but information will come from different sources. As I have indicated, one of the main sources would be an enquiry in the various Registration offices.

My friend Sj. Jnanendra Kumar Chaudhury has said that we must make it clear that the transactions to be effected are voluntary transfers. The sub-clause obviously deals with voluntary transfers, for it says "case of transfer by the intermediary". A case of transfer by an intermediary can only be a voluntary transfer. I do not think any further clarification is necessary. Other transactions are not transfers by intermediaries. They may be sales by courts or assignment by operation of law. The expression "transfer" has been defined, and I do not think there will be any difficulty.

My friend Sj. Gangapada Kuar has attempted to introduce an explanation, viz., " 'bona fide' transfer means only transfer made for public or charitable purpose". This will leave out by far the largest number of "bona fide" transactions in the normal course. There may be "bona fide" transfers to creditors like banks for antecedent debts, as I have already said. If the explanation is accepted, it will also affect "bona fide" transactions of persons holding land below the ceiling.

Transfers of land held for public or charitable purposes are excluded by section 6(*1*)(*i*) of the principal Act.

Sj. Madan Mohan Khan has suggested that certain provisos should be introduced in sub-clause (*2*) of clause 2. He says that on an application made to the Collector the transferee would be entitled to recover from the transferor whatever the transferee has paid by way of compensation money. The second proviso which he has suggested is that "the transferor will be liable under the Indian Penal Code". The Bill provides that the order of the officer will be without prejudice to the rights of the transferee and the transferor "inter se". It is a matter entirely between them. There may be very complicated questions only fit to be investigated into by the civil court. The Collector is not a proper person to act as a civil court for the purpose of determining whether any and, if any, what compensation passed in the transaction. The transferee has to prove in a civil court what money, if any, he has paid and he can attach the compensation money which will be paid to the transferor. Why should the transferee wait? He can get a decree in the civil court and attach the property of the transferor and recover the money which he was induced to part with. The interest of the transferee is amply protected because the proviso says that the order is subject to all equities between the transferor and the transferee. If my friend Shri Khan thinks that any transaction of this type is an offence which can be taken cognizance of under the Indian Penal Code, action may be taken under that code and it is unnecessary to make any provision in this Bill.

[The Hon'ble Satyendra Kumar Basu.]

My friend Sj. Rakhahari Chatterjee has proposed an amendment that the transferor shall be liable to reimburse the consideration money of the transfer to the transferee. I have answered this point.

Various suggestions have been made as to amendments in respect of sub-clause *(3)* of clause 2. Sj. Tarapada Bandopadhyay has suggested that it should be omitted altogether. Sj. Rakhahari Chatterjee has said that the following words should be substituted "amount of consideration money taken by the transferor may be taken into account in calculating the compensation and to be deducted". Sir, as I have said, this is the main substantive portion of the Bill. It will become useless if this clause is omitted—nobody should retain or have benefit beyond the ceiling. Government is vested with discretion, so that in case of really "bona fide" transaction the transaction may not be ignored. For example, as I have said, a transfer to a bank in satisfaction of an antecedent debt would in my view be a transaction which may be regarded as a "bona fide" transaction.

[5-20—5-30 p.m.]

Sir, the effect of what my friend Shri Rakhahari Chatterjee suggests is that the transferee would be allowed to retain whatever has been transferred to him and the transferor whatever he has not transferred, and he has suggested that the consideration money should be deducted from the compensation money. The result of this will be that the land which if the transfer had not taken place would have been available for distribution amongst the landless cultivators will not be available. Sir, we want land to distribute amongst the landless cultivators. If I accede to the proposition it will be against the spirit of the Act.

Sir, with regard to sub-clause *(4)*, various suggestions have been made. One of my friends has suggested that the local M.L.A. should be appointed the officer fo the purpose of making this investi gation. Then there was a sugges tion that a judicial officer should b appointed—a judicial officer of th rank of a Munsif or of a Distric Judge should be appointed. Sir here you will notice that Government is empowered to delegate its powers to a person who will act with the powers of a civil court. Sir, such powers can only be delegated to a permanent Government officer and not to a private individual. He will exercise the power of a court and an M.L.A. obviously in my submission is not a suitable person for the purpose because he will not inspire confidence by reason of his party affiliation. Sir, you will notice that a very large number of officers will be required. It will be impossible to recruit them from among the judicial officers. You know, Sir, that the cadre of judicial officers is limited and you cannot draw from that cadre, so that you have got to leave that question open and the Government will have to decide from what sources these officers will be recruited. There will be no difficulty because there is a right of appeal and if the officer concerned goes wrong then the appellate tribunal can reasonably be approached. Sir, I may assure my friends that proper and suitable officers capable of acting as court will be selected—officers of the rank and status required for the purpose will be appointed.

Sir, having accepted the amendment of Shri Deben De I do not think it is any longer necessary to deal with the amendments proposed by Shri Rameswar Panda, Shri Jnanendra Kumar Chowdhury, Shri Tarapada Banerjee and so on. Sir, as soon as you provide for an appeal to a tribunal like this the Constitution is at once brought into action and under Article 227 the High Court has the right of supervision.

Sir, with regard to sub-clause *(6)*, you will notice, if you look at sub-clause *(1)*, that the Government will have a right to enquire into any case. I lay emphasis on

the word "any", because although there is a presumption that certain category of transfers will be not "bona fide" that does not mean that the Government will not be able to enquire into transactions other than those in favour of relations named in the Bill.

My friend Shri Bankim Mukherji in amendment No. 29 has said that the expression should be used, viz., "with the object of indirectly increasing the" area to be retained or to get greater compensation. Sir, I do not think it is necessary because if you look at the Bill you will find that the object of the investigation is to find out whether the transaction was intended to enable the person to retain more than what he is entitled to retain under the Act by making various transfers or to enable him to claim greater compensation than he could have done if he had not effected the transfer.

Sir, Shri Rameswar Panda has suggested that "Chapter VI" should be added. This is covered by clause 3. Section 52, if this Bill goes through, will be 52(*1*) and provisions in Chapter II will apply to those in Chapter VI. Section 5A will be in Chapter II. Therefore, these provisions will apply to the category of intermediaries mentioned in Chapter VI of the principal Act.

Sir, with regard to the amendments proposed by Shri Probodh Dutt that sub-clause *6(ii)* be omitted and the proposal of Shri Tarapada Banerjee and Shri Bejoy Goswami regarding the amendment of this sub-clause, I regret I am not able to accede to this. It is much better to start with a presumption as regards the common types of transfers to these near relations.

I think it was Shri Kanai Lal Bhowmick who said something about transfer through unregistered "amalnama". Transfer has been defined in the Bill and you will notice that it includes transfer by lease. Transfer by "amalnama" is really some kind of lease and is covered by this provision. It may be a lease for one year. It is in fact an evidence of possession which can be disregarded. No title can be created by an "amalnama".

With regard to the amendment proposed by Shri Rameswar Panda that the owner should be allowed to transfer 5 acres to poor and dependent relations, I cannot accept it, because in the garb of transfer to poor relations the entire holding may be dissipated.

In these circumstances I accept the amendment of Shri Debendra Chandra De and oppose the other amendments.

The motion of Sj. Kanai Lal Bhowmick that in clause 2, in the proposed section 5A(*1*), line 1, for the word "may" the word "shall" be substituted, was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 2, in the proposed section 5A(*1*), in line 2, after the words "case of" the word "voluntary" be inserted, was then put and lost.

The motion of Sj. Mrityunjoy Pramanik that in clause 2, in the proposed sub-section (*1*) of section 5A, in line 3, after the words "transfer of any land" the words "including the lands of 'bargadars' " be inserted, was then put and lost.

তারপরে দামোদর ভ্যালি কর্পোরেসন, সেটা আমরা অনেকেই দেখতে গিয়েছিলাম। সেখানে যেভাবে কাজ হচ্ছে তা দেখলে অবশ্যই আশ্চর্য্য হতে হয়। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও না বলে পারা যায় না যে কাজ সেখানে হচ্ছে তা দ্বারা কি পরিমাণ জনকল্যাণ হবে সেটা এখনো ঠিক বোঝা যাচ্ছে না। এসম্পর্কে একটা কথা দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, যে সমস্ত লোকের জমি ও বাড়ী নেওয়া হয়েছে তার বদলে তাদের যে ঘর দেয়া হয়েছে তা সন্তোষজনক হয়নি। তাদের সে সব ঘরে জল পড়ে এবং তারা যে জমি পেয়েছে সে জমি চাষের উপযোগী নয়। তারা বহুকাল ধরে পরিশ্রম করে যে জমি নিজেরা তৈরী করেছিল, তার বদলে এখন তাদের যে জমি দেয়া হয়েছে, তাতে ফসল হয় না। আর ঘরগুলি দেখতে যদিও চকচকে, কিন্তু তা দিয়ে জল পড়ে। তাদের সামনে অফিসারদের ঘরগুলি এত সুন্দর যে দেখা মাত্রই পার্থক্যটা চোখে পড়ে। তিলুয়ায় আমরা গিয়েছিলাম সেখানে অনেক চাষী এসে আমাদের জানিয়েছে যে তারা এখনো তাদের জমির দাম পায় নাই। এই হচ্ছে অবস্থা। দামোদর ভ্যালি কর্পোরেসনে ৩৬ কোটী টাকা কেন্দ্রীয় গভর্ণমেণ্ট দিয়েছেন, কিন্তু সেখানে তারা কি ভাবে কাজ চালাবেন সে বিষয়ে আমরা বিশেষ কিছু বলতে পারি না।

তারপর কল্যাণীতে ৫ হাজার প্লটের একটা সহর গড়ে তোলা হচ্ছে। সেখানে মাত্র ৯০০ প্লট বিক্রয় হয়েছে। কল্যাণীতে যে টাকা খরচ হয়েছে, যদি সেখানে সেটা খরচ না করে যদি একটা ইণ্ডাষ্ট্রীয়াল ডেভেলপমেণ্টে টাকা খরচ করা হত তাহলে কল্যাণীতে যে অপব্যয় হয়েছে সেটা আর হত না অথচ দেশে নতুন ইণ্ডাষ্ট্রী হত। আর একটা হচ্ছে সোনারপুর স্কীম; সেটার খাদ্য সমস্যা সমাধানের অনেকখানি চেষ্টা হয়েছে, অনেকখানি খাদ্যের পরিমাণও হয়ত বেড়েছে, কিন্তু খাদ্যের পরিমাণ যতখানি বাড়লে দেশে প্রাচুর্য্য হয় সে প্রাচুর্য্য না হওয়া পর্য্যন্ত দেশের কল্যাণ হবে না। এইসব দিক আলোচনা করে আমি বলতে বাধ্য হচ্ছি, এই বাজেট সম্পূর্ণ নৈরাশ্য-জনক, এর দ্বারা দেশের কল্যাণ হবে না এবং এতে করে দেশ দেউলিয়া হয়ে যাচ্ছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[4-40—4-50 p.m.]

Sj. Jnanendra Kumar Chaudhury: Mr. Speaker, Sir, it is said that our State is a Welfare State and the budget that has been presented is the budget of a Welfare State. A State which limits its sphere of activities to maintenance of law and order and protection of life and property of its citizens cannot be called a Welfare State. It is the business of a Welfare State to create opportunities for the advancement of its citizens in all directions and such a State has to take upon itself the full responsibilities for ensuring that all its subjects are able to make the fullest use of such opportunities without let or hindrance. It accordingly becomes incumbent upon the Government which aims at the creation of a Welfare State to make arrangements for development of activities and to make available to the people all the material needed by them for their advancement.

Interest in the budget should not be confined to the town-dwellers and the educated classes alone. The villagers should think that the budget is their own budget; they

[Sj. Jnanendra Kumar Chaudhury.]

should be interested in the budget. Judged from this standpoint the budget cannot be called the budget of a Welfare State.

Now, Sir, the area of West Bengal is the smallest of the States—29,500 sq. miles. I am dealing with some points only; other members of my party will deal with other points. Sir, as regards General Administration, in United Bengal of 1947-48 the expenditure was 2 crores 98 lakhs and that consisted of 27 districts. In the present budget of truncated one-third Bengal it is 3 crores and 4 lakhs—General Administration 2 crores 58 lakhs and odd and Civil Works 46 lakhs and odd, in all 3 crores and 4 lakhs. The area of Bihar is 70,368 sq. miles and there General Administration in 1953-54 was 2 crores and 26 lakhs.

As if the large number of Ministers and Deputy Ministers did not suffice, Assistants have been provided to the Deputy Ministers. Two Special Officers have been appointed in the Chief Minister's department for Employment as if there was any dearth of officers.

The Kalyani Exhibition Scheme costs have been included in the budget. Kalyani affair was a party affair and that should not have been included in this budget.

Now, I want to show where the present Government leads us. When Dr. Roy became the Chief Minister, our debt to the Central Government was 4 crores; in 1953-54 it amounted to 75 crores 91 lakhs; at the end of 1954-55 it will become 97 crores 84 lakhs, and if I am not mistaken the Central Government charges interest at the rate of 4½ per cent.

Then, Sir, there is the public debt. In 1953-54 it was 7 crores 35 lakhs and at the end of the financial year 1954-55 it will amount to 11 crores and 35 lakhs. If our State was an individual it would have by this time taken insolvency. Gradually our State is going on to insolvency if a State can ever be an insolvent.

As regards police, in the United Bengal the budget was 4 crores 77 lakhs and in truncated Bengal, in the first year's budget, 1948-49, it was 4 crores 17 lakhs and now it has gone up to 5 crores 97 lakhs 75 thousand and under Civil Works 47 lakhs, in all 6 crores 45 lakhs 60 thousand. Now, Bihar in 1953-54 in their budget only 3 crores 96 lakhs was provided against the police.

Now, Government should reduce expenditure wherever possible thus releasing more fund for development schemes. They should appoint an Economy Committee and it is incumbent upon them to do it. They owe to it to the country and the public at large to do it. This enquiry committee should consist of eminent non-official economists. They are to suggest all possible retrenchment in expenditure, the causes of the loss sustained by Government in all business transactions of the State and suggest measures for making them profitable concerns.

Now, as regards the State Transport, all other States are making profit. Bombay after making profit as regards passenger service is now going in for service of goods traffic. Individuals are making profit out of a single bus but our Government with a fleet of more than 350 buses are incurring heavy losses year after year.

Then, Sir, about Grains Purchase Scheme. Why is the Government maintaining rationing at Kanchrapara, Naihati and Chinsura? This should have been abolished along with Budge Budge. Why are there wholesalers in Barrackpore and Hooghly areas? They get heavy commission for this. Why so many Special Officers and Deputy Directors and other redundant officers in the Food Department? I also want to know a fact. It is rumoured. Is it a fact that our State is intending to purchase 6

lakh tons of Burma rice from Burma at the rate of £50 per ton, i.e., Rs. 25 per maund besides cost of carrying? Why not then purchase this rice here in India but go to Burma and buy it at high price and then sell at low price incurring heavy loss to the State?

Then, Sir, Deep-Sea Fishing. I understand agents get commission at the rate of 7 annas per seer. This should be reduced.

All this should go to an Economy Committee who will rather devise ways and means to do it and I can tell my friends that an Economy Committee was appointed by the Bihar Government to go into all these details and they submitted their report to the Government, and these suggestions are gradually being adopted by that Government. And what are their suggestions, Sir? Five departments of the Secretariat have been amalgamated with corresponding heads of departments; Judicial and Legislative Departments have been merged into Law Department—one department, that is, Law Department; Agriculture and Health Departments into one department—Department of Health; and there are many other suggestions which will be adopted by and by, by Bihar.

Then, Sir, I come to Administration of Justice, that is, separation of Judiciary from the Executive. Now, Sir, we are crying hoarse over this matter here and everywhere. In spite of Article 50 of the Constitution no provision has been made in the budget and the Hon'ble Chief Minister has not replied on this subject. Other States have separated them. Bihar has separated them. I quote from them the result of that separation.

[4-50—5 p.m.]

"Policy of separation continues. The experiment of cases heard by Magistrates under the direct control of the Sessions Judge, i.e., High Court have proved very popular and has given entire satisfaction to all concerned. It has been welcomed by the litigant public as well as lawyers and has led to the clearance of arrears of criminal cases in districts, where it was given effect to." Why should we be deprived of the advantage and security of such separation? That we want to know from our Hon'ble Chief Minister.

Then as regards Medical and health units, our immediate minimum need and demand for rural medical relief is what has been recommended by the Bhore Committee with the exception that each union should have instead of two, one relief unit; and that should be entirely sponsored by the State. The public have no funds to contribute towards the relief centres.

Then as regards jail, the convicts may be reformed and converted into useful inhabitants, which will eventually lead to diminution of crime. Now, Sir, in the U.P. they have done this. They have established a camp at Chakia in Banaras district. Prisoners live there in the open and move freely. It has been made an offence to refer to them as convicts. Despite freedom and absence of watch and ward they do not try to escape, and the U.P. Government intend to create more camps like this.

Then, Sir, I come to a very important thing, namely, anti-corruption. Corruption is prevailing in the administration. Though Anti-corruption schemes have been taken up, the suggestions therein are not heeded or given effect to. Sir, there should be an anti-corruption department in every district, and corrupt officers should be got rid of. I understand that a Special Officer in the Calcutta Rationing was found guilty by the Anti-Corruption Department, and the Public Service Commission also recommended his punishment. But nothing has been done for a year. So, Sir, my suggestion to the other side is to appoint an Enquiry Committee to enquire into all these details and suggest ways and means for retrenchment, so that more money will be available for expenditure as regards the nation-building departments.

Sj. Syama Bhattacharyya: The Finance Minister deserves congratulations for the budget he has presented to us. It is easy to condemn it. It is convenient to talk of shrinkage in production and in other directions. It is very easy to draw a dismal picture of the future. That is the old game of the Opposition parties to earn cheap popularity. Sir, we should not be blind to facts, we should not overlook the difficulties which the Finance Minister had to face in West Bengal. In spite of best endeavour the revenue deficit this year is increasing and the social services cannot be extended to the desired extent for want of funds. In a Federal State, Sir, the Federal Government today occupies a dominant position and the powers of the regional Governments are strictly limited. In India the Constitution is more unitary than federal. With the State's inelastic sources of revenue we have to depend more and more upon the Centre for assistance. Our functions in this sphere of social services or welfare services are expanding and people want us to do many things, but an analysis of the financial system under which we have to work shows that we cannot obtain necessary funds to carry out our functions. Centralisation of finance as in other matters may perhaps be the need of the moment. We do not dispute that, but in order that we may do our allotted functions, this industrial State of West Bengal may reasonably claim to obtain adequate financial assistance in proportion to the needs, in proportion to our population, in proportion to our special problems and our industrial and mineral wealth. In spite of the almost insuperable obstacles in respect of finance and other matters, the Finance Minister has presented a Budget which is remarkable for its emphasis on the services which a Welfare State is expected to perform. The Government deserve congratulations particularly for their successful handling of the food situation. The improved food position today fully establishes the soundness of the food policy so far framed and pursued by the Government. All the wild prophecies of the Opposition members regarding terrible famines have been falsified, and today due to the step taken by the Government, food everywhere is cheaper than last year and complete decontrol is in sight. To achieve this success in the food front Government has made an all-round improvement of our agriculture by popularising the use of fertilisers, by introducing the Japanese method of cultivation and by introducing various irrigation projects. The increase of Rs. 80 lakhs under Irrigation is welcome. The work of the Agriculture Department is also praiseworthy. The distribution of fertilisers on cash or on loan basis should also be made more vigorously than in the last year. We are sure that the agriculturists are convinced this year of the usefulness of the fertilisers and will try to use fertilisers this year also, and every attempt should be made to bring fertilisers within their reach on easy terms.

Next in order of importance is the Government achievement in the field of education. In this respect Shri Jyoti Basu has welcomed the increase in expenditure. The expenditure on education is increasing by leaps and bounds. The increase of expenditure over last year's on education will be in the neighbourhood of about Rs. 2 crores. That in 1948-49 2·56 crores was spent on education and in 1954-55 the budget figure is 6·59 crores and the actuals may be a higher figure, is in itself an eloquent testimony to the Government's earnestness to bring about the desired improvement in the field of education, in the shortest possible time. The problem of basing educational structure on a sound basis has engaged the attention of the Government. As the Finance Minister has said, the educational system must be adapted to the new economy and must be suited to the ideals of this State.

Sir, a good deal of political capital has been sought to be made

of the grievances of the teachers. The Government as well as the members of the Congress Party have the fullest sympathy for the teachers, and we all feel and unhesitatingly declare that the legitimate demands of the teachers not merely those that have been placed by them but all others which may be considered just should be met. The Government has unequivocally declared that all the genuine grievances of the teachers should be removed as early as possible, and the Government has already shown its earnestness in the matter of providing within its limited resources some improvements in the financial and social status of the teachers. From the increased number of schools, the number of students and teachers as well as from the enhanced emoluments provided for the teachers, it is manifest today that the Government is determined to bring about a rapid progress in education in accordance with the needs of the country.

[5—5-10 p.m.]

It is very unfortunate that the teachers' strike at all took place. We would have been all happy if it could have been averted. At any rate, the opportunist political parties should not have been allowed to meddle in educational matters which were strictly the affairs of the teachers. It was apparent that in the turmoil of political games, the cause of the teachers and education soon receded in the background. It was soon apparent to the people that there was a scramble among parties for political power which may result in exploiting the teachers for particular narrow party ends. Some political parties openly wedded to violence, took control of the teachers' movement, and bombs were thrown by the adherents of the political parties. Mr. Jyoti Basu knows he was telling a gross untruth when he laid the charge of throwing bombs against agent provocateurs. May I hurl against him a sentence which he used against Dr. Roy? "His game is played-out game". We all know, the country knows, who the culprits were. The people have found them out. The people will not be misled by the outburst of demagogy in which he indulged. The people have already given their emphatic verdict at the Diamond Harbour election.

It is not our case that the emoluments at present offered to teachers are adequate. Not only the Secondary School teachers, other categories of teachers, the Primary teachers, the teachers of non-Government colleges have their grievances. In fact, the case of the college teachers is worse but they do not ordinarily speak out their grievances. I feel the silent suffering of the college teachers will not be forgotten, and something should be done before it is too late to give them a reasonable financial status. Financially embarrassed as the college teachers at present are, they are hardly able to do even a part of the task they are called upon to perform.

The maintenance and improvement of the health services are also worthy of note. Epidemics are being more effectively controlled today than before, and preventive measures are being specially emphasised.

Shri Sudhir Roy Chowdhury said that nothing has been done to eradicate malaria. I do not know if he knows anything about the steps that are being taken in the villages for eradicating malaria. I must thank the Government for its efforts to rid the country of malaria through the work of malaria control units. The incidence of malaria is already on the decline and malaria will soon be a thing of the past.

The problem of rural water supply, however, has not received the attention it deserves. With so little spent on rural water supply, it is idle to expect that the country will be free from epidemics particularly in view of the miserably low standard of living and food of the people. Good drinking water is particularly necessary to save them from falling easy victims to diseases.

[Sj. Syama Bhattacharyya.]

That the Government is fully conscious of the serious problem of unemployment will instil hope among the people. Here in West Bengal, land available for cultivation is insufficient to give employment to an increasing portion of the population engaged in agriculture, and there is a lack of alternate occupation. The aggregate livelihood of the people is lagging far behind the increase of population. Unemployment is increasing in both agricultural and non-agricultural sectors. The population dependent on agriculture is increasing but at the same time an increasing number of people is thrown upon a decreasing number of earners. Mr. Jyoti Basu quoted certain figures from the census report. These figures are not unknown to the Government. Government are fully conscious of these things and the seriousness of the problem. It is obvious that our resources, which permit only a sub-marginal living, are not expanding with our population. The situation thus presents a dismal picture.

In the urban areas, although there is some scope of unemployment in the industries a big share of the employment available is appropriated by persons from outside the State. 24·8 per cent. of the total population of West Bengal are town dwellers, but about half the town people again come from outside the State. So the unpleasant truth is that although there is expansion of industry in certain urban areas, the West Bengal people do not get full benefit of this expansion, first because it is not their capital which starts the industry, secondly because it is not their labour which builds it. People will be filled with hope and confidence of a bright future when they see that the problem of finding full employment to all people willing and able to work has been seriously tackled by the Government. The social and economic injury which the colossal unemployment entails on the country cannot be exaggerated. We have every faith in our leader and we believe that his Government will devise ways and means of utilising, both in agricultural and non-agricultural sectors, unemployed labour power for productive purposes so as to increase production and raise the standard of living.

With these words I conclude.

Sj. Bijoy Gopal Goswami: মাননীয় স্পীকার স্যার, প্রধান মন্ত্রীমহাশয় আমাদের সামনে যে বাজেট রেখেছেন তা আমি মনোযোগ সহকারে পড়েছি। তাতে দেখা গিয়েছে যদিও সরকারের তরফ থেকে বিভিন্ন জনহিতকর কার্য্য করার সদিচ্ছা আছে কিন্তু সে সমস্ত খরচ করার ব্যাপারে জনসাধারণের প্রতিনিধিদের কথার উপর গুরুত্ব না দিয়ে সাধারণত: সরকারী কমচারীদের মতামতের উপরই বেশী গুরুত্ব দিতে চাচ্ছেন। অথচ সরকারী যে সমস্ত কমচারী আছে যদিও ইংরাজীতে তাদের "পাবলিক সারভেণ্ট" বলা হয় কিন্তু তাহাদিগকে জনসাধারণের সেবামূলক কার্য্যের মধ্যে দেখা যায় না।

[5-10—5-20 p.m.]

সেইজন্য আমার অনুরোধ যে যেসমস্ত গঠনমূলক কাজ সরকার করতে যাচ্ছেন প্রত্যেকটা ব্যাপারে যেন লোকের মতামত নিয়ে কাজ করা হয়। যেমন পল্লী অঞ্চলে যে সমস্ত রাস্তাঘাট সরকার কর্ত্তৃক করা হচ্ছে তাতে দেখা যায় যে প্রত্যেক জেলায় ৫।৭টা বা ৮।১০টা পাকা রাস্তা তৈরী করবার স্কীম গ্রহণ করা হয়েছে, কিন্তু অনেক ক্ষেত্রেই যেটা খুব বেশী আগে করা দরকার সেটা না কোরে যে সমস্ত দুদিন পরে করলে চলত সেইগুলিই আগে করা হয়। তাছাড়া যেটা ৫০ হাজার টাকা খরচ করলেই কাজ মিটত সেটা শেষ করতে ১৷৷০ লাখ কি ২ লাখ টাকা খরচ হচ্ছে। এগ্রিকালচারাল ডিপার্টমেণ্টে যে সমস্ত বাঁধ হচ্ছে তাতে আমি নিজে ট্যাঙ্ক ইমপ্রুভমেণ্ট কলেক্টরের সঙ্গে আমার "কনষ্টিটিউয়েন্সি"তে গিয়ে দেখেছি যে যেখানে ৫,২০০ টাকার বিল হয়েছে মাটি কাটার জন্য সেখানে আমাদের সামনে মাপ কোরে দেখা গেছে ৩,২০০ টাকার মাপের মাটিও পাওয়া যায় নি। এই রকম জিনিষ অনেক বাঁধ সম্বন্ধেই পাওয়া গেছে। আমরা সেই সব কথা জানান সত্বেও তার বিশেষ কোন প্রতিকার হয় নি এবং যে সমস্ত নিম্নপদস্থ কর্মচারীরা সেই সমস্ত জিনিষ "checked and found correct" লিখেছেন তাদের সম্বন্ধে এখনও পর্য্যন্ত কোন ব্যবস্থা করা হয় নি।

হেল্থ্ সেণ্টার সম্বন্ধে [illegible] কাজার প্রত্যেকটি হেল্থ্ সেণ্টারের পিছনে ১৮।২০ হাজার টাকা বাৎসরিক "রেকারিং এক্সপেণ্ডিচার" হোরে থাকেন। আমাদের পশ্চিম বাংলায় দুশ'র বেশী থানা রয়েছে। এই দুশ হেল্থ্ সেণ্টারে যদি কাজ করতে হয় এবং ২০ হাজার টাকা কোরে প্রত্যেকটির পিছনে খরচ করতে হয় তাহলে ৪ কোটি টাকার উপর লেগে যাবে। তার উপর আবার ইউনিয়ন হেল্থ্ সেণ্টার, ডিষ্ট্রিক্ট হেল্থ্ সেণ্টার, হেড্কোয়ার্টার হেল্থ্ সেণ্টার আছে। তাছাড়াও "স্পেশ্যাল হেল্থ্ সেণ্টার রয়েছে।

এইভাবে যদি অতিরিক্ত খরচ কোরে সরকার হেল্থ্ সেণ্টার করতে যান তাহলে পশ্চিম বাংলায় প্রত্যেকটা ইউনিয়নে হেল্থ্ সেণ্টার করতে বহু সময় লাগবে। তাই আমি সরকারের কাছে প্রস্তাব করছি যে যদি কোন ইউনিয়নে "কো-অপারেটিভ বেসিস"এ করেন অর্থাৎ সাধারণ লোক যদি ডিসপেন-সারী বা হেলথ্ সেণ্টার খুলতে চান তাহলে সেক্ষেত্রে সরকার থেকে তাদের ২।৪ হাজার টাকা দেওয়ার ব্যবস্থা থাকা উচিত। পশ্চিম বাংলায় এমন অনেক স্থান রয়েছে যেখানে আজই ডাক্তার বা ডিসপেনসারি একটা কিছুর ব্যবস্থা থাকা দরকার। কিন্তু বহুদিন চেষ্টা করা সত্ত্বেও সরকার টাকার অভাব এই কারণ দেখিয়ে কিছুই কোরে উঠতে পারছেন না। কিন্তু সেখানে যদি "লোকাল এণ্টারপ্রাইজ" থেকে কিছু করা হয় সে ক্ষেত্রেও গভর্ণমেণ্ট ডাক্তার দিয়ে বা ঔষধ দিয়ে তাদের কিছু কিছু সাহায্য করতে পারেন এবং তাদের তা করা দরকার।

Sj. Nikunja Behari Gupta: Mr. Speaker, Sir, the budget, as presented by the Hon'ble Finance Minister who is also the Chief Minister, no doubt closes up with a negative balance. Though to a casual reader and worst critic of the budget, it may be found to be discouraging, yet, Sir, if we look into the budget carefully and cautiously, we shall find the budget a bold one. Every nation-building work of the State has been looked into and provisions have been made for progress of works. Sir, though the budget presents deficit of nearly Rs. 13 crores, that is, one-third of the revenue receipts, yet, Sir, I must say the Finance Minister should be encouraged and should be congratulated as, to adjust it, he has not come with a proposal for fresh taxation. Indeed, our needs are too many and the problems are too great, but the resources are too slender. In these circumstances, the budget has to be framed. I find from the budget that the main source of our income is from sales tax and excise tax. Sir, we are committed to prohibition and we cannot depend any more on excise tax, and opium is already controlled yet our nation-building works should have to be continued. Our share of income from the Centre is not adequate, yet due attention has been given to the burning needs of the country—extension of hospital beds and hospitals and construction of roads and bridges, minor and major irrigation channels and bunds, re-excavation of derelict tanks, sinking and resinking of tube-wells and ring-wells are carried on. Steps to give some relief to our educated unemployed young men have also been taken. Last year, an honourable member—a veteran educationist of this House—made a momentous utterance on the floor of this House "increase the education budget and there will be less cost in the police budget." But strange things happened. Though the education budget has been increased, the police budget also, I am afraid, will have to be increased. On the food front, we find remarkable progress. New provisions for reclamation of waste lands, sale of manures and loans to agriculturists have been made. I have found that a large tract of waste land measuring about 3,000 bighas has been brought under cultivation this year and, Sir, I am glad to state on the floor of this House that every bigha of that land yielded 14 to 15 maunds and this was made possible through the enterprise of the Agriculture Department and by tractor cultivation. There are other projects in the budget and provision has also been made for big and small industries. Sir, many miles of roads have been taken up. Sir, I come from a border district which has been partitioned and I have found in my district that about 100 miles

[*Sj.* Nikunja Behari Gupta.]

of pucca roads have been constructed although we had not a single mile of pucca road made by Government in our district before the attainment of our independence. We have got 100 miles of pucca roads constructed, yet, Sir, we need some miles more and I am going to suggest, Mr. Speaker, through you to the Government that the border headquarter towns at least should be connected with pucca roads with the neighbouring villages and border outposts.

With these words, Sir, I again congratulate the Finance Minister for not bringing any new proposal for fresh taxation to adjust the budget.

[5-20—5-30 p.m.]

Sj. Bijoyendu Narayan Roy: সভাপাল মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় রাজস্ব মন্ত্রী হিসাবে যে বাজেট পেশ করেছেন আমি তাকে সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং এই সম্বন্ধে দু'একটা কথা বলবো। পূর্বের কয়েকজন বক্তা বিরুদ্ধ পক্ষের তারা এই বাজেটের মধ্যে ভাল কোন কিছুই দেখেননি। এই বাজেট দেশকে এগিয়ে না নিয়ে যেয়ে ধ্বংসের দিকে নিয়ে যাচেছ এই রকম অনেক কথা বলে গিয়েছেন।

(Noise.)

স্যার, দেশকে ধ্বংসের দিকে নিয়ে গেলে কি হয় এবং অগ্রগতির দিকে নিয়ে গেলে কি হয় সেটা এনারা কাগজে কলমে বুঝতে চান না। কিন্তু আমরা বুঝি এই গভর্ণমেণ্ট দেশকে অগ্রগতির দিকে নিয়ে যাচেছন না ধ্বংসের পথে নিয়ে যাচেছন। (এ ভয়েস: আপনার কয় হাজার বিঘা জমি আছে?) অনেক ছিল এখন আর নাই। বিরোধী পক্ষের একজন বলেছেন যে এই ক্যানালের করের জন্য বীরভূমের লোক আকুল হয়ে ক্রন্দন করছে। বীরভূম সম্বন্ধে আমি একটা কথা বলবো। এখানে দেখতে হবে বীরভূম জেলা ছিল কি? তার কিয়দংশ পরিমাণ জায়গায় দুর্বা ঘাসও হতো না এবং কিয়ৎ পরিমাণ অংশ জমি সম্পর্কে লোকে ভগবানের উপর নির্ভরশীল হয়ে থাকত। কিন্তু আজ ময়ূরাক্ষীর অনুগ্রহে কি অবস্থা হয়েছে সেটা লক্ষ্য করুন। যেখানে দুর্বাঘাস পর্য্যন্ত হ'ত না, সেখানকার চাষীরা এখন চিন্তা করছে যে একই জমিতে একাধিক ফসল ফলান যায় কি প্রকারে এবং যেখানকার জমির মূল্য মাত্র ৫-৭ টাকা ছিল আজ সেই সমস্ত জমির মূল্য ১৫০৲ হইতে ২০০৲ টাকা পর্য্যন্ত হয়েছে। এইরূপ উন্নতর অবস্থা হয়েছে তবু তারা আকুল হয়ে ক্রন্দন করছে এবং সে ক্রন্দন কেবল শুনতে পাচেছন বিরুদ্ধ পক্ষের বন্ধুগণ। এতে আমার বলার কিছুই নাই, সভাপাল মহাশয়, আপনিই এর বিচার করুন। এবার আমি বলতে চাই রাস্তাঘাট সম্বন্ধে। এখন হয়ত লক্ষ্য করেছেন যে কলিকাতা থেকে মুর্শিদাবাদ এবং বীরভূম পর্য্যন্ত একেবারে কংক্রিটএর রাস্তা হয়েছে এই সরকার রাজ্য হাতে নিয়ে। এই সমস্ত রাস্তা কি সেখানে ছিল কখনও? একটা মাত্র উদাহরণ দিলাম, এইরকম বহু রাস্তা এই গভর্ণমেণ্টের আমলে হয়েছে। সেই রাস্তাগুলি যদি আপনারা দেখেও অস্বীকার করেন তাহলেত মহা বিপদের কথা। তাহলেও দেখছি আপনাদের ঘুরিয়ে ফিরিয়ে না দেখালে উপায় নাই।

দ্বিতীয় কথা আমার হচেছ এই "এডুকেসন" সম্বন্ধে। এতে বহু টাকা বরাদ্দ করা হয়েছে। "এডুকেসন" সম্বন্ধে আপনারা অবগত আছেন যে ইংরাজদের সময়, আমি গ্রামের কথাই বলছি, যে গ্রামের মধ্যে যে ঘরে খড় থাকত না, এই রকম একটা ছোট ঘর সেইটাকে লোকে স্কুল বলেই জানত। সেই সমস্ত স্কুলের এখন কি অবস্থা হয়েছে দেখুন। মুর্শিদাবাদ জেলায় গভর্ণমেণ্টের খরচে অর্থাৎ বিনা পয়সায়, অনেক স্কুলের কংক্রিট ও টিনের বাড়ী হয়েছে। (এ ভয়েস: এ পয়সা কোথা থেকে আসে?) যে স্কুলে টিন দেওয়া সম্ভব হয়নি এখন সেই সব স্কুলের উন্নতি হয়েছে এবং বহু টাকা দেওয়া হচেছ "রিপেয়ার্স"এর দরুণ। স্কুলে যেসমস্ত শিক্ষক থাকত তাঁরা মাত্র ৬ টাকা, ৮ টাকা বেতন পেতো আর ছেলেদের কাছ থেকে কলা, মূলা ইত্যাদি নিয়ে দিন কাটত। কিন্তু এখন তারা ২৮-৩০ টাকা পাচেছ তাতে তাদের খাওয়া পরা চলে যাচেছ।

(disturbances and noise)

এখন শিক্ষকদের অবস্থা মোটামুটি ভালই হয়েছে।

মাধ্যমিক স্কুল সম্বন্ধে বলছি পূর্বে যেখানে শিক্ষকদের মাহিনা অনেক কম ছিল কিন্তু এখন মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীন এসে তাদের অভাব অনেকটা মিটেছে।

আর একটা জিনিষ দেখুন। পূর্বে জেলায় মাত্র একটী কলেজ ছিল কিন্তু এখন মহকুমায় একটা করে কলেজ হয়েছে এবং অন্যান্য "ডিগ্রী"এও বহু প্রকার কলেজ হচেছ, তথাপি যদি বলেন যে "এডুকেশন"এর জন্য খরচ করা হচেছ না এটা বলা ঘোরতর অন্যায় হবে এবং এই বাজেট আমাদের দেশকে ধ্বংসের পথে নিয়ে যাচেছ এ-রকম আলোচনা করাও উচিত নয়।

ডাঃ রায় রাজ্য হাতে পাবার পূর্বে সেখানে বৎসরে ৯ কোটি টাকা খরচ হ'ত আর এখন সেখানে ৩৯ কোটি টাকা খরচ হচ্ছে, তাতে কি দেশকে ধ্বংসের দিকে নিয়ে যাওয়া হচ্ছে? যাই হোক রাজ্য হাতে পাওয়ার আগে আমাদের দেখতে হবে যে আমাদের এখানকার অবস্থা কি ছিল। ঋষি বঙ্কিমচন্দ্র বাংলার কথা লিখে গিয়েছেন যে সুজলা, সুফলা। কিন্তু আমরা এই সুজলা, সুফলা অংশটা পাইনি, আমরা যা পেয়েছিলাম ঠিক উল্টা কঙ্করময়ঃ কুফলাঃ অনুর্বরাঃ"। ("লাফ্‌টার") এখানে লক্ষ্য করলে দেখতে পাবেন যে দেশের অধিকাংশ জমিই পতিত ছিল এবং যে জমিটুকু ভাল ছিল তাতেও বৃষ্টির অভাবে হয়ত আবাদ হ'ত না কিম্বা অতি বৃষ্টির জন্য ফসল নষ্ট হয়ে যেত। এখন এখানে "ইরিগেসন" ও "এগ্রিকালচার" ডিপার্টমেন্টের এক সঙ্গে কাজ হচ্ছে ও প্রচুর ফসল উৎপন্ন হতে আরম্ভ করেছে সে বিষয় অস্বীকার করবার উপায় নাই। সুতরাং আমরা দেখতে পাচ্ছি, এই গভর্ণমেণ্ট দেশকে অগ্রগতির দিকেই নিয়ে যাচ্ছেন। আমাদের "এডুকেসন", রাস্তাঘাট, স্বাস্থ্য, "হেল্‌থ" ডিপার্টমেণ্ট প্রভৃতি ইংরাজ রাজত্বের আমলে কি ছিল আর আজ কি হয়েছে সেটা দেখুন। এখন প্রত্যেকটি ইউনিয়নে ইউনিয়নে "হেল্‌থ সেণ্টার" খোলবার ব্যবস্থা হচ্ছে একথা অস্বীকার করবার কি উপায় আছে? আমি মুর্শিদাবাদ জেলা সম্বন্ধে খবর রাখি বলেই এ সমস্ত কথা বললাম। ("ডিষ্টারবেন্স এ্যাণ্ড নয়েজ"।) একটা জিনিষ লক্ষ্য করলাম যে পুলিসের জন্য বহু টাকা ব্যয় হচ্ছে, সেটা অস্বীকার করবার উপায় নাই। কিন্তু সেটা কেন হচ্ছে? স্যার, আপনি একটু খেয়াল করে দেখুন। সেদিন শিক্ষকরা একটা আন্দোলন সুরু করেন এবং তার সুযোগ নিয়ে একটা দল দেশের মধ্যে লুটতরাজ, রাহাজানি প্রভৃতি আরম্ভ করে দিলো। তখন ডাঃ রায় তাঁর লোকজন পুলিস প্রভৃতি নিয়ে এটাকে আয়ত্তের মধ্যে নিয়ে আসেন। কাজেই এই পুলিস ছেড়ে যদি খরচ কমিয়ে দেন তাহলে দেশের সর্বনাশ হবে, তাহলে পথে চলা যাবে না। ("লাফ্‌টার"।)

এই অবস্থাতে এই যে বাজেট উপস্থাপিত হয়েছে একে আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। আমার বিশ্বাস ওঁরাও এটা মনেপ্রাণে সমর্থন করেন, তবে এই ঘরে এসে উল্টা কথা বলেন।

[5-30—5-55 p.m.]

একটা উদাহরণ দিয়ে সভাপতি মহাশয় আপনাকে বুঝিয়ে দেবো এর সত্যতা সম্বন্ধে, কয়েক মাস পূর্বে গভর্ণমেণ্ট নিজের খরচায় আমাদের সকল দলের সভ্যগণকে বড় বড় পরিকল্পনা দেখাবার জন্য নিয়ে গিয়েছিলেন, আমরা কংগ্রেসপক্ষ অবশ্য গভর্ণমেণ্টের এই বিরাট পরিকল্পনা, যা রূপ পরিগ্রহ করেছে তা দেখতে পাব এই আনন্দেই গিয়েছিলাম, আর বিরুদ্ধ পক্ষ জানি না কেন গিয়েছিলেন, বোধ হয় তারা গভর্ণমেণ্টের এই সব পরিকল্পনার কোথায় ত্রুটী বিচ্যুতি আছে তাই আবিষ্কারের ইচ্ছাই ছিল, অবশ্য এটা আমার অনুমান, কিন্তু সেখানে উপস্থিত হয়ে উভয় পক্ষই পরিকল্পনার বিরাটত্ব দেখে হতবাক হয়ে ছিলো, আমি যখন সেই অবস্থায় দাঁড়িয়েছিলাম তখন বিরুদ্ধ পক্ষের বন্ধুদের কয়েকজনের কথার গুঞ্জন কানে এল, তাতে শুনলাম একজন বলছেন যে "ডাঃ রায় জমিদারী বিলোপ সাধন করলেন, জোতদারদের জমিও কমিয়ে দিলেন, এদিকে এই সব বড় বড় পরিকল্পনা শেষ হতে চলল, এবার আগামী নির্বাচনে দেশবাসীকে আর কি করে ভাঁওতা দেওয়া যাবে।" তাদের মধ্যে একজন মুরুব্বীস্থানীয় বন্ধু বললেন যে যতদিন দেশের লোক শিক্ষা না পাবে ততদিন কোন চিন্তার কারণ নাই, নূতন নূতন কথা আমরা আবিষ্কার করব, দেখবে সব ঠিক হয়ে যাবে। হঠাৎ আমার দিকে দৃষ্টি পড়ায় চুপ হয়ে গেলেন। এতেই বুঝুন সভাপতি-মহাশয় তারা কাজকে অস্বীকার করেন না, কেবল দলীয় রাজনীতির জন্যই স্বীকার করতে পারেন না, তাতেই বলি ওঁদেরকে বলে কোন লাভ নাই। আপনিই স্যার দেখুন ডাঃ রায়র গভর্ণমেণ্ট কিছু করেন কিনা এবং তার বিচারের ভার আপনার উপরেই ছেড়ে দিলাম। আর কিছু বলে সময় নষ্ট করব না।

(At this stage the House was adjourned for fifteen minutes.)

(After adjournment.)

Dr. Narayan Chandra Ray: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মারফৎ আমার দিক থেকে অর্থাৎ মেডিক্যাল দিক থেকে বাজেট সম্বন্ধে কিছু বলব। আমি আপনার মারফৎ আমাদের মুখ্যমন্ত্রীমহাশয় এবং যিনি ফাইন্যান্স মিনিষ্টার হিসাবে বাজেট পেশ করেছেন তাঁর কানে এই কথাটা তুলে দিতে চাই এবং আমি আশা করি ডাক্তার হিসাবে ডাক্তারের কথাগুলি তিনি নেবেন। দেশের সাধারণ মানুষের যতগুলো সমস্যা তাদের ঘিরে থাকে সে সম্বন্ধে একটা কথা বেকারের চাকরী কেমন ক'রে হবে, টাকা কেমন করে আসবে; দ্বিতীয় কথা খাবার এই টাকায় কিনবে কি ক'রে; তৃতীয় এবং সবচেয়ে বড় কথা অসুখ হলে আমি ওষুধ কোথায় পাব, আমি

[Dr. Narayan Chandra Ray.]

অসুখ হলে আশ্রয় কোথায় পাব? আমার চিকিৎসা কেমন করে হবে? অবশ্য এই তিনটা প্রশ্নের কোনটাই অবস্থাপন্ন ঘরে আসে না। আমি যখন বলছি খুব গরীবের কথা ভেবেই বলছি; যাদের কাছে এই তিনটা সমস্যাই বড় সমস্যা তাদের দিকে থেকেই বলছি এবং তাদের দিক থেকে তৃতীয় সমস্যাটাকেও আমি খুব বড় ব'লে মনে করি এবং একথাতে মুখ্যমন্ত্রীমহাশয় যেন মনে না করেন যে এটা আমি আমার কথা বলছি। আমাদের কাছে যখন চারধার থেকে সাধারণ মানুষের খবর এবং অভিযোগ আসে তাতে এই দেখা যায় যে ইংরেজ আমলের পর থেকে দেশের যে জায়গাগুলি তলিয়ে গিয়েছে তার মধ্যে বড় একটা অংশ হচ্ছে গ্রাম্য চিকিৎসা-বিভাগ। খাদ্য সম্বন্ধে এখানে অনেকবার আলোচনা হয়ে গিয়েছে; কিন্তু চিকিৎসা সম্বন্ধে দেশবাসী মনে করে যে চিকিৎসার দিক দিয়ে দেশের ভয়ানক দুরবস্থা হয়েছে এবং এ সম্বন্ধে আমরা এই বাজেটে মন্ত্রী-মহাশয়ের কাছ থেকে কোন নীতির আভাষ খুঁজে-ছিলাম। সে নীতি সম্বন্ধে আমরা যা এখানে বুঝেছি কাজেকলমে সেটাই যদি সরকারী নীতি হয় তা'হলে বলব এই নীতি জনসাধারণের পক্ষের নয়, জন-সাধারণের বিপক্ষের নীতি। আর আমার যদি ভুল হয় তাহলে মন্ত্রীমহাশয় "করেক্ট" করে দিবেন। প্রথম ধরছি আমাদের চিকিৎসা বিভাগ, আমাদের মন্ত্রীমহাশয়কে ধরছি। এ সম্বন্ধে আমি জানাতে চাই যে আমাদের খাদ্য বিভাগের মন্ত্রীমহাশয়ের সম্বন্ধে সাধারণ মানুষ যে রকম একটা ধারণা করে, আমাদের চিকিৎসা বিভাগের মন্ত্রীমহাশয়ের সম্বন্ধেও সাধারণ ডাক্তার এবং চিকিৎসা সংক্রান্ত বিষয়ে যাঁরা চিন্তা করেন তাঁরাও এই রকম ধারণা পোষণ করতে আরম্ভ করেছেন; বিশেষ করে এই 'এ্যাসেম্বলীর' প্রশ্নোত্তরের উপর বলছি। আমাদের খাদ্যমন্ত্রী মহাশয়ের প্রশ্নোত্তরগুলি বাইরে "প্রফুল্লসেনী জবাব" এই রকম একটা চলতি কথা হয়ে গিয়েছে এবং সে ধরণের সেই জাতের জবাব আমাদের চিকিৎসা বিভাগের মন্ত্রীমহাশয়ের প্রত্যেক কথার জবাবে দেখছি। সেখানে বুঝবার চেষ্টা নেই, 'কো-অপারেশন' নেই, যা জবাব দেবার বা সমস্যাটা তলিয়ে দেখবার কোন ইচ্ছা পর্যন্ত নেই। আমি 'কংক্রিটলি' গত তিন দিনের প্রশ্নটা জিজ্ঞাসা করছি। কলকাতা সহরে সরকারী হাসপাতালগুলিতে আজ 'এক্সরে' খারাপ হয়ে গিয়েছে, আজ 'এক্সরে' বন্ধ। আজ যাদের 'ডীপ এক্সরে' বা অন্য রকম 'এক্সরে' সংক্রান্ত চিকিৎসা করার কথা তখন এটা যে প্রায়শঃ বন্ধ থাকে এবং এটা কলকাতার হাসপাতালের একটা ব্যাধিতে পরিণত হয়েছে, এটা কলকাতার প্রত্যেক মানুষ জানে।

অধ্যক্ষ মহাশয়, আমাদের চিকিৎসা বিভাগের মন্ত্রীমহাশয়ের জবাব শুনুন। 'এক্সরে ব্রেকডাউন' কতগুলি হয়েছে "না ৭টা" খুব কাটা কাটা ছোট ছোট জবাব। ক'দিন "ওয়ার্ক ডেজ লষ্ট"? না, ৯টা। হয় তাঁদের কাছে খবর আসে না আর নয়তো এরকম বলাই তাঁদের অভ্যাস। এখানে আমাদের প্রশ্ন তোলার মধ্যে কোন উদ্দেশ্য ছিল না, শুধু এই জিনিষটা পরিষ্কার ক'রে নেওয়া। সাধারণ মানুষ বিশেষ ক'রে "এক্সরে ডিপার্টমেন্টে"এ যে সব ডাক্তাররা আছেন তাঁদের মধ্যে অনেকে আমার বিশেষ বন্ধু এবং পরিচিত। সাধারণ মানুষ তাদেরকে অসাধু লোক মনে করে। তাদের অনেকেরই হয়ত নিজস্ব "এক্সরে" আছে, তারা মনে করে যে তাদের নিজেদের "এক্সরে"র কাছে "কেস" পাঠাবার জন্য হাঁসপাতালের এক্সরে বন্ধ একথাটা তারা লোককে বলে থাকেন। সেটা তাঁর পক্ষে সত্যিকারের ভাল জিনিষ নয়। এসব সম্বন্ধে আমরা যখন তাদের সঙ্গে আলোচনা করি তখন "কনক্রিটলি" দেখিয়ে দিয়েছি, এবং এ কথাটা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ও স্বীকার করবেন যে সত্যিকারের এক্সরে করার মত কেস যা আমাদের করার ব্যবস্থা আছে তার চেয়ে তার প্রয়োজন অনেকগুণ বেশী হয়ে গিয়েছে। 'এক্সরে' একটা খুব সূক্ষ্ম যন্ত্র। সেটা খুব 'হেভিলোড' 'ষ্ট্যাণ্ড' করতে পারে না। এবং তার জন্য দরকার আছে সত্যিকারের একটা "ইনভেষ্টিগেশনে"র যে কত "কেস" এখানে "এক্সরে" করা হয়। সুতরাং এখানে যদি "ওভারলোডিং" হয় তাহলে কেন এটা চালান হবে। এটা "হাই পাওয়ার" করা যায়, এটা "ডবল সেট" করা যায়। এইভাবে একটা তৈরী করার কথা ছিল। প্রশ্নটা তুললাম। সেখানে জবাব দিয়েছেন কি,

"investigate into the reasons of the breakdown."

সেখানে সেগুলির জবাব হচ্ছে,

"Superintendents of Hospitals take immediate steps against such break-down and the question does not arise."

এই প্রশ্নটা এ রকমভাবে এড়িয়ে যাওয়া সত্যিকারের ডাক্তারী জবাব? এটা তাঁর যোগ্য জবাব মনে করি না। তারপর দ্বিতীয় প্রশ্ন হচ্ছে "এপিডেমিক" সেল বাইরে।

B.C.G. Squad, anti-malarial squad cholera inocculation, etc.

[5-55—6-5 p.m.]

ইত্যাদি চলেছে। আমরা এখানে জিজ্ঞাসা করেছিলাম, আচ্ছা আপনারা বাইরে যে সব এলাকাতে হয় সেখানকার ডাক্তারদের "হেল্প"টা চেয়ে নেন না কেন? ("প্রয়োজন হয় না"—"ভয়েস") সত্যি কি মুখ্যমন্ত্রী মহাশয় মনে করেন তাঁর চিকিৎসা বিভাগে এত অর্থ ও এত লোকবল আছে? সাধারণ মানুষ সাধারণ চিকিৎসায় যারা আপনাকে সাহায্য করতে উৎসুক তাদের বাদ দিয়ে চললে আপনার লাভ হবে? আপনি কি মনে করেন তাদের সঙ্গে নেবার প্রয়োজন নেই? আপনার সংগঠনের এত শক্তি নেই যে সকলকে বাদ দিয়ে কয়েকটা সরকারী কর্মচারী দিয়ে দেশের এত বড় সমস্যা আপনি দূর করতে পারেন। শুনুন এই মন্ত্রী মহাশয় সম্বন্ধে দ্বিতীয় কথা; আমার ঘটনাক্রমে বহরমপুরে যেতে হয়েছিল। সেখানে আমি অনেক লোকের মুখে এ কথাগুলি শুনেছি। বাইরে ভিন্ন ভিন্ন জায়গা থেকে এ, জি, হাঁসপাতাল তুলে দিয়ে "বেড "কণ্ট্রাকসন" করা হচ্ছে। এ নিয়ে সেখানকার অনেক বিশিষ্ট স্থানীয় ভদ্রলোক কোন কোন জায়গার "মিউনিসিপ্যাল চেয়ারম্যান", কেউ কেউ "মিউনিসিপ্যাল কমিশনার", অনেক কংগ্রেস মেম্বার মন্ত্রীমহাশয়ের সঙ্গে "এ, জি", হাঁসপাতালগুলির "বেড" কমান সম্বন্ধে আলোচনা করেছিলেন। এ সম্বন্ধে মন্ত্রীমহাশয় যে ভাষা প্রয়োগ করেছেন সে ভাষা হচ্ছে যে হাঁসপাতালগুলি কি লঙ্গরখানা, হাঁসপাতালগুলি কি ধর্মশালা? এই ভাষা আমরা অনেক সময় শুনেছি। মন্ত্রীমহাশয়দের ভাষা হচ্ছে "হিজ মাষ্টারস ভয়েস," যিনি আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়,

I think it is not his master's voice.

আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় অন্ততঃ ডাক্তার। তাঁর মুখ থেকে এরকম কথা শোনা যাবে না। দরিদ্র দেশবাসী হাঁসপাতালে গিয়ে "ম্যালেরিয়া" জ্বরে হোক আর যে কোন কারণে হোক দুবাটি দুধ খেয়েছে, দু'টুকরো পাউরুটি খেয়েছে তাতে তাদেরকে ডাঃ বিধান চন্দ্র রায় বলবেন না এটা আমি মনে করি। কিন্ত এরকম কথা উঠেছে এবং হয়েছে। ভবিষ্যতে প্রয়োজন হ'লে যাদের কাছে এ কথা বলা হয়েছে আমি সেটা মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে দেব। এবং আশা করি এই রকম অশোভন কথা বিশিষ্ট লোকের প্রতি যেন ভবিষ্যতে আর প্রয়োগ না হয়।

এছাড়া আর একটা সম্বন্ধে—এই মেডিক্যাল পলিসি সম্বন্ধে ব'লে যাব। একটা কথা "স্পুরিয়স ড্রাগ" সম্বন্ধে। এসম্বন্ধে গত দুতিন বছর ধরে মেডিক্যাল অ্যাসোসিয়েশন একটা কমিশন ক'রেছিলেন। তারা আপনাদের কাছে অনেকবার আবেদন নিবেদন করেছে। তার জবাবে আপনারা লিখেছেন আমরা "ইণ্ডিয়া গভর্ণমেণ্ট"এর সঙ্গে "কমিউনিকেশন" করছি এবং খুব তাড়াতাড়ি ওদের সঙ্গে একটা সিদ্ধান্তে আসার চেষ্টা করছি। ২৯শে আগষ্ট ১৯৫২ তারিখে "ডিরেক্টর অব হেল্‌থ্ সার্ভিসেস"এর থেকে চিঠি দেওয়া হ'য়েছে, সেগুলো সম্বন্ধে আলোচনা—না বাজেটে, না আপনাদের এখানে—কোথাও আমরা শুনিনি। সেই "স্পুরিয়াস ড্রাগ" সম্বন্ধে আপনারা কি ক'রেছেন? আমরা "স্পুরিয়াস ড্রাগ" সম্বন্ধে যে সাজেসান দিয়েছিলাম আমি মন্ত্রীমহাশয়ের সামনে সে সাজেসানগুলি দিচ্ছি। প্রথম হচ্ছে এই যে আমরা দেখিয়েছিলাম যে আমাদের যে "অ্যাণ্টি-করাপশান ডিপার্টমেণ্ট" তাদের দিয়ে যেন করান হয়। তাদের হাতে নাকি "পাওয়ার নেই", পার-সোনেল নেই। আর যদি ধরা যায়ও যে ড্রাগগুলি খুব তাড়াতাড়ি ক'রে অ্যানালাইসিস করবার মত ব্যবস্থা নেই তবে এ সম্বন্ধেও আমরা তিনটা সাজেশন দিয়েছিলাম। এখানে ড্রাগ ইনস্পেক্টরদের সংখ্যা বাড়ানর কথা, ল্যাবরেটরীগুলিকে "বেটার ইকুইপ" করা এবং যাতে "কুইকলি" খুব তাড়াতাড়ি যেসমস্ত জিনিষ এখানে না হ'য়ে দিল্লীতে "এনালিসিস"এর জন্য যায় সে সমস্ত "এনালিসিস" যাতে এখানে হ'তে পারে তার সম্বন্ধে একটা ব্যবস্থা করা হোক। আর একটা কথা বলার ছিল। তা হচ্ছে এই যে সাধারণ মানুষের খাদ্য নিয়ে তাঁরা যা করলেন তার চেয়ে এটা বেশী গুরুত্ব অধিকার করেছে এখানে একটি দরিদ্র লোক, তার ছেলের ও স্ত্রীর টি, বি, হয়েছে; সেজন্য নিজের খাওয়া বন্ধ করে কাপড় ঘটি বাটি বেঁচে সে সেখানে ওষুধ কিনতে গিয়েছে। ছেলের টাইফয়েড হয়েছে। যে ওষুধ কিনেছে তাতে সে সর্বস্বান্ত হয়ে গিয়েছে। আচ্ছা, এই সমস্ত লোককে সাজা দেবার কি আছে? না, পাঁচশ টাকা সাজা। যারা পাঁচ লাখ টাকার কারবার করে এবং পকেটে পাঁচশ সাতশ টাকা ঘুষ ফেলে দিয়ে চলে যায় তাদের সাজার কি বন্দোবস্ত করেছেন? পাঁচশ টাকা সাজা, আর এক বছরের "ইম্প্রিজনমেণ্ট"। একি ছেলে খেলা? "স্পুরিয়াস ড্রাগ" সম্বন্ধে যে ব্যবস্থা করেছেন তাতে কি মনে করব যে এ সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করার ইচ্ছা মনে আছে আপনাদের? এমন হতে পারে যে এটা পুলিস ডিপার্টমেণ্ট এবং মেডিক্যাল ডিপার্টমেণ্ট এই দুটুর মাঝামাঝি পড়েছে। অর্থাৎ এটা মেডিক্যাল ডিপার্টমেণ্ট "এনালিসিস" না করলে পুলিস একস্যান নিতে পারে না। এটা যে একটা "ইম্পরটেণ্ট" কাজ দরকারি কাজ তা যদি

[Dr. Narayan Chandra Ray.]

মনে করেন তাহলে এ সম্বন্ধে আপনি মুখ্য মন্ত্রী মহাশয় একটা শক্ত "ষ্টেপ" নিন। এবং আমাদের মেডিক্যাল এসোসিয়েসন থেকে "সাজেশন" ছিল যে এখানে ফাইনের প্রভিশন তুলে দেওয়া হবে এক নম্বর, ২নং সাজা পাঁচ বছর হবে। যদি "সামারি ট্রায়াল" আপনারা গর্হিত মনে করেন, শুরুপ ট্রায়াল আপনারা গর্হিত মনে করেন,—এদের যারা ধরা পড়েছে তারা গরীব লোক নয়, বড় বড় লোক আইন ভেঙ্গে বেরিয়ে যাবার মত যথেষ্ট পয়সা এবং সুযোগ তাদের আছে, তারা "কেস" লড়তে পারে, তাহলে এখানে লম্বা ট্রায়ালের ব্যবস্থা তুলে "কুইক ট্রায়াল"এর ব্যবস্থা করুন। আর একটা "সাজেশন" হচ্ছে এ সমস্ত লোক, যারা ধরা পড়বে তাদের নাম "পাবলিস" করতে হবে। এরা মস্ত বড় লোক গণ্যমান্য ব্যক্তি। পুলিস এদের নাম "পাবলিস" করবে না। অথচ আপনারা বলবার সময় বলবেন এক সময় বলতেনও যে এদের "ল্যাম্প পোষ্ট"এ ঝুলিয়ে সাজা দেবেন।

তারপর "ষ্টেট ইন্সিওরেন্স এ্যাক্ট"। এটা আমরা মনে করি যে সত্যিই এটা একটা ভাল জিনিষ—এটা হোক। কিন্তু এদিকে সরকারের সৎ ইচ্ছা নেই। যাতে এটা ভাল ভাবে হয় সেটা করুন। আমি গতবারেও বলেছিলাম এবারেও বলছি যে চিকিৎসককে যে পারিশ্রমিক আপনারা দিচ্ছেন, তা অত্যন্ত কম। এই যে ৪৲ আপনারা দিচ্ছেন পারিশ্রমিক বাবদ, এতে ডাক্তারের "কম্পাউণ্ডার" আছে, "ইলেকট্রিসিটির" খরচা আছে, "টেলিফোন"এর খরচা আছে। সুতরাং এই যে সামান্য টাকা দিচ্ছেন তাতে কি করে হয়? আমি মনে করি এই রকম একটা নামমাত্র পারিশ্রমিক দেওয়ার কোন যুক্তিযৌক্তিকতা নেই। দ্বিতীয়তঃ এই যে ২৲ টাকা ঔষধের জন্য দিচ্ছেন এটা প্রহসন ছাড়া আর কি? একটা যদি হিসাব নেওয়া যায়—"ফরটি পারসেণ্ট" যদি "এণ্টি বাইওটিক" এবং "টুয়েণ্টি পারসেণ্ট থেরাপিউটিক" ধরা যায় তাহলেও এতে হয় না। সরকার যে ঔষধ বিলি করেন তাতে তা কিছু "ট্যাবলেট" এবং "টিক মিক্সচার" দিয়ে থাকেন। তাতে কি খরচা পড়ে? সেটাও কি একবার ভেবে দেখেছেন? একজন ডাক্তারকে চিকিৎসা করতে গেলে এ ছাড়াও বহু "মেডিসিন" দিতে হবে; কাজেই এই "ষ্টেট ইন্সিওরেন্স স্কীম"—এটা "সাকসেসফুল" হতে পারে না। এবং "পারপজ" এই ভাবে "সার্ভড" হবে না কারণ বহু "কষ্টলি মেডিসিন" আছে যেমন "ক্লোরোমাইসিটিন", "ষ্ট্রেপটোমাইসিন" প্রভৃতি "ইউজ" না করলে রোগীর সুচিকিৎসা হতে পারে না।

তারপর স্বাস্থ্য সম্বন্ধে আপনারা কি "পলিসি" নিচ্ছেন আপনারা "হেল্থ সেণ্টার" খুলছেন বলছেন কিন্তু নানা হাসপাতালে যেমন "এ, জি, হাসপাতাল"এ "বেড এক্সপ্যানসান" হচ্ছে না "কণ্ট্রাক্সন" হচ্ছে। আমি পরে "কাট মোসনের" সময় নাম করে বলব কিন্তু "এ, জি," হাসপাতালে যা হয়েছে তাতে দেখছি বহু "বেড" কমান হয়েছে।

[6-5—6-15 p.m.]

দুটো এ, জি, আর দুটো এফ, আর, ই, হাসপাতাল কমানো হচ্ছে। ৪১৫ টা নূতন হেল্থ সেণ্টার খোলা হবে। হয়ত প্রত্যেক ডিষ্ট্রিক্টের নাম করে ঘুরিয়ে ফিরিয়ে দেখানো হবে। এই পলিসিটি করা হয়েছে। কিন্তু বাংলা দেশে যেগুলি কমানো হলো সেটা যে কভার করতে পারে না, এটা আমি আগে থেকেই বলে রাখি। এই সঙ্গে সঙ্গে বেড কণ্ট্রাক্সন পলিসি একটা পুরাণো কথা বলছি, যতক্ষণ না নূতন হেল্থ সেণ্টার তৈরী হচ্ছে ততক্ষণ

"Abolition of A. G. Hospital or reduction of beds without opening health centres in the area is contrary to the established policy of this Government."

এখানে ১৩৫টা নূতন বেড যে রিপ্লেনিস করা হচ্ছে এইটে দেখিয়ে দিন এমন খরচ আমাদের নাই, অথচ বেড এবলিশন করা হয়েছে। সেদিন মুখ্যমন্ত্রী মহাশয়কে বলা হয়েছিল তিনি সেদিন ছিলেন না তাই আমি আজ বলছি, এ, জি, হাসপাতাল যেখানে খোলা হয়েছে—নোটিশ সার্ভ হয়েছে—ডেপুটি হেল্থ ডিরেক্টরের কাছ থেকে কত লোকের চাকরী যাবে। একথার অর্থ কি? তারপরে টেম্পোরারী সার্ভিস যাদের তাদের শুনলাম নোটিশ দেবার পরে রিয়্যাপয়েণ্ট করা হবে।

lower scale of pay accept

করার জন্য তাদের ফোর্স করা হবে। এ খবরটা ঠিক কিনা মুখ্যমন্ত্রীমহাশয় অনুগ্রহ করে বলবেন। তিন বছরের "ট্রেনিং" দিয়ে ১৫ বছরের চাকুরীর বন্দোবস্ত করছেন সরকার যাদের পছন্দ করবেন তাদের, এবং তাদের কেউ চাকুরী ছাড়লে হাজার টাকা জরিমানা দিতে হবে। একথা সত্য কিনা?

এখানে আমি ৩টি প্রস্তাব মুখ্যমন্ত্রী মহাশয়ের সামনে রাখব, একটা আমি দিয়েছি, আবার দিচ্ছি যদিও আমার সময় চলে যাচ্ছে। হাজার হাজার চিঠি দপ্তরে দেওয়ার পরও মন্ত্রীমহাশয়ের কাছে পৌঁছে না, মুখ্য মন্ত্রীমহাশয়ের কাছে যে চিঠি পাঠানো বোধ করি আবশ্যকও তারা বোধ করেন না, কেন না

ভদের একটা আই, সি, এস সেক্রেটারিটি আছে, আর একটা ভারের সাভিলিটিও আছে ঐ ডিপার্টমেণ্টার অফিসারদের। কাজেই খবর দিলেও মুখ্য মন্ত্রীমহাশয়ের কাছে যাবে না, তাই ডিরেক্টলি তার কাছে বলছি। এখানে বাংলা দেশে, এবং কলিকাতায় মেটার্নিটি বেডের ভয়ানক অভাব আছে। অন্তত: যেগুলি আছে তাদের "বেস্ট্যাব ইউটিলাইজ" করা যায় এই রকম করে—আমাদের দেশে, বিশেষ করে কলিকাতা সহরে আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক এবং এলোপ্যাথিক যতগুলি হাসপাতাল আছে তাদের মেটারনিটি বেড-গুলিকে একটা সেণ্ট্রাল কণ্ট্রোলে এনে একটি ডি, জি, ও এপয়েণ্ট করা এবং একটা কণ্ট্রোল রুমের মত করা, যেখানে

every morning at any hour

কোন হাসপাতালে কত "বেড" খালি আছে তার খবর থাকবে, এবং কোন একটা জায়গায় রোগী এসে পড়লে কণ্ট্রোলরুম এক হাসপাতাল থেকে তাকে অন্য হাসপাতালে পাঠাতে পারে। পথে ঘাটে যেন প্রসব না হয়।

আর একটা প্রস্তাব দিয়েছি। এখানে শুনলাম—ইণ্ডিয়া গভর্ণমেণ্ট থেকে নাকি অক্সিলারি হেল্থ পারসনেল বলে একটা স্কীম নিচ্ছেন, আমাদের এখানে আগে নন-রেজিষ্টার্ড মেডিকেল মেন অনেক ছিল, তাদের সম্বন্ধে, অনুরোধ করি যে কিছু করা যায় কিনা, একটা রিফ্রেসার কোর্স করে তাদের অক্সিলারি পার্সনেলএর মধ্যে নেয়া যায় কিনা।

তৃতীয় হচ্ছে—

Long term T. B. Programme.

যদি থাকে ত দেবেন। কিন্তু আইসোলেসন অফ ইনফেক্টেড কেসেস ইন ডিফারেণ্ট হসপিটালস" এই একটা সর্টটারম বন্দোবস্তের জরুরী দরকার। বিভিন্ন হাসপাতালে পাঠিয়ে "টেম্পোরারিলি" তাদের "প্রোভাইড করে" ইনফেকসন দিয়ে "ইনফেকসন স্প্রেডিং" কিছু কমানো যায় কিনা, এটার সম্বন্ধে বিবেচনা করবেন। আর অন্য বক্তব্য যাই থাক ডাক্তারের অনুরোধগুলো ডাক্তার হিসাবে একটু দেখবেন।

Sj. Shyamapada Bhattacharjee: Mr. Speaker, Sir, the Budget estimate of the Finance Minister seems to have been taken very coldly both outside and in this House. The reasons to my mind are perhaps that there is no tax relief and secondly the picture as represented is not very heartening, but it must be said to his credit that he has not tried to minimise the gravity of the situation and inspite of difficulties and obstacles, he has boldly pushed forward towards expansion and has not cried a halt. He has, therefore, preferred going for loan to fresh taxation which would have hit the people hard. Already the ratio of taxation is the highest amongst the States and any fresh taxation will inflict greater miseries on the people of West Bengal. West Bengal is the smallest Province as regards area and has got the highest density of population. Although she has suffered losses in respect of areas and population, she has been able to pull herself by her own efforts and has been able to raise her revenue from Rs. 31 crores to nearly Rs. 40 crores. Thus she has made the highest endeavour in stabilising her finances but the result is not commensurate with her efforts. In spite of increase in revenue, the go-ahead programme of the Government unemployment has not decreased but is assuming a menacing proportion. It has justly been observed that the people are living in comparative penury and are not getting what they need absolutely although the resources of the State are not small. This increase in income is always resulting in deficit budget. The Government however has not spared any pains to expand the nation-building activities and this is evident from the expenditure under the heads "Agriculture, Irrigation, Road Development, Education, Medical and Public Health". In Agriculture Government is trying to improve the position by spending annually besides the major irrigation schemes Rs. 20 lakhs, in small irrigation schemes Government is spending Rs. 20 lakhs in re-excavation of derelict tanks, Rs. 1,72,000 as also in lift irrigation schemes besides providing for manure and seeds. This has yielded satisfactory result. The major irrigation schemes have been taken up to the extent of Rs. 1,21,90,000, minor irrigation schemes to the extent of Rs. 1,33,53,000. In the matter of

[Sj. Shyamapada Bhattacharjee.]

communication and road Government is spending Rs. 2,72,35,000 and in education Rs. 6,59,42,000. This is with regard to general education, but if we take together the grant for technical education, i.e., medical and engineering education, etc., the Government is spending more, and I think that the percentage with regard to the revenue will be near about 20 per cent. Although every effort is being made towards improvement, the problem of unemployment has gradually been increasing.

In West Bengal the structure of society has changed and with this change the economic structure has also been destroyed. In agriculture and other livelihoods the proportion of earners to total population has steadily declined as revealed in the census report. Land is insufficient and cannot maintain all the unemployed surplus and there is no adequate employment also in other spheres. This is a problem which cannot be easily tackled. The decay of cottage industry began sometimes from the time of the advent of the British and other foreigners and now they have been reduced to a moribund state resulting in throwing out of employment a large part of the population while in the heavy industries that have been established, immigrants from other States have pushed out the sons of the soil.

[6-15 to 6-20 p.m.]

To remedy the state of things and to solve the question of unemployment more attention should be given for the revival of cottage industries and there should be an expansion not only in the Government sector but in private sectors as well.

The cottage industries of silk, bell-metal, handloom clothes which were once the pride of Bengal and which caused a steady flow of wealth into this province should be revived and the workers rehabilitated. Side by side with production a marketing organisation should be set up for a ready sale of these products. Bengal was once the home of silk industry and attracted foreigners from the west, but it is now in a decadent state. Bell-metal is gradually being ousted from the market by cheaper articles such as aluminium and hand-woven cloth of Bengal is being replaced by those from Madras. To revive these industries and make them fit for competition improved techniques should be introduced. There are also other industries which can very profitably be tried, e.g. blanket weaving, match industries on a cottage scale, biri manufactures, canning and condiment, conch-shell industry, button manufacturing, lac industry, mats, etc. The sum of Rs. 18,70,000 only in this department is far too small, and I will request the Finance Minister to make a more liberal grant to meet the requirements of the department.

In the heavy industries sector, attempts should be made to induce the financial magnates to start sugar mills and cotton mills. In the jute-growing areas of the State mills should be established, and sugar mills in areas like Beldanga in Murshidabad where the field for a sugar mill is already prepared. The owner of big industries should be made to take in at least 50 per cent. of their employees from *bona fide* residents of West Bengal. Although Government is making an attempt to send more apprentices, they are given a desultory training and when they finish their apprenticeship they are sent out and outsiders are appointed.

Side by side with this there should be an attempt to introduce changes in the administration. There has of late been a tendency and practice to control everything from the Centre. This leads to unusual delays in execution of works. There should be more decentralisation and less important works should be left entirely to the districts and Subdivisions. This will

be more in accord with the recommendations in the Five-Year Plan. There has been some laxity in administration in the district. To make it more efficient our Deputy Ministers should be placed one each in charge of one district, to look to the problems and internal administration. They will thus serve as a link between the Ministry and the people and there will be quicker disposal of cases that require immediate attention.

One thing which is noticeable in the budget is that the areas nearer Calcutta have been more liberally provided with. The districts of Jalpaiguri, Darjeeling, West Dinajpur and Malda and Murshidabad are more or less out of the picture. There is no Community Project, no National Expansion Service and no plan for their development. These districts are rich in resources and if these can be fully utilised, there will be more food, more industry and consequently more wealth in the State.

The municipal areas have also not received their proper share. They are the nerve centres of the district and Government is fully aware of the difficulties they are faced with. Immediate help should be given to the urban areas in the shape of contribution for construction of roads and drains and water supply as well as improvement of conservancy. There are problems facing the province in all its spheres but the major ones should be tackled first. Instead of launching into numerous projects we should focus our attention only to the major ones. There has been some improvement in the food position. Let us try to keep it up. Let us unitedly try to solve the problem of unemployment. In the budget speech of 1951-52 our late Finance Minister, Sri Nalini Ranjan Sarkar, observed that the progress of State becomes real and effective only when individual components of society discharge their obligations to it. The Government can help the people by way of establishment of River Valley Projects, communication and electrification schemes but it is for us to make the best out of them by our own effort. Let us feel that the country is ours that the burden lies on us to lead our country to the path of progress, and establish our position among the nations of the world.

Let us not fritter away our energy too much in party squabbles. We may disagree in details but let us unite in broad objectives and in pursuit of a common goal.

Adjournment.

The House was then adjourned at 6-20 p.m. till 3 p.m. on Thursday, the 25th February, 1954, at the Assembly House, Calcutta.

ASSEMBLY PROCEEDINGS

Thusday, the 25th February, 1954.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 25th February, 1954, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 179 members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Supply of manure to peasants on loan basis.

***25. Dr. Kanailal Bhattacharya:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state if it is a fact that Government is supplying manure to the peasants as a loan?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether it is restricted only to the *jotedars* who possess land;

(*ii*) whether the *bargadars* receive this benefit; and

(*iii*) if not, the reasons therefor?

Minister-in-charge of the Agriculture Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed): (*a*) and (*b*)(*ii*) Yes.

(*b*)(*i*) No.

(*iii*) Does not arise.

District-wise allocation and distribution of fertilisers.

***26. Sj. Natendra Nath Das:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state how much chemical manure was sent to different districts before the last cultivation season and how much has been utilised?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: A statement is laid on the Table.

Statement referred to in reply to starred question No. 26.

DISTRICT-WISE ALLOCATION AND DISTRIBUTION OF FERTILISERS UP TO 15TH OCTOBER, 1953.

Serial No.	Name of district.	Ammonium sulphate.		Superphosphate.		Fertiliser mixture.	
		Quantity despatched (in tons).	Quantity distributed (in tons).	Quantity despatched (in tons).	Quantity distributed (in tons).	Quantity despatched (in tons).	Quantity distributed (in tons).
1	24-Parganas ..	4,340	2,375	444	195	570	350
2	Howrah ..	2,090	600	95	50	275	200
3	Hooghly ..	870	1,025	175	150	1,305	1,200
		2,960	1,625				
4	Nadia ..	610	425	80	60	242	150
5	Murshidabad ..	3,900	1,900	400	275	120	70
6	Burdwan ..	5,160	2,850	661	450	1,900	1,300
7	Bankura ..	2,400	1,400	360	350	940	800
8	Birbhum ..	2,580	1,900	780	650	1,060	850
9	Midnapore ..	4,300	1,675	580	450	3,504	3,200
10	Malda ..	1,000	700	170	100	600	450
11	West Dinajpur ..	1,000	600	200	110	500	350
12	Jalpaiguri ..	2,410	350	250	100	60	20
13	Darjeeling ..	540	50	25	10	25	..
14	Cooch Behar ..	500	150	90	50	120	85
		32,000	16,000	4,310	3,000	11,221	9,025

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Repairs to the municipal portions of Ghatal-Chandrakona Road.

10. Sj. Jatish Ghosh (Ghatal): Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state—

(*a*) if it is a fact that the portions within the municipalities of Ghatal, Khirpai and Chandrakona of the road from Ghatal to Chandrakona Road station have not been repaired;

(*b*) if so, the reasons therefor;

(*c*) if it is a fact that the portion of the said road from Khirpai towards Ghatal was repaired;

(*d*) if so, when it was repaired;

(*e*) whether Government have received any report of deterioration of the said road; and

(*f*) if so, the reasons therefor?

Minister-in-charge of the Development (Roads) Department (the Hon'ble Khagendra Nath Das Gupta): (*a*) and (*e*) No.

(*b*) and (*f*) Do not arise.

(*c*) Yes.

(*d*) In 1952 and 1953.

Sj. Jatish Ghosh:

Supplementary question, Sir.

"১৯৫২-৫৩" সালে "রিপেয়ার" করা হয়েছিল, কিন্তু এখন আবার "রিপেয়ার" করতে হবে। এমন খারাপভাবে "রিপেয়ার" কেন করা হয়েছিল?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

"রিপেয়ার" কনসলিডেসন ঠিকভাবে করা হয়েছিল এবং সেটা খাদা পর্য্যন্ত করে রাখা হয়েছিল; তারপর ২/৩ বছর চলে গিয়েছে। "ষ্টোন মেটালিং" পূর্ব্বে করা হয়নি।

Sj. Nepal Chandra Roy:

খাদা দিয়েছেন, তার উপর "গ্রাইণ্ডিং" করা হয়েছিল কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না, তখন করা হয়নি, যাঁটাদের কথা বোধ হয় উনি বলছেন।

Distribution of crop loan through co-operative societies during the years 1950-53.

11. Sj. Haripada Baguli: Will the Hon'ble Minister in charge of the Agriculture and Co-operation Department be pleased to state—

(ক) যে-সকল প্রাথা কো-অপারেটিভ সোসাইটি সভাগণকে সমমেয়াদী কৃষিঋণ দিয়া থাকে ১৯৫০-৫১, ১৯৫১-৫২ ও ১৯৫২-৫৩ সালে তাহার সংখ্যা কত;

(খ) ঋণগ্রহণকারী সভাসংখ্যা এ চার বৎসরে কত করিয়া ছিল; এবং

(গ) উক্ত চারি বৎসরে পশ্চিমবঙ্গ সরকার প্রতি-বৎসর কত টাকা করিয়া ঋণ উক্ত কো-অপারেটিভ সোসাইটিসমূহকে দিয়াছেন?

Minister-in-charge of the Agriculture and Co-operation Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):

(ক), (খ) ও (গ) বিবরণী পরিষদের টেবিলে উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 11.

বৎসর।	গ্রাম্য কো-অপারেটিভ সোসাইটির সংখ্যা।	সভ্যসংখ্যা।	ঋণের পরিমাণ। টাকা।	
১৯৫০	১,৬০২	৩৭,২৬৮	৭,৯২,০০০	(পশ্চিমবঙ্গ প্রাদেশিক সমবায় ব্যাঙ্ক লিঃ মারফৎ।)
১৯৫১	২,৫৯২	৬৪,৮০৩	৪০,০০,০০০	(পশ্চিমবঙ্গ সরকারের গ্যারান্টিমূলে রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া প্রদত্ত ঋণ পশ্চিমবঙ্গ প্রাদেশিক সমবায় ব্যাঙ্ক লিঃ মারফৎ।)
১৯৫২	৩,১০৩	৭৯,২৫৮	৬০,০০,০০০	(ঐ)
১৯৫৩	৩,৭৮৮	১,০০,৫৭৮	৭৫,০০,০০০	(ঐ)

Imprisonment of Sj. Monoranjan Hazra.

Mr. Speaker: I am to acquaint the House that Sj. Monoranjan Hazra, M.L.A., has been detained in prison to serve out the sentence of imprisonment of two months in C. R. case No. 1345/53.

Message from the Governor.

Mr. Speaker: I further announce that I have received the following message from the Governor to the members of the Legislative Assembly:—

> "I have received with great satisfaction the respectful expression of your thanks for the speech with which I have opened the present session of the Legislature."

Notice of adjournment motion.

Sj. Hemanta Kumar Ghoshal: আমি একটা "এ্যাডজোর্নমেণ্ট মোশন" দিয়েছিলাম আপনি সেটা "মুভ করার পারমিশন" দেন নি। এটা খুবই গুরুত্বপূর্ণ—একটা "ট্রেড ইউনিয়ন রাইট" সম্পর্কে—

Mr. Speaker: It has been several times decided here that ordinary matter of administration is a kind of action which cannot be discussed in an adjournment motion during budget discussion. You will speak just now and you can raise it then.

Sj. Hemanta Kumar Ghoshal: Speaker, Sir, এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার—

Mr. Speaker: Ask your party to give your name in the list and I will allow you to speak.

Sj. Hemanta Kumar Ghoshal: একটা "ইউনিয়ন অফিস"এ—

Mr. Speaker: Sit down, please. In spite of your name not being on the list I will call upon you to speak.

Mr. Roy.

General discussion of Budget for 1954-55.

Sj. Biren Roy: Mr. Speaker, Sir, we have before us a very daring piece of literature—the financial statement of the Chief Minister, our Finance Minister—and it is so daring that, I think, no one but a Dr. Roy could have dreamt of publishing it and presenting it before us. This budget shows that our indebtedness is rapidly on the increase and today it

stands at about Rs. 76 crores and by the end of this coming year it would come to Rs. 98 crores. I am afraid, the rate of increase might even be accelerated and then this indebtedness—I mean, the rate of increase—may, if not exceed, balance even the annual revenue of this State. At the same time, I can point out—and that is from page 1 of the booklet "The West Bengal State Rupee—From where it comes and where it goes"—that from 1952-53 even these resources, that means our annual revenue, is gradually declining. We cannot visualise a far more disastrous state of affairs in this Province which can only result, as has already been suggested, in permanently mortgaging this State to the Union Government with the uniform and progressive destitution of the people of this Province. In spite of the fact that our State owes all its prosperity to the industries, the highest income-tax collection, biggest customs revenue and, even perhaps from the coming year, biggest collection from death duties, anything short of demanding a very high percentage—I would even say one-third, if not 30 per cent.—from such Centrally collected taxes and duties from our Province, would become unthinkable, if not criminal.

Sir, Dr. Roy has devoted nearly one-third of his budget statement to unemployment and also the financial resources of our Province. We regret we find nothing very positive or suggestive of solution except a negative approach and attitude to these growing cancerous problems of the body-politic of the State. Last time, I suggested, Sir, about the compilation of unemployment statistics only in the urban towns and the industrial towns too. We know it is a big problem, but some time we have to tackle this problem. Dr. Roy had already had a sample survey of Calcutta and it shows 40 per cent. unemployment among the Bengalees on an average and this excludes, as he himself has pointed out, those who do not seek employment, that is, married women and students and so on. What a picture the villages would represent, we shudder to think! Now, Sir, this itself is a very serious menace and unless we have a clear picture of house to house unemployment statistics in the towns, we cannot suggest a definite scheme. But I must vigorously put forth this problem and state categorically that wherever in a family there is more than 50 per cent. of family members unemployed, State help in the form of dole or even unemployment contribution through Un employment Insurance Fund has got to be provided if some sort of job cannot be found for these persons. Sir, I intentionally put "family" as a unit and not an "individual" because of the fact that it will reduce the State's burden. For this purpose, after all, we must find money and so I would suggest that we may think even of taxing very big industries such as jute, electricity and so on where we will find that the profits of such industries exceed a certain maximum fixed figure, say about 8 per cent., for the capital invested in such a business.

[3-10—3-20 p.m.]

If necessary, powers from the Centre will have to be sought for. The State Government, Sir, as has been pointed out before and as Dr. Roy knows very well, should take a firmer stand in regard to the Centre's contribution to increase our funds before the Taxation Enquiry Committee. Pending that, I should say that constitutional changes should be effected in regard to powers of taxation. When today, according to Dr. Roy's words, the joint family is breaking down and the family land is disappearing with the Estates Acquisition Bill coming into force, the middle class in Bengal perhaps will have nothing to fall back upon. Then what step do the State Government propose to take? To suggest to the Centre, if possible, constitutional changes in some aspects, that is to

[Sj. Biren Roy.]

provide more financial and other powers to the State for making "trading" as a State subject concurrent with the Centre, so that this State with a population of more than 25 millions may control and issue permits to new traders and businessmen to come into the picture and be more and more engaged, in import and export trade, drugs trade, manufacturing industries which are now mostly, I should not say completely, in the hands of non-Bengalees and thereby at least they are allowed to make a start and become more and more business-minded.

In this context, Sir, we cannot but voice also our protest in having a Birla as the Chairman of the West Bengal Finance Corporation and also another gentleman who was a lackey of British Imperialism and who is now one of the big mouthpieces of non-Bengalee big business in Calcutta. We shall witness, Sir, otherwise what will happen is that poor helpless Bengalees will be put up as *benamdars* to get loans for small businesses even and behind them will stand the non-Bengalees just as we also find in many trades, the buses for instance, taxis, food supply, cloth and other businesses where, if we enquire a little bit, we shall find what the state of affairs is.

We are told that the State has a very large middle class population with intellectual and emotional qualities and with preference to education. Well, Sir, we are further told that they are averse to manual labour. With this latter part, Sir, I do not agree. Thousands of young people have approached persons in position, begging from door to door for any kind of employment today even in factories and technical workshops. Students, wanting vocational and technical education, have been going about in large numbers but there is no provision in the Budget for the establishment of such educational training institutions where vocational training may be made available to those who are in the higher classes of secondary schools and those who have perhaps read up to Matriculate or Intermediate standard but unable to prosecute further studies in such technical things, so that they may be absorbed in the new industries. Such technical training centres should be organised and opened in every sub-divisional headquarter and town in West Bengal and help given to trained persons to find jobs or even to start small industries themselves.

Sir, there should be forthcoming also a planned scheme for the setting up of small industries and planned directions should also be given along new lines of vocation in the interior parts of the Province, with Government-sponsored purchasing centres, wherever these are necessary as is found in many advanced countries of the West and also in Japan. There are so many possibilities in this field only if our elected authorities choose to have proper men to undertake and guide such schemes and have the real intention to move in such matters then, Sir, much can be done to ameliorate the condition of the growing generation of the young Bengalees and thereby a lot of discontent can be removed. What we find instead, wasting of money on underground railway schemes, importing of Danish Trawlers and Japanese fishermen buying and selling of ice-making plants, coke-oven project scheme—all these could have easily been secured without such wastage of our hard-found finance, free of cost, from many foreign concerns who are only too anxious to sell their machineries and get employment thereby to many of their own countries' personnel. It is beyond our comprehension as to why such large amounts are being thrown away by so astute a businessman as our Chief Minister or is there something behind these apparent mad bursts of expenditure?

Talking of losses in State Trading, these will be probed later but

even then I believe that the Government should have nationalised or municipalised which we were trying to impress on them for the last few years that the whole of the Calcutta and suburban public transport system combining the State buses, tramways and even the private buses of the city and its immediate suburbs should be taken over and thereby form an autonomous corporation. (SJ. JYOTI BASU: Under this Government?) Even that I do not object to, but our resources dwindle, and we know our people suffer and the more we delay in prosecuting such a scheme, such a useful scheme, the more will be the trouble in future.

Sir, Dr. Roy is very keen on setting up Commissions. Why does'nt he set up a Commission of Enquiry to find out from business establishments—as the Central Government is doing in regard to the employment of foreigners—all data about the employment of the subjects of this State—I mean the Bengalees. What percentage of non-Bengalees are employed in different business institutions. This is not a parochial attitude. To save the State—you must provide some sort of job or dole to this vast number of unemployed children of this Province and must take steps to stop the influx of non-Bengalees more and more into this Province, thereby reducing the cause of unemployment of a similar number of children of this State. If this is not done, in a very short time, our frustration will be complete and we shall be sitting on the vertex of a very explosive situation.

I shall now touch on a new factor, Sir, even if I do not find time for discussing other things. And that is the subject which Dr. Roy has completely avoided and this is regarding the exploitation of "Oil" in this Province. I put some questions before on this matter but it was replied to half-heartedly. I have again put questions on this issue. The discovery of oil in various countries of the world even when those countries were barren tracts, has provided money for raising the standard of living of the people of areas, and we are today at the stage of actually bringing this oil up commercially, the prospecting part having been finished. But we do not know what share this State will have from the profit of such oil deposits or even what contract has been concluded, if at all, with any private Company between the said Company, this State and the Centre! How much benefit the children of the Province will perhaps have. Even the distribution of oil, to my mind it appears, Sir, is a fit subject for taking over by the State, thereby eliminating the huge amount of money as salaries and other emoluments going to the pockets of foreigners and also enormous profits from the poor consumers getting saved from being sent abroad. Here again comes, if necessary, the same question of modifying the constitution in favour of the State Government as they are going to do or as Dr. Roy has suggested for Estates Acquisition Bill—for taking over lands from the *raiyats*, etc.

(At this stage the red light was lit.)

Sir, I want to have five minutes more. Otherwise I shall not be able to touch many important points.

Mr. Speaker: The Independent Bloc has got altogether half an hour's time. I cannot extend the time.

Sj. Biren Roy: Sir, many members are in jail and you can easily allow me five minutes time.

Mr. Speaker: All right, go on.

Sj. Biren Roy: Sir, let Dr. Roy think of the future of this Province before it is too late and take steps to save the State for democracy.

[3-20—3-30 p.m.]

It is no use just only talking of paradoxes and reading over and over again all that has been published also in many reports. West

[Sj. Biren Roy.]

Bengal with a highly industrialised structure and not much land to make it self-sufficient in food and other crops ever, if necessary, must fight for autonomy in finance and trade, if not for anything else.

We have heard a lot about the development programmes all over the Province. We have been asked to look around and this programme is now going to pose two very important questions—(1) for whom has this programme been envisaged in this Province, and (2) what is the underlying motive in associating only some party men to all schemes?

I shall cite today one example to bring home to the honourable members what I mean about question No. (1), that means for whom has this programme been envisaged? Let us read a few lines from Dr. Roy's own statement. He says on page 14 of his Budget Statement: "The first phase of the Sonarpur-Arapanch-Matla Drainage Scheme estimated to cost 44 lakhs is nearing completion. A submerged area of 17,300 acres and so on has already been reclaimed and the remaining areas of 6,000 acres falling within the scope of the scheme are being dewatered and rendered fit for cultivation by March, 1954. As the entire area drained this year could not be brought under cultivation by the tenants themselves"—I want the honourable members to mark the word "tenants"—"Government took over an area of 1,200 acres of land and cultivated it departmentally."

And then what happens to the tenants mentioned here? By a single stroke of pen in a gazette notification last year 7,000 acres were taken away from these persons as soon as this area was developed and made fit for cultivation, and today on only 11th February, 1954, by another notification a further 24,642 acres in all meaning nearly 100,000 bighas of cultivable land belonging to poor peasants of West Bengal are being snatched away the moment, these are developed and made fit for cultivation—to be distributed to others—to the exclusion of the tillers of the soil and owners thereof and who have so long paid their revenues to the Government and cried hoarse for relief—this is now the price they are paying with their life blood—their developed land at their cost—through this development programme of a soulless Government.

Whoever envisaged such a monster in their midst?

About the second point—I may just mention, Sir, this when crores and crores are being spent on providing underground drains, macadamised roads, lights and all other facilities to build up Dr. Roy's dream town "Kalyani" where nobody lives—greatest "অকল্যাণ" is being done to a million souls living in filth and squalor round about Calcutta, i.e., in Behala, Howrah, Baranagar, Dhakuria and Kasba and so on—for cleaning up and development of which a Suburban Improvement Act is an absolute necessity and tax-payers of these regions are for years petitioning and bringing it to the notice of the authorities without any effect.

In some areas, surveying has been completed, even alignment plan for road-widening, e.g., Diamond Harbour Road through Behala, was published as far back as 1913 but these are unheeded and left untouched and the caravan moves on.

A little over two years are left, Sir, for the completion of the Five-Year Plan but what improvement has been effected or even is in sight of the standard of living of the general mass of people, some fortunate lucky guys—an infinitesimal number—in good books with the authorities or the party in power have managed to profit by the squanderings of vast sums of money on contracts—the rest look askance, watching and wondering what it all means—when day in and day out in the vast number of

villages they enjoy the freedom only to wallow in mud and filth for the major part of their lives, without drinkable water, without any medical relief and without a school to put their children to learn a little bit about how people like them live in other countries—without any the least amenities or entertainment to take their cares and worries off after days and weeks of heart-breaking labour on perhaps one meal a day.

It is never too late to mend or to start doing good turns to anybody and especially when one works for the community. Let us not, therefore, talk of big things but re-orient our ideas and let the Government take a new leaf to change the course of events and start concentrating on real welfare work in the interior parts of the country by sinking numbers of tube-wells in every village of West Bengal, take up making village roads passable for human beings and open medical aid centres whatever may be the cost. Let the 'Government take not only the Opposition but the village elders into confidence and have working boards established in each subdivision of the district.

These non-official agencies should be entrusted with the help of the Government deputed officers to carry on these welfare works in their own villages as quickly as possible. Nothing, neither party politics nor financial consideration should stand in the way of quickening the tempo of such activities which the people themselves will also then help to succeed, and these measures will also go a long way to bring some relief to millions of unemployed in the villages who still remain completely ignored from the purview of any social upliftment. This reorganising of the daily lives of the common man will at least bring a little bit of cheer into their lives, clean up their surroundings, and that I consider is the most elementary and the first duty of the Government of a free people and Dr. Roy at the helm of affairs of this Government can ill-afford to brush them aside.

Sj. Nishapati Majhi:

স্পীকার মহাশয়, মাননীয় প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রী ডাঃ রায় আলোচ্য বর্ষের জন্য যে আনুমানিক বাজেট উপস্থাপিত করেছেন তাতে দেখা যাচ্ছে—

আয়—

(১) মজুত—১১ লক্ষ ৪৮ হাজার,

(২) রেভিনিউ—৩৯ কোটি ৯৩ লক্ষ ২২ হাজার,

(৩) ঋণ, প্রভৃতি—১২১ কোটি ৪০ লক্ষ ৭৯ হাজার।

ব্যয়—

(১) রেভিনিউ—৫৩ কোটি ৩০ লক্ষ ৭৬ হাজার,

(২) মূলধন—২০ কোটি ৮২ লক্ষ ১১ হাজার,

(৩) ঋণ, প্রভৃতি—৯৯ কোটি ৬৩ লক্ষ ৯৯ হাজার।

আয়ব্যয় দৃষ্টান্তে দেখা যাচ্ছে মোট প্রায় ১৩ কোটি টাকা ঘাটতির সম্ভাবনা রয়েছে। তজ্জন্য বিরোধী-দলের অধিনায়কগণ বলছেন—

(১) বাজেটকে লোকসানের পূর্ণ তালিকা বলা চলে,

(২) ব্যবসায়ে প্রচুর লোকসান দিয়ে কোটি কোটি টাকা ঋণ করে পশ্চিমবঙ্গ সরকার দেউলিয়া হতে চলেছে,

(৩) এই বাজেটে কৃষক, শ্রমিক ও দরিদ্র জনসাধারণের দুঃখ দুর্দ্দশা দূর করবার কোন প্রচেষ্টা দেখা যায় না।

(৪) ইহার উপর কর্মচারী ছাটাই হচ্ছে; ফলে বেকার সমস্যা জটিল হ'তে জটিলতর হবে।

(৫) ১৯৫৩-৫৪ সালের সংশোধিত বাজেটে শতকরা ১৬ ভাগ পুলিশখাতে ধরা হয়েছিল; বর্ত্তমান বাজেটে ১৭ ভাগ ধরা হয়েছে।

এই সব অবান্তর বিষয়বস্তুগুলির আলোচনা করতে হ'লে প্রশ্ন উঠে—

যদি ডাঃ রায় ১৯৪৮ সাল হ'তে কেবলমাত্র যত টাকা আয় তত টাকা ব্যয় স্থির ক'রে বাজেট উপস্থাপিত করতেন এবং কোনরূপ দায়িত্ব গ্রহণ ক'রে গুরুতর সমস্যাগুলির সমাধান না করতেন তাহলে কি অবস্থা আরও ভয়াবহ হয়ে উঠত না এবং এই রাজ্য কি ইতিমধ্যেই দেউলিয়া হ'ত না?

[Sj. Nishapati Majhi.]

ডাঃ রায় নাডলোকসানের বিষয়সমূহ ভালভাবে অবগত হয়েই বিগত বাজেট ও আলোচ্য বাজেট বক্তৃতায় বলেছেন—

(১) পশ্চিমবঙ্গের কলকারখানা, খনি ও বৃহৎ শিল্পের আয়করের উপর কেন্দ্রীয় সরকারের কর্তৃত্ব রয়েছে। রাজস্বের উপযুক্ত, অংশ আজও আশানুরূপ পাওয়া যাচ্ছে না।

(২) অবিভক্ত বাংলার মধ্যে পূর্ব্ব অঞ্চলেই অধিক কৃষিআয়ের সম্ভাবনা ছিল। পশ্চিমবঙ্গের যে অঞ্চল কৃষিপ্রধান সেখানকার আয় সীমাবদ্ধ। এই কৃষি অঞ্চলকে রবারের মত টানিলেও আয় বৃদ্ধি হইবে না।

[3-30—3-40 p.m.]

এক্ষেত্রে বলা যেতে পারে যে কৃষক, শ্রমিক ও মধ্যবিত্ত জনসাধারণের শ্রম-শক্তির উপরই রাজ্যের উন্নতি নির্ভর করছে। তজ্জন্যই ডাঃ রায় ইদানিং ঘোষণা করেছেন যে কোন কর্ম্মচারী ছাটাই হবে না। খাদ্য বিভাগের উদ্বৃত্ত কর্ম্মচারিগণকে নানা বিভাগে নিযুক্ত করা হচ্ছে। শিক্ষিত বেকার সমস্যার আংশিক সমাধানের জন্য শিক্ষা বিভাগে সাড়ে আট হাজার শিক্ষক নূতন করে নিযুক্ত করা হয়েছে। তাই দেখা যাচ্ছে আলোচ্য বাজেটে পুলিশ বিভাগের ব্যয় অপেক্ষাও শিক্ষা বিভাগের ব্যয় অধিকতর হয়েছে। আরো উল্লেখযোগ্য বিষয় হচ্ছে এই যে—রাজ্য সরকার গতানুগতিক পথ ত্যাগ করে গভীরভাবে চিন্তা করেই রাজ্যের কল্যানের জন্য কতকগুলি পরিকল্পনা রচনা করেছেন, এবং ধীরে ধীরে ইহার বাস্তবরূপদানে অগ্রসর হচ্ছেন। আলোচ্য বাজেটে তজ্জন্য বহু টাকা বরাদ্দ হয়েছে। বিধান সভায় ইতিপূর্ব্বে যখন বাজেট আলোচনা হয়েছে তখন অর্থ মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দিয়া বাজেটে উল্লেখিত টাকাগুলিকে বর্ণনা করে একে একে অনেকে সমালোচনা করতেন এবং সমাধানের অর্থ দেখাতেন কিন্তু দুঃখের বিষয়, এবারে অর্থ মন্ত্রিমহাশয় যে সকল জাতিগঠনমূলক কার্য্যে প্রচুর অর্থ বরাদ্দ করেছেন সেগুলির অনেকেই উল্লেখ করেন নাই। যেমন—

(১) শিক্ষা বিভাগে—৬ কোটি ৫৯ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

(২) পূর্ত্ত বিভাগে—৬ কোটি ১৮ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

(৩) মেডিকেলের জন্য—৪ কোটি ৪৫ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

(৪) সাধারণ স্বাস্থ্যের জন্য—১ কোটি ১৬ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

(৫) কৃষির উন্নতিকল্পে—২ কোটি ২২ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

(৬) শিল্পের উন্নতির জন্য—৩৩ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

(৭) কুটীর শিল্পের জন্য—১৮ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

(৮) সমাজ উন্নয়ন কাজে—১ কোটি ২৬ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

(৯) ভূমি উন্নয়নের জন্য জমি জায়গা জরিপের জন্যে—১ কোটি ১৫ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

(১০) দুর্ভিক্ষ নিবারণের জন্য—৮২ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

(১১) বন উন্নয়ন—২০ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

(১২) মৎস্য চাষের জন্যও বহু অর্থ বরাদ্দ করা হয়েছে।

এমন কি আমাদের কুচ বিহারের উন্নতিকল্পে—১১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। অন্যদিকে দেখা যায় আলোচ্য বর্ষে দামোদর ভ্যালী পরিকল্পনায় ১১ কোটি ৩৭ লক্ষ টাকা, ময়ূরাক্ষীতে ৩ কোটি এবং অন্যান্য ক্ষুদ্র সেচ পরিকল্পনায় ১ কোটি ৪০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এইরূপ আরও বহু টাকা জাতিগঠনমূলক কার্য্যের পরিকল্পনার কথা আমি সরকার পক্ষ থেকে বিরোধীপক্ষের নিকট নিবেদন করতে চাই। ("এ ভয়েস"—নিরীহ হেমদাকে একটা পয়সাও দেওয়া হয়নি।) সর্ব্ব প্রথমে বলছি পঞ্চবার্ষিকী পরিকল্পনার কথা। পশ্চিম বাংলার পক্ষে পঞ্চবার্ষিক পরিকল্পনার একটা নব যুগের সূচনা হয়েছে। বিরোধীগণ এই মহান কাজকে নানাভাবে বিরোধিতা করছেন। কিন্তু তারা আমাদের জাতিগঠন কাজকে কোন ক্রমেই বানচাল করতে পারেন নি এবং পারবেন না। কারণ দামোদর ভ্যালী ও ময়ূরাক্ষীতে যে টাকা ব্যয় করা হচ্ছে—আশা করা যায় যে কয়েক বৎসরের মধ্যেই সেই টাকা, এমন কি তার অধিক টাকা, উশুল হয়ে আসবে। তাতে দেশের শস্য ও অন্যান্য বহু

উৎপাদনের দ্বারা রাজ্যের আয় বৃদ্ধি হবে। একটা আনন্দের বিষয় যে এই পঞ্চবার্ষিকী পরিকল্পনা রূপে ইতিমধ্যে নূতন চিন্তাধারা গ্রামের মধ্যে দেখা দিয়েছে। তজ্জন্যই নব উৎসাহে সরকারের জাতি-গঠন কাজে পল্লীবাসীর একটা আগ্রহ জেগে উঠেছে। বর্ত্তমানে এই পরিকল্পনার ভিতর দেখা যাচ্ছে যে রাজ্যের শিক্ষা বিভাগ সর্ব্বাপেক্ষা বৃহৎ হয়ে উঠছে। গৌরবের কথা অন্যান্য রাজ্যের তুলনায় এই রাজ্য চিকিৎসা ও জনস্বাস্থ্যের দিকে উন্নত হচ্ছে। নবাগত লক্ষ লক্ষ নরনারী আশ্রয় লাভ করে নবশক্তি অর্জন করছেন। শ্রমিকগণ শ্রমমূল্য লাভের জন্য যত্নবান হচ্ছেন। রাজ্যের অনুন্নত অঞ্চলের অনুন্নত গণশিক্ষা ও সমাজ উন্নয়ন কার্য্যে যোগ্যতা অর্জন করছেন।

সরকারের এই পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে দেখা যায় যে ১০ লক্ষ টাকা আদিবাসীদের উন্নতির জন্য এবং শিক্ষা বিভাগের দ্বারা বহু টাকা বরাদ্দ হয়েছে। আজকের দিনে যারা কৃষির এবং শিল্পের উন্নতি সাধনের জন্য কঠোর পরিশ্রম করছেন তাদের মধ্যে অনেকেই অশিক্ষিত ও খুব দরিদ্র। তারা যদি শিক্ষার আলোকে আলোকিত হয়ে, এই নূতন যুগের বৈজ্ঞানিক শিক্ষা গ্রহণ করতে পারেন এবং তাদের শ্রমের দ্বারা দেশ উন্নত হয় তাহলে আর সমাজে সংকীর্ণ গণ্ডী থাকবে না। অশিক্ষা এবং অস্বাস্থ্য এই রাজ্যের প্রধান ব্যাধি। এজন্য বাঙ্গালী জাতি জীবন-মরন সমস্যায় পতিত হয়েছে। সুখের বিষয় মৃতের জীবন রক্ষার ন্যায় আমরা একজন যোগ্য কর্ণধার লাভ করেছি। ডাঃ রায় যে শুধু অর্থমন্ত্রী বা প্রধান মন্ত্রী তা নন, তিনি বাংলার একজন শ্রেষ্ঠ চিকিৎসক। বাংলার সঙ্কটপূর্ণ অবস্থায় তিনি কর্ণধাররূপে বাঙ্গালীর নবজীবন দানের জন্য যে গুরু দায়ীত্বভার গ্রহণ করেছেন এবং কংগ্রেসের মাননীয় সদস্যগণ তার এই কাজে সহযোগী হয়ে যে চলেছেন সে দিকে গভীরভাবে চিন্তা করবার আছে।

অনেকের ধারণা সরকার যে পদ্ধতি গ্রহণ করেছেন তার ফলে সহরগুলি বঞ্চিত হচ্ছে। আবার কেউ কেউ বলছেন সহরের শ্রীবৃদ্ধি না করে গ্রামের উন্নতি করতে হবে। সত্য কথা। আমাদের গ্রামগুলিকে যদি সুন্দরভাবে গড়ে তুলতে চাই তাহলে সহর এবং পল্লীর উন্নতি সমান তালে হওয়া দরকার। তজ্জন্য তিনি ১১২টি সহরে যেমন মধ্যবিত্ত পরিবারের আর্থিক দুর্গতি মোচনে যত্নবান হয়েছেন তেমনি পল্লীবাসীর জন্য, পল্লীর কৃষি, শিল্প ও ভূমিব্যবস্থার আমূল পরিবর্ত্তন এনে ৩৫ হাজার পল্লীকে সুপ্রতিষ্ঠিত করবার জন্য যত্নবান হয়েছেন। ভূমি উন্নয়নের জন্য তিনি গ্রাম পঞ্চায়েত বিষয় সম্বন্ধে বিবেচনা করছেন। রাজ্যে তাই ইতিমধ্যেই ২৩৫টি পঞ্চায়েত দ্বারা পরীক্ষামূলকভাবে কাজ সুরু হয়েছে। এই সম্পর্কে সরকারপক্ষ থেকে পঞ্চায়েত বিলের খসড়া রচনা হতে দেখা গিয়েছে। তজ্জন্য আমি সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে গ্রামকে রক্ষা করতে হলে, গ্রামের শ্রীবৃদ্ধি করতে হবে ও গ্রামের সঙ্গে সহরের যোগাযোগ স্থাপন করতে হলে আমাদের সেই পূর্ব্বেকার ন্যায় পঞ্চায়েত গঠন করতে হবে। আমাদের দেশে পূর্ব্বে পঞ্চায়েতরা যে সমস্ত কাজ করে গিয়েছেন, যেমন সেচ ব্যবস্থা, গ্রামের শিক্ষা ও সংস্কৃতির ভিত্তিস্থাপন করে গিয়েছেন, তাতে আমরা সকলে নিশ্চয়ই গৌরব অনুভব করছি। আজ যদি সেই পঞ্চায়েতকে নূতন রূপ দিয়ে গড়ে তুলতে পারি তাহলে পশ্চিম বাংলায় যে জটিল সমস্যা দেখা দিয়েছে, তার অনেকখানি সমাধান হতে পারবে।

স্থানীয় পল্লীঅঞ্চলবাসী যাতে পল্লীর উন্নতি সাধন করতে পারে তজ্জন্য এবৎসর ৪৬ লক্ষ টাকা ব্যয় করা হচ্ছে। রাজ্য সরকারের এবং কেন্দ্রীয় সরকারের সাহায্য ব্যবস্থায় প্রত্যেক জেলায় ইউনিয়ন বোর্ডে উন্নয়ন কাজের জন্য একটা নবজাগরণ দেখা দিয়েছে। তবু বিরোধীপক্ষের কোন কোন বন্ধু এই কথা বলেছেন যে আজ বাংলা সরকার যে টাকা দেনা করছেন তা বোধ হয় কোন দিনই শোধ হবে না। উপরন্তু দেনা উত্তরোত্তর বেড়ে যাবে। কিন্তু যত টাকা আয় তত টাকা ব্যয় করলে কি আজ দেশের গুরুতর সমস্যাগুলি সমাধান হওয়া সম্ভব? তাদের শুধু এই কথা গভীরভাবে চিন্তা করে দেখা উচিত। তারপর তারা গরীবের বন্ধু, তাদের প্রতি দরদ দেখিয়ে অনেক বড় বড় কথা বলেছেন, কিন্তু এই রাজ্যে যে ৮০ লক্ষ তপশীল, অনুন্নত জাতি রয়েছে, তাদের প্রতি সহানুভূতি বা একটা দরদের কথা আমি শুনতে পেলাম না। এই অনুন্নত জাতির অবস্থা কি ভীষণ তা বিরোধীগণ বেশ ভালভাবেই জানেন, কিন্তু সেসব তথ্য সংগ্রহ করে কোন উচ্চবাচ্য করা আবশ্যক মনে করেন না। এতে স্বজন প্রীতি, আত্মীয় প্রীতি, দরদের জলজ্যান্ত নমুনা অতি সহজেই অনুভব করা যায়।

তাঁদের সকলের অবগতির জন্য মাননীয় স্পীকারের মাধ্যমে জানাতে চাই যে আজ পশ্চিম বাংলায় তপশীল, আদিবাসী ও অনুন্নত জাতির শিক্ষার

[Sj. Nishapati Majhi.]

কি অবস্থা তার স্বরূপ সরকারী ১৯৫২ সালের একটা তালিকার দ্বারা দেখাচ্ছি—

শ্রেনী।	তপশিলী।	আদিবাসী ও অন্যান্য পশ্চাদ্‌পদ জাতি।	মোট।
আই, এ ..	৯০	৪৫	১৩৫
আই, এস্‌সি ..	১৬৭	২৮	১৯৫
বি, এ, ; বি, কম্‌ ..	৬৭	৫	৭২
এম্‌, এ, ; এম্‌, এস্‌সি ..	২২	২	২৪
কারিগরী (স্কুল ও কলেজ)	৭	১	৮
মেডিকেল স্কুলে ..	১৮	৬	২৪
মেডিকেল কলেজে ..	১২	৩	১৫
	৩৮৩	৯০	৩৭৩

স্পীকার মহোদয়ের মাধ্যমে বলতে চাই যে এই রাজ্যে এমন অনেক জাতি রয়েছেন যাদের শতকরা ৮ জন বিশ্বভারতীর ডিগ্রীধারীর সংখ্যা বোধ হয় পাওয়া যেতে পারে। কিন্তু এরা শতকরার তুলনায় লক্ষ জনের মধ্যে সে সুযোগ পান না। শিক্ষার আলোক যদি সর্ব্বত্র ছড়িয়ে দিতে হয় তাহলে শিক্ষার ভিতরে যে তারতম্য রয়েছে সেটা দূর করতে হবে। ১১ লক্ষ ৩৫ হাজার আদিবাসী লোক—তার মধ্যে ৪ জন লোক লাখ করা উচ্চ শিক্ষার জন্য যত্নবান। এবং লক্ষ জনের মধ্যে ৮ জন অসবর্ণ হিন্দু উচ্চ শিক্ষাপ্রতী। আমি এই সমস্যার প্রতি বিশেষ করে ডাঃ রায়ের দৃষ্টি আকর্ষণ করছি। অবশ্য আদিবাসী ও তপশিলীদের জন্য রাজ্য ও কেন্দ্রীয় সরকার যথেষ্ট করছেন। কিন্তু আরও বিশেষ আয়োজন করা দরকার। অর্থ মন্ত্রীকে এইবার আমি আন্তরিক ধন্যবাদ জানিয়ে নীরব হচ্ছি।

[3-40—3-50 p.m.]

Dr. Ranendra Nath Sen:

মাননীয় স্পীকার মহোদয়, যে কোন বাজেট আলোচনা করতে গেলে প্রথম দৃষ্টি পড়ে আমাদের দেশে সমাজে যারা দুঃস্থ, নিপীড়িত তাদের জন্যে কি ব্যবস্থা হয়েছে তার উপর এবং সেই দৃষ্টিকোণ থেকে বাজেটকে বিশ্লেষণ করার প্রয়োজন। আজ পঞ্চবার্ষিকী পরিকল্পনার তৃতীয় বর্ষ চলছে, সেখানে বলা হয়েছিল যে ওতে বছরে ৭ লক্ষ ভারতীয়েরা নোতুন করে চাক্‌রী পাবে এবং তার ন্যায্য অংশ পশ্চিমবঙ্গ পাবে। কিন্তু দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গের অবস্থা দিনের পর দিন খারাপ হচ্ছে। বিশেষ করে এবারকার বাজেটে এটা পরিষ্কার হয়ে পড়েছে। এবিষয়ে উল্লেখ করে বলা হয়েছে যে বেকার সমস্যা বড় হয়ে দেখা দিয়েছে। কিন্তু যেখানে পঞ্চবার্ষিক পরিকল্পনায় নোতুন কাজ হবার কথা সেখানে দেখা যাচ্ছে দিনের পর দিন বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে। আজ প্রথমতঃ দেখতে পাই আমাদের কলকারখানায় যা ব্যবস্থা আছে তা ধীরে ধীরে ধ্বংসের দিকে চলেছে। দ্বিতীয়তঃ, কিছু কিছু কলকারখানা, ব্যবসাবানিজ্য বেশ চলছে, সেখানে বহু লোক কাজ করে, এবং আরও বেশীর কাজ হোতে পারে। কিন্তু সে সব জায়গায় হিসাবের কলকাঠি চালিয়ে লাভ হচ্ছে না এই অজুহাতে লোক ছাটাই করছে। এটা একটা মস্ত সমস্যা এবং বিশেষ করে চিন্তা করা দরকার। এতে যে শুধু শ্রমিকশ্রেনী আক্রান্ত হচ্ছে তা নয় বিশেষ করে মধ্যবিত্তশ্রেনীও এতে আক্রান্ত হচ্ছে। শ্রমিক আন্দোলনের দিক থেকে হিসাব নিয়ে দেখেছি যে শিক্ষিত মধ্যবিত্ত লোক—যারা "ম্যাট্রিক, আই, এ, বি, এ," পাশ—তারাও এখানে কাজ করেন। "এঞ্জিনিয়ারীং" শিল্পের হিসাব নিয়ে দেখি—যুদ্ধের ভেতর দিয়ে একটা পরিবর্ত্তন হয় সেটা এই যে শিক্ষিত মধ্যবিত্ত সব রকম কাজ কবতে প্রস্তুত, এমন কি লোহাকাটার কাজ পর্য্যন্ত। আমাদের দেশে ছোটখাট, মাঝারি, বড় অনেক কলকারখানা বন্ধ হয়ে গিয়েছে। অনেক ক্ষেত্রে হয়ত তার যথার্থ কারণ রয়েছে, কিন্তু বহু ক্ষেত্রে মিথ্যা কারণে বন্ধ করে দিচ্ছে। একটা উদাহরণ দিই—কলকাতার "ওরিয়েণ্টেল ফ্যান কোং"এ, যেখানে ৭।৮ শত লোক কাজ করত, সেখানে শিল্পের অবস্থা ভাল, প্রতি বৎসর উন্নতি করছে, কিন্তু এবারে নাকি ভাল নয়। সুতরাং ৩।৪ শত লোক ছাটাই করছেন। গত বছর বেকারীর বিরুদ্ধে যখন আন্দোলন হয়েছিল এবং সেই প্রসঙ্গে ডাঃ রায়ের সঙ্গে আলোচনাকালে আমরা একটা দাবী করেছিলাম। আজ যে বিভিন্ন শিল্পে এই যে ছাটাই হচ্ছে, অবস্থা খারাপ হচ্ছে, তার প্রকৃত অবস্থা নির্ণয় করার জন্যে কি করা যেতে পারে। বলেছিলাম ত্রিদলীয় কমিশন বসানোর কথা। কিন্তু দেখলাম অন্যান্য দাবী সম্বন্ধে যা বলেন তেমনি বললেন যে এসব আমাদের "প্রোপাগাণ্ডা" কার্য্য ছাড়া আর কিছুই নয়। তারপর বললাম যে বেকার সমস্যা রয়েছে, এদিকে মধ্যবিত্ত

[illegible] ছেলেরা হাতের কাজ করতে, পরিশ্রম করতে রাজী আছে, শুধু তাদের পেট ভরার মত সংস্থান হওয়া দরকার। কিন্তু দুর্ভাগ্যের কথা এবারকার বাজেটে এ সমস্যা সমাধানের কোনো ব্যবস্থা দেখছি না। গভর্ণমেণ্টের যে "সেন্সাস ফিগার" আছে তাতে দেখা যায় পশ্চিমবঙ্গে মধ্যবিত্ত পরিবারের শতকরা ৩৮ অংশ বেকার। এই যেখানে অবস্থা সেখানে ৮$\frac{১}{২}$।৯ হাজার "টিচার" নিয়োগ করলাম বললে মধ্যবিত্তের কোনো সমস্যার সমাধান হল না। এখন দেখা দরকার শিল্পে এবং বানিজ্যে সংকট এসেছে, তার জন্যে রাষ্ট্র কি ব্যবস্থা করছে। আমাদের হাওড়ায় রাধাশ্যাম কটন মিলস্ বলে একটা মিল আছে, সেখানে কাপড় উৎপাদন হয় অনেক এবং ২,২০০ লোকের কাজ ছিল, হঠাৎ নভেম্বর মাসে সেটা বন্ধ হয়ে গেল অবস্থা খারাপের অজুহাতে। শ্রমিক কর্মচারীরা সব পথে বসল, তাদের বকেয়া মাইনেটা পর্য্যন্ত তারা পেল না। গভর্ণমেণ্টও বললেন মালিকের অবস্থা খারাপ, কি আর করা যাবে? আমাদের দেশে কংগ্রেস সরকারের নজীর আছে বোম্বেতে, সেখানে একটা বড় সুতাকল হঠাৎ বন্ধ হয়ে গেল। তখন বোম্বে গভর্ণমেণ্ট "অর্ডিন্যান্স" করে সেই কারখানাটি নিজেরা হাতে নিলেন। সেখানে উৎপাদন হতে লাগল ফলে যারা সেখানে কাজ করছিল তাদের ছাটাই করতে হোল না। সুতরাং সেই জিনিসটা আমাদের গভর্ণমেণ্ট কেন করতে পারেন না বুঝি না। চটকলে আমাদের হিসাব মত এক বৎসরের মধ্যে ২০ হাজার লোক ছাটাই হয়েছে। আমি জানি এবং কংগ্রেসের যারা ট্রেড ইউনিয়ন আন্দোলন করেন তারাও স্বীকার করেছেন বহু লোক ছাটাই হয়ে গিয়েছে।

[3-50—4 p.m.]

এখানে চট্কলগুলিতে "হেসিয়ান" তৈরী হত ৩ লক্ষ ১৭ হাজার ২ শত টন। আর ১৯৫৩ সালে তৈরী হল ৩,১৭,৯০০ টন। এটা চটকল মালিকদেরই দেওয়া হিসাব। ১৯৫১ সালে "এক্সপোর্ট" হয়েছিল ৩,০১,১৮৫ টন আর ১৯৫৩ সালে রপ্তানী হয়েছিল ৩,৮৫,০০০ টন। সুতরাং শিল্প সংকটের নাম করে সেখানে যে নানা অজুহাতে ছাটাই করছেন সেটা খুবই অযৌক্তিক। গভর্ণমেণ্টের সেখানে হস্তক্ষেপ করা উচিত ছিল। কিন্তু তা হয়নি। এখনও করা উচিত। শুধু তাই নয়—এই গভর্ণমেণ্টের অধীনে যারা কাজ করেন—খাদ্য সরবরাহ ডিপার্টমেণ্টের ৪$\frac{১}{২}$ হাজার লোক ২৮শে তারিখ যাবে, কাজ শেষ হয়ে যাবে। এ বিষয়ে গভর্ণমেণ্টের নীতি কি,—যারা পরিশ্রম করতে চায় তাদের বিষয়ে ডাঃ রায়ের নীতি কি, সেটা জানা দরকার। শুধু তাই নয় এই যে "ট্যাটিষ্টিক্স" যারা নিয়েছে—একজন কংগ্রেসী নেতার বিবৃতি থেকেই এটা পাচিছ—সেই শিক্ষিত মধ্যবিত্ত ছেলেদের তিন শত জনের চাকুরি চলে যাবে। যারা বেকারদের "ট্যাটিষ্টিক্স" নিয়েছে তাদেরই ৩ শত জনের চাকুরি চলে যাচ্ছে। এ বাজেটে বলা হয়েছে সুতার ও সুতীবস্ত্রের উৎপাদন বেড়েছে। এটা আমার কথা নয় ডাঃ রায়ের কথা। "এঞ্জিনিয়ারীং" কারখানা ও ছোটখাট সুতাকলগুলি রাষ্ট্রের কোন সাহায্য না পাওয়ায় ফলে ধ্বংসোন্মুখ হয়ে যাচ্ছে। এই যদি অবস্থা চলে তাহলে শুধু শ্রমিক কর্মচারীদের চাকুরি যাবে তা নয়, সঙ্গে সঙ্গে ছোট ছোট শিল্পের যারা মালিক তাদের অবস্থাও দিনের পর দিন শোচনীয় হয়ে যাবে। তার ফল দাঁড়িয়েছে এই—কলিকাতা এবং তার আশেপাশে—মোটামুটি হিসাব নিয়ে দেখেছি যে কলিকাতার উপকণ্ঠে শিল্পাঞ্চলে যে সমস্ত ছোটখাট কারখানা ও দোকান আছে, ছোটখাট ব্যবসা আছে তাদের সেই ব্যবসা নষ্ট হয়ে যাচ্ছে, কারণ লোকের হাতে পয়সা নেই—শিল্পাঞ্চলের লোকের হাতে পয়সা নেই। সুতরাং এই যে জাতীয় বিপর্যয় দেখা দিচ্ছে—বেকার সমস্যা—ছাঁটাই হচ্ছে সে সম্বন্ধে কি ব্যবস্থা হচ্ছে সেটা আমাদের জানা দরকার। তা যদি না হয়, এ বাজেট কোন বাজেটই নয়। কারণ এতে কোটি কোটি লোকের জীবন সমস্যা জড়িত আছে।

তারপর আমি আলোচনা করতে চাই বোনাস সম্পর্কে, যে কথা কিছুদিন আগেও বলেছি। সেটাই আর একবার বলতে চাই—বোনাস সম্পর্কে। ("এ ভয়েস"—আবার বোনাস?) হ্যাঁ, বার বার বলতে হবে যতদিন না দেন। "হিন্দ মোটরস্" বিড়লার একটা বড় কারখানা। সেখানে ১৯৫১ সালে লাভ হয়েছিল, ১৪,৯৯,০০০ টাকা, ১৯৫২ সালে লাভ হয়েছিল ১৭,৭৭,০০০ টাকা, অথচ সেই "হিন্দ মোটরস্" কোম্পানীর শ্রমিকরা যখন বোনাস দাবী করল তখন ২০ জনের জেল হল এবং ছাটাই হয়ে গেল। ("নমেজ"।) তারপর "[illegible] জুট মিল"—চটকলের একটা হিসাব দিচ্ছি—এদের "ম্যানেজিং এজেণ্ট" হচ্ছে "ম্যাক্লিয়ড্ কোম্পানী", এই কোম্পানীতে ১৯৫১ সালে লাভ হয়েছিল ১,৭৬,০০০ টাকা, ১৯৫২ সালে লাভ

Mr. Speaker: It would be convenient if these details were referred to during the cut motions. You have got 14 days for cut motions. That is the proper time for it.

Dr. Ranendra Nath Sen:

তখন আরো অনেক জিনিষ বলতে হবে।

Mr. Speaker: This is not the object of a general discussion.

Dr. Ranendra Nath Sen:

I am switching on to a different point.

যাই হোক--এখানে এ বিষয়টা উপস্থিত করতে চেয়েছিলাম--কারণ ডাঃ রায় এ বিষয়ে সেদিন বলেছিলেন যে বোনাসের জন্য "ট্রাইবুন্যাল" বসান হবে। কিভাবে বসান হবে সে বিষয় গভর্ণমেণ্টপক্ষ থেকে সুস্পষ্টরূপে বলা দরকার।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I did not say that there would be a tribunal for bonus at all.

Dr. Ranendra Nath Sen:

আমি যে রকম বুঝেছিলাম সেটাই বলছি। যাই হোক এখানে ডাঃ রায়ের বিবৃতি রয়েছে যেটা ১৯৫৩ সালে ২৬শে সেপ্টেম্বরের খবরের কাগজে বেরিয়েছিল। সেখানে তিনি বলছেন—আমি এই বোনাসের প্রশ্ন "ট্রাইবুন্যাল"এর কাছে দেব। আমার কাছে খবরের কাগজের "কাটিং" আছে। এখন যদি বলেন দেবেন না তাহলে নিরুপায়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমার বিবৃতি ঠিক তার উল্টো।

Dr. Ranendra Nath Sen:

আমার কাছেও "ষ্টেটমেণ্ট" রয়েছে, দেখতে পারেন। আমার সময় নেই এখানে তা পড়বার। যেখানে লাভ হচ্ছে—৬২টা মিলে "টোটাল প্রফিট্" হচ্ছে আট কোটি টাকা সেখানে এই যে শ্রমিক যারা কাজ করছে তারা কেন বোনাস থেকে বঞ্চিত হবে—এটা বুঝতে পারি না। জনকল্যাণ-মূলক রাষ্ট্রের যদি এই চেহারা হয়, তাহলে কি আর বলবো? বাজেট উল্লেখ করে বলতে পারি যে শ্রমিকদের কি সুবিধার ব্যবস্থা হয়েছে? এতদিন "এম্প্লইজ্ ষ্টেট ইন্সিওরেন্স স্কিম" যার কথা বলছিলেন তারজন্য কত টাকা বরাদ্দ রয়েছে? এবং সেই "স্কিম" এখনও কেন পশ্চিমবঙ্গে প্রবর্তন করা হয়নি? তার কি কৈফিয়ৎ আছে—এই বাজেটের সে সব কোন কিছু দেখছি না।

শেষ কটা কথা বলতে চাই যেটা সম্বন্ধে মুলতুবি প্রস্তাব করা হয়েছিল, যেটা মঞ্জুর করেননি—সে বিষয়ে কিছু বলতে চাই। এই যে টিটাগড় পেপার মিলসে ধর্ম্মঘট চলেছে--একটা মিলে চলেছে ১৩৭ দিন ধরে আর দ্বিতীয়টিতে চলেছে ৬২ দিন ধরে। সেখানে গভর্ণমেণ্ট বা অন্য কারও তরফ থেকে কোন মিটমাটের চেষ্টাই হল না। এবং শুধু তা নয়, মালিকরা যেখানে ত্রিদলীয় সম্মেলনে বসবে না—সেখানে গভর্ণমেণ্ট তরফ থেকে কি ব্যবস্থা হচ্ছে? আজকার কাগজে দেখেছি এস, ডি, ও, উপস্থিত হয়ে গ্রেপ্তার করেছে ২৫ জনকে।

Mr. Speaker: You are talking on Mr. Ghosal's point.

Dr. Ranendra Nath Sen:

"থার্ড পয়েণ্ট" হচ্ছে সেখানকার যে "ইউনিয়ন অফিস" সেটা বন্ধ করে দেওয়া হয়েছে, এবং সেটা সম্পূর্ণ বে-আইনীভাবে। কি আইনে "ইউনিয়ন অফিস" বন্ধ করা যায়, এবং যারা শান্তিপূর্ণভাবে "পিকেটিং" করে, তাদের গ্রেপ্তার করা যায় আজকে সেটা জানা দরকার। এ সম্বন্ধে "এড্‌জোর্ণমেণ্ট মোশান" দিয়েছিলাম—কিন্তু আমরা সে সুযোগ পাইনি। সুতরাং এ বিষয়ে জানতে চাই। ১৩৭ দিন ধরে যারা বসে আছে সেই ধর্ম্মঘট নিরসনের জন্য মালিকদের উপর গভর্ণমেণ্টের তরফ থেকে চাপ দেওয়া হয়নি কেন? মালিকরা বলছে লাভ নাই। কিন্তু লাভের হিসাব আমরা যা পেয়েছি তাতে দেখছি ১৯৪৭ সালে মালিকদের লাভ হয়েছিল ৪৯,৫০,০০০ টাকা। ১৯৫২ সালে তাদের লাভ হল ১ কোটি টাকার উপর। অথচ যেখানে ৫ বছরের মধ্যে "ডবল" লাভ হল সেখানে মালিকরা যদি বলে মাইনে বাড়াবে না, "বোনাস"এর ব্যবস্থা হবে না, তাহলে সেখানে গভর্ণমেণ্ট কেন শ্রমিকদের কথা শুনবে না?

The Hon'ble Kalipada Mookerjee:

ধর্ম্মঘট বে-আইনীভাবে হয়েছে। ট্রেড ইউনিয়ন নিয়মানুসারে এই ধর্ম্মঘট বে-আইনী হয়নি আপনি কি বলবেন?

Mr. Speaker: Dr. Sen, you please speak on. The Labour Minister will reply to your points.

Dr. Ranendra Nath Sen:

সেখানে আমার বক্তব্য হচ্ছে ধর্ম্মঘট নোটিশ দিয়েই হয়েছে সুতরাং বে-আইনী হয়নি। এ বিষয়ে মন্ত্রিমহাশয়ের সচেতন হওয়া দরকার যে

শ্রমিকদের উপর যে অত্যাচার করা হচ্ছে, তাদের গ্রেপ্তার করা হচ্ছে তার ফল বিশেষ ভাল হয় না—দেশের পক্ষেও নয়, সরকারের পক্ষেও নয়। সুতরাং সরকারকে সাবধান করে দিচ্ছি। শেষ কথা শ্রমিকদের বাসস্থান সম্পর্কে। আমরা আশা করেছিলাম এই বাজেটে সে সম্বন্ধে কিছু থাকবে। আমরা যতদূর জানি শ্রমিকদের বাসস্থান সম্পর্কে কেন্দ্রীয় সরকারের একটা পরিকল্পনা আছে।

[4—4-10 p.m.]

অথচ বাজেটে সে বিষয়ে ভালভাবে কিছু নাই। বিশেষ কোন অর্থের ব্যবস্থা এ ব্যাপারে হবে কিনা জানতে চাই। কিছুদিন আগে আমরা খবরের কাগজে দেখেছি যে শ্রম মন্ত্রিমহাশয় একটা মিটিং করেছিলেন কিন্তু তারপরে তার কি হ'ল এই শ্রমিকদের বাসস্থানের জন্য? কেননা বাংলাদেশের বিভিন্ন শ্রমিক অঞ্চলে শ্রমিকদের বাসস্থানের যে অবস্থা হয়েছে তা শ্রমিক অঞ্চলে যারা ঘোরেন তাঁরা জানেন। হাওড়া ও ২৪-পরগণার বিভিন্ন অঞ্চলে এবং কলিকাতার বিভিন্ন অঞ্চলে গিয়ে একটু দেখলেই পরিষ্কার বোঝা যাবে। কাজেই শ্রমিকদের বাসস্থান সম্বন্ধে কি হচ্ছে তা অবগত হতে চাই।

শেষ পর্য্যন্ত বাজেটের মধ্যে বাংলাদেশের প্রধান যে সমস্যা—বেকার সমস্যা, ছাঁটাই সমস্যা, মধ্যবিত্তের চাকুরীর সমস্যা—সে বিষয়ে কোন কথা বলা হয়নি। যদিও আমার পূর্ব্ববর্ত্তী বক্তা নিশাপতি মাঝি মহাশয় বলেছেন যে অনেক কিছু কল্যাণকর ব্যবস্থা হয়েছে, আমি ত বাজেট পড়ে তার মধ্যে তেমন কিছুই পাইনি। এইটুকু মাত্রই আমার বক্তব্য।

Sj. Basant Lall Murarka:

মাননীয় স্পীকারমহোদয়, মাননীয় প্রধান মন্ত্রী যে বাজেট পেশ করিয়াছেন উহা আমি সম্পূর্ণ সমর্থন করি। গত ৬ বৎসরের বাজেট দৃষ্টে ইহাই অনুভব হয় যে এই প্রদেশ আর্থিক উন্নতির দিকে ক্রমশ: অগ্রসর হইতেছে। এইজন্য আমি প্রাদেশিক সরকারকে আন্তরিক ধন্যবাদ জানাইতেছি। কিন্তু বাংলা ভাষার বহুল প্রচার ভিন্ন ঐ কার্য্য সম্পূর্ণ হইতে পারে না; এইজন্য, মাননীয় স্পীকারমহোদয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিগণ বিরোধী এবং নিজপক্ষীয় দলকে এবং বিশেষ করিয়া রাজ্যপাল মহোদয়কে অনুরোধ জানাইতেছি যেন অনুগ্রহ করিয় তাঁহারা আগামী বাজেট অধিবেশনে তাঁহাদের ভাষণ ও বক্তৃতা এই প্রদেশের মাতৃভাষায় দেন। আমি বাংলা সরকারকে আরও অনুরোধ জানাইতেছি যেন ভবিষ্যতে "পাশ পোর্ট" এবং "ভিসা" বাংলা ভাষায় মুদ্রিত হয়। আমার মনে হয় বিধান সভার সমুদয় কার্য্য মাতৃভাষায় হওয়া উচিত।

মাননীয় স্পীকারমহোদয়, আমি আপনার মাধ্যমে বিহারের বাংলা ভাষাভাষী অঞ্চলে বাংলা ভাষা দমনের জন্য শ্রীঅতুল চন্দ্র ঘোষ প্রভৃতি জনপ্রিয় নেতাদের উপর যে দমননীতি চলিতেছে তাহার বিরুদ্ধে বিহার সরকারের এই অন্যায় কার্য্যের জন্য তীব্র প্রতিবাদ জানাইতেছি। আমার এই বাংলা দেশে ভারতের অন্য প্রদেশের ভাষা অবাধে চলিতেছে, ইহাতে কোন আপত্তি উঠে নাই। সুতরাং বাংলা ভাষার উপর বিহার সরকারের এইরূপ বিরুদ্ধ মনোভাব খুবই দু:খের এবং প্রাদেশিকতার পরিচায়ক।

বাজেটে রাষ্ট্রভাষা প্রচার কল্পে খুব সামান্য অর্থ বরাদ্দ করা হইয়াছে। প্রয়োজনের তুলনায় উহা খুবই অল্প। সুতরাং আমার অনুরোধ যে রাষ্ট্রভাষা প্রচারকল্পে বাজেটে অন্তত: এক লক্ষ টাকা বরাদ্দ করা হউক।

আমার নির্ব্বাচন কেন্দ্র বীরভূম জেলায় আমাদের সরকার ময়ূরাক্ষী ও তিনটি কমিউনিটি পরিকল্পনা প্রভৃতি কার্য্যের জন্য কোটি কোটি টাকা ব্যয় করিতেছেন। তজ্জন্য আমি আমার সরকারকে আন্তরিক ধন্যবাদ জানাইতেছি। এই জেলার সর্ব্বাঙ্গীন উন্নতি রাস্তাঘাটের উন্নতির উপর নির্ভর করিতেছে। কিন্তু রাস্তার অভাব এই জেলার একটি প্রধান সমস্যা। বাংলার মধ্যে বীরভূম জেলা শিক্ষায়, দীক্ষায় ও ধর্ম্মে শীর্ষস্থান অধিকার করিয়া আছে। এখানে ভক্ত চণ্ডীদাস ও কবি জয়দেব জন্মগ্রহণ করিয়াছেন। তারাপীঠ এখানকার একটি প্রসিদ্ধ তীর্থস্থান। বিশ্বকবি রবীন্দ্র নাথের শান্তিনিকেতন এইখানেই অবস্থিত। কিন্তু এইরূপ একটি উন্নত জেলায় রাস্তার অভাব খুবই দু:খের বিষয়। আমি এই জেলায় রাস্তার উন্নতিকল্পে সরকারের দৃষ্টি এইদিকে আকর্ষন করিতেছি। আমি নিশ্চয় বলিতে পারি যে রাস্তাঘাটের উন্নতি হইলে এই জেলার চেহারা সম্পূর্ণ বদলাইয়া যাইবে।

মাননীয় স্পীকারমহোদয়, আপনি জানেন যে পাক-মার্কিন সামরিক চুক্তি প্রায় শেষ হইয়া গিয়াছে। ইহার ফলে আমাদের প্রতিবেশী রাষ্ট্র ত পরাধীন হইবেই, পরন্তু সীমান্ত প্রদেশ পশ্চিম বাংলার পক্ষেও উহা বিশেষ উদ্বেগের কারণ। বাংলা শক্তিশালী হইলে ভারতও শক্তিশালী হইবে। সেইজন্য আমি আমাদের সরকারকে অনুরোধ করিতেছি যে তাঁহারা

[Sj. Basant Lall Murarka.]
বাংলার প্রত্যেক সক্ষম নরনারীর সামরিক শিক্ষাকল্পে আরও অধিক অর্থ যেন বাজেটে বরাদ্দ করেন।

এই প্রদেশের বেকার সমস্যা ভীষণ আকার ধারণ করিয়াছে। এই সমস্যার সমাধান করিতে হইলে দেশীয় শিল্পজাত দ্রব্যের ব্যবহার খুবই প্রয়োজন। দুঃখের বিষয় যে স্বাধীনতা অর্জনের পর আমরা স্বদেশী দ্রব্যের ব্যবহার প্রায় ত্যাগ করিয়াছি। বহু প্রকার বিদেশী দ্রব্য আমাদের দেশকে প্লাবিত করিয়াছে এবং ইহার ফলে বেকার সমস্যা ভীষণ আকার ধারণ করিয়াছে। ইহার নিবারণকল্পে আমি পশ্চিমবাংলা সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করিতেছি যেন তাঁহারা যে সমস্ত দ্রব্য এদেশে প্রস্তুত হয় সেইগুলির বিদেশ হইতে আমদানী বন্ধ করেন।

পাট শিল্প এদেশের একচেটিয়া, কিন্তু কেন্দ্রীয় সরকারের রপ্তানী শুল্কের জন্য পাটজাত দ্রব্যের দিক হইতে বিদেশের সহিত আমরা প্রতিযোগিতায় পারিয়া উঠিতেছি না। সুতরাং এই শিল্প রক্ষাকল্পে আমি প্রাদেশিক সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে পাটজাত দ্রব্যের উপর হইতে রপ্তানী শুল্ক উঠাইয়া দিতে অনুরোধ করিতেছি।

আমরা রাজনৈতিক স্বাধীনতা প্রাপ্ত হইয়াছি বটে কিন্তু সামাজিক স্বতন্ত্রতা ব্যতীত রাষ্ট্রের নবনির্ম্মান সম্পূর্ণ হইতে পারে না। এইজন্য আমাদের রাষ্ট্রে সমাজের আমূল সংস্কার প্রয়োজন। এইজন্য আমি আমাদের সরকারকে এই অনুরোধ করিতেছি যে পরিবার নিয়োজন এবং বিবাহে যৌতুক প্রথা নিবারণকল্পে প্রয়োজন হইলে উপযুক্ত আইন প্রণয়ন করা হউক।

[4-10—4-20 p.m.]

स्पीकर महोदय, अब मैं दो चार शब्द हिन्दी में बोलना चाहता हूं। सबसे पहले मैं सब पार्टी से appeal करता हूं कि इस विधान सभा में दो प्रस्ताव सर्वसम्मति से पास हो गया है। एक तो बिहार प्रदेश में बंगला जबान को जो हक़ और स्थान मिलना चाहिये वह ज़रूर मिले और इसके लिये बिहार सरकार को ज़ोर देना चाहिये। दूसरा यह कि जो Boundry Commission हुई है इस बारे में एक Committee बनाकर एक आवाज़ से उस Commission के सामने अपना दावा उपस्थित करें और इस प्रस्ताव को सफल बनाने के लिये कोशिश करें।

कलकत्ता शहर का सबसे बड़ा market Stock Exchange Market है। इसमें 10% तेज़ी आ गई है। बंगाल सरकार ने जो strong action लिया था उसकी वजह से। आप जानते हैं कि Burma में Police की कमजोरी की वजह से Burma में कितने आदमियों की हत्या कर दी गई। जितना हमारी Police मजबूत होगी उतना ही हम शान्ति से रह सकेंगे और अगर Police कमजोर हो गई तो सारा तहस नहस हो जायेगा, बर्बाद हो जायेगा। अगर Police मजबूत होगी तो कलकत्ता की रक्षा होगी, धर्म की भी रक्षा होगी। यह जो पंच-वर्षीय योजना है उसकी रक्षा होगी सारे देश की रक्षा होगी।

हमारा जो strong सरकार है उसे हम कहेंगे, Dr. Roy से appeal करेंगे, अनुरोध करेंगे कि Police के Budget में जितना भी खरचा कीजिये वह कर सकते हैं, हम सब जानते हैं कि हमारी और देश की रक्षा और शान्ति इसमें है।

Tram आन्दोलन के समय हम घबड़ा गये थे कि हमारी रक्षा कैसे होगी मगर Teachers' आन्दोलन में Dr. Roy ने जैसा काम किया उससे हमारी रक्षा हो गई। हम उनका समर्थन करते हैं। अगर strong action बराबर लेते रहें तो सबही की रक्षा होगी, पुरुष की होगी, स्त्रियों की होगी, मजदूरों की होगी। हम प्रधान मंत्री से appeal करते हैं कि आप शान्ति के लिये strong Govt. बनाने के लिये जितना भी खरचा करना चाहते हैं वह कर सकते हैं। हम शान्ति और रक्षा चाहते हैं।

Dr. Srikumar Banerjee: Mr. Speaker, Sir, the budget which was presented to us a few days ago and which we are discussing now is by

no means an ordinary budget and does not awaken in us the ordinary sentiments of mild approbation or disapprobation. There are some who are filled with an excess of jubilation because of the large scale expenditure on beneficent schemes. There are others who have been filled with an acute sense of misgivings because of the colossal nature of the deficit. So, Sir, the budget is a remarkable one, —I should go further and say—a shattering and devastating one. It has shattered all our previous notion about sound financing, and it will have a devastating effect upon our national economy. Sir, in the Revised Budget and in the budget for the ensuing year, the Finance Minister has managed to eat up 7·11 crores and 12·31 crores, totalling 19·5 crores in the Revenue Budget alone; and he has managed to convert a fairly adequate surplus into staggering and colossal deficit. Sir, it is a budget in which boldness has been pushed to the verge of rashness and in which improvidence has been heightened to a reckless gamble in public finance. Sir, it seems to be an outrageous violation of the principles of the correct and sound budgetary provision with which we have been acquainted for so many years in the past. And, Sir, the deficit is so great and so colossal that any scanning and scrutiny of the figures in the budget has become more or less a meaningless formality. Sir, had this budget been presented a few years back, I am quite sure it would have been thrown out by all sections of the House, and the Finance Minister's head, Sir, might have been demanded on a charger. Today, Sir, we seem to be curiously self-complacent even when the deficits are mounting sky-high and our revenue is being exceeded and transgressed in an unprecedented manner.

Sir, let us analyse why exactly we are labouring under this sense of self-complacency. Sir, a new phrase has been trotted out—"deficit financing". This seems to be the opiate drug with which our financial conscience has been benumbed. We think that somehow all this colossal deficit will not bring any harm to the State. We seem to lay the flattering unction to our soul that we need not try to balance income and expenditure, and perhaps our self-complacency and blindness have been heightened by the consideration that many of the provisions are beneficent from the standpoint of national construction. Sir, let us analyse the real implications of this deficit financing and find out how far it is permissible. Some of us have pinned our faith in the assistance to be given by the Central Government. We do not know how far this faith in the assistance of the Central Government will actually materialise. At any rate, I do not think it will be a correct policy for us to indulge in reckless extravagance on the idea that the Central Government will come to our rescue and they will honour any demand that we may choose to make upon them. Sir, deficit financing takes its stand upon development projects which will ultimately add to the revenues of the State and will be the ultimate means of repayment of the huge debt that we are incurring for the implementation of those development schemes. Therefore, Sir, before we are in a position to lend our approbation to this deficit financing we should analyse very carefully the various development schemes which have been proposed in order to find out how exactly they will react on the revenues of the State and will enable us to wipe out the huge deficit which has been incurred in starting and implementing these so-called development projects. Sir, the mere fact that a road is being built or that an irrigation canal is going to be constructed does not mean unless other circumstances co-operate that they will automatically have a favourable effect upon the economic position of the people, and unless we are definitely assured that the constructive schemes, the so-called development schemes will not

[Dr. Srikumar Banerjee.]

merely add to material facilities, not merely provide certain comforts and conveniences but will have an ultimately favourable effect upon the total income of the State. I do not think from the financial point of view we shall be justified in incurring the amount of expenditure which we shall not be in a position to recoup.

Secondly, Sir, the question is as to what extent can we go on borrowing and exceeding our revenue position.

[4-20—4-30 p.m.]

Mere beneficent scheme, mere desire to do good to the people, merely a desire to add to the comforts and amenities of the people will be no justification for embarking upon a course of reckless expenditure which might have dangerous repercussions upon the national economy and will bring us to the verge of bankruptcy. Therefore, the Finance Minister ought to explain to the House very carefully how exactly he expects that the financial position would improve as a result of these development schemes, how the huge deficit is going to be wiped out and what is the limit up to which this process of borrowing and exceeding the revenue balance can be legitimately and safely carried. On none of these points has any explanation been vouchsafed in the course of the budget speech.

Sir, analysing the development projects we find that most of them are developments only in name. They are only a brick and mortar affair, construction of new buildings or new furniture or new equipment or additional grants or appointment of additional staff in existing schools and colleges so that they are merely a part of the routine administration of the State. Sir, these improvements have been going on for a very long time even before the advent of Independence. There had been additions to the staff from time to time; there had been strengthening of various departments; there had been construction of new buildings, adding of new structures, adding of new wings to old buildings; but, Sir, in the good old days they were not glorified under the title of a development programme. They were part and parcel of the normal routine duties of the administration and the occasional calls upon them to meet a difficult situation. Sir, if we exclude these items, items which are spent upon construction only, items which are spent upon routine administration, items which are spent upon new contrivance, new equipments which cannot be expected to have a favourable influence upon the revenue of the State, I do not think these development projects will enable us to wipe out the huge debt which we have been incurring for their sake.

Sir, take the case of the Education Department. We find 1·5 crores is going to be spent next year for the employment of teachers in primary schools as a partial solution of the unemployment problem. Out of that 75 per cent. is to be met by way of grant from the Central revenue for the first year. But are we ready now with any scheme as to how these people can be profitably absorbed? Are we taking advantage of this grant from the Central Exchequer to draw up a scheme which will permanently improve primary education or are we merely using it as we used the scheme of the decentralisation of the colleges, merely as a stop-gap arrangement, merely as a matter to tide over a temporary difficulty? Sir, the money is given and the money is going to be spent but we are not ready with the plan. Therefore, even this sum of a crore and a half will be spent merely in a matter of routine administration, merely by multiplying a number of primary schools without any radical improvement of the system of primary teaching which is likely to have a permanent beneficial effect upon the people of the land.

Then, Sir, in the medical budget we find that out of 2·15 crores, 50 lakhs are going to be spent for buildings and structures. Buildings and structures may be necessary for new hospitals and for new accommodation but it would be a travesty of truth to claim that by building new structures we are really helping the cause of development—such kind of development as is likely to have a permanent beneficial financial effect upon our revenues, and we see that under development grant is crowded together a large number of grants, big or small, grant to this body, grant to that body, which simply mean keeping these institutions alive, giving them just a kind of starvation allowance but which by no stretch of imagination can be considered to be helping the cause of development in the real sense in which development ought to be understood. Then, Sir, agriculture this time has a leaner provision because two crores have been taken away from the existing budget allotment which was provided last year for the distribution of fertilisers and there are so many schemes in the Agriculture Department and schemes which are not correlated, schemes which are self-sufficient, schemes which do not work into a harmonious pattern, so that it can be called a scheming department. Sir, about the intensive food production drive there are certain items which cannot be included in the development programme as it would be correctly understood. For example, publicity of the new methods of food production is costing Rs. 50,000 and the transfer of khatals from Calcutta to the Haringhata area is responsible for Rs. 41,000. These may be necessary—I do not object to the necessity. What I object to is that they should be classed under development projects and thereby be made an instrument of presenting an inflated figure under development project and thereby creating a feeling of misapprehension in the minds of the people that huge sums of money are being spent for development in the true sense of the term. Then, Sir, with respect to cottage industries we find that that is a sickly and ricketty child from its very birth. Certain new schemes have been put forward this year but we are not in a position to see how far these schemes will practically work out and how far they will really be the means of earning livelihood on the part of the people who are engaged in cottage industries.

Sir, the Chief Minister in the course of his budget speech has for the first time struck a mystical and paradoxical note. He has turned away from the mathematical figures and indulged in a little bit of self-introspection. Perhaps the still small voice of consent has found its way into his heart. He has come to realise that there is an element of paradox about all his budget preparations and the presentation of the budget figures and he has told us that in the midst of plenty there is poverty. He has told us that while development schemes are being carried forward, are being implemented, are being devised from year to year, and colossal sums of money are being spent for the implementation of these development programmes, there is no corresponding reduction in the figure of unemployment. Sir, that is a very clear indication of a danger signal which cannot be ignored. Had our development schemes been properly fashioned and properly contrived and rightly implemented, then in the course of three years it must have had some effect upon the incidence of unemployment. But the very fact that development schemes have no effect upon unemployment ought to make us think very seriously whether our development schemes are being properly conducted and are being properly thought about.

[4-30—4-40 p.m.]

Sir, his position is like that of the Ancient Mariner in the poem "Water, water everywhere and not a drop to drink". In the midst of plenty people are starving. Now,

[Dr. Srikumar Banerjee.]

what is this paradox due to? This paradox, if he follows it further up, would certainly bring to him the revealation that there is something wrong about the entire financial position, something wrong about the planning, about the implementation, something wrong about the course that things have taken, something wrong about the way in which the money is being spent. The money does not find its way to the common people; the money does not strengthen the will to work; the money does not open new avenues of employment; but we are spending it in a mechanical, thoughtless way in the belief, the fond belief that somehow or other out of this implementation will emerge a concrete result which will have a favourable effect upon the unemployment position. Sir, there is no determined desire on the part of the Government to tackle that and to combat unemployment. We are having facile exhibitions of sympathy, expression of regret, but there is no desire on the part of the Government, no scheme put forward to tackle the problem of unemployment in a resolute and determined fashion. It won't do, Sir, merely to say that our young graduates are averse to manual labour or that they cannot fit in with the existing social structure. It is our duty to impart to them such a training that they become fit to join particular avenues of employment which may be open today. For a Government to complain that educated people are not in a position to profit by the avenues of employment is, Sir, a very unhelpful and a very negative attitude.

Do we find in the budget any shadow of a scheme by which practical training is to be given to our youngmen who have completed their theoretical course of instruction so that they can be fitted up into the social pattern as it exists today, so that they can be absorbed in the different avenues of employment which have not yet been closed? Beyond expression of regret, beyond facile sympathy, beyond commiseration, we do not find any practical steps taken by the Government to combat unemployment. We are told some youngmen have been absorbed in the brick-laying profession. We do not know the results of this experiment and how far the educated youngmen have been able to adapt themselves to the brick-laying task that has not been explained to us. We hope that brick-laying would be taken metaphorically and that their fortunes would be decided not merely by fitting them to the brick-laying trade but they will be allowed to be the architects of their fortune in other ways also.

Sir, I would therefore draw the attention of this House to the appalling consequences of the budget which has been presented to us today. Sir, we have deficit in the revenue budget, a deficit which is mounting every year; we have loans which are also mounting to inconceivable heights, and yet our conscience has not been awakened. We are thoughtlessly and mechanically giving our sanction to colossal expenditure without caring to ascertain what would be the probable effect of that expenditure and whether scientific precautions have been taken, economic precautions have been taken for incurring this huge expenditure and whether the depleted revenues of Bengal can afford any further burden that is going to be put upon it. I do not minimise the constructive efforts or the beneficent schemes which have been included in the budget, but the beneficent schemes in order to be really beneficent ought to be within the financial competence of the State. We ought not to mortgage our revenues in order to lull the people into a feeling of illusory beneficence. I would therefore ask that a Commission should be appointed as Commissions were appointed in the past wherever there was huge financial deficit, a Commission consisting of financial experts and all sections of the House to consider the position

revealed in the budget, to find out whether we are in a position to incur the huge expenses that we have been actually incurring, whether it is financially safe and sound to embark upon a venturous course of action which may not be justified by our actual financial position and to find out the future consequences and the future repercussions of what appears to us to be the ruinous course of policy which is foreshadowed in the budget that is presented to us.

Dr. Jatindra Nath Basu: Mr. Speaker, Sir, going through this year's budget, we are glad to note that the item "Education" is actually the largest item. Up till now, from my college days I have heard that it is the Police budget which comes to the top figure. It is only this year that Education has overtaken the Police and replaced the Police from its top position. Education comes under Grant No. 19 and the amount provided is Rs. 6·59 crores. To that if we add Civil Works which is Rs. 38 lakhs and another item which also I find under Primary Education—"Grant No. 42—Expenditure on Displaced persons for primary education"—that is also about Rs. 70 lakhs and also the expenditure on Scientific Departments, Medical Education (Colleges and Schools), Agricultural Education and Veterinary Education, then we shall reach the figure of about Rs. 8·15 crores—this will mean about 21 per cent. of the total revenue receipts of the State.

Sir, during the recent movement of the teachers' cessation of work, there came out a pamphlet demanding that the State's educational expenses should be raised to 20 per cent. I think they will be glad to know that they have already reached 21 per cent. this year—we do not know what they will be in future years.

Sir, I have collected some figures about the engineering works in different departments, such as Irrigation and Waterways, the Mauraksbi Project, the Damodar Valley Project, expenses under Education—only Technical Education—rural water-supply, small irrigation schemes, reclamation of lands and re-excavation of tanks, sea-fishing, development schemes under Industries, Inspectorate of Boilers, Inspectorate of Factories, Civil Works, electric schemes, road developments, also works under grants for national highways which are done from contributions from the Government of India, development of Kanchrapara, Tollygunge and other areas, State Works outside the Revenue Account and also Road Transport—the total of all these engineering works comes to about Rs. 32 crores in a State where we have a revenue of about Rs. 39·93 crores. Thus we spend about Rs. 32 crores on different engineering works—it means 85·2 per cent. of the total revenue receipts. I do not know how to comment on this point. Anyway, these are the figures given to us. I do not know how these engineering works are carried on and whether engineers contribute anything in the policy-making level of this expenditure. If they do not it should be the fault of the engineers—our fault.

[4-40—4-50 p.m.]

Anyway we should contribute our services for such a huge expenditure of the State for engineering works. If anything goes wrong even at the policy-making level, naturally it is the engineers who are to share the blame. No one can blame only the other body.

The few items which I am pleased to find mentioned in the budget are as follows: One of whom was the contributory scheme for roads, rural water-supply and tank improvement. We had these schemes before, but this year the Government of India has augmented the grants for road development in rural areas to the extent of Rs. 4 lakhs. These contributory schemes are very useful. Whenever I move in the rural areas I always encourage the people to take advantage of these schemes in one

[Dr. Jatindra Nath Basu.]

form or other. It is almost a disease with us that we always like to depend upon others to help us whenever we want to do anything. That disease is prevailing among village people also, and the people want their roads and facilities for drinking water to be provided either by Government or by District Boards or by local bodies or by somebody else. The present position is that if they apply for those things, they could not be complied with, as there exists a good number of these applications on the waiting list; finance stands in the way. But in case a contributory scheme was forwarded, then it was complied with. In some cases it was almost impossible to make any grants for water-supply. For a well in a village or for digging a tank I encourage the people to take advantage of the contributory scheme. When they took advantage of it, it was sanctioned and they got it. Consequently, these contributory works are of great use and should be taken advantage of by the people. By this way they learn to combine together and thereby they can do something; and if they succeed in doing a small thing today then they can do a big thing tomorrow.

The second point is the national extension service which is a new one in the budget this year. This will help people to work for village uplift, and there will be an improvement in water-supply as well as food production in the rural areas.

The third point which is also a new thing in the budget was the employees' State Insurance that is to be introduced this year, and the budget also includes it. This will afford benefit to the industrial workers in the industrial area of Calcutta. Then there is the drainage scheme in Sonarpur-Arapunch very near to Calcutta which is almost complete. Last year about 1,500 acres of land under this scheme were cultivated very hurriedly, and it has produced very good results. We hope that in the next year 17,000 acres of water-logged land will be put to cultivation, and it will greatly help the food production of 24-Parganas and also other places.

Besides these, there are many other points to which I would refer here. Thus some schemes have been put forward which are said to be losing concerns. Then there are some schemes which are declared to be unproductive. It is no doubt true—and we can also believe that it is quite possible—that the normal work of the Government is so heavy that they do not find sufficient time to look after these things, and to see whether they can be brought to productive level and also whether the losing concerns can be converted into profitable ones. Under these circumstances, I would submit that Government should, by forming committees or by appointing certain persons and entrusting them with the work, try to see to it that they can be made productive or whether they can be made profitable.

My second submission would be about technical education. It is a great pleasure to us that in recent years Government has developed some of the technical schools for diploma course as well as polytechnical schools. Thereby a large number of youngmen have the opportunity to have some sort of technical training, by means of which they can find out their callings later on. There was certain improvement made in the study of graduate engineering. In connection with engineering education I would only suggest that at the present moment this scheme for development of higher technical education is carried on in two colleges in Bengal, namely, the Sibpur College and the Jadavpur College; and there is a third one at Kharagpur which has not yet come to the final stage. This college is maintained by the Government of India which can look after the college very well. My submission is that

we have to introduce post-graduate study as well as research work in these colleges. This will improve the quality of higher training in engineering, and unless youngmen in the colleges are engaged or be acquainted with the process of research and higher study in engineering they cannot later on have courage and confidence to undertake engineering works of complicated nature. Government should therefore undertake in near future the introduction of research and post-graduate studies in these engineering colleges.

The third suggestion that I would make is for tube-well irrigation. That scheme has been introduced in different States, namely, United Provinces, Bihar, Central Provinces, and the Punjab, and the Government ot India is going to make 2,650 tube-wells in these States in co-operation with the State Governments. They will cost nearly Rs. 29,000, and each of these States will be able to irrigate about 400 acres of land with a large number of tube-wells. I do not know whether West Bengal has got any share of these tube-wells, nor do I know what contribution the States will have to make for this purpose. Tube-wells are very successful especially in the Gangetic basin. So it is hoped they will be successful in other riverine basins. When the Damodar Valley and Mayurakshi schemes are completed, tube-wells will not be necessary, but in other river basins tube-wells will be necessary. Besides that, if we get tube-well facilities we can further increase our food production. Bengal is practically over-populated and has the highest density of population. It is for us to cultivate more land and undertake more intensive cultivation, so that we can get more food.

Lastly, about secondary education; that has been talked about in this House so much that I do not like to say anything which is considered to be the liability side of the teachers' movement.

[4-50—5 p.m.]

I wish to refer only the asset side of it. It is true that the teachers have got increased emoluments. But that is not all. My point is that Government promised to undertake the improvement of secondary education. We are connected with higher education, and we know what the students are taught in the schools. The guardians of the students of different schools know how poorly the students are taught, and it is necessary that Government take steps for the improvement of secondary education.

Sj. Kumar Chandra Jana:

মাননীয় স্পীকারমহোদয়, আপনার মাধ্যমে প্রধান মন্ত্রিমহাশয়কে একটা বিষয় অবহিত করবার জন্য বলছি। সেটা হচ্ছে এই—যখন স্বাধীনতা আসে নাই তখন ইংরাজকে "ভারত ছাড়তে হবে" এই স্লোগান" দেওয়া হয়েছিল এবং যার ফলে ইংরাজ বাধ্য হয়েছিল ভারত ছাড়তে। এই "কুইট্ ইণ্ডিয়া স্লোগান"এর জন্য ইংরাজকে ভারত ছাড়তে হয়েছিল। আজকে যাঁরা আমাদের দেশ পরিচালনা করছেন তাঁদের আমি বলতে চাই যে এই ভারত থেকে দুর্ভিক্ষকে তাড়িয়ে দাও, তা নইলে কিছুতেই ভারতের আর্থিক উন্নতি আনতে পারবো না, এবং আমরা যে বিপদে পড়েছি তার হাত থেকে উদ্ধার পাবো না। সেইজন্য আমাদের বলতে হবে "কুইট্ ফেমিন"—"দুর্ভিক্ষ রাক্ষসী"—তুমি ভারত ত্যাগ করো। এই দুর্ভিক্ষকে তাড়াবার জন্য আমি যে কথা বলছি তা শুনে হয়ত অনেকে মনে করবেন যে আমি একটু পাগলামি করছি। কিন্তু এই দুর্ভিক্ষকে তাড়াবার জন্য আপনারা এই পঞ্চবার্ষিকী পরিকল্পনা করে ছিলেন, এবং সেই পঞ্চবার্ষিকী পরিকল্পনার ব্যয় ২,০৩৯ কোটি টাকা থেকে ২,২০০ কোটী টাকায় উঠিয়েছেন। কিন্তু তাহাতে বেকারী দিন দিন বেড়েই চলেছে, কিন্তু তবুও পারেন নাই, "ফেল" করেছেন। যখন "ফেল" করেছেন তখন বলছি এটা যদি করতে হয় তাহলে সমস্ত দৃষ্টিভঙ্গী বদলাতে হবে। দৃষ্টিভঙ্গী বদলে আবার ফিরে আসতে হবে, ও জন-বলকে কার্য্যে পরিণত করতে হবে। যে জন-বলের ভয়ে আজ "বার্থ কণ্ট্রোল" করছেন,—তা করুন, কিন্তু তার সঙ্গে সঙ্গে যে জন-বল আছে, তাকে কার্য্যে পরিণত করবার পথে চালু করুন। এই জন-বলকে কার্যে পরিণত করতে পারেন নাই বলে আজ পঞ্চবার্ষিকী পরিকল্পনা "ফেল" করেছে। আজ উপর থেকে

[Sj. Kumar Chandra Jana.]

চাপ দেওয়া হচ্ছে, এবং দেশের লোককে কাজের জন্য চিন্তা করতে দেননি বলেই এটা "কেল" হয়েছে। আমি বলি এটা আর না করে উল্টা দিক থেকে আসুন—"দাস্ কার এণ্ড নো কার্দার", অনেক সময় নষ্ট হয়েছে। যান ফিরিয়ে নিয়ে আসুন, নীচ থেকে যারা কাজ করছে তাদের গিয়ে বলুন—গলায় কাপড় দিয়ে বলুন—"তোমরাই হচ্চ দেশের মালিক, তোমাদের রাজ্যকে তোমরাই পরিচালিত করো। এরজন্য দরকার রাজনৈতিক এবং অর্থনৈতিক ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করে পল্লীবাসীকে সমস্ত কাজে লাগান। আপনারা আজকে সহরের পরে কল্যাণী প্রভৃতি জায়গাগুলিকে সহরমুখী করছেন কিন্তু জাতির জনক বলে গিয়াছেন যে লোককে সহরমুখী না করে গ্রামমুখী করতে হবে। গ্রামমুখী করে দরিদ্র লোককে উন্নত করতে হবে তবেই ভারতবর্ষের প্রকৃত উন্নতি হবে। এরা তার ঠিক উল্টো দিকে যাচেছন বলেই এই অবস্থা হয়েছে। এগিয়ে আসুন, ক্ষমতাকে বিকেন্দ্রীভূত করবার জন্য পঞ্চায়েত তৈরী করুন। শুনছি এই সম্বন্ধে একটা আইন হবে, জানি না সেটা কবে হবে, তবে খবরের কাগজে দেখছি যে এরজন্য "সেক্রেটারী এ্যাপয়েন্ট" করা হবে ১৫০৲ টাকা মাইনে দিয়ে। ১৯৪২ সালে "ভারত ছাড়" এই স্লোগান যখন মহাত্মা গান্ধী বলেছিলেন সে সময় কি করে ভারতকে রক্ষা করা যাবে তার একটা চিত্র ২৬শে জুন তারিখের "হরিজনে" এঁকে দিয়েছিলেন। গতবারেও একথা বলেছিলাম, এবার তার "রেফারেন্স" দিচ্ছি। গ্রামের লোক তারা নিজেদের থেকে প্রতিনিধি বেছে নেবেন এবং বাইরের কোন লোককে কর্তৃত্ব না দিয়ে এবং এরকম হাজার লোককে নিয়ে এক একটা গ্রাম গঠন করে রাজত্ব চালাতে হবে, তাদেরই ভলান্টিয়ার দিয়ে পুলিশের কাজ করবেন—পরিষ্কার করে সে ছবি এঁকে দিয়েছিলেন। সেটা হবে পরস্পরের সহযোগিতায় উপায় উপরের চাপে। "পিরামিডিক্যাল" হবে না। সমুদ্রের মত সমতল হবে, উপর থেকে কোন চাপ পড়বে না অথচ তাহাদের কেউ কাউকে ছেড়ে যাবে না। এইভাবে যদি পঞ্চায়েত "সিষ্টেম" কায়েম করতে পারেন তবেই প্রকৃত দেশের উন্নতি হবে। উদাহরণ স্বরূপ বলছি যে পল্লীগ্রামে ১২ মাসে ১৩ পার্বণ করবার জন্য গ্রামবাসীরা তারা নিজেরাই সমস্ত ব্যবস্থা করে নৈর তারজন্য "আই, সি, এস্" বা ডাঃ রায়ের মত বড় লোককে তারা ডেকে আনে না। কেন তারা এটা করতে পারে? কারণ গ্রামের লোককে ও ছেলেদের কর্তারা টাকা পয়সা দিয়ে বলে দেয় যে একাজ তোমাদের, তোমরাই গ্রামের মালিক ও কর্তা। সেইজন্য তারা উৎসাহিত হয়ে সেই কাজ করে। আজকাল যে পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ সুরু করা হয়েছে তাতে গ্রামবাসীরা মনে করে এটা তাদের নিজের কাজ নয়, সরকার তাদের উপর জোর করে চাপিয়ে দিয়েছে। তাই তারা টাকা পেলে করবে, না পেলে করবে না। এই রকম একটা চাকরের মনোভাব দেখা দিয়েছে। সেইজন্য মহাত্মা গান্ধীর মত অনুযায়ী পঞ্চায়েত তৈরী করে তাদের ক্ষমতা দেওয়া উচিত। এবং এতে পুলিশের খরচ কমে যাবে। কারণ আজকে দেখছি যে দিন দিন পুলিশের খরচ বেড়ে যাচেছ। যদি এইভাবে পঞ্চায়েত "সিষ্টেম" করেন তবে ২৫ হাজার ইউনিটে ৫০ হাজার লোককে ভলাণ্টিয়ার করে পুলিশের কাজে লাগাবেন, তাহাতে ২৫×২=৫০ হাজার পুলিশ বেঁচে যাবে এবং গ্রামের লোকে ঘরে যা খায় সেই পয়সা দিয়েই বেশ চলে যাবে।

এখন "এগ্রিকালচার মিনিষ্টার"কে জানাতে চাই আপনার মাধ্যমে, যে তিনি বড় বড় "পি, এল, কোট প্যাণ্ট" পরা জুতো পায়ে দিয়ে গ্রামে গ্রামে ঘুরে বেড়ান যাদের সঙ্গে তাদের গ্রামের লোকের "টাচ" সম্বন্ধ নেই তাদের "এ্যাপয়েণ্ট" করে রেখেছেন। আমার মতে এখানে এই সমস্ত বাবু লোককে নিযুক্ত না করে গ্রামের দক্ষ লোকদের নিযুক্ত করলে ভাল হয় কারণ তারা জানে কোন্ মাটিতে ধান হয়, কখন জল দিতে হয়, কোন্ লোকের দ্বারা কাজ বেশী হয়। তাই আমি তাঁকে নিবেদন করছি যে গ্রামের লোককে এই সমস্ত কাজে নিযুক্ত করা হউক। এরজন্য দরকার পঞ্চায়েত "সিষ্টেম"এ ভূমি সংস্কার ও কুটীর শিল্পের উন্নয়নের জন্য আইন করে বেঁধে দিতে হবে। ভূমি সংস্কারের জন্য মাথা পিছু জমি দিতে হবে। কুটীর শিল্পের জন্য যেখানে তেলি আছে সেই সমস্ত জায়গায় বাইরে থেকে কলের তেল আনা বন্ধ করতে হবে। যেখানে তেলি নেই সেখানে নিয়ে যাক আপত্তি নেই। যেখানে ঢেঁকি আছে সেখানে "হাস্কিং মিল" চলতে দেওয়া যাবে না। সেখানে ঢেঁকিতে কাজ দিয়ে লোককে পারিশ্রমিক দিতে হবে। যেখানে চরকা ও তাঁত আছে সেখানে তাকে সাহায্য করতে হলে সেখানে মিল বন্ধ করে দিতে হবে কিন্তু এখানে খাদির নামে টাকা অপচয় হচ্ছে। জিজ্ঞাসা করুন কুটীর শিল্পের মন্ত্রীমহাশয়কে এতদিন খাদি বোর্ড করেছেন, কোন একখানি গ্রাম স্বয়ং-সম্পূর্ণ হয়েছে? তাতে দোষ দিচ্ছি না, একপাশে খাদি ও একপাশে মিল থাকলে চলতে পারে না।

[5—5-10 p.m.]

কিন্তু তিনি কি করবেন, আমি তার দোষ দিই না যখন চরকার সঙ্গে মিল এনে ফেলেন। এজন্যে নীতিগতভাবে আইন করে যেখানে এসব চলে বন্ধ করে দিতে হবে। বহু টাকা ব্যয় হচ্ছে বাজেটে, "কম্যুনিটি প্রজেক্ট", "ডেভেলপমেণ্ট প্রজেক্ট" রয়েছে, "সেণ্ট্রাল গভর্ণমেণ্টে"এর ৬৯ কোটি টাকা ভাগের তো অর্দ্ধেক টাকা শেষ করে দিয়েছেন কিন্তু আসলে কাজ কি কিছু করতে পেরেছেন? তার চেয়ে এক হাজার লোক নিয়ে একটা "ইউনিট" করে একটা পঞ্চায়েত তৈরী করে যদি ১ লক্ষ টাকা নিয়ে কাজ শুরু করা যায়, তাতে অনেক ভাল ফল পাওয়া যাবে। আমাকে দিলে আমি ২$\frac{১}{২}$ "পার সেণ্ট" সুদ সমেত ৫ বছরে এই টাকা ফিরিয়ে দিতে পারি। আমার বাজেট করবার ক্ষমতা নেই, থাকলে এটা করতাম। এক হাজার লোকের ৬০০ জন লোককে কাজ করাতে পারতাম, পঞ্চায়েতের "গ্রু" দিয়ে সব কাজ হত। ৪৫০ জন লোককে "আউট ডোর ওয়ার্ক" আর বাকী লোকদের "ইন্ ডোর"এ কাজ করাতে পারতাম। ১৪ বছরের নীচের ছেলেদের "কম্পালসরী" বুনিয়াদী "এডুকেসন" দিয়ে তাদের ভেতর দিয়ে শিক্ষা বিস্তারের কাজ করানোর যথাসাধ্য চাষ এবং চরকার কাজের ভেতর দিয়েও সমস্ত ছাত্রদের কিছু কাজ করান সম্ভব হতে পারে। ("ইণ্টারাপ্‌শন"।) এক হাজার লোকের জন্যে এক হাজার একর জমি নিয়ে নির্দ্দিষ্ট "প্ল্যান" নিয়ে কাজ করান যায়। অকর্ম্মণ্য যা বলদ আছে সেগুলি বিক্রী করে দিয়ে আমি ২০০ শত জোড়া বলদ রাখতে চাই। তারমধ্যে ১০০ জোড়ার দাম যে গরু আছে তাদের বিক্রয় করে হবে, বাকী বলদ কিনতে চাই। আর গাই নোতুন করে কিনতে চাই যাতে দুধের ব্যবস্থা ভাল হয়। এইভাবে এদিকে ১০ হাজার আর ওদিকে ১৫ হাজার এই ২৫ হাজার টাকা রেখে যদি আমি $\frac{৩}{৪}$ অর্থাৎ ৭৫০ একর জমি প্রধান খাদ্য চাষের জন্যে, আর ২৫০ একর জমিতে ফলাব তরীতরকারী। পুকুর খননের জন্যে কিছু খরচ করতে হবে। আমি দেখেছি প্রথম বছরে সুদ সমেত ১০ হাজার, দ্বিতীয় বছরে ২০ হাজার, এইভাবে ৫ বছরের মধ্যে আপনার টাকা আপনাকে ফিরিয়ে দিতে পারি। এক হাজার লোককে "সেল্ফ সাফিসিয়েণ্ট" করতে এই পথে মোটেই কষ্ট হয় না। আপনারা কল্যানীতে বহু টাকা, নানাভাবে আরও কত টাকা খরচ করছেন। আমি "গ্যারাণ্টি" দিচ্ছি ৫ বৎসরের জন্যে আমাকে যদি ১ লক্ষ টাকা এইভাবে দিতেন আমি ১ হাজার লোককে ৫ বৎসরে "সেল্ফ সাফিসিয়েণ্ট" করে তুলতে পারি। ঠিক এইভাবে কমিউনিটি ডেভে-লপমেণ্টে ৬৯ কোটী টাকা যদি আমরা দশ বৎসরে খরচ করতাম তাহলে ঐ টাকা সব ফিরে আসত অথচ সমস্ত দেশ স্বয়ং-সম্পূর্ণ হত। কাজেই বলছি, আসুন আপনাদের দৃষ্টিভঙ্গী বদ্‌লান। যে বাজেট করেছেন এরকম বাজেট তো ইংরাজেরাও করত, পুলিশের ভাগে টাকা বেশী আপনারাও দিচ্ছেন। "ভিলেজ"কে স্বয়ং-সম্পূর্ণ করবার জন্যে নোতুন দৃষ্টিভঙ্গী নিন্, নথুবা সব ব্যর্থ হয়ে যাবে। আমি আর বিশেষ কিছু বলতে চাইনে। আপনারা "কুইট্ ফেমিন" বলে চেঁচামেচি করেন, যদি সত্যিই তা চান তাহলে যে পথের কথা বললাম সেইপথে চলুন। এই বলে আমি আসন গ্রহণ করছি।

Janab A. M. A. Zaman:

মাননীয় স্পীকার মহাশয়, আমার আজকে কিছু বলার ইচ্ছা ছিল না, কিন্তু আমার বিরোধী বন্ধু শ্রীকুমার চন্দ্র জানা মহাশয় যে ভাবে এখানে হিসাব দাখিল করলেন তাতে দেখতে পাচ্ছি লাভ ছাড়া ক্ষতি দেখতে পাচ্ছি না। তাহলে দেখতে পাচ্ছি "গভর্ণমেণ্ট" থেকে এই সব ছেলেদের "ট্রেনিং" দিয়ে "এক্সপার্ট" তৈরী করার আর কোন প্রয়োজন নাই। তাকে ১ লাখ টাকা আর এক হাজার বিঘা জমি দিলেই বাংলা দেশের সকল সমস্যার সমাধান হয়ে যাবে। আর আমাদের এত এত টাকা দিয়ে "সেক্রেটারী" আর "এক্সপার্ট" রাখার কোন প্রয়োজন নাই। এত বড় একটা "ব্রেন" যে কে, এম, পি, পার্টিতে আছেন আমরা তা আগে জানতে পারিনি, সেজন্য আমরা অত্যন্ত দুঃখিত। তিনি যা হিসাব দিয়েছেন তাতে আমরা দেখছি তিনি আমাদের ঘি, দুধ, মাখন খাওয়াবেন এবং দেশে দুঃখ দৈন্য আর কিছুই থাকবে না। এবং তিনি যা বল্লেন তাতে আমাদের স্কুল কলেজের আর প্রয়োজন নেই, সব লোকেই এমনিই শিক্ষিত হয়ে যাবে। আমি তাকে একটি কথাই শুধু বলবো, এতই যদি তিনি বাংলাদেশের মঙ্গল করবার জন্য উঠে পড়ে লেগে গেছেন তাহলে তার আর টাকার অভাব হবে না। তিনি যদি একটি "কো-অপারেটিভ ব্যাঙ্ক" করেন অতি সহজেই টাকা তুলতে পারবেন। কারণ তিনি তো ১ লাখ টাকা এক বৎসরের মধ্যে ১।। লক্ষ টাকার পরিনত করবেন। আমি বলবো "কংগ্রেস" যে সমস্ত কল্যাণমূলক কাজ হাতে নিয়েছেন সেগুলি ছেড়ে দিয়ে তার সঙ্গে সহযোগিতা করা উচিত।

[Janab A. M. A. Zaman.]

যাই হউক তারপর আমি "লেবার" সম্বন্ধে দুই একটি কথা বলবো। আমার বন্ধু রণেন সেন মহাশয় যা বলে গেলেন সেই সম্বন্ধেই আমি বলবো।

[5-10—5-20 p.m.]

দ্বিতীয় কথা আজকে কিছুক্ষণ আগে, "লেবার" সম্পর্কে, শ্রমিক সম্পর্কে কয়েকটা কথা বলেছেন, রণেন সেন মহাশয়। তিনি এমন কতকগুলি কথা বলেছেন—যা দ্বারা প্রকৃত অবস্থাটা বিকৃত করা হয়েছে। আমি এখানে বহুদিন এম্, এল, এ, আছি এবং শ্রমিক আন্দোলনের সঙ্গে জড়িত আছি। আমি এখানে জানাতে চাই যে তাহার সেই বিভ্রান্তিকর উক্তিতে "পাবলিক" বা জনসাধারণ প্রতারিত হবে না। আমি জানাতে চাই—সেখানে ১ নম্বর ২ নম্বর "ইউনিয়ন" আছে—২ নম্বর "ইউনিয়ন"টা বহুদিন যাবত "রেকগ্নাইজড্" ছিল। ধর্ম্মঘট করতে হলে কোম্পানিকে "নোটিশ" দিতে হয় ১৪ দিনের কিন্তু তারা কোন নোটিশ না দিয়ে ২৯শে সেপ্টেম্বর তারিখে "বোনাস" চায় এবং ৩০শে ধর্ম্মঘট করল। তারপর আর একটা "ষ্ট্রাইক", আবার একটা "ষ্ট্রাইক"। তিনটে "ষ্ট্রাইক" করল। এই যে "ষ্ট্রাইক" হল—সেটা আমাদের সঙ্গে পরামর্শ করে আইন অনুযায়ী করা উচিত ছিল কিন্তু এটা বে-আইনীভাবে করা হল। এই "ষ্ট্রাইক" করবার জন্য কোন "পার্টি" বা দলের মত তারা নিয়ে ছিলেন কিনা—তা ওনারাই বল্‌বেন। তারপর ২ নম্বর মিলের "ষ্ট্রাইক"এর কথা বলি। সেখানে মিটমাট হয়ে যায় যে ৭৲ টাকা করে "বোনাস" পাবে। কিন্তু তার পর দেখা গেল যে ওদের "পার্টির" ইজ্জত থাকে না; সম্মান থাকে না, তখন সেটা মেনে নেওয়া সত্ত্বেও "ষ্ট্রাইক" করে এবং তারপর অফিস তালাবন্ধ করা হোল। শ্রমিক "ট্রেড ইউনিয়ন" অফিসে বোমা তৈয়ারি করবার জন্য কয়েকজন শ্রমিক আহত হয়। ("নয়েজ—ডিষ্টারব্যান্স"।) তারপর রণেন সেন মহাশয় বলছেন যে ত্রি-দলীয় সম্মেলনে মালিকদের প্রতিনিধি পাঠান হয় না। কিন্তু আসলে তা হয়। ত্রি-দলীয় কাকে বলা হয়? যেখানে মিল মালিক, "ইউনিয়ন" এবং গভর্ণমেণ্টের প্রতিনিধি থাকে, তাকে ত্রি-দলীয় সম্মেলন বলা হয়। সেখানেও—শ্রমিক মন্ত্রীমহাশয়ের দপ্তরে—এই রকম ত্রি-দলীয় লোক ছিল, সেখানে যে "কনফারেন্স" হয়, তাতে। কিন্তু যদি তাতে বলা হয় যে সেখানে ত্রি-দলীয় সম্মেলন হয় নি, তবে সেটা ঠিক কথা হবে না। এর আগে "আই, জি, এর" এ, ব্যাপারে ও "লেবার কমিশনার" অফিসেও কয়েকবার "কনফারেন্স" করা হয়েছে এবং মিটমাটের কথা হয়েছে। সুতরাং তারা যা বললেন একটু যেন বুঝে সুঝে বলেন। এই বার চটকলের ব্যাপারটা কি একটু শুনুন।

Mr. Speaker: Order, order. You need not go into details. When Dr. Ranendra Nath Sen was speaking in detail about this I stopped him. So you need not go very much into details on this particular issue.

Janab A. M. A. Zaman:

স্যার, আমি বলছিলাম—এরা কতকগুলি কথা বলে গিয়েছেন—সেগুলিই আমি পরিষ্কার করে দিতে চাচ্ছিলাম। দ্বিতীয় কথা—"বোনাস"এর দাবীর কথা—তার জবাব না দিলে হবে না। কথাটা হচ্ছে—এক দিন ধর্ম্মঘট করলেই যদি "বোনাস" পাওয়া যায়, তাহলে গভর্ণমেণ্টের কাছে আবেদন নিবেদন করার প্রয়োজন কি? এরা ধর্ম্মঘট করাতে চান—এরা চটকলে যেয়ে বলেন একদিন ধর্ম্মঘট করলেই "বোনাস" পাওয়া যাবে, আর ধর্ম্মঘট হলে পর এখানে এসে চিৎকার সুরু করেন। ("নয়েজ"।) —সুতরাং আমি বলতে চাই—মিটমাট যদি আমাদেরই করতে হয়—তাহলে ধর্ম্মঘট করার আগে আমাদের সঙ্গে সমস্ত বিষয় আলাপ আলোচনা করা দরকার। তা না করে শুধু চিৎকার, আর গোলমাল করলে কোন কাজ হয় না।

এই যে বিরুদ্ধ দল বসে আছেন, এদের উদ্দেশ্যই হচ্ছে—কি করলে শ্রমিকদের প্রকৃত উপকার হয় তা নয়—কি করলে তাদের নিজেদের কর্ত্তৃত্ব বজায় থাকে—তাই। তাই যখন মিটমাটের কথা এগিয়ে আসে—তাদের আশঙ্কা জাগে বুঝি বা তাদের কর্ত্তৃত্ব ফেঁসে গেল। তাই বাজেট আলোচনায় এরা কিছুই ভাল দেখতে পান না। শ্রমিকদের বিষয় বিশেষ কিছু বলবার নেই। স্বাস্থ্য বলুন—কোন বিষয়েই তাদের বিশেষ কিছু বলবার নেই। আমি বহু দিন এখানে "মেম্বার" আছি। বহু বাজেট আমি দেখেছি কিন্তু এমন সুন্দর বাজেট আমি আর এর পূর্ব্বে দেখি নাই। সুতরাং আমি আমার বিরোধীপক্ষের বন্ধুদের সাবধান করে দিচ্ছি তারা যেন সব বিষয় চিন্তা করে কথা বলেন—সেদিক থেকে আমি তাদের হুসিয়ার করতে চাই—("নয়েজ"।)

(SJ. NEPAL CHANDRA ROY:

দেখছেন, স্যার, আমাদের হুসিয়ার্ করছে—ভয় দেখাচ্ছে।)—

Mr. Speaker: [To Sj. Hemanta Ghosal who was seen shouting from the Congress Bench] Will you come over to this side of the House, Mr. Ghosal? You cannot go beyond your limit. That is not the parliamentary way.

[Sj. Hemanta Kumar Ghosal and Sj. Nepal Chandra Roy were shouting from the Congress Benches].

Sj. Jogesh Chandra Gupta: On a point of order, Sir. My point is this: is it not the rule that if a member wants to speak and if he wants to be heard in this Chamber, then he has got to speak from his own seat? None who leaves his seat and for the time being occupies another place should be allowed to speak from that seat. I hope you will enforce this. A member whenever he wants to speak, whenever he wants to be heard by you and others, has got to be in his seat beforehand.

Mr. Speaker: That is generally observed.

Sj. Bankim Mukharji: Sir, I drew your attention to this point yesterday. This example was set by a Congress member yesterday.

Mr. Speaker: Perhaps there is a confusion in your mind, Mr. Mukherji and I want to make that clear. That was a seat allotted to the Congress member in the Congress Bloc.

Sj. Bankim Mukherji: Sir, I fully agree with the point of order raised by Mr. Gupta that if any member wants to speak or say anything, he must do it from his own seat,—not only from his own bloc but from his own seat.

Sj. Ananda Gopal Mukherji: May I know, Sir, whether Mr. Mukherji is speaking from his own seat?

Sj. Nepal Chandra Roy: Sir, is he the authority or you, Sir, are the authority?

Mr. Speaker: Order, order. I think when a member wants to speak, he can speak from his own seat or he should go to the mike in his own bloc.

[5-20—5-30 p.m.]

Sj. Alamohan Dass:

মাননীয় স্পীকার মহোদয়, যে বাজেট আমাদের মাননীয় প্রধান এবং অর্থ মন্ত্রীমহাশয় আমাদের সাম্‌নে উপস্থাপিত করেছেন তার মধ্যে নূতন কিছুই নাই এবং কোন বিবেকসম্পন্ন সদস্য এই বাজেটকে সমর্থন করতে পারেন না। কারণ, এই বাজেটের মধ্যে ব্রিটিশ সাম্রাজ্যবাদের অভিশপ্ত আমলাতান্ত্রিক ধারাকে পুরোপুরি বজায় রাখা হয়েছে। আমরা বহুবার বলেছি এবং এখনও বল্‌ছি এই ধরণের বাজেট দেশের সাধারণ মানুষের কোন কল্যাণ করতে পারে না—পারবে না। কারণ, বাস্তবের দৃষ্টিভঙ্গীর অভাব এর প্রতি অংশে পরিপুষ্ট, ব্যবসায় বুদ্ধি এবং বাস্তবের দৃষ্টি কোণ থেকে বিচার করলে দেখা যায় আমাদের বর্ত্তমান সরকার ঠ'কে এবং ঠেকেও শিখতে চান্‌ না। চাউলের ব্যবসায়, রাষ্ট্রীয় পরিবহন পরিচালন ব্যাপারে বর্ত্তমান সরকার যে অজ্ঞতা ও অক্ষমতার পরিচয় দিয়েছেন তাতে তাদের মুখে অদূর ভবিষ্যতে শিল্প-প্রতিষ্ঠান প্রভৃতি জাতীয়-করণের কথা শুন্‌লে আতঙ্কিত হয়ে উঠি। কারণ একটি মাত্র বাস্‌ চালিয়ে ব্যক্তি বিশেষ যখন মোটা লাভ করছে তখন আমাদের সরকার সেই কারবারে বছর বছর লক্ষ লক্ষ টাকা লোকসান দেখাচেছন। এই ব্যবসা সংক্রান্ত বিষয়ে বাজেটের আলোচনা করতে গিয়ে দুটি প্রশ্ন স্বভাবতঃই মনে জাগে,—প্রথম, হয় সরকার না বুঝে ব্যবসায় হাত দিয়েছেন আর দ্বিতীয়, না হয় তারা সজ্ঞানে জনসাধারণের ভাগ্যের উপর তাদের উদ্ভট পরিকল্পনার এক্স্‌-পেরিমেণ্ট ক'রে চলেছেন। যদি তারা না বুঝে ব্যবসায়ে হাত দিয়ে থাকেন তাহলে তাদের অনুরোধ জানাব তারা দয়া করে জনগণের অর্থ নষ্ট ক'রে সমগ্র বাঙালী জাতিকে একটি ঋণগ্রস্ত ভিখারী জাতিতে পরিণত করবেন না। আর যদি তারা সজ্ঞানে এই ব্যাপারে হাত দিয়ে থাকেন তাহলেও তাদেরকে দৃঢ়তার সঙ্গে স্মরণ ক'রিয়ে দিতে চাই, জনগণের অর্থের অছি মাত্র তাঁরা, এইভাবে সাধারণের অর্থের অপচয়ের কোন অধিকার তাঁদের নাই।

বহু বিচ্যুতি সত্বেও ডাঃ রায় ব্যক্তিত্বসম্পন্ন মানুষ এ কথা অস্বীকার করি না। কিন্তু তিনি এত উপরে আছেন যে সেখান থেকে সাধারণ মানুষের

[Sj. Alamohan Dass.]

সঠিক সংবাদ তিনি রাখতে পারেন না। যদি তিনি সে সংবাদ রাখতেন তাহলে এই বিধানসভা এলাকার পশ্চিম প্রবেশ পথের সামনে যে অসংখ্য অসহায় শিশু, নারী ও পুরুষ পশুর মত পড়ে আছে তাদের দিকে না তাকিয়ে পারতেন না। কিন্তু অসত্য, অর্দ্ধসত্য অথবা বিকৃত সত্যের উপর ভিত্তি ক'রে বাজেট প্রণয়নে তার সহকর্মীগণ তাকে বাধ্য করেছেন ব'লেই এই সব সবহারা, ছিন্নমূল নরনারীর আশু-কল্যাণকর কোন ইঙ্গিত এতে নাই।

আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় মধ্যবিত্ত বেকার-দের কর্ম্ম সংস্থানের জন্য একান্ত উদগ্রীব, কিন্তু তার গৃহীত পদ্ধতি একদলকে চাকুরী দিয়ে অন্য দলকে চাকুরী থেকে বঞ্চিত ক'রে নূতন বেকার দলের সৃষ্টি করছে। সম্প্রতি যে প্রাথমিক শিক্ষক তারা নিয়োগ করছেন তাতে এই অবস্থা দেখা গেছে। একটি ঘটনা এই অভিযোগের সত্যতা প্রমাণ করবে। আমার দাশনগর অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় যা গত ১১ বছর ধরে কোন সরকারী সাহায্য না নিয়েই চলে আসছিল, বর্ত্তমান বৎসরে সরকারের নূতন নীতি অনুযায়ী সেই বিদ্যালয়কে গ্রহণ করা হবে ব'লে আমাকে জানান হয়। কিন্তু শিক্ষক নিয়োগের সময় দেখা গেল যে আমার বিদ্যালয়ের ৩জন শিক্ষক যারা স্কুল বোর্ডের নিয়মানুসারে যোগ্যতাসম্পন্ন (১ জন আই, এ, পর্য্যন্ত, ব্রতচারী ও ফাষ্ট এড্ ট্রেণ্ড, ১ জন ম্যাট্রিক, ব্রতচারী ও ফাষ্ট এড্ ট্রেণ্ড এবং অপর জন জি, টি,) তাদের সবাইকে বাদ দিয়ে একদম তিন জন নূতন শিক্ষককে (যাদের শিক্ষা-দানে কোন অভিজ্ঞতা নাই তাদের) সেখানে পাঠান হয়েছিল। নির্বাচনের ক্ষেত্রে নাকি পুরাতন শিক্ষক-গণ অযোগ্য প্রমাণিত হয়েছেন!! যে শিক্ষকগণ এতদিন বিদ্যালয় চালাচ্ছিলেন এবং বছরে বছরে সরকার অনুমোদিত প্রাথমিক শেষ পরীক্ষায় ছাত্র পাঠিয়ে শতকরা ১০০ জনই পাশ করিয়েছেন তারা অযোগ্য হলেন! অনুসন্ধানে জেনেছি যে "ইনটার-ভিউ"এর সময় তাদের নাম ও কতদিন শিক্ষকতা করছেন এ ছাড়া আর কিছুই জিজ্ঞাসা করা হয় নি। সুতরাং পরিষ্কার বোঝা যাচ্ছে তাদের বাদ দিয়ে নূতন লোক নিয়োগের জন্যই নির্বাচনের প্রহসন করা হয়েছে। এই ব্যাপার নিয়ে আমার প্রেরিত প্রতিনিধি ডিষ্ট্রিক্ট ইনস্পেক্টরের সঙ্গে দেখা করেন, কিন্তু তিনি কোন সন্তোষজনক উত্তর দিতে পারেন নি। আমি বাধ্য হয়ে ন্যায় ও মানবতার খাতিরে আমার পুরাতন শিক্ষকগণকেই রেখেছি এবং সরকার মনোনীত শিক্ষকগণকে নির্বাচন কর্ত্তাদের কাছেই ফেরৎ পাঠিয়েছি। আজকের আনন্দবাজার পত্রিকায় অনুরূপ একটি অভিযোগ প্রকাশিত হয়েছে। অতএব কি ভাবে দেশের বেকার সমস্যা সমাধানের প্রহসন চলছে এ থেকে নিশ্চয়ই তার আভাস পাওয়া যাবে। যদি সত্যই বেকার সমস্যার সমাধান ক'রে দেশের প্রতিটি কর্ম্মক্ষম মানুষকে কাজ দিয়ে দেশকে সমৃদ্ধ করতে হয়—তাহলে তার জন্য সুষ্ঠু পরি-কল্পনা চাই। সৌভাগ্য কি দুর্ভাগ্যবশতঃ তা জানি না—আমার জীবনে আমি দরিদ্রের পর্ণকুটীর থেকে রাজার প্রাসাদ পর্য্যন্ত সকল স্তরের মানুষের সঙ্গে মিশে যে অভিজ্ঞতা সঞ্চয় করেছি তারই পরি-প্রেক্ষিতে একটি পরিকল্পনা সরকারের কাছে দিচ্ছি। ইচ্ছা করলে সরকার এটি গ্রহণ ক'রে দেশকে বেকার সমস্যা থেকে রক্ষা করতে পারেন। আমার পরিকল্পনা এই—

মোটামুটি দেশের কাজকে ৪ ভাগে ভাগ করতে হবে—

(১) কৃষি ও তৎসংক্রান্ত কাজ,

(২) দেশরক্ষা ও শান্তিরক্ষা,

(৩) শিক্ষা ও শাসন বিভাগ, ইত্যাদি,

(৪) শিল্প ও বাণিজ্য।

এই চারটি বিভাগের মধ্যে প্রথমটি অর্থাৎ কৃষি ও তৎসংক্রান্ত কাজেই দেশের বর্ত্তমান জনসাধারণের অধিকাংশের অবলম্বন। এই বিভাগে দেশের কর্ম্ম-ক্ষম জনসংখ্যার শতকরা ৫৯ জন লোককে নিয়োগ করতে হবে।

দ্বিতীয় বিভাগে অর্থাৎ দেশরক্ষা ও শান্তিরক্ষার কাজে শতকরা ৭ জন কর্ম্মক্ষম লোককে লাগালে যথেষ্ট হবে।

তৃতীয় শ্রেণীতে অর্থাৎ শিক্ষা ও শাসন বিভাগে শতকরা ৫ জন হলেই চলবে।

আর বাকী শতকরা ২৯ জন কর্ম্মক্ষম লোককে শিল্পে ও বাণিজ্যে আত্মনিয়োগ করার সুযোগ দিতে হবে। ১৮ থেকে ৫৫ বছরের পুরুষকেই আমি কর্ম্মক্ষম মনে করি।

এই পরিকল্পনাকে রূপ দিতে গিয়ে—দেশে যন্ত্রচালিত কলকারখানা বাড়াতে হবে না কমাতে হবে, অথবা সেগুলো সরকারী বা বেসরকারী পরি-চালনাধীনে থাকবে সেটা আজকের দিনে বড় কথা নয়; বড় কথা; মূলকথা কিসে সর্ব্বসাধারণের মঙ্গল হবে, আজকে সর্ব্ব প্রথম চিন্তার বিষয় হওয়া উচিত দেশের সার্ব্বজনীন কল্যাণ।

[5-30—5-40 p.m.]

এই প্রসঙ্গে অবশ্যই একটি বিষয় লক্ষ্য রাখিতে হইবে, যে কোন প্রতিষ্ঠানের সর্ব্বোচ্চ পদাধিকারী কর্ম্মচারী যেন সেই প্রতিষ্ঠানের সর্ব্বনিম্ন পদের কর্ম্মচারীর বেতনের দশগুনের বেশী না পান। যেমন ধরুন আমাদের ম্যানেজার সাহেব যদি এক হাজার টাকা মাইনা পান, তাহলে তার চাপরাসীর একশো টাকা বেতন হওয়া উচিত। যে কোন ডিপার্টমেণ্টে সর্ব্বোচ্চ পদাধিকারী কর্ম্মচারীর মাইনা যা, তার ১।১০ অংশ সেই ডিপার্টমেণ্টের সর্ব্বনিম্ন পদের কর্ম্মচারীর পাওয়া চাই। ইউরোপের প্রতিটি গভর্ণমেণ্ট এই রকমভাবে বণ্টন করেছেন, জাপানেও এই রকমভাবে বণ্টন করা হয়ে থাকে। এটা আমার মনগড়া কথা নয়, এই সমস্ত গভর্ণমেণ্টের বাজেট ও রিপোর্ট পড়ে আমি বলছি। যে কোন স্বাধীন দেশের গভর্ণমেণ্টের যদি রিপোর্ট পড়ে দেখেন তাহলে আমার কথার সত্যতা বুঝতে পারবেন। যেখানে একশো টাকা "হাইয়েষ্ট" মাইনা সেখানে সর্ব্বনিম্ন ১০ টাকা, অবশ্য জাপানে ১০ টাকা। ("এ ভয়েস্": জাপানের সমান হলে কি চলবে?) তা আমি জানি না। কিন্তু এটা অত্যন্ত দুঃখ ও পরিতাপের বিষয় যে এই বাজেটের মধ্যে সেইরকম পরিষ্কার কোন পরিকল্পনার ইংগিত নাই। তাই বাজেটের যে কোন অংশ আলোচনা করি না কেন সর্ব্বত্রই নিরাশায় মন ভরে ওঠে। সরকার তার অফিসে মোটা টাকার কর্ম্মচারী নিয়োগ করে, তার দুর্ব্বলতা ঢাকার চেষ্টা করছেন মাত্র। সরকারের সব বিভাগেই এই একই অবস্থা। প্রায়ই শুনতে পাই অধিকাংশ কৃষি কর্ম্মচারীর কোন যোগ্যতা নাই। অথচ তাদের মোটা বেতন দেওয়া হয়। মোটা বেতনে অফিসার নিয়োগ করে দেশে কৃষি সম্পদ বাড়ানোর চেষ্টা হচ্ছে। কিন্তু গ্রামাঞ্চলের কৃষকদের কাছ থেকে প্রায়ই শুনি অধিকাংশ কৃষি কর্ম্মচারীর সঙ্গে চাষীদের কোন যোগাযোগ নাই। সেই পুরাতন গতানুগতিক পদ্ধতি বজায় থাকার দরুণ সার, বীজ, প্রভৃতি চাষীদের প্রয়োজনীয় জিনিষ যথা সময় কৃষকদের কাছে পৌঁছে না। সুতরাং এই বিভাগে মোটা টাকা খরচের হিসাব দেখিয়ে প্রকৃত কৃষি উন্নয়ন হচ্ছে বলা চলে না।

তারপর সরকার জনস্বাস্থ্য রক্ষার দায়ীত্বকে স্বীকার করে পল্লীতে ভ্রাম্যমান ডাক্তার নিয়োগ করেছেন, কিন্তু সর্ব্বত্রই অভিযোগ হচ্ছে।

এই যে এক একটি কেন্দ্রে ডাক্তার, কম্পাউণ্ডার, প্রভৃতির জন্য বেতন, ভাতা, ইত্যাদি বাবদ যে অর্থ খরচ হয় সে অনুপাতে রোগীর চিকিৎসায় ঔষধ পথ্যাদির ব্যবস্থা নাই। রাজ্যের পুলিশ বিভাগ—সাধারণভাবে আজ সবার সমালোচনার বিষয়ে পরিণত এই বিভাগে মোটা টাকা খরচ হচ্ছে অথচ চুরি, ডাকাতি, রাহাজানি কিছুই কমেনি, বরং বেড়ে চলেছে। বৃটিশ আমলের চেয়েও দেশের লোকের ধন, সম্পদ ও জীবন আজ বহুলাংশে বিপন্ন হয়ে উঠেছে। বেলা ১০টার সময় জনবহুল ও সুরক্ষিত হাওড়া ষ্টেশনে দুজন দুষ্ট প্রকৃতির লোককে কায়দা করতে যে পুলিশের আধ ঘণ্টার উপর সময় লাগে, পুলিশ বেষ্টিত মন্ত্রীরা তাদের প্রশংসায় পঞ্চমুখ হতে পারেন, কিন্তু দেশের জনসাধারণ তাদের অকর্ম্মণ্যতা ও অযোগ্যতায় আজ আতঙ্কিত। অথচ এই বিভাগে শান্তি ও নিরাপত্তার অজুহাতে বছর বছর কোটী কোটী টাকা ব্যয় করা হচ্ছে। সেইজন্যই আজ এই বাজেটে সাধারণ মানুষের উৎফুল্ল হবার কিছু নাই। যতদিন না সরকার তাদের পচা পুরাতন নীতি পরিবর্ত্তন করতে সক্ষম হবেন ততদিন তাদের রচিত বাজেট জনকল্যাণকর হতে পারে না। একটা স্ক্রু তৈরী মেসিনকে একটুও না বদ্‌লে তাতে কাচা লোহা ঢাললে স্বভাবতই স্ক্রু তৈরী হয়ে যাবে, পেরেক বা অন্য কিছু তৈরী করতে হলে সেখানে সর্ব্বাগ্রে মেসিনটার পরিবর্ত্তন অপরিহার্য। ঠিক তেমনি আমরা স্বাধীনতা পেলেও বৃটিশ আমলের শাসন ও শোষণ নীতির সবটুকু বজায় আছে। সেই বৃটিশ যুগের ধুরন্ধর আই, সি, এস্, গণই কার্য্যতঃ সব দপ্তরে আধিপত্য করছেন। এ বাজেটেও তাদের কলঙ্কিত হাতের দাগ স্পষ্ট হয়ে আছে। ডাঃ রায় যদি নিজে তার জন-দরদী মন নিয়ে এ বাজেট রচনা করতেন তাহলে এর রূপ নিশ্চয়ই অন্য হতো। কিন্তু তার আজ সে উপায় নাই, তিনি আজ ক্ষমতার মদে মাতাল হয়ে গেছেন। আজ আমি কেবল ডাঃ রায়ের কথাই বলছি না। এই স্বার্থদুষ্ট নীতিকে সামনে রেখে যিনিই ঐ আসনে বসবেন তার ইচ্ছা অনিচ্ছার মধ্যেই চিরশ্রদ্ধের শিক্ষক সমাজ নিপীড়িত হবে, অসহায়া নারীর উপর, শিশুর উপর, ক্ষুধার্ত্ত মানুষের উপর গুলি চলবে, ঘোড়া ছুটবে আর রাজ পথে প্রকাশ্য দিবালোকে বাস্ ট্রাম পুড়বে। এটা ব্যক্তির দোষ নয়, নীতির দোষ। গত নির্ব্বাচনের পর থেকে আইন সভার তিনটি বাজেট অধিবেশন প্রত্যক্ষ করলাম, কিন্তু সেই গতানুগতিক ব্যাপার, সেই পুরাতন অভিনয়—এই রঙ্গমঞ্চের সঙ্গে বাইরের রঙ্গমঞ্চের বিশেষ পার্থক্য আছে বলে মনে হয় না। অনেকদিন আগে একটা অভিনয় দেখেছিলাম, সেই অভিনয়ের নায়ক নায়িকারা ছিল নাট্যকারের কল্পনা কিন্তু

[Sj. Alamohan Dass.]

বিধান সভার অভিনয়ের নায়কেরা বাস্তবের মানুষ —দুটির মধ্যে এই যা তফাৎ।

"প্রফুল্ল" নাটকে দেখেছি--বড় ভাই যোগেশ সত্যবাদী ধার্ম্মিক ব্যবসায়ী, মেজভাই রমেশ আইনজ্ঞ, আত্মসর্ব্বস্ব, স্বার্থপর, আর ছোটভাই সুরেশ দাদাগত প্রাণ, সংসারে অনভিজ্ঞ সরল যুবক।

Mr. Speaker: What are you referring to?

Sj. Alamohan Dass:

"প্রফুল্ল" নাটক। এখানে যোগেশের ভূমিকায় দেখছি ডাঃ রায় নিখুঁত অভিনয় করে চলেছেন। আর মেজভাই রমেশের ভূমিকায় দেখছি লোভী ও জাতীয়তা বোধহীন তথাকথিত শিক্ষিত সরকারী কর্ম্মচারী। এদের অভিনয়ও রমেশের চেয়ে কোন অংশে নিকৃষ্ট নয়। আমি এঁদের ধন্যবাদ না জানিয়ে পারছি না এইজন্য যে এঁরা ডাঃ রায়ের মত একজন শক্ত মানষকেও মাতাল করে রেখেছেন। আর যাঁরা সুরেশের মত সরল, প্রকৃত দেশকে, দেশবাসীকে ভালবাসেন তাঁদের নানাভাবে নিগৃহীত করছেন।

নাটকের যোগেশ তাঁর অন্যায় কার্য্যের সব কিছুই বুঝতে পেরেও ফিরে আসবার সামর্থ্য সম্পূর্ণরূপে হারিয়ে ফেলেছে, শেষ পর্যন্ত স্ত্রীর শেষ সম্বল বাড়ী-বেচা টাকা নিয়ে পালিয়েছে, স্ত্রীকে লাথি মেরে ফেলে দিয়ে বাক্স নিয়ে চলে গেছে এবং একমাত্র পুত্রের হাত মুচড়ে পয়সা কেড়ে নিয়েছে, প্রাণে এতটুকুও লাগেনি, কারুকে সে চায় না, সে নির্ব্বিকার। আর আমাদের এই যোগেশ দেশের নারীদের ঘর থেকে পথে এনে দাঁড় করিয়েছেন, তাঁর ব্যবস্থায় শিশুরা পথে পড়ে মরছে, তিনিও নির্ব্বিকার। তাই আজ আমি একান্ত উৎকণ্ঠার সঙ্গে অপেক্ষা করছি কবে আমাদের এই যোগেশ এই পশ্চিম বাংলাকে তার শেষ অবস্থায় পৌছে দিয়ে বলবেন "আমার সাজান বাগান শুকিয়ে গেল"। ("লাফটার এণ্ড এপ্লজ"।)

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After adjournment.)

[5-55—6-5 p.m.]

Sj. Ganesh Ghosh:

মাননীয় স্পীকারমহাশয়, পশ্চিম বাংলার ১৯৫৪-৫৫ সালের বাজেটে শিক্ষার খাতে কিছু ব্যয় বৃদ্ধি করা হয়েছে। এবার এই সামান্য পরিমাণ টাকা বাড়িয়েই কংগ্রেস সরকার বলতে আরম্ভ করেছেন যে তাঁরা ব্যাপক শিক্ষার বৃদ্ধির জন্য আপ্রাণ চেষ্টা করেছেন। শিক্ষা খাতে কিছু টাকা বাড়ালেই যে শিক্ষার প্রসার বা উন্নতি যথোচিতভাবে হয় না, এ কথা বাজেট দেখলেই ভালভাবে বোঝা যাবে। যথার্থই দেশে সুশিক্ষার ব্যাপক প্রসার ও উন্নতির জন্য যে প্রগতিশীল মনোভাব, যে দৃষ্টিভঙ্গী ও যে দেশপ্রেম প্রয়োজন তা এই সরকারের মন্ত্রীদের নেই। কংগ্রেস সরকারের গত ৭ বছরের শাসন এবং বিশেষ করে গত কয়েকদিনে এঁদের কার্যকলাপ এবং এই বাজেট এ কথা দেশবাসীর কাছে সুস্পষ্টভাবে প্রমানিত করেছে।

বাজেটে এবার শিক্ষাখাতে ব্যয় ১ কোটি ৬৬ লক্ষ টাকা বেড়ে মোট ব্যয় ধরা হয়েছে প্রায় ৬ কোটি ৬০ লক্ষ টাকা। এই ব্যয়বৃদ্ধি যে কত বিলম্বিত তা গত কয়েক বছরের শিক্ষাখাতে ব্যয় দেখলেই স্পষ্ট হবে--

১৯৪৮-৪৯	..	১ কোটি ৯৭ লক্ষ টাকা।
১৯৪৯-৫০	..	২ কোটি ৬৯ লক্ষ টাকা।
১৯৫০-৫১	..	৩ কোটি ৭ লক্ষ টাকা।
১৯৫১-৫২	..	৩ কোটি ৩৬ লক্ষ টাকা।
১৯৫২-৫৩	..	৩ কোটি ৯২ লক্ষ টাকা।
১৯৫৩-৫৪	..	৪ কোটি ৫২ লক্ষ টাকা।
আর এই বছরে	..	৬ কোটি ৬০ লক্ষ টাকা।

অর্থাৎ ৭ বছরে বেড়েছে মাত্র ৪ কোটি ৬৩ লক্ষ টাকা। এর মানে গত ৭ বছরে শিক্ষাখাতে বাংলা সরকারের ব্যয় জন প্রতি মাত্র কয়েক আনা থেকে বেড়ে ২ টাকা ১০ আনা হোয়েছে। অর্থাৎ মোট ব্যয়ের শতকরা ৬ ভাগ বেড়ে এই বছরে মাত্র ১২ ভাগ হোয়েছে। আর এক বছর আগেই এই গত বছরেই ১৯৫৩-৫৪ সালে শিক্ষাখাতে ব্যয় করেছে--

বোম্বাই--২১ ভাগ,

মহীশূর--২১ ভাগ,

মধ্যপ্রদেশ--১৭ ভাগ,

মাদ্রাজ--১৭ ভাগ,

উত্তর প্রদেশ--১৬ ভাগ,

আসাম--১৬ ভাগ

এমন কি

উড়িষ্যা--১৩ ভাগ

আর পশ্চিম বাংলার মন্ত্রীসভা করেছে মাত্র ৭ ভাগ।

বাজেট আলোচনা করলে আর একটা ছবি ফুটে উঠবে। সরকার এই বছরে ১৯৫৪-৫৫ সালে পুলিশ, শাসন বিভাগ এবং জেলের জন্য মোট ব্যয় করবেন ১২ কোটি টাকার কিছু বেশী (৭·৫১ +৩·৫৭+১·১০)। অর্থাৎ বাংলার জনপ্রতি প্রায় ৫ টাকা।

অন্যান্য প্রদেশের যদি গত বছরের সংখ্যা দেখা যায় তাহলে দেখা যাবে--.

উড়িষ্যা পুলিশে খরচ করেছে--১১ ভাগ, শিক্ষায় ১৩ ভাগ।

উত্তর প্রদেশ পুলিশে খরচ করেছে--১৩ ভাগ, শিক্ষায় ১৬ ভাগ।

মধ্য প্রদেশ পুলিশে খরচ করেছে--৯ ভাগ, শিক্ষায় ১৭ ভাগ।

বিহার পুলিশে খরচ করেছে--১২ ভাগ, শিক্ষায় ১৪ ভাগ।

পশ্চিমবঙ্গ পুলিশে খরচ করেছে--১৬ ভাগ, শিক্ষায় মাত্র ৭ ভাগ।

উন্মাদ ভিন্ন শুভবুদ্ধিসম্পন্ন কোন ব্যক্তিই একে "পুলিশ রাষ্ট্র" না বলে "জনকল্যাণমূলক রাষ্ট্র" বলবেন না।

শিক্ষার উন্নতি এবং প্রসারের জন্য যথাসঙ্গত ব্যয়ের কথা উল্লেখ করলেই ডাঃ রায় বলেন সরকারী ভাণ্ডারে অর্থ নেই। সত্যি সত্যি অর্থ থাকবে কেমন করে? পুলিশী ব্যবস্থা এবং মাথা মোটা শাসন ব্যবস্থা কায়েম রাখতেই তো এই মন্ত্রীদের সব টাকা খরচ হয়ে যাচ্ছে। বহুবছর আগে সোবিয়েত রুশিয়া পরিদর্শন করে এবং সেখানকার শিক্ষা ব্যবস্থার সাথে আমাদের দেশের ব্যবস্থা তুলনা করে বিশ্বকবি এই সব জাতীয়তা বিরোধী শাসকদের সম্বন্ধে অভিশাপ করে বলেছিলেন "মানুষের সকল সমস্যার মূলে হচ্ছে তার সুশিক্ষা। আমাদের দেশে তার রাস্তা বন্ধ; কারণ 'ল এণ্ড অর্ডার' আর কোন উপকারের জন্য যায়গা রাখলে না; তহবিল একেবারে ফাঁকা।"

মনে হচ্ছে কবিগুরু যেন এই মন্ত্রীসভার প্রতিই তর্জনী দেখিয়ে এই কথাগুলো বলছেন।

গত কয়েক বছরে শিক্ষার ব্যয় অবিশ্বাস্য রকমে বেড়ে গেছে। কিন্তু বাজেটে এই শিক্ষার ব্যয় হ্রাস করবার কোন ব্যবস্থাই করা হয় নি।

প্রায় প্রতিস্তরের বিদ্যালয়েই এবং প্রায় প্রতি শ্রেণীতেই ছাত্রদের বেতনের হার এই পরিমাণে বেড়েছে যা সাধারণ পরিবারের ক্ষমতার বাইরে চলে গেছে। গত কয়েক বছরেই ছাত্র বেতন শতকরা ৩০ থেকে ৫০ ভাগ এমন কি ১০০ ভাগ পর্য্যন্ত বেড়েছে। ১৯৪৬-৪৯ সাল এই তিন বছরেই বাংলার একজন প্রাথমিক স্কুলের ছাত্রের গড় খরচ শতকরা ৯৭ ভাগ বেড়েছে।

একটি "ক্লাস ওয়ান"এর ছেলের বেতন যুদ্ধের পূর্ব্বে ছিল ১৷৷ টাকা বর্ত্তমানে হোয়েছে ৩৲ টাকা। "ক্লাস টু"এর ছিল ১৸০ এখন হয়েছে ৩৷৷০ টাকা। "ক্লাস থ্রি"এর ছিল ২৲ টাকা এখন হয়েছে ৪৲ টাকা। "ক্লাস ফোর"এর ছিল ২৷৷ টাকা এখন হয়েছে ৪৷৷. টাকা। "ক্লাস ফাইভ"এর ছিল ৩৲ টাকা এখন হয়েছে ৫৲ টাকা।

সরকারের অনুসৃষ্ট অর্থনীতির ফলেও দেশে যে অবস্থা হয়েছে তাও সুশিক্ষার পথে দুর্লঙ্ঘ্য বাধা হয়ে দাঁড়িয়েছে। এ সম্পর্কে একটি বিখ্যাত কলেজের একজন অধ্যক্ষ বলছেন: "শতকরা ৭৫ জন ছাত্র বিকেলে জলখাবার খেতে পারে না; শতকরা ৫০ জনের হাত খরচ বলে কিছু নেই; শতকরা ৯০ জন দুধ খেতে পারে না; শতকরা ১০-১৫ জন দুবার ভাত ছাড়া আর কিছু খেতে পারে না; শতকরা ৫ জন দুবারও ভাত খেতে পারে না; শতকরা ৫০ জন প্রথম বছরে সব বই কিনতে পারে না; এবং শতকরা ১০ জন আদৌ বই কিনতে পারে না।" বেতন দেবার সামর্থের কথা আর উল্লেখ করার প্রয়োজন নেই। যাঁরা খবর রাখেন তাঁরাই জানেন একবারে নীচু থেকে শেষ পর্য্যন্ত বিদ্যালয় প্রতি মাসে কি পরিমাণ বেতন বাকী থাকে। অথচ শিক্ষাকে সুলভ এবং সাধারণ পরিবারের আয়ত্বের মধ্যে আনবার কোন চেষ্টা, এমন কি কোন আকাঙ্খারও পরিচয় এই সরকার আজ পর্য্যন্ত দেন নি। এই বাজেটেও নেই।

[6-5—6-15 p.m.]

সোভিয়েট রাশিয়া, নূতন চীনের কথা বাদই দিলাম। এমন কি আমাদের দেশের প্রতিবেশী অত্যন্ত ক্ষুদ্র ক্ষুদ্র রাষ্ট্র, বর্মা এবং সিংহলের সরকারও সম্প্রতি সমস্ত পর্য্যায়ের শিক্ষাকেই—প্রাথমিক থেকে কলেজের শেষ পর্য্যায় পর্য্যন্ত--অবৈতনিক করেছেন, যদিও বাধ্যতামূলক নয়।

অপর রাষ্ট্রের কথা যদি নাও বা ধরি, আমাদের এই দেশের ভিতর কাশ্মীর একটি অত্যন্ত ক্ষুদ্র রাজ্য —ও দরিদ্র--পশ্চিমবাংলার রাজ্যের সাথে কোন

[Sj. Ganesh Ghosh.]

তুলনাই হয় না। এই কাশ্মীর গত কয়েক বছর যে রকম অচিন্ত্যনীয় সঙ্কটের মধ্য দিয়ে যাচেছ, সে কথাও সকলের জানা আছে। তবুও কাশ্মীরের সরকার সম্প্রতি সকল স্তরের শিক্ষাকেই অবৈতনিক করে দিতে পেরেছেন। বাংলার কংগ্রেস সরকার সে কথা ভাবতেও পারেন না এবং আমরা এই মন্ত্রীদের কাছে এ রকম দাবী করলেও সেটা বৃথাই হবে। কিন্তু এই মন্ত্রীরা কি ইচছা করলে স্কুল-কলেজের বেতন হ্রাস করতে পারেন না? পাঠ্য বইয়ের দাম কমাতে পারেন না? সে রকম ইচছা, মনোভাব ও দৃষ্টিভঙ্গীও এদের নেই। কাশ্মীরের সাথে এখানেই মূলগত পার্থক্য। ভারতের কংগ্রেস নেতৃত্বের একটা অংশ অবশ্য গত কয়েক মাস ধরে চীৎকার সুরু করেছেন যে কাশ্মীর সরকারের ভিতর "কমুনিষ্টরা" অনুপ্রবেশ করেছে, কাশ্মীর সরকার কমিউনিষ্ট দ্বারা প্রভাবান্বিত হয়ে পড়েছে। এর সত্যাসত্য আমি জানি না। তবে কংগ্রেস নেতারাই একথা বলেন। আমি শুধু একথাই বলতে চাই যে ক্ষুদ্র কাশ্মীর রাজ্যের সরকারের যে দেশপ্রেম ও যে দৃষ্টিভঙ্গী আছে, বাংলা সরকারের তা নেই। একথা কেউ অস্বীকার করতে পারেন না যে শিক্ষা-বিস্তারের জন্য যেমন শিক্ষাকে সুলভ করা প্রয়োজন ঠিক তেমনি সুশিক্ষা ও শিক্ষার উন্নতির জন্য শিক্ষকের অবস্থায় সন্তোষজনক উন্নতির প্রয়োজন। কিন্তু বাংলার সরকার কি করছেন? আজ গরীব শিক্ষকেরা তাদের অবস্থা উন্নতির জন্য সামান্য মাগ্‌গীভাতার জন্য আন্দোলন করছে, তাকে দমাবার জন্য এই সরকার "প্রিভেণ্টিভ ডিটেনশন এক্ট, সিকিউরিটী এক্ট"এর আশ্রয় নিচেছন। কিন্তু বাংলা দেশের শিক্ষকের অবস্থা যে লজ্জাকরভাবে শোচনীয় একথা ডাঃ রায় পর্য্যন্ত স্বীকার করেছেন। অথচ তাদের সাংসারিক অবস্থার উন্নতির জন্য বাজেটে যা ধরা হয়েছে তা ছেলেখেলা বই আর কিছুই নয়। বাংলা দেশে একজন শিক্ষকের অবস্থা একজন শ্রমিকের চাইতে নিকৃষ্ট। একজন ছুতোর মিস্ত্রী গড়ে উপার্জন করে ১৩১৲ টাকা, একজন মিস্ত্রী (ফিটার) করে ১৬২৲ টাকা, একজন কর্ম্মকার (টার্নার) ১০৯৲ টাকা আর একজন এম্ এ পাশ শিক্ষক এখন থেকে পাবেন মাত্র ১০৫৲ টাকা। মাধ্যমিক শিক্ষকেরা যে দাবী করেছে এবং মাধ্যমিক শিক্ষাপর্ষৎ তাদের জন্য যে মহার্ঘ ভাতা ও বেতন সুপারিশ করেছেন তা পরিপূর্ণভাবে মিটাতে এই সরকারের মাত্র ৯০ লক্ষ টাকা প্রয়োজন। আর সর্ব্বস্তরের শিক্ষকদের দাবী মেটাতে মাত্র ২ কোটি টাকার প্রয়োজন। কিন্তু এ সরকার সে সম্পর্কে একটা অযৌক্তিক এবং অনমনীয় মনোভাব নিয়েছেন অথচ এই সরকারই গত কয়েক বছরে পুলিশের ব্যয় চার কোটি থেকে ৭॥ কোটিতে বাড়িয়েছেন। গেল বছর থেকে এই বছরেই বাজেটের পুলিশ খাতে ব্যয় বেড়েছে প্রায় নয় লক্ষ টাকা। আর পুলিশ খাতে মোট ব্যয় বেড়েছে ১৪ লক্ষ টাকার উপর। মন্ত্রীদের খাতেও ব্যয় বেড়েছে এ বছর ১ লক্ষ টাকা। অথচ শিক্ষকের জন্য টাকা পাওয়া যায় না। ৫ বছরের জন্য কি ডাঃ রায় ২ কোটি করে টাকা দিল্লী থেকে ধার করতে পারতেন না। কিন্তু দিল্লী যেয়ে তিনি কুর্নিশ করে সময় পান না। দরিদ্র বাংলার কথা তাব মনে থাকে না। তারপর সরকারী অর্থ কি রকম অবিবেচনার সাথে মন্ত্রীরা খরচ করেন তা এই বাজেট উদ্‌ঘাটন করেছে। মাত্র সামান্য কয়েকটি সরকারী কলেজের জন্য ("নন্‌প্রফেসনাল আর্ট্‌ কলেজ") সরকার খরচ করবেন ৩১,৪১,০০০ টাকা আর ব্যাপক সংখ্যক বেসরকারী "আর্ট কলেজ"এর জন্য সরকারী দান মাত্র ১,১২,০০০ টাকা। আর এর সাথে "প্রফেসনাল কলেজ" যোগ করলে সরকারী কলেজের জন্য সরকারের ব্যয় ৪০,০৬,০০০ টাকা আর বহুসংখ্যক বে-সরকারী কলেজে দান ১১,৫১,০০০ টাকা। ঠিক তেমনি মাধ্যমিক স্কুল সম্পর্কেও বিবেচনাহীন খরচ। সামান্য কয়েকটি মাধ্যমিক সরকারী স্কুলের জন্য সরকার খরচ করবেন ২৩,০৮,০০০ টাকা আর আড়াই হাজারেরও বেশী বেসরকারী মাধ্যমিক স্কুলের জন্য সরকারী খয়রাতী মাত্র তার সাড়ে তিন গুণ। সামান্য কয়েকটি সরকারী স্কুলে কতজন ছাত্রছাত্রী পড়ে এবং ব্যাপক সংখ্যক বেসরকারী স্কুলে কত লক্ষ ছাত্রছাত্রী পড়ে ("এবাউট সিক্স লাকস্") সে কথাটা মন্ত্রীরা কি একবারও ভেবে দেখছেন?

আর একটি কথা এখানে উল্লেখ করা প্রয়োজন। "এ্যাংলো-ইণ্ডিয়ান" ছেলেদের জন্য নির্দ্দিষ্ট করা স্কুলে পশ্চিম বাংলার অতি নগণ্য সংখ্যক ছাত্র-ছাত্রীরা পড়ে। কিন্তু তাদের জন্য সরকারী ব্যয় ৭,১৮,০০০ টাকা—৪,১৫,০০০ সরকারী "এ্যাংলো ইণ্ডিয়ান স্কুল"এ এবং ৩,০২,০০০ বেসরকারী স্কুলে দান। এই কংগ্রেস সরকারের কোন "প্রো-পোর্সন" জ্ঞান নাই। "এ্যাংলো ইণ্ডিয়ান কমিউনিটি"কে এরা অবশ্যই "এডুকেশনালি ব্যাকওয়ার্ড ক্লাস" বলে বলবেন না। অথচ আশ্চর্য্য যারা সত্যসত্যই "এডুকেশনালি ব্যাকওয়ার্ড—নিশাপতি বাবু যাদের কথা বললেন—তাদের জন্য এই সরকার গত বৎসর বাজেটে ব্যয় ধরেছিলেন ১২,৩৩,০০০ টাকা আর

এই বাজেটে ব্যয় ধরেছেন মাত্র ১১,২৪,০০০ টাকা। ১,০৯,০০০ টাকা কম। তারপর সরকারী ব্যবস্থা কি রকম মাথাভারী এই বাজেট থেকে তা বুঝা যাবে। একজন "ডি, পি, আই"এর এবং ১৩ জন "গেজেটেড অফিসার"এর জন্য সরকারের খরচ ১,২১,০০০ টাকা। "ডি, পি, আই"এর অফিসএর জন্য মোট খরচ ৪,০০,০০০ টাকা। আর "সেক্রেটারিয়েট"এ, মন্ত্রী উপমন্ত্রীদের বেতন ছাড়াই একজন "সেক্রেটারী", ৩ জন "গেজেটেড অফিসার" এবং একজন "স্পেশাল অফিসার"এর খরচ ৩৮,০০০ টাকা। আর "সেক্রেটারীর" অফিসের মোট ব্যয় ১৩,৫৫,০০০ টাকা। "ডি, পি, আই" এবং "সেক্রেটারী"র মোট ব্যয় হচ্ছে ১৭ $\frac{১}{২}$ লক্ষ টাকা। এই "ডি, পি, আই" ও "সেক্রেটারী" এদেশে শিক্ষাবিস্তার ও উন্নতির জন্য কি করছেন তা দেশের কেউ জানে না। বরং আমরা বাস্তবে এদের কাজে উল্টাটাই দেখি। এ বছর শিক্ষাখাতে ব্যয় বৃদ্ধি হচ্ছে ১,৬৫,৭৬,০০০ টাকা। এর মধ্যে ১,৫৭,০০,০০০ টাকাই ধরা হয়েছে ৮$\frac{১}{২}$ হাজার এবং ১০ হাজার নূতন শিক্ষক নিয়োগের জন্য। হাজার হাজার বহু বছরের অভিজ্ঞ শিক্ষকদের "আনট্রেণ্ড" বলে ছাঁটাই করে, বেকার করে দিয়ে, নূতন শিক্ষক নিয়োগ করলে যে কিভাবে এবং কতখানি শিক্ষিত বেকারীর উপশম হবে তা সাধারণ মানুষ বোঝেন না। তার পর যাদের নিয়োগ করা হবে, তাদের কিভাবে নিয়োগ করা হবে, কারা নিযুক্ত করবেন ইত্যাদি সব গোপন করে রাখা হয়েছে। যারা নিযুক্ত হবেন তারা শিক্ষা দেবেন, না সরকার এবং কংগ্রেস পার্টির পক্ষে প্রচার কার্য করবেন তাও বলা হয়নি। তবে তাদের যেভাবে নিয়োগ করা হচ্ছে বলে শোনা যাচ্ছে--সেদিন শ্রীহরিপদ চট্টোপাধ্যায় মহাশয় যা বলেছেন—তাতে স্পষ্ট বোঝা যাচ্ছে এই সমস্ত শিক্ষিত ব্যক্তিরা গ্রাম দেশে ছেলেদের অ, আ, ক, খ পড়াবেন না, পড়াবেন ক-এ কংগ্রেস, ব-এ বিধান রায়, ন-এ নেহেরু, এসব শেখাবেন।

(The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY :

গ-এ তো গণেশ হয়, বিধান হবে কি করে?)

ব-এ তো বিধানই হয়। গৌরী সেনের টাকা নিয়ে এইভাবে খরচ হবে জনসাধারণের তাতে আপত্তি আছে। নির্বাচনের আগে সরকারী টাকার অপব্যয় করার কংগ্রেসী ষড়যন্ত্রের আমরা প্রতিবাদ করি। তারপর "স্কলারশিপ"এর "জেনারেল ষ্টাইপেণ্ড"-এর জন্য এ বছর যে টাকা বাড়ান হয়েছে তা অতি নগণ্য। "জেনারেল ষ্টাইপেণ্ড"এর জন্য বাড়ান হয়েছে মাত্র ১ হাজার ৪ শত টাকা আর "স্কলারশিপ" খাতে বাড়ান হয়েছে মাত্র ৩২,০০০ টাকা। ব্যাপক আর্থিক দুরবস্থার কথা চিন্তা করে সরকারের এই কার্পণ্য সঙ্কীর্ণ দৃষ্টিভঙ্গীরই প্রমাণ করে।

মন্ত্রীমণ্ডলী এবার সরকারী স্কুলে "টিফিন"এর ব্যবস্থা করেছেন। মাসে দুটাকা দিয়ে ছেলেমেয়েরা দৈনিক ৵১৫ পয়সার খাবার পাবে। যাই হোক তবু ভাল। কিন্তু সরকার কি এটা সমস্ত স্কুলেই প্রবর্তন করতে পারতেন না? সরকারী স্কুলে যারা পড়তে পাবে তাদের অবস্থা শতকরা ৯৯ জনেরই ভাল। তারা দৈনিক ৵১৫ পয়সার টিফিন বাড়ী থেকে খেতে পারে। অথচ যাদের যথার্থই প্রয়োজন বিশেষত: ছোট ছোট "প্রাইমারী স্কুল"এর ছেলে-মেয়েদের, সরকার তাদের কথাই ভাবলেন না।

[6-15—6-25 p.m.]

মন্ত্রী উপমন্ত্রীদের বেতন কিছুটা কমিয়ে পুলিশের ব্যয় কিছুটা কমিয়ে আমাদের দেশের বে-সরকারী স্কুলের ছাত্ররা বিকেল বেলায় সামান্য কিছু যাতে খেতে পারে তার ব্যবস্থা যদি করতে পারতেন, তাহলে ডা: রায়কে তারা আশীর্বাদ করত। একমাত্র মন্ত্রী ও উপমন্ত্রীদের জন্য এবার খরচ বাড়ানো হয়েছে ৫২ হাজার টাকা আর 'ছেলেদের টিফিনের জন্য, তাও আবার সরকারী স্কুলের ছেলেদের জন্য, ধরা হয়েছে ৩৮ হাজার টাকা। ঐ ৫২ হাজার টাকা মন্ত্রীদের দরুণ না বাড়িয়ে যদি ছোট ছোট ছেলেদের কিছু কিছু খাওয়ানোর জন্য ব্যয় হ'ত তাহলেই ভাল হ'ত। সোস্যাল এডুকেশনের জন্য ১১ লক্ষ টাকা ধরা হয়েছে, সেটা যে কি ব্যাপার কিছু বোঝা যাচ্ছে না। কেবল বলা হয়েছে ৭৭ হাজার লোক ১৯৫২-৫৩ সালে স্কুল এটেণ্ড করেছে। স্কুলগুলিতে কি হয় জানি না অথচ ১১ লক্ষ টাকা এরি জন্য খরচের খাতে ধরা হয়েছে।

অবর্ণনীয় অভাবের তাড়নায় অস্থির হয়ে মাধ্যমিক শিক্ষকেরা একমাত্র বাঁচবার জন্যই সামান্যতম আর্থিক দাবী তুলেছিলেন, এবং সরকার তা না মেটালে শান্তিপূর্ণ সংগ্রামের কথা উচ্চারণ করেছিলেন। এর জন্যই উত্তেজিত হয়ে ডা: রায় একটা এনকোয়ারী কমিশন তৈরী করছেন বলেছেন। এই কমিশনের উদ্দেশ্য সম্পর্কে ডা: রায় যাই বলুন না কেন ডা: রায় মাধ্যমিক শিক্ষকদের এই তথাকথিত ঔদ্ধত্যের জন্য একটা উদাহরণমূলক শিক্ষা দিতে চান। তাই তাদের ব্যাপকভাবে ছাটাই জরিমানার ব্যবস্থা করেছেন। যাঁর সামান্যতম বুদ্ধি আছে তিনিই একথা স্পষ্ট বুঝতে পারবেন। যদি শিক্ষা

[Sj. Ganesh Ghosh.]

ব্যবস্থার আভ্যন্তরিক অনুসন্ধান করাই তাঁর যথার্থ উদ্দেশ্য হত তাহলে মাধ্যমিক শিক্ষাপর্ষৎই এই রকম একটা কমিশন করতে পারত।

ডা: রায় আরো বলেছেন,--শিক্ষকদের এই রকম করে সংগ্রামে নেমে আসার ফলে তাঁদের উপর ছাত্রদের শ্রদ্ধা থাকবে না। কিন্তু ক্রোধের বশে তিনি ভুলে যাচ্ছেন যে নিজেদের বাঁচার খাতিরে সামান্যতম দাবীর জন্য সংগ্রামে তাঁরা নেমে আসতে পেরেছেন বলেই শুধু ছাত্র নয় দেশের সমস্ত শ্রেণীর জনসাধারণের অপরিসীম শ্রদ্ধা তাঁরা আকর্ষণ করতে পেরেছেন। তাঁরা আর এখন একা, বিচ্ছিন্ন, আলাদা নয়; প্রতিক্রিয়ার বিরুদ্ধে ব্যাপক সংগ্রামী জনসাধারণের তাঁরা একটা অবিচ্ছেদ্য অংশ। তাই ডা: রায়ের পক্ষে ভাল কাজ হবে--যদি তিনি এই শিক্ষকদের সম্পর্কে তাঁর ধারণা পরিবর্তন করেন।

আশ্চর্য্য ব্যাপার, ২২ হাজার শিক্ষক শিক্ষিকার সংগঠন "এ, বি, টি, এ"র দাবী স্মারকলিপি, তাঁদের প্রতিনিধির অনুরোধ কিছুই ডা: রায়ের মনকে প্রভাবান্বিত করতে পারেনি। ডা: রায় সেদিন নিজেই স্বীকার করেছেন যখন কয়েকজন কংগ্রেসী এম্, এল, এ, তাঁকে শিক্ষকদের দাবী কিছুটা মেনে নেবার জন্য উপদেশ দিয়েছিলেন, একমাত্র তখনই তিনি ১৭॥ টাকা দিতে রাজী হয়েছেন। ("ব্লু লাইট ওয়াজ লিট"।) আমাকে আর দুমিনিট সময় দিন, আমি আর একটু বলেই শেষ করব।

শিক্ষা ব্যবস্থার কথা ত বলা হল, এখন ডা: রায়ের খেলার ব্যবস্থাটা সম্বন্ধে দু'একটা কথা বলি। খেলার ব্যবস্থা সম্পর্কে ডা: রায় একটা ষ্টেডিয়াম কমিটি গঠন করেই দায়িত্ব এড়িয়েছেন। কবে তারা রিপোর্ট দেবে, কবে কাজ আরম্ভ করবে কিছু বলেন নি। কিছুদিন আগে আমরা একটা মেমোরাণ্ডাম ডা: রায়কে দিয়েছিলাম। তাতে আমরা প্রস্তাব করেছিলাম শুধু কলকাতায় নয় সারা বাংলার জন্যই খেলার সুব্যবস্থা করতে হবে। এবং তারজন্য আমরা একটা অল্ বেঙ্গল স্পোর্ট কণ্ট্রোল বোর্ড করবার "সাজেসন" দিয়েছিলাম। আমরা বলেছিলাম--বাংলা দেশের সমস্ত ইম্পর্টাণ্ট রাজনৈতিক দলগুলির প্রতিনিধি ও অন্যান্যদের নিয়ে এই বোর্ড তৈরী করা হোক। একমাত্র তা হলেই ক্রীড়া জগৎ থেকে দুর্নীতি দূর করা সম্ভব হবে। এবং তাঁরাই ষ্টেডিয়াম করবারও ভার নেবেন। আমরা আরো বলেছিলাম—৬০ হাজার লোকের জন্য অবিলম্বে অন্ততঃ একটা ফুটবল ষ্টেডিয়াম করবার ব্যবস্থা করা হোক। এই ষ্টেডিয়াম করতে ৬৭ লক্ষ টাকা লাগবে। বছরে একমাত্র ফুটবল খেলা থেকেই ৯।১০ লক্ষ টাকা আয় হয়। শতকরা তিন টাকা সুদ এবং অন্যান্য খরচ বাবদ একলক্ষ টাকা মোট ৩ লক্ষ ছাড়লেও বছরে ৬।৭ লক্ষ উদ্বৃত্ত থাকবে। এইভাবে ১০।১২ বছরে ষ্টেডিয়ামের সব খরচ উঠে আসবে। তারপর থেকে ঐ টাকাটা খেলার জন্য ব্যয় করা যাবে। কিন্তু দুঃখের বিষয় ডা: রায় তা শুনতে রাজি নন্।

ডা: রায় সে পরামর্শ গ্রহণ না করে এমন একটী কমিটি করেছেন যার সভ্যদের নাম শুনলে কেউই উৎসাহিত হবে না, বরং পুলিশী লাঠির ভয়ে খেলা উপভোগই ছেড়ে দেবে। ডা: রায়ের কমিটির সম্পাদক হয়েছেন--কুখ্যাত ডেপুটি কমিশনার প্রণব সেন ও আর সেই কমিটিতে আছেন--- কলকাতার পুলিশ কমিশনার, সরকারের স্বরাষ্ট্র সেক্রেটারী এবং অন্যান্য অনেক সরকারী অফিসার। আর আছেন--ক্রীড়া জগতে যাদের নামে আদৌ সুখ্যাতি নেই সেই শ্রীযুক্ত এম দত্ত রায়, পঙ্কজ গুপ্ত ও অমর ঘোষ প্রভৃতি। এটা গণতান্ত্রিক নীতিতে নিশ্চয়ই হয় নি এবং এটা গণতান্ত্রিক স্কীমও নয়। বসবার আগে, তাই ডা: রায়ের আছে আমাদের অনুরোধ, তিনি তাঁর এই সব জাতীয়তা বিরোধী নীতি ত্যাগ করুন, শিক্ষা সঙ্কট তাহলেই দূর হতে পারে

Janab S. M. Fazlur Rahman: মাননীয় সভাপালমহাশয়! বাজেট সম্বন্ধে আলোচনায় বিতর্ক উঠেছে। বাজেট সম্বন্ধীয় আলোচনায় আমি গুটিকয়েক কথা বলব। অর্থমন্ত্রী মহাশয় এই বাজেটকে "আন্‌ব্যালান্‌স্‌ড্" বাজেট বলেছেন, কেন না আয়ব্যয়ের ভারসাম্য রক্ষিত হয় নি। ঘাট্‌তি থেকে যাচ্ছে। কিন্তু এতে জনসাধারণের সমস্যা কতটা মিটতে পেরেছে সেই দিকটা আলোচনা করতে দু'চার কথা বল্‌ব।

বাজেট পড়ে দেখা যাচ্ছে যে জনসাধারণের আশা আকাঙ্খার প্রতি লক্ষ্য রেখে এ বাজেট তৈরী হয়েছে এ কথা জোর কোরে বল্‌তে পারি। এই বাজেটে স্পষ্টই দেখতে পাচ্ছি যে ঘাট্‌তির বোঝা মাথায় নিয়েও জনসাধারণের উপর নূতন কোরে কর ধার্য্য করা হয় নি। অথচ অত্যন্ত সাহসের এবং অবিচলিত নিষ্ঠার সহিত দেশের সামগ্রিক কল্যাণের পথে ধীর অথচ সুদৃঢ় পদক্ষেপের সঙ্কেত-ধ্বনি পাওয়া যাচ্ছে। এই বাজেটে সামগ্রিক-ভাবে দেশের কল্যাণের পথ প্রশস্ত ও সুগম করবার জন্য একটা প্রচেষ্টা রয়েছে। সভাপাল মহাশয়!

মানুষের জীবনকে যদি সুন্দর ক'রে গড়ে তুলতে হয়, এবং মানুষের সমাজকে যদি প্রগতির পথে চালাতে হয় তাহলে অর্থ সমস্যা তাকে আটকাতে পারে না। যদিও তাতে কিছু বাধার সৃষ্টি হতে পারে। কিন্তু সেই বাধা দূর করতে, মানুষের জীবনের সমস্যার সমাধান করতে তাকে আজীবন সংগ্রাম করতে হতে পারে। পৃথিবীতে যত প্রগতিশীল দেশ রয়েছে কোথাও ত দেখি না যে তারা সমস্যামুক্ত স্বয়ংসম্পূর্ণ। তবে তারা তাদের সমস্যাগুলো যেভাবে ও যত সহজে মেটাতে পারে আমাদের পক্ষে হয়তো তা সম্ভব হচ্ছে না। বহুকাল ধরে দেশ পরাধীন থাকার দরুণ আমাদের সমস্যাগুলি বিভিন্ন ও বিচিত্র, এবং তারা যেন জট পাকিয়ে উঠেছে। মানুষের জীবনের বিভিন্ন কর্ম্মধারার ভিতর সেই সমস্যা সমাধানের পথ খুঁজে নিয়ে মানুষের জীবনকে গতিশীল করে তুলতে হবে। আজ সেই সমস্যাকে লক্ষ্য কোরে তার সমাধানকল্পে সরকার কর্ত্তৃক এই বাজেট রচিত হয়েছে। এই বাজেটের ভিতর যে সব পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সেই সব পরিকল্পনাও উন্নতির পরিচায়ক। যে সমস্যাগুলো এতকাল জট পাকিয়ে ছিল সেগুলো জট ছাড়াতে আরম্ভ করেছে। আমরা এতদিন সেইসব সমস্যার কথা সেভাবে ভাবি নি এবং তার সমাধানের উপায়ও গভীরভাবে চিন্তা করি নি। আমরা এতদিন কি করেছি? শিক্ষা সমস্যার সমাধানের কথা যখন বলতে গিয়েছি তখন বল্‌তে শুনেছি—বাবা! শিক্ষায় লাভ নেই, আমরা রোগে মরছি, এখন শিক্ষাকে পরিত্যাগ ক'রে স্বাস্থ্যের দিকে মন দাও; আবার যখন জনসাধারণকে স্বাস্থ্যের কথা বলেছি তখন শুনেছি--বাবা, খেতে পাচ্ছি না, এখন অন্যদিক ছেড়ে খাদ্যের দিকে লক্ষ্য কর; আবার ফসল বেশী উৎপন্ন করার কথা হ'লে শুনেছি—এত ফসল উৎপন্ন কোরে কি হবে? বাজার ত নেই। এই রকম পরস্পর বিচ্ছিন্নভাবে দেখলে হবে না, সমস্যাগুলি সব শৃঙ্খলিত হয়ে রয়েছে, পরস্পর পরস্পরের সাথে নির্ভরশীল রয়েছে। এ অবস্থায় বিচ্ছিন্নভাবে সমস্যাগুলিকে দেখলে সমস্যার সমাধান হবে না, সেগুলিকে সামগ্রিকভাবে দেখতে হবে। তাই এখানে দেখ্‌ছি সামগ্রিকভাবে তাকে নিয়ে এবং সেজন্য অর্থ বরাদ্দ কোরে সেই সব সমস্যা সমাধানের প্রচেষ্টা এই বাজেটের ভিতর রয়েছে। সমস্যাগুলির স্নায়ুকেন্দ্রে আঘাত করা হয়েছে। পঞ্চবার্ষিকী পরিকল্পনার নানাভাবে এবং নানাদিক দিয়ে সমালোচনা করা হয়েছে। কিন্তু সেই পঞ্চবার্ষিক পরিকল্পনাকে একটা সামগ্রিক দৃষ্টি দিয়ে তার যে কি রূপ সে সম্বন্ধে আলোচনা করলে দেখা যাবে যে সমস্যার স্নায়ুকেন্দ্রে আঘাত হেনে সমাধানের পথ সুগম হয়েছে। কত দিকে কত বিভিন্নভাবে মানুষের কল্যাণের প্রতি লক্ষ্য রেখে সেই সমস্যা সমাধানের পথ করা হয়েছে। তাই আজ দেশের মধ্যে এর সঙ্গে সঙ্গেই একটা জাগরণের ভাব দেখা যাচ্ছে। মনে হচ্ছে যে আজ মানুষের নিজশক্তিতে বিশ্বাস জন্মেছে।

[6-25—6-35 p.m.]

এই বাজেটে আমরা যা দেখতে পাচ্ছি তাতে এই বাজেট অন্তরের সঙ্গে ও আনন্দের সঙ্গে অভিনন্দন পাবার যোগ্য।

সভাপালমহাশয়, দেশে নানা সমস্যা আছে। এই সকল সমস্যা কেমন করে সমাধান করা যেতে পারে আজকে এই বাজেট আলোচনার মধ্যে দিয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করব। আমাদের খাদ্য সমস্যা। বিরোধী পক্ষ আন্দোলন করে আওয়াজ তুলে ধ্বনি তুলে সে সমস্যা সমাধান করবার চেষ্টা করেন। কিন্তু তাঁদের জানা উচিত যে শুধু ধ্বনি তুলে বা আওয়াজ তুলে কোন সমস্যার সমাধান করা যায় না। এটা তাদের চিন্তা করে দেখা উচিত যে এতে কাজের সুবিধা হয় না, অসুবিধা হয়। এই কারণে তাঁরা বারবার আওয়াজ তুলেও ব্যর্থ হয়েছেন, এ সমস্যা সমাধান করতে পারেন নি। এই সমস্যাকে সরকার এমন দৃষ্টিভঙ্গি নিয়ে সমাধানের পথে এগিয়ে যাচ্ছেন তাতে শীঘ্রই এই সমস্যা—সমাধানে সফল হবেন। এখানে বাস্তুহারা সমস্যা দেশ বিভাগের পর পূর্ববঙ্গ থেকে যখন বহু নরনারী এখানে আসতে আরম্ভ করেছিল তখন এ সমস্যা সমাধান করা অসম্ভব হয়ে পড়েছিল। কিন্তু এখন আমাদের সরকার ধীর ও শান্তভাবে সাহসের মধ্য দিয়ে এই সমস্যা সমাধানের পথে এগিয়ে যাচ্ছেন। এই সমস্যার সমাধান হচ্ছে কি না? আমি বিশেষ করে নদীয়া জেলার কথা বলতে পারি যে সেখানে ৭ লক্ষ "রিফিউজি" ছিল তার অনেক কিছু কাজ হয়েছে। তাই শুধু গালাগালি দিলেই এই সমস্যা সমাধান করা যায় না। আজকে শিক্ষা, স্বাস্থ্য, রাস্তাঘাট, সেচ সবদিকদিয়েই সরকার এগিয়ে গিয়েছেন। শিক্ষা সম্বন্ধে অনেকেই অনেক কথা বলেছেন। গ্রামে যদি গিয়ে দেখে আসেন তবে দেখবেন যে শিক্ষা সেখানে কতটা প্রসারিত হয়েছে। এখানে প্রাথমিক, উচ্চ শিক্ষা, কারিগরী শিক্ষা,--সমস্ত রকম শিক্ষার মধ্যে দিয়ে মানুষের মনে একটা সাড়া পড়ে গিয়েছে। এই সরকার যেসমস্ত পরিকল্পনা গ্রহণ করেছেন তা

[Janab S. M. Fazlur Rahman.]

যখন কার্য্যে পরিণত হবে তখন তার প্রত্যক্ষ ফল তাঁরা হাতে হাতে পাবেন।

(Sj. Nepal Chandra Roy: ফল মৃত্যু, মৃত্যু।)

এখন খাদ্যের মূল্য কমে গিয়েছে। যদি সকলে মিলে ধীর-স্থিরভাবে এগিয়ে যেতে পারেন তাহলে এই সমস্যা সমাধান করা সহজ হয়ে যাবে। নিছক উত্তেজনা দেখালেই সমস্যা সমাধান হবে না। এই বাজেটে অর্থ সংগ্রহের কথা বলতে গিয়ে ডাঃ রায় বলেছেন যে দেশের জনসাধারণের উপর কর ধার্য্য করে এই ঘাটতি পূরণ করা একেবারে অসম্ভব। মাননীয় স্পীকার মহাশয়, অর্থ না হলে কোন সমস্যারই সমাধান হতে পারে না। অর্থ সংগ্রহ করতে গেলে যে ক্ষমতা সরকারের থাকা প্রয়োজন সে ক্ষমতা নাই। সংবিধান অনুসারে সে পথ বন্ধ। সেইজন্য আমি ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করার কথা বলছি। আজকে সমাজ উন্নয়নের বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা সত্ত্বেও অনেক কাজ বেড়ে গিয়েছে এবং সেই কাজ করতে গেলে অর্থের প্রয়োজন এ কথা সত্য, বিনা অর্থে সে কাজ চালান এখন সম্ভব নয়।

তারপর নদীয়া জেলায় যেসব শিক্ষক নিযুক্ত করা হয়েছে সে সম্বন্ধে অনেকেই বলেছেন যে এর মধ্যে রাজনীতি চালান হয়েছে। এটা সত্য নয়। আমরা দেখতে পাচ্ছি যে আমাদের দেশের তরুণ সমাজ সহরমুখী হয়েছে, পল্লীর দিকে যেতেই চায় না। বি, এ, এম্, এ, পাস করে তারা আজকে কিছু করতে পারছে না বা গ্রামে গিয়ে শিক্ষকতা করতে চায় না। এই সব ছেলেরা যদি শিক্ষকের কাজই না করতে পারে তবে তারা ভবিষ্যতে "ম্যানুয়েল ওয়ার্ক" কি ক'রে করবে বুঝি না। তাই আমি আবার বলছি যে সকলে সমবেত হয়ে এই সব সমস্যার সমাধানের পথ বের করি তাহলেই এই সমস্যা সমাধান করা সম্ভব হবে। এই বলে প্রধান মন্ত্রীমহাশয় যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি।

Sj. Pijush Kanti Mukherjee: মাননীয় অধ্যক্ষমহাশয়, কাল "হাউস"এ যত বক্তৃতা হয়েছে তার সারমর্ম বোঝা গেল যে এটা বাজেটের জন্য নয়, এর পিছনে উদ্দেশ্য রয়ে গিয়েছে। সেই উদ্দেশ্যের জন্য অধিকাংশ বক্তৃতার মধ্যে অযুক্তি ও কুযুক্তি অনেক পরিমাণে পরিলক্ষিত হয়েছে। তাঁরা সমস্ত বাজেটের মধ্যে এই জিনিষটাই দেখতে পেয়েছেন যে এরা এই রাষ্ট্রকে ধ্বংসের ব্যবস্থা করছেন। আসল কথা এই সব যুক্তি যা দিয়েছেন তা মোটেই নির্ভরযোগ্য নয়। যে যুক্তির প্রয়োজন, যে যুক্তি দেখান দরকার তা দেখান হয়নি। এই বাজেট আলোচনার সময় দেখতে পেরেছি যে তাঁরা বাজেটের বিশেষ বিশেষ অংশকে নিয়ে যেটা তাঁদের সুবিধা হয়েছে সেটা আলোচনা করেছেন। কিন্তু যদি প্রকৃতপক্ষে এর দ্বারা কোন সুষ্ঠু সমাজ গড়ে তুলতে সাহায্য করতে হয় তাহলে সমস্ত বাজেট-টাই দেশের কল্যাণের দিকে দৃষ্টি রেখে আলোচনা করা দরকার এবং তাতে সরকার পক্ষ থেকে যেসব রচনাত্মক পরিকল্পনা দিয়েছেন সেগুলিকে সাহায্য করা প্রয়োজন।

[6-35—6-45 p.m.]

কেবলমাত্র আক্রমণাত্মক "আরগুমেন্ট" করে কোনো কিছু ভাল করা যায় না। বাজেট আলোচনা করতে গেলে একটি সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে করতে হবে। বাজেট একটা টুকরো টুকরো জিনিস নয়। যেমন দেশ বলতে দেশের সমস্ত সম্পদ জ্ঞান-বিজ্ঞান বুঝি তেমনি বাজেটকে বুঝতে হবে একটি সামগ্রিক রূপ ধরে নিয়ে। বাজেট বুঝতে গেলে আমাদের কি জনশক্তি, কি "রিসোর্সেস্" তা কতটুকু কাজে লাগাতে পারি এবং যেটুকু পারি তার মধ্যে কতটুকু সংগঠন করে নিয়েছি এইটিই বিচার্য্য বিষয়, যদি দেখি আমরা এগিয়ে যাইনি তখন প্রশ্ন, কেন যাইনি, তখন তার বিশ্লেষন প্রয়োজন, কি করে আরও ভালভাবে এগুতে পারি তা চিন্তা করা দরকার।

বাজেট আলোচনা করতে গেলে আমাদের বিপক্ষের বন্ধুগণ শুধু কোন্ খাতে কত টাকা ব্যয় হচ্ছে তাই দেখেন এটা বিচার্য্য বিষয় বটে, কিন্তু আমি অন্যভাবে দেখবার চেষ্টা করেছি, যেমন কোন খাতে বছরে বছরে শতকরা কত হিসাবে কল্যানমূলক কাজে ব্যয় হয় সেটা দেখতে চাই। ৫০ সাল থেকে ৫৫ সাল পর্য্যন্ত যদি ৫ বছরের হিসাব দেখি তাহলে দেখব শিক্ষা খাতে এই ব্যয় ক্রমশঃ বৃদ্ধি পেয়ে আজ "১২০ পার্সেন্ট" দাঁড়িয়েছে, "মেডিক্যাল"এ "৪৫ পার্সেন্ট", "পাবলিক হেলথ"এ এবারে বৃদ্ধি "১০০ পার্সেন্ট", "এগ্রিকালচার"এ এইভাবে ১৫৫ পার্সেন্ট", "ভেটেরিনারি"তে "৮৫ পার্সেন্ট" এবং এ ছাড়া "ইরিগেসন"এ "১২৩ পার্সেন্ট" এবং দামোদর ময়ূরাক্ষীর ব্যাপারে "১৩ পার্সেন্ট"। এইভাবে দেখলে সর্ব্ব বিষয়ে আজ ব্যয়বরাদ্দ বৃদ্ধি করে দেশের কল্যাণকর কাজ অগ্রসর হচ্ছে। শিক্ষার যা হিসাব—শিক্ষা বলতে শুধু "প্রাইমারী" স্কুল, হাই স্কুল, কলেজ" বুঝায় না

তার মধ্যে "মেডিক্যাল" রয়ে গিয়েছে যাতে সমস্ত ভারতবর্ষের মধ্যে এখানে ছাত্রপ্রতি সবচেয়ে বেশী ব্যয় হয়, এ ক্ষেত্রে বম্বে দ্বিতীয়। সুতরাং আমরা আর কতটা আশা করতে পারি, বাংলার এই অবস্থার মধ্যে বাংলা যে "মেডিক্যাল", "পাবলিক হেল্থ" শিক্ষার ব্যাপারে যে সর্ব্বাপেক্ষা অধিক ব্যয় করছে এটা আমাদের কম আশার কথা নয়, কম গৌরবের কথা নয়। এছাড়া দেখা যায় আমাদের পরিকল্পনা-গুলিকে অনেক সময় ঠাট্টা করা হয়, আমি জিজ্ঞাসা করি পরিকল্পনার যারা নিন্দা করেন তারা যে পরিকল্পনার বড়াই করেন সেই প্রথম পরিকল্পনায় কতটা উন্নতি লাভ করা হয়, কোন উন্নতি তাতে হয়নি। পরে দ্বিতীয় পরিকল্পনায় তাঁরা দাঁড়িয়ে যান। আমাদের উৎপাদন প্রথম পরিকল্পনায় বেড়ে গিয়েছে। "কমুনিটি ডেভেলপমেণ্ট" সম্বন্ধে শ্রীযুত কুমার জানা মহাশয় অনেক কথা বললেন, কিন্তু আসল কথা গ্রামের উন্নতির জন্যে সংগঠন কার্য্যে আত্মনিয়োগ করা একান্ত দরকার। গ্রামের লোকদের শিক্ষার আলো দিয়ে জাগ্রত করতে হবে। "কমুনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট"এ অন্তত: এটুকু জিনিষ হবে--কতকগুলি কর্মী সৃষ্টি হবে যারা দেশকে অগ্রগতির পথে এগিয়ে নিয়ে যাবার জন্যে সজাগ হবে। সুতরাং যে পরিমান টাকা ব্যয় হবে তার চেয়ে ফল বেশী পাওয়া যাবে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং বাজেটকে কল্যানমূলক বলে মনে করছি।

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় ডেপুটী স্পীকার, স্যার, মহাভারতে একটী কথা আছে "রাজাহি কালস্য কারণম" অর্থাৎ রাজাই দেশের ভাল মন্দের জন্য দায়ী। আমাদের দেশ যারা শাসন করেন—পুরাকালে যেমন করতেন রাজা, এখন হ'ল মন্ত্রীমণ্ডলী—তাঁদের ভাল কাজ যদি কিছু থাকে তার জন্য প্রশংসা করবার লোকের অভাব নেই। কিন্তু মন্দ যা করেন সেজন্য সমালোচনা করার লোকেরও বিশেষ প্রয়োজন। আমি সেদিক থেকেই কিছু বলব, কারণ, উপযুক্ত সমালোচনা দেশের পক্ষে কল্যাণকর এবং মন্ত্রীমণ্ডলীর পক্ষেও নিজেদের ত্রুটীবিচ্যুতি বুঝবার পক্ষে সহায়ক। আজকের এই বাজেটে দেখছি দিনের পর দিন "ডেফিসিট" বেড়ে চলেছে, কিন্তু যদি দেখতাম "ডেফিসিট" বাড়ছে, দেনা বাড়ছে কিন্তু তারা প্রকৃত পক্ষে নানারকম "ডেভেলপমেণ্ট প্রজেক্ট" মারফৎ দেশের সত্যিকারের কল্যাণসাধন করেছেন তাহলে এই বাজেটকে আমি অভিনন্দন জানাতাম। কিন্তু প্রকৃত ব্যবসায়ীর মনোভাব নিয়ে যদি তাঁদের কাজ দেখা যায় তাহলে দেখা যায় যে তাঁদের কাজে প্রতিটি ক্ষেত্রে কোটি কোটি টাকা দিনের পর দিন লোকসান হচ্ছে। আজ এটা বিশেষভাবে চিন্তা করার প্রয়োজন।

[6-45—6-55 p.m.]

মাননীয় ডেপুটি স্পীকারমহাশয়, আমাদের মুখ্য-মন্ত্রী-"কাম"-অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে কতক-গুলি বিভাগে আয় কমে আসছে, যথা "রেজিষ্ট্রেসন, ষ্ট্যাম্প এক্সাইজ" এবং "সেল্‌স্ ট্যাক্স ডিপার্টমেণ্ট"। দিন দিন যে অবস্থা দাঁড়াচ্ছে তাতে আরও কমবে। "রেজিষ্ট্রেসন" হবে না, "ষ্ট্যাম্প"ও বিক্রী হবে না। "এক্সাইজ" বিষয়ে আমার বিশেষ অভিজ্ঞতা নেই সুতরাং বিশেষ কিছু বলবো না। আর "সেল্‌স্ ট্যাক্স" সম্বন্ধে তাঁরা যা দেখাচ্ছেন তাতে দেখছি "ইন্‌কাম" কমেছে কিন্তু সেখানে খরচ কমান হয়নি। যে উপায় অবলম্বন করলে "সেল্‌স্ ট্যাক্স" ফাঁকি বন্ধ হয়, ব্যবসায়ীদের সঙ্গে যে সমস্ত যোগ সাজস রয়েছে তা যাতে বন্ধ হয় সে সম্বন্ধে প্রধানমন্ত্রীর কাছে আমরা কিছুই শুনতে পাইনি। গতবারে আমি এসব কথা বলেছিলাম যে "রেভেনু আইটেম্"এ "সেল্‌স্ ট্যাক্স" খাতে যাতে ফাঁকি না দিতে পারে সেজন্য "সোর্স্" যেখানে "ম্যানুফ্যাকচারার, ইম্পোর্টার" তার উপরই "সেল্‌স্ ট্যাক্স" করা উচিত। তা যদি করা যায় তাহলে বহু টাকা ফাঁকি হতে রক্ষা পায়। গভর্ণমেণ্ট যে "সিগারেট"এর উপর নূতন-ভাবে "ট্যাক্স" ধরেছেন সেটা ভাল বলে আমি মনে করি। সুতরাং এই দিক দিয়ে চিন্তা করার প্রয়োজন আছে। আজকে আপনারা একটা আত্ম-সন্তুষ্টির মনোভাব নিয়ে চলেছেন এজন্য, যে খাদ্য সমস্যার সমাধান হয়ে গিয়েছে। যে কোন কারণেই হোক খাদ্যাবস্থা পূর্ব্বাপেক্ষা ভাল হয়েছে এটা ঠিক। কিন্তু আসলে সম্পূর্ণ সমস্যার সমাধান হয়নি। তা যদি হত তাহলে কলকাতা শহরের অলিতে গলিতে এবং মফ:স্বলে লক্ষ লক্ষ লোককে ক্ষুধায় নিপীড়িত হতে হত না। লক্ষ লক্ষ লোক আজ ভিক্ষাবৃত্তি অবলম্বন করতে বাধ্য হচ্ছে অভাবের তাড়নায়। যে রাষ্ট্রে, লক্ষ লক্ষ লোককে ভিক্ষার উপর নির্ভর ক'রে জীবন যাপন করতে হয়, সেই রাষ্ট্রকে জন-কল্যাণমূলক রাষ্ট্র বলে স্বীকার করা যায় না। এবং সেই রাষ্ট্রের সরকারকে সর্ব্বতোভাবে অযোগ্য বলেই মনে করি। বহু শিল্পী—তাঁতি, বাসনের ব্যবসায়ী, কুম্ভকার—তারা আজ পথের ভিখারীতে পরিণত হয়েছে। তাদের সমস্যা সমাধানের কোন ব্যবস্থাই এই সরকার করেনি। অবশ্য তাঁরা বলবেন "ইণ্ডাষ্ট্রিয়াল্ ফিন্যান্স কর্পোরেশন" খুলেছেন। কিন্তু তাতে

[Sj. Rakhahari Chatterjee.]

যে সামান্য টাকা ধরেছেন সেটা সমুদ্রে জলবিন্দুবৎ। তাছাড়া যে উপায় অবলম্বন করলে বেকার সমস্যার সমাধান করা যায়—তা করা হয়নি। বহু শিল্পী আছে, যেমন বাসন প্রস্তুতকারী, এরা "র মেটিরিয়াল্‌স্"-এর অভাবে প্রায় ধ্বংসোন্মুখ হতে চলেছে। সুতরাং সুদূর পল্লীগ্রামের এই সমস্ত শিল্পী ব্যবসায়ী যাতে রক্ষা পায় তার ব্যবস্থা করার প্রয়োজন আছে। সেজন্য সরকার থেকে দায়িত্ব গ্রহণ করতে হবে এবং কাঁচামাল সরবরাহই শুধু নয় যাতে তারা "মার্কেট" পায়, তাদের জিনিষ বিক্রী করতে পারে, দেশ বিদেশে জিনিষ পত্র বিক্রয়ের ব্যবস্থা হয় সেজন্য শিল্প সম্বন্ধে উপযুক্ত গবেষণা ও যানবাহনের ব্যবস্থাদি করতে হবে।

বাঁকুড়া, আপনি জানেন, অত্যন্ত দরিদ্র জেলা, কিন্ত সেখানে এমন "ন্যাচারাল ওয়েলথ" আছে যথা "চায়না ক্লে" ইত্যাদি সেটা "ইউটিলাইজ" করতে পারলে সমস্ত দেশকে সমৃদ্ধ করতে পারা যায়। কিন্ত সে সম্বন্ধে সরকার সম্পূর্ণ. উদাসীন। বেকার সমস্যা সমাধান তারা করতে পারে নি তাই দেশের দুঃখ দারিদ্রকে কেন্দ্র করে যে আন্দোলন হয় সে আন্দোলন দমন করবার জন্যই পুলিশের পেছনে টাকা ব্যয় করা হচ্ছে। এই যে গুরুতর সমস্যা—বেকার সমস্যা —তা যদি সমাধান না করা যায় তাহলে দেশের লোক বাঁচতে পারে না, দেশোন্নতি তো দূরের কথা। প্রাচীন ভারতে রাজার কি রকম গুরুদায়িত্ব ছিল প্রজার সুখসুবিধা বিধান করার জন্য সেটা মহাভারতে আছে। মহাভারত অনুশাসন পর্ব্ব—

ধিক্ তস্য জীবিতং রাজ্ঞো: রাষ্ট্রে যস্যাবসীদতি
দ্বিজোহন্যো বা মনুষ্যোহপি শিবিরাহ বচো যথা।
যস্য স্ম বিষয়ে রাজ্ঞ স্নাতক: সীদতি ক্ষুধা।
অবৃদ্ধিমেতি তদ্রাষ্ট্রং বিন্দতে সহ রাজকম্।।
অহংবো রক্ষিতেত্যুক্ত্বা যো ন রক্ষতি ভূমিপ:
স সংহত্য নিহন্তব্য: শ্বেব সোন্মাদ আতুর:।।

কি সাংঘাতিক কথা দেখুন। যে রাজা তার প্রজার বেকার সমস্যা ও ক্ষুধা নিবারণের ব্যবস্থা করতে পারে না তাকে নিহত করা উচিত। তার বেঁচে থাকার অধিকার নেই—এই প্রাচীন ভারতবর্ষের চিত্র। সুতরাং সরকার যেন তাদের দায়িত্ব বোঝেন এবং প্রাচীন ভারতের পন্থা অনুসরণ করেন।

তারপর শিক্ষা খাতে তারা বহু টাকা খরচ করছেন এটা তারা প্রচার করছেন। কিন্ত দুর্ভাগ্যের কথা এই যে বাজেটে অতি সামান্য টাকাই সংস্কৃত শিক্ষার জন্য ধরা হয়েছে। ৭ কোটির মধ্যে সংস্কৃত শিক্ষা খাতে দুই লক্ষেরও কম টাকা ধরেছেন—এটা অতি সামান্যই। এর বেশী টাকা ঐ শিক্ষায় দেওয়া যাবে না বলছেন। কি করে যাবে? যতদিন দুর্নীতি চলবে ততদিন কিছুতেই কিছু হবে না। সংস্কৃত শিক্ষা ও ভারতীয় সংস্কৃতির পুনরভ্যুত্থান ব্যতীত দেশের কল্যাণ হবে না।

আমাদের দেশে "মরাল রি-আর্মামেণ্ট"এর কথা আপনারা বলেন। দুঃখের কথা এই যে, যে উপায় অবলম্বন করলে সেটা হতে পারে সে সম্বন্ধে কোন ব্যবস্থাই সরকার পক্ষে দেখতে পাচ্ছি না।

(At this stage the red light was lit.)

আমার শেষ বক্তব্য হচ্ছে সরকারী নানা বিভাগে যে "করাপ্‌সন" চলেছে তা যদি বন্ধ করতে হয়, "মরাল আপলিফ্‌ট্‌মেণ্ট" করতে হবে, তাহলে উচ্চপদস্থ কর্ম্মচারীদের আচরণ—"হাই অফিসিয়েল্‌স্"দের "কণ্ডাক্ট" যাতে "এবাভ্‌ সাস্‌পিসন" হয় সেই সম্বন্ধে ব্যবস্থা করা প্রয়োজন। পুলিশ বিভাগে এমন বড় বড় অনেক অফিসার আছেন, নাম করতে চাই না—একজন খুব "হাই অফিসিয়াল্ এস্, পি" এমন সব নোংরা কাজে জড়িত আছেন, সেইসব বন্ধ না হলে কিছুতেই দুর্নীতি দমন করা যাবে না। সুতরাং আমি বলতে চাই যে এই "করাপ্‌সন" যদি বন্ধ কর.ত হয় তাহলে এই সমস্ত অফিসারদের চরিত্রের উন্নতি দরকার।

তারপর টাকা নাই বলছেন। আমার suggestion minimises the administration cost.

যাদের বেতন ৫০০ টাকার উপর তাদের মাইনে কমাতে হবে। দ্বিতীয়ত: এমন অনেক বিভাগ আছে যা একেবারে তুলে দিলেও কোন ক্ষতি হয় না। যেমন "ষ্টেট কাউনসিল"এর কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। এ সম্বন্ধে অন্যান্য প্রদেশেও আলোচনা চলছে—এরকম মত আরও অনেকে পোষণ করেন সুতরাং এটা করা দরকার।

আমরা দেশের লোক বহুদিন থেকে দাবী করে আসছি যে "কমিশনার"এর পদ তুলে দেওয়া দরকার। কংগ্রেসীরাও এ নিয়ে আন্দোলন করেছিল কিন্ত আশ্চর্য্যের বিষয় স্বাধীনতা পাওয়ার পরে সে বিষয়ে কোন কিছুই করা হচ্ছে না। তারপর সরকার যেখানেই হাত দিয়েছেন সেই ব্যবসাতেই লোকসান হচ্ছে। "ষ্টেট ট্রেডিং" ব্যাপারটাই ক্ষতিজনক হয়ে দাঁড়িয়েছে। সুতরাং যা বলার সময়াভাবে সব কিছু বলতে পারলাম না—সে বিষয়ে দৃষ্টি দিলে অনেক টাকাও বাঁচবে, দেশের লোকও উপকৃত হবে।

[6-55—7-5 p.m.]

Sj. Sashabindu Bera:

ডেপুটী স্পীকারমহাশয়, আমরা '৫২-৫৩ সালে এই এসেমব্লীতে প্রথম প্রবেশ করি। ইতিপূর্বে আমরা '৫২-৫৩ সাল, '৫৩-৫৪, সালের বাজেট আলোচনা ক'রেছি। '৫৪-৫৫ সালের বাজেট আমরা আলোচনা করতে আজ বসেছি। '৫২-৫৩ সালে প্রথম আমরা দেখেছিলাম "ওপনিং ব্যালান্স" তখন ছিল ৭,২৭,৬৩,০০০্ টাকা। ১৯৫৪-৫৫ সালের শেষে দেখছি আমাদের মোট ১২,৪৩,০০,০০০্ টাকা ঘাটতি হচেছ। ১৯৫৪-৫৫ সালের থেকে আমাদের 'পাবলিক ডেট' হ'য়ে দাঁড়াবে ১১,৩৫,০০,০০০্ টাকা ; আর য়ুনিয়ন গভর্ণমেণ্টের কাছে ঋণ দাঁড়াবে ৯৭,৮৭,০০,০০০্ টাকা। কাজেই এই তিন বছরেই এই সরকার দেশকে দেউলে করে দিচেছ, এই যদি অভিযোগ করা হয় তার প্রত্যুত্তরে কি বলবার থাকে সরকার পক্ষের তা আমরা জানি না। কিন্তু এই যে ব্যয়—এই যে অপব্যয়—একেও আমরা সমর্থন করতে পারতাম, যদি আমাদের সান্ত্বনার বিষয় কিছু থাকত, যদি আমরা দেখতাম এমনি-ভাবে "রেক্‌লেসলী" অর্থব্যয় ক'রে আমাদের সমস্ত সমস্যা—যেগুলি মৌলিক সমস্যা—তার সমাধান কিছু হ'য়েছে। আমাদের অর্থনৈতিক দুরবস্থা গত কয়েক বছর ধ'রে দিনের পর দিন খারাপের দিকে চলছে। গত কয়েক বছর ধ'রে আমরা দেখছি আমাদের জীবিকার জন্য ব্যয়ের মান—'কস্ট অব লিভিং'—৩৫০ থেকে ৪০০ এবং অনেক সময় তারও উর্ধ্বে উঠেছে। কিন্তু সে অনুপাতে সাধারণ দরিদ্র ও মধ্যবিত্ত পরিবারের গড় আয় বাড়েনি। যারা কোন প্রকারের কর্মে নিযুক্ত আছেন, —কি কৃষির ক্ষেত্রে, কি চাকরির ক্ষেত্রে, কি শিক্ষকতার কার্য্যে যাঁরা ব্যাপৃত রয়েছেন, তাঁদের আয় যদিও কোন কোন ক্ষেত্রে কিছু বেড়েছে, কিন্তু তাঁদের ব্যয়ের হার যেভাবে বেড়েছে সেই তুলনায় তাঁদের আয়ের কিছুই মাত্রা বাড়েনি। শুধু তাই নয়,—দেখছি এই কয় বছর বেকারের সংখ্যা যেভাবে বেড়ে গিয়েছে দেশের অর্থনৈতিক সঙ্কট তাতে আরও গুরুতর হয়ে দাঁড়িয়েছে। বেকার সমস্যা সমাধানে সরকারের যে প্রচেষ্টার প্রয়োজন সেই প্রচেষ্টা এই তিন বছরের বাজেটে দেখলাম না; এই বছরের বাজেটেও নেই। শিল্পের প্রসারের ব্যবস্থা নেই। কুটীরশিল্পগুলি—ছোট ছোট কুটীরশিল্প আমাদের দেশের জীবনী শক্তি—সেগুলিকে রক্ষা করার ব্যবস্থা নেই; সেগুলিকে প্রেরণা দেবার কোন ব্যবস্থা নেই। কৃষি আজকের দিনেও সম্পূর্ণরূপে প্রকৃতির উপর নির্ভর-শীল। এ বছর যে ভালো ধান হ'য়েছে ব'লে সরকারপক্ষ থেকে গর্ব্ব করা হচেছ, তাতে সরকার পক্ষের অবদান কিছু আছে ব'লে আমাদের মনে হয় না। ধানের চাষ আজও প্রায় পুরোপুরি প্রকৃতির উপর নির্ভরশীল সেটা আমরা লক্ষ্য করেছি। গত কয়েক বছর চাষের সঙ্কটের দরুণ দেশের এমন দুরবস্থা। দেশের দুরবস্থা সরকার পক্ষ যে কিছুটা বোঝেন না তা নয়। আমরা দেখছি—এই বাজেটে র'য়েছে সেল ট্যাক্সে ১৯৫২-৫৩ সালে যে আয় হ'তো, সেই আয় ১৯৫৪-৫৫ সালে কমে ১,০৪,০৫,০০০্ টাকা কম আয় হবে। অর্থাৎ জনসাধারণের ক্রয়ক্ষমতা এমন কমে যাবে যে সেল ট্যাক্স যে সমস্ত জিনিসের উপর পড়ে সেই সমস্ত জিনিস '৫২-৫৩ সালে তারা যা কিনত, তার চেয়ে ২২ কোটি টাকার কম জিনিস তারা কিনবে ১৯৫৪-৫৫ সালে। অন্য কথায় বলা যেতে পারে জনসাধারণের ক্রয়ক্ষমতা এই দু'বছরে শতকরা ১৯ ভাগ কমে যাবে। এটা অত্যন্ত আশঙ্কার কথা। আজকে দেশে 'বাম্পার ক্রপ' হ'য়েছে প্রকৃতির অবদান হিসাবে; এত ভালো ফসল যে হয়েছে সেটা ঘটনাক্রমে। সেটার উপর উল্লসিত হওয়ার কোন কারণ আছে ব'লে আমরা মনে করতে পারি না। আমাদের দেশের বর্তমানে যে অবস্থা সে অবস্থার সম্বন্ধে, বিশেষ ক'রে বেকারির অবস্থা সম্বন্ধে একটা চিত্র আমরা গভর্ণর বাহাদুরের ভাষণে খানিকটা পেয়েছিলাম। সেখানে আমাদের বেকারের চিত্র এবং বেকার সমস্যা সমাধানের একটা অদ্ভুত পরিকল্পনা আমাদের সামনে পেশ করা হয়েছে। কলকাতার শুধু পৌর এলাকায় বেকারের সংখ্যা ২৫৭,৩০০। এর সমাধান—এই বেকার সমস্যার সমাধানে সেটাতেও আমাদের প্রাদেশিক সরকারের কৃতিত্ব বিশেষ কিছু আছে বলে মনে হয় না। কেন্দ্রীয় সরকারের প্রচেষ্টায় ৮,৫০০ প্রাথমিক শিক্ষক নিযুক্ত হবে কলকাতায় নয় সারা বাংলায়। রাজ্যপাল এবং অর্থমন্ত্রী উভয়েরই ভাষণে উন্নয়ন পরিকল্পনা ডিভেলপমেণ্ট স্কীমে উল্লেখ করে বেকার সমস্যা সমাধানের ভরসা দিয়েছেন। বলা হয়েছে—
"with the progress of various development schemes the tempo of absorption of unemployed persons must increase".

কিন্তু আমরা একথায় ভরসা খুব বেশী পাই না। কারণ এই ডেভেলপমেন্ট বাবদ পশ্চিম বাংলায় মোট বরাদ্দ যা ধরা আছে তার অঙ্কটা হচেছ ৬৯.০৭ কোটি কিন্তু ইতিমধ্যে ব্যয় হয়েছে ৩৮.৭০ কোটি টাকা।

কাজেই টাকার অঙ্কটার দিকে যদি লক্ষ্য করি তাহলে আমরা দেখি যে গভর্ণমেণ্ট তাঁদের বহু-বিঘোষিত উন্নয়নমূলক কাজগুলিতে বরাদ্দ টাকার

[Sj. Sashabindu Bera.]

শতকরা ৯৫ ভাগেরও বেশী টাকা ব্যয় করে ফেলেছেন। বলা যেতে পারে ডেভেলপ্‌মেন্ট কাজের শতকরা ৫৫ ভাগ মাত্র 'প্রগ্রেস' হয়েছে। কিন্তু বেকার সমস্যার কতভাগ সমাধান হ'য়েছে? কাজেই এই ডেভেলপ্‌মেন্ট স্কীমের মধ্য দিয়ে বেকার সমস্যার কতদূর সমাধান হবে সেটা সরকারকে আজ ভাল ক'রে বিবেচনা ক'রে দেখতে বলি। সুতরাং আজকের দিনে এই বাজেটে আশা ভরসার এমন কিছু আশ্বাস আমরা পাই না যাতে আমরা বলতে পারি দেশের মৌলিক সমস্যার সমাধান হয়েছে। আমি পূর্বেই বলেছি যে সরকার টাকা ব্যয় করছেন—প্রভূত পরিমাণে টাকা ব্যয় করেছেন, দেশকে ঋণী ক'রে, ঘাটতি বাজেট ক'রে প্রচুর অর্থব্যয় করছেন,—প্রায় সব খাতেই কিছু কিছু পরিমাণে বেশী অর্থ বরাদ্দ করেছেন; কিন্তু যে জন্য এই অর্থ ব্যয় করা সেদিকে আদৌ কিছু হচ্ছে না। দেশের যেগুলি মৌলিক সমস্যা তার সমাধানের জন্য এই অর্থ ব্যয় দ্বারা কাজ কিছুই হচ্ছে না। বাস্তবিক পক্ষে 'এগ্রিকাল্‌চার' খাতে যে অর্থ ব্যয় করা হয়েছে তার থেকে যারা জনসাধারণ, সাধারণ কৃষক যারা, তারা আদৌ উপকৃত হয়নি। প্রধান মন্ত্রীমহাশয়ের বাজেট 'স্টেটমেণ্ট'-এ লক্ষ্য করলাম চাষীদের জন্য ময়ূরাক্ষী এরিয়াতে জল সরবরাহের ব্যবস্থা হয়েছে; কিন্তু যেখানে এই জলের ব্যবস্থা হয়েছে বলে সরকার দাবী করছেন সেখানকার জনসাধারণ, সেখানকার কৃষকরা সেখান থেকে জল নেয় না। এই সকল সরকারী চেষ্টার সঙ্গে জনসাধারণের কোন যোগাযোগ নাই। সরকারের 'ডেভেলপ্‌মেন্ট প্রজেক্ট' থেকে এমনিভাবেই জনসাধারণ উপকৃত হচ্ছে। 'ইন্‌ডাস্ট্রী'র ক্ষেত্রে—শিল্পের ক্ষেত্রে সরকারের বিশেষ প্রচেষ্টা আমরা দেখি না। 'কটেজ ইন্‌ডাস্ট্রী'গুলি রক্ষা করা প্রয়োজন, তাদের আরও বিস্তারের সুযোগ দেওয়া প্রয়োজন; তার চেষ্টা নাই। বাজেটে নানা খাতে অর্থ ব্যয় দেখান আছে, শিক্ষা খাতে অর্থ ব্যয় আছে, কিন্তু কেবল অর্থ ব্যয় ছাড়া আর কি হয় না হয় সে বিষয়ে আমরা কিছু জানি না। আমরা দেখি না এই সব ব্যয়ের ফলে দেশের সাধারণ মানুষ কিছু পরিমাণে উপকার পাচ্ছে। আগেকার তুলনায় এবার আরো বেশী অর্থ ব্যয় হচ্ছে, কিন্তু সেই অনুপাতে জনসাধারণের কি পরিমাণে উপকার হচ্ছে? চাষের জন্য জল সরবরাহের ক্ষেত্রে, জনস্বাস্থ্য বিভাগে নানাপ্রকার রোগ প্রতিষেধক ব্যবস্থায়, কুটীর শিল্পের ব্যবস্থায়, 'এডুকেশন' খাতে যে অর্থ ব্যয় করা হয়েছে তার কতটুকু সাধারণ মানুষ পায়, জনসাধারণ সে অর্থ ব্যয়ের তুলনায় তা থেকে কতটুকু উপকৃত হয়, তা আমরা জানি না। কাজেই আগেকার তুলনায় বেশী ব্যয় করছেন ব'লে আনন্দ প্রকাশ করবার মত কিছু নাই।

মাধ্যমিক শিক্ষকরা অতি সাধারণভাবে জীবনযাপন করবার জন্য যে সামান্য দাবী করেছিলেন, মাধ্যমিক শিক্ষা পর্ষতের অনুমোদিত হারে, সেটা পর্য্যন্ত সরকার দিতে পারলেন না। যদিও আমরা দেখি 'এডুকেশন' খাতে আগেকার তুলনায় অনেক বেশী অর্থ বরাদ্দ করা হয়েছে, তবু এখনও শিক্ষার মৌলিক সমস্যাগুলির কোন সমাধান হয় নি এবং তার জন্য যে অর্থ বরাদ্দ করা হয়েছে তার যথোচিত ব্যয় না হওয়াতেই আমরা শিক্ষার পরিপূর্ণ সুযোগ লাভ করতে পারি নি। আজকের দিনে যে শিক্ষার ব্যয় পুরোপুরিভাবেই সরকারের নেওয়া উচিত, তার কোন ভাগ জনসাধারণের উপর দেওয়া উচিত নয়। কিন্তু আমরা দেখেছি মাধ্যমিক এবং উচ্চতর শিক্ষার ক্ষেত্রে পূর্ব থেকে যে ছাত্র বেতনের হার আছে তার চাপই জনসাধারণের পক্ষে দুর্বহ অথচ শিক্ষক মহাশয়দের সামান্যতম বেতনবৃদ্ধির কথা উঠলে আবার ছাত্র বেতন বৃদ্ধির কথা সরকার বলেন। আমাদের দেশের যে অর্থনৈতিক অবস্থা, যার জন্য এমনভাবে দেশে বেকার সমস্যা ও অন্যান্য সমস্যা বেড়ে চলছে, সেটা যে গভর্ণমেণ্ট জানেন না তা নয়। গভর্ণমেণ্টের প্রত্যেকটি পয়সা জনসাধারণের পয়সা; যাতে জনসাধারণের কল্যাণে তা ব্যয় হয় সে চেষ্টা আদৌ দেখি না। আমাদের মত দরিদ্র দেশে এত অধিক সংখ্যক সরকারী কর্ম্মচারী আর তার উপর বিপুল সংখ্যক মন্ত্রী পালন করবার জন্য যে বিরাট অর্থ ব্যয় করা হয় তা জোগাতে হয় জনসাধারণকেই। কাজেই আমরা আলোচনা করলে দেখি যে এই বাজেটে জনসাধারণের অর্থের সদ্ব্যবহার করার কোন লক্ষণ দেখা যায় না; একটা 'টপ্‌ হেভী এড্‌মিনিস্ট্রেশন' চালাবার জন্য এই বাজেট হয়েছে। এই বাজেটকে আমরা জনসাধারণের অর্থের অপচয়ের হিসাব ব'লে মনে করি।

Adjournment.

The House was adjourned at 7-5 p.m. till 3 p.m. on Friday, the 26th February, 1954, at the Assembly House, Calcutta.

ASSEMBLY PROCEEDINGS

Friday, the 26th February, 1954.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 26th February, 1954, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 184 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3 to 3-10 p.m.]

Revision of pay-scales in the Food Department.

***27. Sj. Biren Banerjee:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Food, Relief and Supplies (Food) Department be pleased to state if it is a fact that in 1950 West Bengal Government revised the scale of pay of the Government servants?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether this revised scale of pay has been applied in the case of each category of employees of the Food and Supplies Department; and

(*ii*) if not, the reason thereof?

(*c*) Will the Hon'ble Minister be pleased to state if it is a fact—

(*i*) that for identical posts there are different rates of pay in this department;

(*ii*) that two rates of pay for Lower Division clerks of Calcutta office are in force; and

(*iii*) that Inspectors, Sub-Inspectors and Head Clerks of this department are deprived from the benefit of 20 per cent. *ad interim* increment of pay which was sanctioned to other staff in the year 1947?

(*d*) If the answer to (*c*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what are the reasons therefor?

Minister-in-charge of the Food, Relief and Supplies (Food) Department (the Hon'ble Prafulla Chandra Sen): (a) and (c) (i) and (*ii*) Yes.

(*b*) The West Bengal Services (Revision of Pay) Rules, 1950, are applicable to the Secretariat staff of the Food and Supplies Department and not to employees of offices subordinate to it.

(*c*) (*iii*) *Ad interim* increase in pay is allowed to all but 20 per cent. to those who are in receipt of a time-scale of pay and 10 per cent. to those who are on fixed pay.

(*d*) Because of the nature of duties attached to the post.

Sj. Biren Banerjee:

এই যে "ডি" প্রশ্নের উত্তরে বলেছেন "because of the nature of duties attached to the post".

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, এই "নেচার অব ডিউটিজ"এর তারতম্যটা কি?

The Hon'ble Prafulla Chandra Sen: Some duties are more onerous, and some are less onerous; some posts are more responsible and others are less responsible, and there are other factors also.

Sj. Biren Banerjee:

এই যে "লোয়ার ডিভিসন ক্লার্ক" করা হয়েছে তার মধ্যে এই যে তারতম্য করা হয় সেটা কে করে?

The Hon'ble Prafulla Chandra Sen: These rules have been framed by the Finance Department.

Sj. Biren Banerjee:

সেই রুল থাকা সত্ত্বেও একই "ডিউটি" করার জন্য এই লোকে বিভিন্ন মাইনা পাচ্ছে এটা কি সত্যি?

The Hon'ble Prafulla Chandra Sen: Yes, in the Secretariat they get a little more pay than in the Directorate.

Repair of Gura-Sagardighi and Bilol-Nabagram Roads under the Contributory Village Road Scheme.

***28. Sj. Shyamapada Bhattacharjee:** Will the Hon'ble Minister-in-charge of the Works and Buildings Department be pleased to state—

(*a*) if it is a fact that the residents of Gura and Pasla villages in Nabagram police-station of the district of Murshidabad deposited one-third share of costs for improvement of communications between Sagardighi and Nabagram police-station;

(*b*) if so, whether this sum has been utilised or is lying with the Government; and

(*c*) whether Government has in contemplation any scheme for the improvement of the road?

Minister-in-charge of the Works and Buildings Department (the Hon'ble Khagendra Nath Das Gupta): (*a*) Before obtaining sanction of Government the President, Gurapasala Union Board, credited Rs. 2,067 as local contribution for (*i*) Gura-Sagardighi Road and (*ii*) Rs. 1,470 for Bilol-Nabagram Road which forms a part of Gura-Sagardighi Road. Full one-third share of the total estimated cost was not deposited for any of the roads.

(*b*) The money was in deposit with Government, but orders have since been issued for its refund.

(*c*) The roads could not be taken up for improvement under this Government's scheme for improvement of village communications by local enterprise as the conditions of the scheme were not fulfilled.

It is now being examined whether the roads can be improved under the Village Road Development Co-operative Scheme of the Government of India.

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Number of Industrial Disputes from January, 1948.

12. Dr. Ranendra Nath Sen: Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(*a*) the total number of Industrial disputes each year from January, 1948;

(*b*) the nature and particulars of those disputes;

(*c*) the number of disputes sent for Tribunal each year from 1948, stating the nature of those disputes;

(*d*) the reason for not sending the disputes, if any, for Tribunal;

(*e*) the number of cases disposed of by the Tribunal each year from 1948;

(*f*) the nature and particulars of the disputes disposed of by the Tribunal since 1948;

(*g*) the number of cases remaining pending with the Tribunal now;

(*h*) whether in all cases the Tribunal awards were implemented by the management; and

(*i*) if not, what steps the Government have taken in this respect?

Minister-in-charge of the Labour Department (the Hon'ble Kali Pada Mookerjee): (*a*), (*c*) and (*e*) A statement is laid on the Table.

(*b*) A statement is laid on the Table.

(*d*) Government examine each case on merit and refer for adjudication of all disputes based on genuine grievances.

(*f*) Does not arise in view of the statement laid on the Table.

(*g*) Up to 30th June, 1953—266 plus 27 applications under section 20 of Industrial Disputes (Appellate Tribunal) Act, 227 applications under section 33 and 178 applications under section 33A of the Industrial Disputes Act.

(*h*) and (*i*) Generally the awards of the Tribunal are implemented upon but in case of non-implementation the authorities are persuaded. And when persuasion fails prosecutions are launched against the offending parties under the Act. Altogether prosecutions have been launched in 34 cases from January, 1948 to June, 1953.

Statement referred to in reply to clauses (a), (c) and (e) of unstarred question No. 12.

Year.	Number of Industrial disputes.	Number of Disputes sent to Tribunal.	Applications under section 20 of Industrial Disputes (Appellate Tribunal) Act.	Number of cases disposed of by the Tribunal.	Applications under section 20 of Industrial Disputes (Appellate Tribunal) Act.
1948 ..	4,142	192 including 6 major Tribunals.	..	164 including 6 major Tribunals.	....
1949 ..	4,378	117 including 3 major Tribunals.	..	108 including 3 major Tribunals.	....
1950 ..	3,663	161 including 3 major Tribunals.	4	170 including 4 major Tribunals.	Four. Besides this, 28 applications under sections 33, 31 and 33A of the Industrial Disputes Act were also disposed of.
1951 ..	3,739	141	2	118 including 2 major Tribunals.	Two. Besides this, 932 applications under sections 33, 76 and 33A of the Industrial Disputes Act were also disposed of.
1952 ..	3,701	235	31	148	Six. Besides this, 1,046 applications under sections 33, 135 and 33A of the Industrial Disputes Act.
1953 (up to 30th June).	2,319	181	3	86	One. Besides this, 100 applications under sections 33, 58 and 33A of the Industrial Disputes Act were disposed of.

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 12.

1. Service conditions.

2. Appointment and transfer including appointment of ex-workers in future vacancies.

3 Pay and grade.

4. Termination of employment.

5. Allowances.

6. Abolition of contract system, sardari system, piece-rate system and weekly payment in lieu of monthly payment.

7. Bonus.

8. Retiral benefits and other benefits.

9. Leave and holidays.

10. Welfare arrangement.

11. Standing orders.

12. Involuntary unemployment benefits.

13. Nomenclature of the workmen.

14. Strikes and lock-outs.

Dr. Ranendra Nath Sen:

এখানে "ডি" প্রশ্নের জবাবে বলা হচ্ছে

"Government examine each case on merit and refer for adjudication of all disputes based on genuine grievances."

সেখানে এই যে

"examine each case on merit"

সে কি কি নীতি অবলম্বন-করে হয়?

The Hon'ble Kalipada Mookerjee: Generally on the recommendation of the Labour Commissioner.

Dr. Ranendra Nath Sen:

এই "লেবার কমিশনার"ই বা কিনীতির ভিত্তিতে করে থাকেন?

The Hon'ble Kalipada Mookerjee: Merit is the only criterion.

Dr. Ranendra Nath Sen:

এই "মেরিট"এর মানে বুঝিতে চাই।

Mr. Speaker:

মানে বুঝবার কিছু নাই, "ফ্যাক্টস" চান।

Dr. Ranendra Nath Sen:

এই যে "(জি) কোশ্চেন"এর জবাবে বলা হয়েছে "আপ টু থারটিয়েথ জুন ১৯৫৩" "২৬৬"টা "কেস পেনডিং" রয়েছে—আমার এখন প্রশ্ন হচ্ছে, আমরা জানি যে "জজ"এর সংখ্যা কম, এখন "গভর্ণমেণ্ট" কি এই "জজ"দের সংখ্যা বাড়াবার জন্য চিন্তা করছেন?

The Hon'ble Kalipada Mookerjee:

তার জন্য আর একজন জজ নিযুক্ত করা হয়েছে।

Dr. Ranendra Nath Sen:

"কোশ্চেন (এইচ) এণ্ড (আই)"তে যে জবাব দিয়েছেন তার "লাষ্ট সেনটেন্স"এ আছে

"altogether prosecutions have been launched in 34 cases",

এই

"34 cases out of how many cases of violation of particular sections."

অর্থাৎ মোট কতগুলি "কেস"এর মধ্যে।

The Hon'ble Kalipada Mookerjee:

আপনি যদি "ডিটেল্ড ইনফরমেশন" চান তাহলে আমাকে "নোটিশ" দিতে হবে।

District-wise production of "aman" and "aus" rice in the State.

13. Sj. Saroj Roy: Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state what is the production of rice in West Bengal in 1952, district by district, showing separately the production of *aman* and *aus*.

Minister-in-charge of the Agriculture Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed): A statement is laid on the Table.

Statement referred to in reply to unstarred Question No. 13.

District.	Autumn rice (*aus*).			Winter rice (*aman*).		
	Area in acres (000).	Yield rate per acre in maunds (cleaned rice).	Total yield in maunds (000) (cleaned rice).	Area in acres (000).	Yield rate per acre in maunds.	Total yield in maunds (000).
(1) 24-Parganas ..	86·2	9·53	821·5	1,400·0	8·41	11,774·0
(2) Nadia ..	206·9	9·80	2,027·6	197·1	7·40	1,458·0
(3) Murshidabad ..	224·4	8·52	1,911·9	486·7	10·41	5,066·5
(4) Burdwan ..	59·5	11·55	687·2	1,047·8	11·76	12,322·1
(5) Birbhum ..	74·5	14·76	1,099·6	720·7	13·25	9,545·3
(6) Bankura ..	145·9	8·33	1,215·3	736·7	12·06	8,884·6
(7) Midnapore ..	128·4	8·16	1,047·7	1,983·7	10·60	21,027·2
(8) Hooghly ..	18·6	10·57	196·6	435·3	12·61	5,489·1
(9) Howrah ..	2·3	12·51	28·8	240·0	12·37	2,968·8
(10) Jalpaiguri ..	44·4	8·19	363·6	398·8	11·74	4,681·9
(11) Darjeeling ..	1·7	4·07	6·9	68·8	14·51	1,002·5
(12) Malda ..	137·0	9·60	1,315·2	263·8	10·19	2,688·1
(13) West Dinajpur ..	95·7	6·45	617·3	517·6	10·07	5,212·2
(14) Cooch Behar ..	131·3	6·32	829·8	304·6	8·96	2,729·2
Total West Bengal ..	1,356·8	8·97	12,169·0	8,801·6	10·78	94,853·5

Sj. Saroj Roy:

আমার এই প্রশ্নটা পাঁচ মাস আগে দেওয়া হয়েছিল কিন্তু উত্তর দিতে এত দেরী হ'ল কেন, বলবেন কি?

Mr. Speaker: That is not a supplementary question. You can enquire about that from the office.

Sj. Saroj Roy:

আপনি যে মেদিনীপুর জেলায় "পার একর" আউস ও আমন ধানের হিসাব দিয়েছেন কিন্তু গ্রামাঞ্চলের হিসাবে দেখতে পাওয়া যায় যে কম হয়েছে, তাই আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি এই হিসাব তিনি কোথা থেকে পেয়েছেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

"ষ্টেট ষ্ট্যাটিসটিক্যাল বুরো" থেকে পাওয়া গিয়েছে এবং আমার মতে এটা সত্য।

Sj. Saroj Roy:

আপনাদের "ষ্টেট ষ্ট্যাটিসটিক্যাল বুরো"র হিসাবে এবং আমাদের গ্রামাঞ্চলের হিসাবে এত তারতম্য হয় কেন?

Mr. Speaker: That is also not a supplementary question. That is a matter of opinion.

Delay in answering questions.

Sj. Biren Banerjee: On a point of privilege, Sir,

আমাদের যে সব প্রশ্ন দেওয়া হয়েছিল তার এ পর্য্যন্ত জবাব দেওয়া হয়নি। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনাকে দেখাতে পারি যে ১৯৫২ সালে যে প্রশ্ন দেওয়া হয়েছিল, সেই "আনষ্টারড" প্রশ্নের "লিষ্ট" থেকে দেখা যায় যে প্রায় ৪০০ প্রশ্ন "হেল্ড আপ" হয়ে রয়েছে। আমার বক্তব্য হচ্ছে আমরা যে সকল "সর্ট নোটিশ" প্রশ্ন করি সেই সমস্ত প্রশ্নের উত্তর যদি এত দেরী করে দেওয়া হয়, তাহলে সেই প্রশ্নের কোন মাধুর্য্য থাকে না।

Mr. Speaker: That has been asked several times and answered.

Sj. Biren Banerjee:

অতএব আমার বক্তব্য হচ্ছে যে আপনি এদিকে একটু নজর দেবেন

Sj. Debendra Chandra Dey: He will get questions in large numbers from tomorrow.

Sj. Biren Banerjee:

"চিফ হুইপ"কে আমি জিজ্ঞাসা করেছিলাম, তিনি বলেছিলেন যে দু'দিন পরে প্রশ্নোত্তর বেশী করে দেওয়া হবে। কিন্তু দু'দিনের জায়গায় পাঁচদিন হতে চললো—সেই জন্যই একথা বলতে বাধ্য হলাম।

Mr. Speaker: During the general discussion of the budget I also asked not to take up too many questions.

Message.

Secretary to the Assembly (Sj. A. R. Mukherjea): The following message has been received from the West Bengal Legislative Council, namely,—

"that the West Bengal Legislative Council at its meeting held on the 23rd February, 1954, agreed to the West Bengal Requisition Land (Continuance of Powers) (Amendment) Bill, 1954, the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1954, and the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1954, without any amendments."

General Discussion of the Budget.

[3-10—3-20 p.m.]

Sj. Haripada Chatterjee:

মাননীয় স্পীকার মহোদয়, আবার সেই মামুলী বাজেট এসেছে। পশ্চিম বাংলা আজ বাস্তুহারা, গৃহহীন বেকার লোকে ভরা। সহস্র সহস্র লোক দ'বেলা দু'মুটো ভাত পায় না। কি সহরে কি গ্রামে রাস্তাঘাটে দলে দলে ভিখারী—এদের ভীড়ে পথ চলা যায় না। দেশের নদীনালা সব মজে গিয়েছে। সহরে আবর্জনা। গ্রামে ময়লা, পাঁক কাদা, জঙ্গল। এ বাজেট নিরন্ন লোকের বাজেট নয়, এ বাজেট কতিপয় "ভি, আই, পি"দের যাঁরা কায়েমী স্বার্থের সঙ্গে হাত মিলিয়ে গণতন্ত্রকে গলা টিপে মারবার জন্য কোমর বেঁধেছেন।

ইংরাজ চলে যাবার পর সকলেই আশা করেছিল শাসন-ব্যবস্থার আমূল পরিবর্তন হবে। বেতনভুক কর্মচারীরা জনসাধারণের সত্যিকার ভৃত্য হয়ে সেবা করবেন। উপরভারী শাসন-ব্যবস্থা দূরীভূত হবে। সে আশা যে আজ কত বড় দুরাশা তা সকলেই বুঝেছেন। "ভি, আই, পি,"রা গদী-আসীন হয়ে দরিদ্র দেশবাসীকে আরও শোষণ করছেন। তাঁরা একটা কায়েমী শ্রেণী হয়েছেন—তাঁদের সুখ-সুবিধা বজায় রাখার জন্য সেই পুরাতন মাথামোটা শাসন-ব্যবস্থা, পুলিসি-ব্যবস্থা আরও মাথামোটা করে সুদৃঢ় ব্যবস্থা করবার প্রয়াস পাচেছন। মিথ্যা ষ্ট্যাটিসটিকের বুলি আউড়ে দেশের অভাব অভিযোগ দুঃখকে উড়িয়ে দিতে চান। তাঁরা যদি সত্যিই একবার দেশের দিকে চোখ মেলে চান তাহলেই দেশের প্রকৃত অবস্থা বুঝতে পারবেন।

সরকার তো একেবারে দেউলিয়া। মন্ত্রীরা "ওপেনিং ব্যালেন্স" ক্রমশঃ নিঃশেষ করেছেন। এবারকার যৎসামান্য ১১ লক্ষ টাকা খেয়ে ফেলে বৎসরের শেষে ঘাটতি ফেলবেন ১২ কোটি ৩২ লক্ষ টাকা। ১৯৪৭-৪৮ জানুয়ারী মাসে ভদ্রলোকেরা মন্ত্রীত্ব গ্রহণ করেন। ঐ সময় ৩১শে মার্চ দেনা ছিল ৩ কোটি ৪৯ লক্ষ।

(vide Statement 48, Budgetary Position of Part A States. Reserve Bank of India Report on Currency and Finance for the Year 1949-50.)

সেটা দাঁড়াবে ১০৯ কোটি ১৯ লক্ষ টাকা। সব দেনার সুদের হার কত তা জানি না, তবে ৯৭ কোটি ৮৪ লক্ষ টাকা যা ইউনিয়ন গভর্ণমেণ্টের কাছে ধার নিচেছন তার সুদ শতকরা ৪$\frac{১}{৪}$ টাকা। ১৯৫৪-৫৫ বাজেটে বরাদ্দ সুদ দিতে হবে ২ কোটি ৭৮ লক্ষ ৬২ হাজার টাকা বলে ধরা হয়েছে। এ দেনা শোধ দেবে কে? ওদের দিতে হবে না বলেই কি এই অমিতব্যয়িতা?

গত যুদ্ধের সময় ভারতবর্ষ চরম শোষিত হয়েছিল। তার জন্য দরিদ্রের শোষিত রক্তস্বরূপ যে ষ্টার্লিং ব্যালেন্স বিলেতে জমেছিল তাই ভেঙ্গে ভারত সরকার জৌলস করেছেন আর তাঁদের কাছে হাত পেতে ধার নিয়ে আমাদের এরা নবাবী করেছেন।

প্রধান মন্ত্রী জুট ডিউটি ও ইনকাম ট্যাক্সের ন্যায্য ভাগ পান না বলে আজ কান্নাকাটি করেছেন।

১৯৪৮ সালের তদানীন্তন অর্থসচিব নলিনীরঞ্জন সরকার ন্যায্য দাবী তুলেছিলেন। এখানে তাঁর বাজেট বক্তৃতা রয়েছে। কাঁচা পাট ও উৎপন্ন পাটজাত দ্রব্যের উপর যে ডিউটি পাওয়া যায় "স্যার অটো নিয়েমার এওয়ার্ড" অনুযায়ী তার ৬২$\frac{১}{২}$ "পার সেন্ট"

ন্যায্য অংশ ও আয়করের ২০ "পার সেণ্ট" দাবী করেছিলেন। আমাদের ন্যায্য প্রাপ্য বহু টাকা কেন্দ্রীয় সরকার আমাদের দেন নি।

জুট ডিউটি বাবদ দেশমুখ "এওয়ার্ড"এর পর আমরা "গ্রাণ্ট-ইন-এড" সহ মাত্র ১$\frac{১}{২}$ কোটী টাকা করে বৎসরে পাই। কি পরিমাণ ঠকছি একবার দেখুন।

Explanatory Memorandum on the Budget of the Central Government for 1953-54.

থেকে বলছি। ১৯৫১-৫২, ৫২-৫৩, ৫৩-৫৪ মোট জুট ডিউটি হয় যথাক্রমে ৫৯.৩৩, ২০ ও ১৮ কোটি টাকা এর ৬২$\frac{১}{২}$ "পার সেণ্ট" হয় প্রায় ৪০, ১৩.৫ ও ১২ কোটি টাকা। বিহার, আসাম ও উড়িষ্যায় কাঁচা পাট পশ্চিম বঙ্গের তুলনায় নগন্য। পাটজাত দ্রব্য পশ্চিম বাংলার এক চেটে অতএব সমস্ত টাকাই প্রায় আমাদের প্রাপ্য ছিল। সেই জায়গায় লক্ষ্মী-ছেলের মত ১।।০ কোটি টাকা নিয়েই আমাদের প্রধানমন্ত্রী ক্ষান্ত দিয়েছেন।

১৯৫৩-৫৪ সালে আয়কর বাবদ অংশ ১৩.৫ শতকরা ধরে আমরা পেয়েছি ৬ কোটি ৬৬ লক্ষ অথচ "স্যার অটো নিমিয়ার"এর "এওয়ার্ড" অনুযায়ী শতকরা ২০ ধরলে আমাদের প্রাপ্য ছিল ৯ কোটি ৮৬ লক্ষ টাকা।

দেখা যাচ্ছে আমাদের যাঁদরেল জবরদস্ত প্রধান-মন্ত্রী দরবারে স্থান পাননি। তিনি পণ্ডিত জহরলালের পিতার বন্ধু। জহরলালকে ধমক দিয়ে কথা বলবার অধিকার রাখেন, তুমি আমি করেন। কিন্তু দরবারে কল্কে পান নি।

দরবারে না পেয়ে ঠাঁই
ঘরে এসে----কিলোই।

থাক আর বলবো না। (হাস্য)

চিরকুমার, ব্রহ্মচারী, ঘরে গিন্নির বালাই নাই। তাই যত দাপট যত হিটলারী আমাদের উপর। বেচারী সুবোধ ব্যানার্জি সে দিন হারনিয়া অপারেশন করেছে, তাঁর অহিংস পুলিসের গুতোয় শুনছি তল পেটের ব্যথায় অস্থির। শিক্ষক ধর্মঘট করে মিটে গেল তবুও এখনও জেলে পচবে। আমাদের হাস্য-রসিক দাশরথি ভাই তারও সেই দশা। চট্টগ্রাম অস্ত্রাগার আন্দোলনের বীর অম্বিকা চক্রবর্তী একটা "লাঙ্গল" যার কোসাম্প করান, শুনছি অহিংস পুলিসি গুতোয় বুকের যন্ত্রনায় অস্থির, তারও সেই দশা। ডাঃ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় তাঁর তো এইবার নিয়ে স্বাধীনতার পর ৫বার কারাবরণ। ধন্য স্বাধীনতা। আর ধন্য আমাদের প্রধানমন্ত্রী।

দিল্লীর দরবারে না পেয়ে ঠাঁই
ঘরে এসে আমাদের কিলোই। (হাস্য)

[3-20—3-30 p.m.]

যেভাবে এরা গভর্ণমেণ্ট চালাচ্ছেন তাতে দেশ দেউলিয়া হবার উপক্রম হচ্ছে। এরা দেনা করে চলেছেন কিন্তু এই দেনা শোধ করবে কে? ওদের দিতে হবে না বলেই কি এত অমিতব্যয়িতা? অথচ নবাবী কি দেখুন যাদের কান পর্য্যন্ত দেনায় ডোবা তার নবাবী শোভা পায় না। ব্যয় বাহুল্যের নমুনা দেখুন আমাদের লাইব্রেরীতে এবৎসরের কোন প্রদেশের বাজেট এখনও আসেনি। এবৎসরের বিহারের বাজেট এখনও পাইনি। যা পেয়েছি তার সঙ্গেই তুলনা দেই। বিহারের আয়তন আমাদের আড়াই গুণ। লোক সংখ্যা দেড় গুণ। লাটের খরচ বিহারে ৩,৪২,০০০ হাজার আর আমাদের ৫,৫৫,০০০ হাজার—এটা বরাদ্দ করা হয়েছে কিন্তু আসলে কত হয় কে জানে? যদিও লাটসাহেবের বেতন ৬ হাজার বছরে তথাপি তার ঠাট বজায় রাখতেই দরিদ্র জন-সাধারণের জীবন শেষ। "ব্লু বুক", ১৭৫ পাতা তারপর "ব্লু বুক", ১৮০ পাতায় "সাম্পচুয়ারী এলাউয়েন্স"—বিহারের লাট যেখানে নেন ১০ হাজার সেখানে আমাদের দানসাগর নেন ২২,৪০০ টাকা। বাড়ীর "ফারনিসিং" বজায় রাখার খরচ—বিহার ১৯ হাজার, আমাদের ৪২,৫০০ (ব্লু বুক, ১৮২ পাতা)। "ফার্নিচার এণ্ড কারপেটস" ৯ হাজার। "কারটেন্স্ এণ্ড কভারস" ৬ হাজার—"আদার ইকুইপমেণ্টস"--দশ হাজার। "রিনিউয়ালস অব ফার্নিচার এণ্ড কারপেটস"--১৭,৫০০। "টোটাল" মোট ৪২,৫০০। তারপর "এণ্টারটেনমেণ্ট এলাউয়েন্স" আমাদের লাটের পাঁচ হাজার--"মোটর কার" ও ভৃত্যদের খরচ--বিহার লাটের ৩১,০০০ আমাদের ১,৩৩,০০০ "ব্লু বুক, ১৮৪"। আমাদের লাটের "টুর" বাবদ বরাদ্দ হয়েছে--"টুর এক্সপেনসেস" --৫৪,০০০ টাকা। এর মধ্যে "রেলওয়ে সেলুন" বজায় রাখার খরচ--৮ হাজার, ১৯৫২-৫৩ সালে এই বাবদ বাজেট হয়েছিল ৮,০০০৲ "রিভাইসড" বাজেট ৮ হাজার কিন্তু "একচুয়াল" হল ৩২,৮২৯৲ "ব্লু বুক", ১৮৫--বাজেট থেকে চার গুণেরও বেশী। সুতরাং বাজেটের কেরামতি আছে। "রিএপ্রোপ্রিয়েসন" করে টাকাটা নেওয়া হয়েছে। ১৯৫২-৫৩ সালে "টুর এক্সপেনসেস" এর বাজেট

[*Sj. Haripada Chatterjee.*]

ছিল ৫৪,০০০ টাকা, "রিভাইসড" বাজেটে হল--৭৯,০০০ টাকা, আর "একচুয়াল" হল--৯০,৮৩৯ টাকা। ১৯৫৪-৫৫ সালে "একচুয়াল" কি হয় কে জানে? যে লাট-সাহেবের কোন ক্ষমতা নেই—যিনি "কনষ্টিটিউস্যানাল" ষাঁড়ের গোবর, তার নবাবীতে দরিদ্র দেশের এত অর্থব্যয় হবে কেন?

এবার মন্ত্রীদের ধরা যাক ("ব্লু বুক, ১৬৭") ১৯৪৮-৪৯ সালে মন্ত্রীদের বাবদ মোট খরচ হয়েছিল ৩,৮৬,০০০ টাকা। ১৯৫২-৫৩তে বেড়ে হল ৮,৩৬,৬৩৫ আর এবার ১৯৫৪-৫৫ সালে বরাদ্দ হল ১০ লক্ষ ৬৩ হাজার। তারপর "পে অব অফিসারস" এবং আনুষাঙ্গিকদের কেবল বেতন ১৯৪৮-৪৯ সালে ছিল ২,০০,৪০০ এবার ১৯৫৪-৫৫তে হল ৪,৩৭,৫০০, ১৯৪৮-৪৯ সালে কেবল মন্ত্রীদের বেতন ছিল ১,০৮,০০০ এবার ১৯৫৪-৫৫ সালে কেবল মন্ত্রীদের বেতন ৩,১৭,৫০০। ("ব্লু বুক, ১৮৬") ১৯৪৮-৪৯ সালে মন্ত্রীদের "টি, এ", ছিল ৫০,০০০ হাজার। এবার ১৯৫৪-৫৫তে বেড়ে হয়েছে ২,৫০,০০০ হাজার তারপর ১৯৪৮-৪৯ সালে মন্ত্রীদের "হাউস রেণ্ট" এবং "আদার এলাউয়েন্সেস্" ছিল ৭৫,০০০ এবার ১,৫২,০০০—খরচ ক্রমশ: বেড়েই চলেছে অথচ যত টাকার অভাব কেবল গরীব শিক্ষকদের বেলায়। কিন্তু এত করেও মন্ত্রীদের খাই মিটছে না। তারা চরম বেআইনি কাজ করেন যা চুরির সামিল।

স্যার, আমি এখানে একটু পড়ে শুনাই।

(page 15, paragraph 20, Appropriation Accounts, 1950-51, Audit Report, 1952.)

"Residential ammommodation provided for Ministers at concessional rates of rent under Government orders. Two of the Ministers were paying in accordance with orders issued by Government, rent for residences provided for them by Government at 10 per cent. of their salary, on the analogy of what is charged to Government servants occupying Government quarters. Neither the Ministers' Emoluments Act (West Bengal Act IX of 1948) nor any other Acts of the Legislature provided for the grant of such benefit. The actual rent recovered from the Ministers as against the standard rent recoverable from non-entitled persons or the monthly compensation paid by Government in respect of the requisitioned buildings is shown in the statement below."

সবটা না পড়ে সংক্ষেপে বলি। যেখানে সরকার দিয়েছেন ১লা ডিসেম্বর ১৯৪৯ থেকে ২রা জুলাই ১৯৫০ পর্য্যন্ত মাসিক ২৫০৲ করে সেখানে মন্ত্রীরা সেই বাড়ী বাবদ দিয়েছেন মাসিক মাত্র ৬৭৷৷০ করে। তারপর ৩১শে মার্চ ১৯৪৯ হতে ২৪শে মে ১৯৫০ পর্য্যন্ত। নভেম্বর ১৯৪৯ পর্য্যন্ত মন্ত্রীরা দিলেন মাসিক ৭৫৲ এবং তারপর থেকে মাসিক ৬৭৷৷০ করে অথচ সরকারকে ঐ বাড়ীর জন্যেই মাসিক ৬৬৮৲ করে দিতে হয়েছে।

৩রা জুলাই ১৯৫০ থেকে ২৮শে মার্চ ১৯৫২ পর্য্যন্ত মন্ত্রীরা দিয়েছেন যে বাড়ীর জন্য মাসিক ৬৭৷৷০ করে সরকার দিয়েছেন সেই বাড়ীর জন্য ৩৬০৲ করে মাসিক। ২৫শে মে ১৯৫০ থেকে ৩০শে জুন ১৯৫২ পর্য্যন্ত মন্ত্রীরা যে বাড়ীর জন্য মাসিক ৬৭৷৷০ করে দিয়েছেন, সরকার সেই বাড়ীর জন্য দিয়েছেন মাসিক ৭৯৫৶০ করে। তারপর,

"On one of the residences, which is a requisitioned house, repairs (including original works) and plumbing work (over Rs. 5,000), as also electric installation (over Rs. 4,000) were done at Government cost but a sum of about Rs. 1,550 only plus 16 per cent. departmental charges was proposed for recovery from the landlord."

দেশের লোককে ফাঁকি দেবার জন্য শিক্ষাখাতে খরচ বাড়িয়ে দেখাবার চেষ্টা হয়েছে। ধরা হয়েছে ৬,৫৯,৪৯,০০০ অর্থাৎ মোট আয়ের শতকরা ১৬.৫ কিন্তু হিসাবে ফাঁকি আছে। ("ব্লু বুক, ৩৩৬)" এই খরচে "মিসসেলেনিয়াস" (১,৮৩,৯১,৭০০) এবং "ডেভেলপমেণ্ট স্কীম্স" (১,১৯,৩১,০০০) যুক্ত আছে—এই দুটোর সমষ্টি দাঁড়ায় ৩,০৩,২২,৭০০। মোট খরচ থেকে এই অঙ্ক বাদ দিলে দাঁড়ায় ৩,৫৬,২৬,৩০০—কিঞ্চিদধিক এইটাই প্রকৃত শিক্ষাখাতে ব্যয় দাঁড়ায়। "মিসসেলেনিয়াস"এর মধ্যে "নেসানাল কেডেট কোরস" বাবদ খরচ ১৬,৫৮,০০০ আছে ("ব্লু বুক, ৩৬৯")।

"Expansion of Education and welfare services to relieve sanctioned unemployment."

১,৫৬,৯৮,০০০এর মধ্যে আবার ভারত সরকারের দেয়—বেকারী দূর করার জন্য ১,০৯,৪১,০০০ আছে (১৯ পাতা--"ষ্টেটমেণ্ট সোইং ডেভেলপমেণ্ট স্কীমস")।

Development Schemes (Blue Book, 376)—

এর ৭ নম্বর

item—Increasing emoluments of Primary School teachers

৫৭,০০,০০০ এটা "ব্লু বুক"এর ৩৩২ পাতায় "প্রাইমারী স্কুলস"এর মধ্যে যাওয়া উচিত। তারপর "ট্রেনড ম্যাট্রিক"এ ১৬ টাকার স্থানে এখন ৪০৲ টাকা দেওয়া হচ্ছে কিন্তু "কষ্ট অব লিভিং" অনুসারে হওয়া উচিৎ ছিল ৬৪ টাকা। সুতরাং যে টাকাটা প্রাথমিক শিক্ষকদের মাহিনা বাবদ বাড়ান হয়েছে তা উপযুক্ত হয়নি আরও বেশী ঐ বাবদ বাড়ান উচিত ছিল। ঐ টাকা শিক্ষাখাতে বর্ধিত ব্যয়ের মধ্যে দেখান যায় না।

"হোম ডিপার্টমেণ্ট ট্রান্সপোর্ট ব্রাঞ্চ"এ বাজেট খরচ—৪,৯০,৫০০ টাকা ("ব্লু বুক, ২০৪"), কিরকম বেআইনী ব্যাপার হয় তার নমুনা দেই--

(Page 16, paragraph 21, Appropriation Accounts, 1950-51, Audit Report, 1952)

"Irregular use of motor vehicles—A comparison of the record of the use of Food Department motor vehicles by two Parliamentary Secretaries with their travelling allowance bills for the period from June, 1948 to July, 1949, showed vehicles having been supplied for their use in Calcutta on seven occasions when the Secretaries were, as per details given in their Travelling Allowance bills, away from that place. No explanation for the discrepancies has been forthcoming in spite of repeated reminders issued by audit."

[3-30—3-40 p.m.]

এই ক্যাপিটরা কি সব কুকার্য্য করছেন আমি তার দু চারটে উদাহরণ দিচ্ছি। একটা সার্কুলার নোটার ইস্যু করেছেন মিঃ জে এম তালুকদার, আই সি এস্ ইনি হচ্ছেন আমাদের ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্টের একজন সেক্রেটারী। সেই চিঠিটা আমি পড়ছি, শুনুন। সরকারী সকল দপ্তরে এই সার্কুলার গিয়েছে। সরকারী কাজে তাঁরা গাড়ী পাবেন না।

"The undersigned is directed to say that due to shortage of vehicles no fresh allotment of pooled cars except those permanently allocated to Ministers will be made from the 16th instant until the end of the Kalyani Congress session".

আপনি যদি চান কটো ওটাই দিতে পারি, এবং কল্যাণী কংগ্রেসে সেই সব গাড়ী খাটানো হয়েছে।

(Sj. HEMANTA KUMAR GHOSAL: লজ্জার কথা।) ওদের লজ্জার বালাই নাই॥

সভাপাল মহাশয়, এখন হোম ডিপার্টমেণ্টের একটা ব্রাঞ্চ পাব্লিসিটি ডিপার্টমেণ্টে আসুন। এখানে আমাকে বই খুলতে হচ্ছে—এই যে এই বইয়ের ২০৮ পাতায় মন্ত্রীদের ছবি ছাপানো অনুগতজনকে অর্থ পাইয়ে দেওয়া, ভোজ ইত্যাদির খরচ ২২ লক্ষ ৯৪ হাজার টাকা আমাদের দিতে হবে। এর মধ্যে দুর্নীতির নমুনা শুনুন—এখানে যা আছে আইটেম বাই আইটেম পড়ে শোনাচ্ছি—ষ্টেট হস্পিটালিটি--২৩,০০০ টাকা, পারচেজ অফ ফিল্মস—১ লক্ষ টাকা, পারচেজ এণ্ড মেণ্টেনেন্স অফ মোটর ভিহিকলস—১ লক্ষ ১৯ হাজার টাকা। ওরা যত রকমের খানাপিনা করবেন আর গাড়ী চড়ে চড়ে বেড়াবেন তার জন্য আমাদের খরচ দিতে হবে--

Mr. Speaker:

এগুলো থাক, কাটমোসনে বলবেন।

Mr. Chatterjee when the particular Minister concerned moves for the Grant under that head, you can raise that objection. But you may not go through all those details at this stage, since it is now a discussion about the general financial policy—about the principle of the budget.

Sj. Haripada Chatterjee: Please wait and see what I am saying. I am talking about their policy on which I am entitled to speak in the general discussion of the budget.

শুনুন, হোম ডিপার্টমেণ্টের পাব্লিসিটি ব্রাঞ্চে অপব্যয় ও দুর্নীতির আর একটা নমুনা শুনুন—পাতা ১৪, প্যারাস্ ১৮-১৯, অডিটার-জেনারেলের রিপোর্ট থেকে পড়ছি—

"Irregularities in connection with expenditure incurred on public reception to some high personages.—In connection with three public meetings held on the Calcutta Maidan on the 14th January, 1949, 14th July, 1949, and the 15th

[Sj. Haripada Chatterjee.]

January, 1950 and addressed by some high personages, a certain firm had been entrusted by Government with the task of making arrangements for the installation of loud-speakers. The same firm had been given the contract on each occasion, and no tenders called for. The firm was paid widely varying amounts, namely, Rs. 7,728, Rs. 9,478 and Rs. 5,764 respectively for these different meetings although the site, the area covered, and the scale of arrangements were identical on all the three occasions.

The following further irregularities were noticed:—

(1) Certain equipments were supplied and billed for by the firm in excess of the quantities indented for. Even so, the claims were admitted and paid in full.

(2) On each occasion the firm was paid considerable amounts by way of railway and air fares, taxi hire and wages of its engineers and assistants, although there was no such stipulation in the contract.

(3) With regard to the claims on account of railway fares, wages, etc., there was wide divergence between the rates charged on different occasions.

(4) In several cases the expenditure could not be supported by original payee's receipts, while in a few other cases, the expenditure could not be supported by any documents whatsoever."

তারপরে অপব্যয়ের আর একটা নমুনা শুনুন—কিরকম ভাবে পার্টি অরগানিজেশনকে হেল্প করার জন্য টাকা—এই গরীব দেশের টাকা—কিভাবে খরচ করা হচ্ছে,—

"Expenditure on behalf of certain political organisation—The printing of certain handbills in Bengali and Hindi which were considered essential by Government to counter the anti-social activities of a certain political party was entrusted to another political organisation which brought them out in its own name. The cost of printing, which was done at a private press, amounted to Rs. 3,140 and it was treated as an item of public expenditure. It has been stated by Government that this was done in the public interest. The method adopted was novel and unusual and it is felt that it would be wrong in principle to meet out of public revenue the cost of propaganda done by a political party in its own name."

এই সব "রিমার্ক" করেছেন কণ্ট্রোলার-জেনারেল অব ইণ্ডিয়া। এখন বুঝুন ব্যাপার। অপব্যয়ের নমুনা আরও দু একটি দিচ্ছি—ওরা জমিদারী কিনেছেন—সে জমিদারী কি রকমে কিনেছেন তাও বলি—

Appropriation Accounts, 1950-51, Audit Report, 1952, page 13, paragraph 16.—

"Purchase of a zemindari estate.—The price was fixed by Government at 30 times the estimated net income of the estate. This rate is substantially higher than the rates laid down in the Executive Instructions issued by Government under the Land Acquisition Act for the capitalisation of the net annual profits of landholders. The higher rates were said to have been fixed in view of the great potentialities of the development of the area. From the papers made available for inspection it did not appear, however, that at the time of acquiring the estate there was any definite scheme or proposal for the development of the area which made it incumbent on Government to buy out the landlord."

তাড়াতাড়ি সব বলতে হবে ত, আমি সব বাদ দিয়ে পড়ছি, এ সবের জন্য তিন লক্ষ টাকা দিয়েছেন এর দর ১ লক্ষ টাকার বেশী হওয়া উচিত নয়। ওদের অডিটর-জেনারেল এই রকম রিমার্ক দিয়েছেন।

তারপর ওয়েষ্টফুল এক্সপেণ্ডিচার অন এরোপ্লেন—স্যার, এরোপ্লেন কিনবেন, ২০০৲ টাকায় পাওয়া যায়। (হাস্য।)

"পেজ ১৬, প্যারা ২৩"--চার খানা এরোপ্লেন তার মেনটেনেন্স কষ্ট কত লেগেছে! ৭৪,১২৪৲ টাকা। সুপারভিসন কষ্ট ১,১৪,৮৬৫৲, সব সমেত ১,৮৮,৯৮৯৲ টাকা। কাণ্ডটা যা করেছেন তা বলবার কথা নয়, একেবারে পুকুর চুরি!! ডাঃ রায়ের কার্যের সঙ্গে যোগাযোগ আছে কিনা জানিনা। তাদের দেবার জন্যই টেণ্ডার পর্য্যন্ত নেয়া হয় নাই। এ, জি যখন বল্লেন টেণ্ডার কেন নেয়া হয় নাই, তখন আর একটা কোম্পানীর টেণ্ডার নেয়া হল, তাদের "রেট" অনেক কম ছিল, কিন্তু তবুও সে কোম্পানীকে দেয়া হল না। বর্তমান কোম্পানী কিছু কম দরে নিতে চাওয়ায় তাঁদেরই দেওয়া হল। এ, জি বলেছেন,

"Even so the rate remained higher than the quotation obtained."

পেট্রোলের ব্যাপারে কি করেছেন, এরোপ্লেন না উড়লেও তারজন্য তেল খরচ ঠিকই আছে। আর কি রকম ব্যয় হয়েছে শুনুন,

"Petrol was shown to have been supplied even on certain dates on which the planes had performed no flights. The quantity of fuel thus paid for worked up to 2,432 gallons of petrol and 85 gallons of oil".

(At this stage the red light was shown.)

(Sj. DEBENDRA CHANDRA DE: লাল বাতি জ্বলো যে, বসুন।)

(Noise and interruption)

তারপরে এরোপ্লেন যে বিক্রয় হ'লো তার দামের কিছুই হ'ল না।

"Three planes, namely, the "Dominie" and the two planes from Cooch Behar have been sold away for a total sum of Rs. 6,206 only. . . The plane "Dominie", whose book value was Rs. 25,000 was sold for Rs. 1,005. . ."

Mr. Speaker: You have wasted fifteen minutes of time by absolutely irrelevant speech. I am not going to give you any more time.

[3-40—3-50 p.m.]

Sj. Haripada Chatterjee:

বাজেটের সাধারণ আলোচনায় মন্ত্রীদের দুর্নীতির কথা বলা অত্যন্ত "রেলিভ্যান্ট"। বরাবর আমরা এরূপ করে এসেছি। মন্ত্রীরা বাজেট পেশ করে টাকা নিয়ে চলে যাবেন আর তাঁদের দুর্নীতি সম্বন্ধে "অডিটর-জেনারেল অব ইণ্ডিয়া" যে "রীমার্ক" দিয়েছেন তা বলতে পাব না? এ যদি হয় তাহলে আমি "রিজাইন" দিয়ে চলে যাবো। "ইফ ইট ইজ সো"--তাহলে "ক্যাবিনেট"এর চরম হবে। আমি ১৭ বছর এখানে আছি আমি কোন দিন "ইরেলিভেন্ট" বলেছি? কোন স্পীকার এরূপ আমায় বলেছেন? আপনি যদি একথা বলেন তাহলে আমি "রিজাইন" দিয়ে এখান থেকে চলে যাবো। আমার বলবার এইটুকু "রাইট" যদি না থাকে তাহ'লে,

I won't remain here. It is no idle threat. If you feel it is waste of time, I won't waste your time.

আচ্ছা শুনুন—

"The plane 'Domine' whose book value was Rs. 25,000 was sold for Rs. 1,005 on the 9th December, 1950. The plane, 'Proctor' was sold for Rs. 200 on the 17th January 1951......

Mr. Speaker: You imagine there are four days but there are large number of other speakers too. I cannot deprive other members of their right to please you.

Sj. Haripada Chatterjee:

আমার পার্টি কালকে মাত্র ১০ মিনিট বলেছিল। আমাদের আর একজনের বলার কথা ছিল আমাদের পার্টির বরাদ্দ সময় থাকতেও আপনি তাকে বলতে দেন নি।

Mr. Speaker: Let me know definitely whether your party members will forego their time.

Sj. Natendra Nath Das:

আমরা দেবো স্যার।

Mr. Speaker: Very well, I will cut it out from your time.

Sj. Haripada Chatterjee:

স্যার, আমায় যখন বেশী সময় দেবেন না তখন আমি সংক্ষেপেই বলছি।

প্রধান মন্ত্রীর আর একটি দুর্নীতির কথা বলে শেষ করি। তিনি তাঁর পরম বন্ধু এক জোতপতিকে "ওয়েষ্ট বেঙ্গল ইণ্ডাষ্ট্রিয়াল ফিনান্স কর্পোরেসন"এর "চেয়ারম্যান" করেছেন। এই

Chairman of Industrial Finance Corporation of West Bengal is a No. 1 tax evader.

এদের অনেক ব্যবসা আছে। "ইনকাম" ট্যাক্স

[Sj. Haripada Chatterjee.]

এনফোর্সমেন্ট কমিটি"র কাছে সেই সব ব্যবসার ফাঁকি দেওয়া ট্যাক্স ধার্য্য হচ্ছে।

Of five among many (more than 50 remaining)

এদের কত টাকা ট্যাক্স ফাঁকি ধরা পড়েছে দেখুন।

			Rs.
(1)	Orient paper Mills	..	2 crores.
(2)	Birla Brothers	..	90 lakhs.
(3)	Birla cotton Mills	..	1 crore.
(4)	Cotton Agents	..	1 crore. 15 lakhs.
(5)	Model Knitting	..	15 lakhs.

সব শুদ্ধ এই ট্যাক্স ফাঁকি ধরা পড়েছে ৫টী ব্যবসায়ে ৫ কোটি ২০ লক্ষ টাকা। এখনও ৫০টীর ধরতে বাকি। প্রধান মন্ত্রী মহাশয়ের নাম একেবারে বিশ্ব-বিখ্যাত হয়ে গিয়েছে। আজ তিনি বাংলা দেশের শুধু প্রধান মন্ত্রী নন, তিনি বাংলা দেশের শুধু জেঠা-মশাই নন, তিনি বিশ্ববিখ্যাত হয়ে গিয়েছেন। শ্রীহীরেন মুখার্জীর বক্তৃতা,

Parliamentary Debates, 12th August, 1953, Volume VI, pages 65-69 থেকে পড়ে দেখাচ্ছি। এই বক্তৃতায় শ্রীহীরেন মুখার্জী বিদেশী সাংবাদিক "হেরি হপকিনস"এর "নিউ ওয়ার্ল্ড এরাইজিং" বই থেকে অংশবিশেষ উদ্ধৃত করেছেন। শ্রীহীরেন মুখার্জী বলেছেন—

"I would refer in this connection also to a passage in a book by a foreign journalist called Harry Hopkins. This book is called New World Arising, and he refers to the publication of the book called The Mystery of Birla House, the second volume of which has come out lately. In it, Harry Hopkins says: 'The book told in much detail with photographs and vital documents how Birla companies had fraudulently avoided large sums of taxation. It told furthermore how a tax-gatherer who had detected this and pursued it had been first compelled to halt his investigations, then suspend them. When questions were asked in the West Bengal Assembly, a responsible Minister had made no effective reply.' Mark these words! 'In England, either the Birlas would have had to sue for libel or the Government would have had to take action. In India nothing happened. In India, this sort of thing would be accepted as part of the natural order of things. And this was serious.' This is the comment of a foreign journalist who was here, who has produced a book called New World arising."

স্যার, আমি আর বেশী কিছু বলবো না, আমার পার্টির বন্ধু যে একটু সময় দিয়েছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। এখানে একেবারে "ফ্যাসিজম"এর চরম হচ্ছে। প্রধান মন্ত্রী "এডুকেসন সেক্রেটারীকে" ১৯৫২ সালে তাঁর চাকুরীর মেয়াদ ফুরাবার পর "পাবলিক সার্ভিস কমিশন"কে না জানিয়েই পুনরায় "এপয়েণ্ট" করেছেন। গত বাজেট সেশনে এ সম্বন্ধে "সর্ট নোটিশ"এবং পরে "ষ্টার্ড প্রশ্ন যা দিয়েছি তার উত্তর পর্য্যন্ত আজ পর্য্যন্ত পেলাম না। "পয়েণ্ট অফ প্রিভিলেজ"এ দৃষ্টি আকর্ষণ করেছি তাও আজ পর্য্যন্ত জবাব পেলাম না।

বাকী "মিষ্ট্রী অব বিরলা হাউস", "সেকেণ্ড ভলিউম" আপনাকে উপহার দিয়েছি তাতে ঠিকই বলেছে--

"denial of justice, nepotism and corruption are the cardinal principles of Roy's administration of West Bengal."

"ফ্যাসিজমের" চুড়ান্ত চলেছে। আমি স্যার, এই "ফ্যাসিজম"এর আর একটা ছোট নমুনা দিচ্ছি। শান্তিপুর "মিউনিসিপ্যালিটি" সম্পর্কে। সেখান থেকে একজন ভদ্রলোক আমাকে টেলিগ্রাম করেছেন যে ৩০শে জানুয়ারী সেখানকার সবজজ কয়েকজন নির্বাচিত কমিশনারের "ইলেকসন সেট এসাইড" করে দেন। কিন্তু আজ এক মাস হতে চললো সেই "জাজমেণ্ট" "মিউনিপ্যালিটিকে" "কমিউনিকেট" করা হয় নি। সবজজের ওখান থেকে ম্যাজিষ্ট্রেটের অফিসে যদিও ঐ অফিস মাত্র ১ মাইলের মধ্যে যেতে সময় লেগেছে ১১ দিন। বারবার তাগাদা দেওয়া সত্বেও "ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট" ঐ অর্ডার মিউনিসিপ্যালিটিকে "কমিউনিকেট" করছেন না। ওদিকে পুরাণ "মিউনিসিপ্যাল কমিশনারদের" দিয়ে ২৮ তারিখে "বাজেট মিটিং" করবার আয়োজন হয়েছে। কিন্তু "মিউনিসিপ্যাল এ্যাক্ট"এ বলেছে--

"If an election is set aside by the judge, a date shall forthwith be fixed and the necessary steps taken for holding a fresh election for filling up the vacancy as though it had been a casual vacancy."

আমি এখানে স্বায়ত্ত শাসন বিভাগের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই "বাজেট মিটিং" ২৮শে ফেব্রুয়ারী হতে দেবেন না।

"ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট"কে বারবার তাগাদা দেওয়া সত্ত্বেও সেই "অর্ডার"টা "কমিউনিকেটেড" হচ্ছে না। প্রতিপক্ষ "জজ"এর কাছে "এ্যাপিল" করে হেরে গিয়েছে। তিনি সবজজের "সেট এসাইড অর্ডার"ই বহাল রেখেছেন। তথাপি এই রকমভাবে "ক্যাসিজম" চালাচ্ছে। "অর্ডার"টা তাড়াতাড়ি "কমিউনিকেট" না করার গূঢ় কারণ আছে। "টালিগঞ্জ কর্পোরেসন"এরও ঐ একই অবস্থা হয়েছে ১৪৪ ধারার জন্য সেখানে নূতন নির্বাচন হতে দেওয়াই হল না। দেশের কি এখনও এতই খারাপ অবস্থা যে এখনও ১৪৪ ধারা রাখতেই হবে? আর এই অজুহাতে নির্বাচন পর্য্যন্ত বন্ধ রাখতে হবে? এদের একদিন "পাবলিক ট্রায়াল" হবেই।

Sj. Sasibhusan Khan:

আমার দাদা হরিপদ বাবু তাঁর ১৭ বৎসরের এই বিধান সভায় অভিজ্ঞতার কথা বলেছেন। আমি আপনার মাধ্যমে তাঁকে জানাচ্ছি যে শান্তিপুর মিউনিসিপ্যালিটির নির্বাচন নাকোচ করে "জাজ" যে রায় দিয়েছেন যার কথা তিনি বললেন সে সম্বন্ধে তাঁর কিছুই জানা নেই। প্রকৃত তথ্য হ'ল এই যে শান্তিপুর "মিউনিসিপ্যালিটি" একটি "ওয়ার্ড"এর "ইলেকসন নাকোচ করে গত ১লা ফেব্রুয়ারী নদীয়ার "সাব জাজ জাজমেণ্ট" দিয়েছেন। প্রতিবাদী পক্ষ এই রায়ের বিরুদ্ধে হাইকোর্টে মোশন করতে চান এবং এই রায় "ষ্টে" করার জন্য নদীয়ার জাজের নিকট প্রার্থনা করেন এবং ১২ই ফেব্রুয়ারী তারিখে নদীয়ার "জাজ" এই "মোশন"এর উপর "ষ্টে অর্ডার" দেন আর ২২শে ফেব্রুয়ারী কলিকাতা "হাই কোর্টে" "মোশন" হওয়াতে হাইকোর্ট "ষ্টে অর্ডার" দেন এবং এটা এখনও পেণ্ডিং। হাই কোর্ট এই "ষ্টে অর্ডার" জেলা জাজ ও জেলা ম্যাজিষ্ট্রেটকে জানাইয়া দিয়াছেন সুতরাং জেলা ম্যাজিষ্ট্রেট যে সাবজজের রায় মিউনিসিপ্যালিটিকে জানাইয়া দেন নাই তাহা কি অন্যায় করিয়াছেন?

Sj. Haripada Chatterjee: I stand corrected.

Sj. Sasibhusan Khan:

দাদা যে 'তারের' কথা বলেছেন সেটা কি জানিনা তবে এই জানি যে সেটা মোটেই ঠিক নয়। এর মধ্যে কতটা সত্য আর কতটা সত্যের অপলাপ সেটা সকলে একবার বিবেচনা করে দেখুন।

[3-50—4 p.m.]

Sj. Ram Lagan Singh: I congratulate the Hon'ble Finance Minister on the budget which he has presented before this House. I am sure that, as desired by him, he will get the whole-hearted support of this House as well as the people of this State in pushing forward his schemes for the amelioration of the conditions of the people of West Bengal, and will be able to overcome all obstacles in the path of our progress in the service of the common man. I have heard with close attention the speeches delivered in this session by our friends in the Opposition. They have taken special care to find out the dark spots in the Budget and have found many a fault with the estimates by citing facts and figures which may not, in many cases, stand severe scrutiny. They have approached everything, it seems, with a jaundiced brain and have tried to hurl stones which lamentably miss their mark. I have come to the only conclusion to which any reasonable man can come that irrespective of the merits or demerits of the administration of this State—a problem State—the Opposition do not find a single item which they could commend to this House. They depict everything in the darkest possible colour in order to mislead the people against the Government which seems to be their main objective in this House as well as outside. It is, therefore, impossible to attach any importance to their criticisms which are only destructive and not at all helpful or constructive. I am sure that the way in which the Government is going on with the administration of this State, it is bound to bring the necessary advancement which is our main objective. Some of the parties in the Opposition, Sir, have a contempt for the parliamentary system of Government, but it is very curious that under the same system the leader of one of the parties and some of the members seek asylum within the precincts of this House. While they did not hesitate in showing the greatest disrespect to the parliamentary etiquette and decorum when they created a scene, permit me to call it,

[Sj. Ram Lagan Singh.]

Sir, a clownish behaviour which is well known to us at the time of the Governor's speech, they do not lag behind in invoking the same parliamentary etiquette and principles when it suits them. I would request them to co-operate with the Government in their attempt to ameliorate the condition of the common people and not to spread frustration among the people.

The few years of Congress Government in this country has brought about an unprecedented political unity throughout the country, has built up a Constitution based on adult franchise, and it has passed very successfully through the ordeal of a General Election resulting in the people's confidence in the Congress, and in spite of all that may be said against this Party, it stands vindicated in the eyes of the people.

So far as the economic problems are concerned, the Government has been making colossal efforts in this direction, and I am quite sure that within the next few years to come, we shall achieve the results of our efforts to the entire satisfaction not only of the people of this country but of the world.

The food problem which was troubling our country seems to be no longer a problem for us. Wheat has been completely decontrolled all over our State; the rationing of rice only exists in Calcutta industrial area and the towns of Kurseong, Kalimpong and Darjeeling. There is today, as stated by the Finance Minister, no priority under procurement, no price control, and particularly no restriction on movement; and the problem now is to prevent "not rise" but a fall in the price of rice. The food problem which provided the ammunition to our friends in the Opposition does not provide it any more. The industrial production has steadily progressed and with the increase in production the wealth and welfare of the country will increase. The condition of the working classes is improving, and while the wholesale price index is steady, there has been a downward trend in the cost of living index of the working classes. The Government has increased its expenditure on nation-building schemes and the proposed revenue expenditure for the next year is more than 53 crores. The expenditure on nation-building departments has been increasing year after year. Even in the coming year the Government has increased the expenditure on Education by 1,66 lakhs, on Civil Works by 1 crore 30 lakhs, on Irrigation by 80 lakhs, on Community Development Projects by 61 lakhs, on Medical by 45 lakhs, etc., etc. The expenditure on Education amounts to about 20 per cent. of our revenue receipts, and the number of scholars in primary institutions is about 60 per cent. of the children of primary school-going age in our State. The Government has adopted a scheme of appointing 30,000 school teachers in 3 years. It is expected to increase the number of primary school-going children to nearly 75 per cent. in 3 years' time. The expenditure on Medical, Public Health and Education will amount to about 12 crores, that is, we shall be spending 40 per cent. of our revenue receipts on these items. 1,450 miles of new roads and 23 major bridges totalling 6,090 running feet have been constructed and the road opened to traffic. In addition, 2,321 miles of road are being maintained by the State Government. If you glance through the papers circulated by the Government on the progress which is being made in different spheres of our nation, you will be satisfied that the Government has been taking proper steps in this direction. Time will not permit me, Sir, to dwell at length on the gradual promotion of public welfare in the State for which provisions have been made in the Budget. It cannot of course be said that the supreme goal can be reached in a very short time. People would desire that more could be spent on these essential items which bring visible good to them

all at once. But remembering the income of the State, the expenditure could not possibly be increased to add to the deficit of 13 crores 38 lakhs. I need not dwell at length on the achievements of the Congress Government in this State, and I do hope that the people will co-operate with the Government in achieving its objective.

Now, a few words on Education and Unemployment. Sir, Education has, of late, drawn the attention of the public, particularly, in view of the deplorable strike of Secondary School teachers and its consequent repercussions on public mind. The Congress Government is no less a champion of the cause of teachers than any other party in the legislature. Mere lip sympathy is not the solution of the problem and will not enable the teachers to make both ends meet. We know, as is pointed out by the Finance Minister, the expenditure under "37 —Education" has increased to 6 crores 59 lakhs in 1954-55 from 4 crores 94 lakhs in 1953-54.

Education in these days, Sir, needs a thorough overhauling. The type of education that is being imparted in schools, has its uses no doubt, but for one and all this education fails to serve as an ideal. Technical bias needs be given and wider technical outlook created, so that the younger generation may not multiply the number of educated unemployed middle-class men. The problem of unemployment is already keen and educated people are unwilling to take to manual work in mills and factories. The process of electrification is proceeding apace and power is brought near many towns where small scale industries might be attempted by groups of men with small capital. The displaced persons have already added to the problem of unemployment which is already very acute. Hence, as I was saying, Sir, a change in the outlook of your young men is needed and this is to be attempted from early life and that is why Mahatmaji laid stress on basic education. Secondary education also requires a technical bias. It is of increasing importance, Sir, that a regular campaign be started in this direction both by our Government and the public so that all may not, in future, look up to the Government to solve the problem of middle-class unemployment.

The State has been doing what it can with its limited resources to solve unemployment, but the people must help themselves.

With these words, Sir, I support the Budget estimates.

[4—4-10 p.m.]

Sj. Nripendra Gopal Mitra: মাননীয় স্পীকারমহাশয়, আমাদের মাননীয় প্রধান মন্ত্রীমহাশয়, অর্থমন্ত্রী হিসাবে আমাদের সামনে যে বাজেট পেশ করেছেন তাতে দেখতে পাই ১২ কোটি টাকা ঘাটতি হচ্ছে। এই ১২ কোটি ঘাটতি হওয়ার জন্যই যে শুধু বাজেটকে নিন্দা করবো তা নয়। কারণ ১২ কোটি টাকা ঘাটতি দ্বারা যদি জনকল্যাণ-মূলক কাজ সত্যকার সাধিত হয় তাহ'লে একদিন সেই কল্যাণ থেকেই এই ঘাটতি পূরণ হয়ে যেত। "প্রাইভেট বাজেট" ঘাটতি হ'লে যতটা নিন্দনীয় হয় গভর্ণমেণ্ট বাজেট ঘাটতি হ'লে ততটা নিন্দনীয় নয় কিন্তু এই যে বাজেট এটা একটা মামুলি বাজেট ছাড়া আর কিছু নয়, তাই নিন্দার যোগ্য। বৃটীশ-সাম্রাজ্যবাদের সময় যেভাবে বাজেট তৈরী হ'ত এই বাজেট তারই অনুকরণ করে করা হয়েছে। সেই সময় জনসাধারণের বিক্ষোভ প্রশমনকল্পে কয়েকটি জনহিতকর ক্ষেত্রে টাকা বরাদ্দ বাড়িয়ে এবং সঙ্গে সঙ্গে সমপরিমাণ টাকা পুলিসখাতেও বরাদ্দ করে বাজেটকে জনপ্রিয় করার চেষ্টা করতো এক্ষেত্রে তাই করা হচ্ছে।

সাধারণ শিক্ষা ব্যাপারে যা দেখছি কোন নূতন ব্যবস্থা বা "পলিসি" আমদানী করা হয়নি। কয়েক-বারই দেখা গিয়েছে দুর্ভিক্ষ বা "ফুড স্কারসিটি" হলে গভর্ণমেণ্ট হয়ত কিছুটা করেছেন দেখাতে চেষ্টা পান। কিন্তু প্রকৃত শিক্ষা ব্যবস্থার জন্য সরকার কোন সু-পরিকল্পনা করেন নাই। এখানে সরকার পক্ষের কয়েকজন সদস্য, কালিপদ বাবু, দয়ারাম বেরী, আমান সাহেব ক্রমাগত গালাগালি দিয়ে তাদের কর্তব্য শেষ করেছেন। আসলে জনসাধারণ জনশিক্ষার ধারণাই জানে না যে তাঁরা কীভাবে অন্যায় কাজ করছেন—কাজেই তাদের শিক্ষা দেবার দরকার আছে। চুরি জোচ্চুরি সব দেশেই আছে—রাহাজানি, চুরি জুয়াচুরি কোন দেশেই

[Sj. Nripendra Gopal Mitra.]

কম নেই কিন্তু সেসব দেশের লোকই আমাদের দেশের মত রাস্তা থেকে জিনিষপত্র তুলে নেয় না, ট্রেনের কামরা থেকে "ইলেকট্রিক বাল্ব" বা "ওয়ার" খুলে নেয় না, কোন "ট্যাচু" সরিয়ে নেয় না। কারণ তাদের নাগরিক শিক্ষা আছে। কাজেই যাতে আমাদের "ন্যাশনাল ওয়েলথ" বা "প্রপার্টি"র উপর হাত না পড়ে সে রকম কোন শিক্ষার ব্যবস্থা সরকারের তরফ থেকে করা দরকার। অবশ্য সরকার স্বীকার করেন যে নাগরিক শিক্ষা দেবার দরকার আছে কিন্তু সরাসরি উপর থেকে যদি এর ব্যবস্থা না হয় তাহলে কাজ হবে না। তাই আমার কথা হচ্ছে—জনসাধারণ, উচ্চ রাজ-কর্মচারী, আমাদের এই "এসেম্বলীর" সদস্য—সকলের সহযোগিতা নিয়ে, যদি একটা পরিকল্পনা সরকার গ্রহণ করেন এবং তদনুসারে কাজ করেন, তাহ'লে দেশের প্রকৃত কাজ হবে। তা না হলে কেবল হিসাবপত্রের খসড়া করলেই কোন কাজ হবে না। সুতরাং প্রধান মন্ত্রীমহাশয়ের নিকট আমার এই অনুরোধ তিনি যেন এটা বিবেচনা করে দেখেন।

তারপর আমার বক্তব্য হচ্ছে—সরকার নানা বিষয়ে কর ধার্য্য করেন। আমি আগেও বলেছি, এবারও বলছি যে সরকার যে যে বিষয়ে কর ধার্য্য করেন, সেই কর যদি সেই বিষয়ের কল্যাণমূলক কাজে ব্যয় করেন, তাহলে তাদের কর ধার্য্যের ক্ষমতা আরও বলীয়ান হয়ে উঠবে। যেমন দেখা যায়—রোড ট্যাক্স", মোটর ভেহিকেল ট্যাক্স, সেলস ট্যাক্স" প্রভৃতি ব্যাপারে যে কর আদায় হয়, সেগুলি যদি রাস্তার উন্নয়নে সাহায্য করেন, "ম্যানুফ্যাকচারিং বিজনেস,"এ সাহায্য করেন, "এমিউজমেণ্ট ট্যাক্স" যা পান, তা যদি বাংলার সংস্কৃতি উন্নয়নে সাহায্য করেন, যেমন "ষ্টেজ" উন্নতি করবার জন্য, "ফিল্ম প্রোডাকসন"এর উন্নতি করবার জন্য, উচ্চস্তরের "ফিল্ম" যা নাকি দেশ বিদেশে পাঠান যেতে পারে এই ধরণের ব্যাপারে সাহায্য করা হয়, তাহলে কর আরও দ্বিগুণ আদায় করতে সমর্থ হবেন।

সম্প্রতি আর একটা কথা আমরা শুনছি—সরকার নাকি "ন্যাশনাল ষ্টেজ" ব্যাপারে ১০০ জন কর্মী নিয়োগ করেছেন এবং বাংলার পল্লীগীতি সংকলনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। বর্তমানে সেটা কতটা কার্য্যকরী হয়েছে জানি না কিন্তু আমরা বিশেষ আশ্চর্য্য হয়েছি সেই ব্যাপারে যেরূপ লোক তারা নিয়োগ করেছেন তাঁদের নিয়োগ—তাদের দ্বারা সত্যিকারের কোন কাজ হতে পারে বলে আমি মনে করি না। যাঁকে বাংলার "ষ্টেজ"এর ভার দেওয়া হয়েছে, তিনি নিজে একজন ভাল অভিনেতা হতে পারেন কিন্তু পরিচালনা ব্যাপারে তার শিক্ষাদীক্ষা ও অভিজ্ঞতা আছে কিনা, তা দ্বারা আমাদের দেশকে "ষ্টেজ" ব্যাপারে অগ্রগামী করা যেতে পারে কি না তার দিকে দেখা দরকার। আমার মনে হয় তার দ্বারা সে কাজ হতে পারে না। বাংলার পল্লীগীতি যা নাকি আমাদের বহুদিনের সম্পদ, যা নাকি বাঙ্গালীর বৈশিষ্ট্য, সেই বাউল, ভাটিয়ালি ইত্যাদির উন্নতি ও সংকলনের জন্য যদি এমন লোকের উপর ভার দেওয়া যায়, যিনি কাঁদেন কি গান গান বোঝা যায় না—সব ব্যর্থ হল। উপযুক্ত লোকের সঙ্গে পরামর্শ করে "ষ্টেজ"কে অগ্রগতির পথে নিয়ে যেতে পারে এমন লোক বহাল করেন, তাহলে আমার মনে হয়, সেই নিয়োগ সার্থক হবে। কিছু কিছু টাকা গভর্ণমেণ্ট দিচ্ছেন বটে কিন্তু কোন রকম সুপরিকল্পনা না থাকার ফলে কোন কাজই সার্থক হচ্ছে না।

আমি আগেও বলেছি, আজও বলছি যে গভর্ণমেণ্ট যে উপর থেকে "ছকে ফেলা" "এ্যাডমিনিষ্ট্রেসন" স্বাধীন বাংলায় চালাতে চান, তাতে কিছুই হবে না। বিশেষজ্ঞ লোকের কাছ থেকে পরিকল্পনা গ্রহণ করুন তাদের পরামর্শমত চলুন এবং বিশেষ বিচার বিবেচনা করে একটা সিদ্ধান্তে আসুন। আর তা না করে—আপনারা যেমন বলে থাকেন আমরা কোন যুক্তিযুক্ত কথা বলি না, কেবল চিৎকার করি ঐ সমস্ত বললেই আমার মনে হয় না, সমস্ত সমস্যার সমাধান হয়ে যাবে।

Sj. Kuber Chand Haldar:

মাননীয় স্পীকার মহাশয়, প্রধান মন্ত্রী মহাশয় যে সুন্দর বাজেট আমাদের সম্মুখে রেখেছেন তাতে তাঁকে সকল পক্ষেরই ধন্যবাদ দেওয়া উচিত। তিনি যে শিক্ষা খাতে এবং পুলিস খাতে ব্যয় বৃদ্ধি করেছেন সেজন্য তিনি ধন্যবাদ পাওয়ার যোগ্য। দেশকে উন্নত করতে গেলে যেমন শিক্ষার প্রয়োজন তেমনি দেশরক্ষা করতে গেলেও পুলিসের প্রয়োজন একথা সকলেই স্বীকার করবেন। বৃটিশ আমলে ২০০ বছরে যে কাজ হয়নি কংগ্রেস সরকার সে কাজ গত ছয় বছরে করতে সক্ষম হয়েছে। সব দিকেই শিক্ষা, স্বাস্থ্য, সেচ, কৃষি সবদিকেই দেশের বিশেষ উন্নতি হয়েছে।

[4-10—4-20 p.m.]

শিক্ষা, স্বাস্থ্য, সেচ, কৃষি সবদিকেই উন্নতি হয়েছে। তবে অনেকে পুলিসের বাজেটে বেশী টাকা ধরার জন্য অসন্তুষ্ট হয়েছে, অসন্তুষ্ট হওয়ার কারণ আমি ত নিজে কিছুই দেখতে পাই না। এতে আতঙ্কিত হওয়ারও

কোন কারণ নাই। তবে চোরডাকাতদের পক্ষে আতঙ্কিত হওয়ার কথা বটে। দেশে চুরি ডাকাতি বেড়ে গেছে, নানা দিকে নানা গণ্ডগোল রয়েছে, কাজেই জনসাধারণকে শান্তিতে রাখতে গেলে পুলিশের প্রয়োজন আছে। আপনারা কখনও কল্পনা করতে পারেন নি যে কংগ্রেস সরকার বাধ্যতামুলক শিক্ষা-প্রচলনকল্পে কত অবহিত হয়েছেন। আর সেই ব্যবস্থা বিরোধীপক্ষের কার্য্যের ফলে ব্যাহত হচ্ছে। আমি জানি মুর্শিদাবাদ জেলার অনেক জায়গায় স্কুল স্থাপিত হয়েছে। কিন্তু এখনও পর্য্যন্ত সেখানে ছেলেরা স্কুলে যায় না। তার কারণ হচ্ছে বিরোধী-দলের লোকেরা যাতে ছেলেরা স্কুলে না যায় তার জন্য চেষ্টা করছেন (বিরোধীপক্ষ থেকে :—কোশ্চেন, কোশ্চেন।) এ বিষয় আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে। সেখানে যেটা সাঁওতাল পল্লী এবং যেখানে অনুন্নত লোকদের বাস, সেখানে তারা এই বলে যেতে দেয় না যে তোমাদের ছেলে স্কুলে গেলে তোমাদের ছেলেরা যে মাঠে রাখালী করে মাসে ১০৲ টাকা উপার্জন করে সেটা বন্ধ হয়ে যাবে এবং লেখা পড়া শিখে কোন চাকুরীও পাবে না। (জনৈক সদস্য : কোন পার্টির লোক?) 'আর, এস, পি'র । আমি প্রধান মন্ত্রী মহাশয়ের কাছে বলব এদিকে শিক্ষার জন্য ১,৬৫,৭৩,০০০ টাকা যেখানে বাড়ছে সেখানে অনুন্নত সম্প্রদায়ের জন্য ১৯৫২-৫৩ সালের জন্য যা খরচ হয়েছে তার চেয়ে এবার এক লক্ষ টাকার উপর কম করা হয়েছে। যাতে এই টাকা না কমান হয় তার জন্য তাঁকে অনুরোধ করছি। আর একটা কথা মুর্শিদাবাদ জেলার ধুলিয়ান সহর ১৯৫১-৫২ সালের ভাঙনে একেবারে নষ্ট হয়ে গেছে, সেখানকার লোকদের এখনও পুনর্বসতির ব্যবস্থা হয়নি। আমি সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা কথা সরকারের সমস্ত ডিপার্টমেণ্টের কাজের উন্নতি হয়েছে; কেবল একটা ডিপার্টমেণ্ট আছে যার কিছুই দেখছি না, সেটা হ'ল মৎস্য বিভাগ। এই মৎস্য বিভাগ রাখার কী প্রয়োজন তা ত বুঝি না। যেমন কৃষির উন্নতির জন্য চাষীদের অনেক রকম লোন দেবার ব্যবস্থা আছে—কৃষি লোন, "ল্যাণ্ড ইমপ্রুভমেণ্ট লোন", "ক্যাটল পারচেজ লোন" প্রভৃতি আছে, সে রকম মৎস্যজীবীদের জন্য কোন লোনের ব্যবস্থা নেই। (জনৈক সদস্য : হেমদাকে বলুন।) কিছুদিন থেকে সরকার তাদের ১০৲ টাকা করে সাহায্য করছেন অর্থাৎ ২০৲ টাকার সুতা কিনলে ১০৲ টাকা পাবে। এক বাণ্ডিল সুতার দাম ২০৲ টাকা। ১৯৫৩-৫৪ সালে যে টাকা ধরা হয়েছে তাতে অনেক কম দিচ্ছেন। ২০৲ টাকার সুতা কিনলে ৫৲ টাকা পাবে, এতে তাদের কোন উন্নতিই হবে না। তাদের এমন কি উন্নতি হয়েছে যে তাদের টাকাটা কমিয়ে দেওয়া হ'ল। আমি বিশেষ করে অনুরোধ করি যাতে মৎস্যজীবীদের কিছু উন্নতি হয় তার ব্যবস্থা করুন।

Janab Lutfal Hoque:

মাননীয় স্পীকার মহোদয়! চার্বাক দর্শনে একটা কথা আছে "ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ"। বর্তমানে আমাদের সরকার যে বাজেট পেশ করেছেন সেটা ঠিক এই নীতিতেই পেশ করা হয়েছে। আজ ৩ বৎসর ধ'রে বাজেট দেখছি, বরাবরই কোটি কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করা হচ্ছে। বর্তমানেও যে বাজেট পেশ করা হচ্ছে তাতেও ১২ কোটি ৪৩ লক্ষ টাকা ঘাটতি হবে। যদি কোন জনকল্যাণমূলক কাজ করা হয় তাতে অর্থসংগ্রহের জন্য যদি ঋণ করতে হয় সেটাও করা ভাল। কিন্তু যদি কতকগুলি লোকের সুখের জন্য আয়ের বেশী অংশ ব্যয় হয়ে যায়, তাহলে সেটার জন্য ঐ কথাই বলব "ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ"। তাই আমি মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীমহাশয়কে স্মরণ করিয়ে দেব যে তিনি যেভাবে এই ডেফিসিট বাজেট হাউসের সামনে রাখছেন তাতে কিভাবে সেই ঋণ পরিশোধ করবেন সেটা নির্দ্দেশ করেন এবং কোন পথে দেশকে নিয়ে যাচ্ছেন সে কথা যেন জনসাধারণের পক্ষ থেকে স্মরণ করেন। অবশ্য সরকার জনকল্যাণমূলক কোন কাজ করছেন না এ অভিযোগ আমি করছি না। কতকগুলি যে কল্যাণমূলক কাজ হচ্ছে একথা সকলেই স্বীকার করবেন। আমরা দলবদ্ধ হয়ে ডি, ভি, সি এলাকায় দেখে এসেছি একটা বিরাট পরিকল্পনা এবং তারদ্বারা যে বিরাট পরিবর্তনের চেষ্টা চলছে, একথা স্বীকার করতেই হবে। সেখানে যে প্রকারে এবং যে পরিমাণ বৈদ্যুতিক শক্তি উৎপন্ন করা হচ্ছে এবং হবে সেটা সত্যই প্রশংসনীয়। কিন্তু তার মধ্যেও একটা আশঙ্কার কথা মনে জাগে যে এই যে বিরাট শক্তি সেটা কোন ক্ষেত্রে বিশেষ-ভাবে প্রযুক্ত হবে, হয়ত সেটার "ওয়েষ্টেজ" হবে। যে শক্তি সেখানে উৎপন্ন হবে সেটা ঠিকভাবে "ইউটিলাইজড" না হ'লে শক্তির অপচয় অবশ্যম্ভাবী। সে বিষয়ে সরকারকে অবহিত হ'তে বলব। তাঁরা যেন সে কথা বিবেচনা ক'রে অগ্রসর হন। তা ছাড়া এই যে ঋণের বোঝা বছরের পর বছর এই প্রদেশের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে সেটা পরিশোধের কোন পরিকল্পনা অর্থমন্ত্রী মহোদয় দিতে পারেন নি। আমরা দেখতে পাচ্ছি "ষ্টেট ট্রেডিং, ষ্টেট ট্রান্সপোর্ট, ডিপ-সি ফিসিং" এগুলো লক্ষ লক্ষ টাকা ক্ষতি দিয়ে চালান হচ্ছে। প্রাইভেট সেক্টরে—যেখানে

[Janab Lutfal Hoque.]

বাস চালিয়ে হাজার দেড় হাজার টাকা মালিকেরা বাঁচাতে পারে, আমাদের ষ্টেট গভর্ণমেণ্ট সেখানে ভাল ভাল বাস নিয়ে এবং অনেক সুবিধা দিয়েও খরচ এত বেশী করেন যে লক্ষ লক্ষ টাকার ক্ষতি বহন করতে হয়। সেই রকম "ডিপ-সি ফিসিং" যদি না করা যায় তাতেই বা কি হয়? তাদের ঐ প্রোগ্রামে সমস্যার কতটুকু সমাধান হয়েছে? বরং যেখানে মৎস্যজীবী আছে, যেখানে সত্যিকার মৎস্য উৎপাদন হয় সেই সব নদী, নালা, খাল, বিল প্রভৃতির দিকে দৃষ্টি দিলে ভাল কাজ হত; সে জায়গায় তাঁরা ২।৩ খানা ট্রলার এনেছেন, আবার শুনছি জাপান থেকে ট্রলার এনে লক্ষ লক্ষ টাকা খরচ করবেন। তাতে সমস্যার সমাধান হবে না, মাঝে পড়ে টাকা নষ্ট হবে। আমি বলতে চাই নদীতে বর্ষার সময় মাছের ডিম ও পোনাগুলি যা ধরা হয় তাতে হাজারকরা একটা মাছও বাঁচে কিনা সন্দেহ। কয়েকটা মাছের জন্য হাজার হাজার ডিম পোনা নষ্ট করা হয়। আমি তাই বলি সেটা "রেগুলেট" করা দরকার। যদি ঐ সব নদীনালায় এই মাছগুলো বাঁচে তাহলেই এই সমস্যার সমাধান হয়ে যায়।

[4-20—4-30 p.m.]

পরিশেষে আর একটা কথা বলি যে আমাদের গভর্ণমেণ্ট "সেণ্ট্রাল গভর্ণমেণ্ট"এর আদেশমত পাট বুনছেন এবং পাটে "সেলফ্ সাফিসিয়েণ্ট" হয়ে যাবেন এই কথা বলছেন। মুর্শিদাবাদ জেলায় ভাল পলিমাটি পড়া জমিতে ধানের পরিবর্তে পাট চাষ হচ্ছে। কিন্তু আমি বলবো এই পাট সম্পূর্ণরূপে "ফেলইওর" হয়েছে। এবার পাট উৎপন্ন হয়নি, সমস্ত পাট নষ্ট হয়ে গিয়েছে--"আনটাইমলি" বৃষ্টি হওয়ার জন্য। এবং এই বৃষ্টি এমন সময় আরম্ভ হল যে সমস্ত আগাছা হয়ে গেল। এখানে কৃষকেরা যে দুরবস্থার মধ্যে পড়েছে সেদিকে লক্ষ্য রাখতে পারেন নি। এখানে পাটের নিম্ন মূল্য স্থির করে দিতে পারেন নি। মহাজনরা মুর্শিদাবাদ জেলায় কৃষকদের কাছ থেকে মণ করা ৭।। সের বেশী নিচ্ছে। এইভাবে কৃষকদের ঠকাচ্ছে আর এখানে ৮০র ওজনে বিক্রয় করছেন। এইদিকে সরকার যদি দৃষ্টি দেন তাহলে তারা যে অসুবিধার আছে তার হাত থেকে বেঁচে যাবে। পাটের জন্য ও বৎসর যে ঋণ দেওয়া হয়েছিল সে ঋণও তারা সকলে পায়নি। এখানে মুর্শিদাবাদের অনেক মেম্বার আছেন আমি তাঁদের আহ্বান করছি যে এখানে তাঁরা তাঁদের "ওপিনিয়ন" দিন যে মুর্শিদাবাদকে বুঝাতে "ডিপ্রাইভড" করা হয়েছে। সেখানে সামান্য কিছু কোন কোন জায়গায় দেওয়া হয়েছে বটে কিন্তু বহু কৃষককে "ডিপ্রাইভড" করা হয়েছে। সরকারকে কৃষকদের প্রতি এই ঔদাসীন্যতা পরিহার করে তাদের দিকে দৃষ্টি দেবার জন্য আহ্বান করছি।

দ্বিতীয়তঃ, সরকারপক্ষের অনেক বন্ধু ও মাননীয় অর্থমন্ত্রীমহাশয় বলেছেন যে এ বৎসরে শিক্ষা খাতে কোটি কোটি টাকা বরাদ্দ করা হয়েছে, অনেক টাকা তাদের জন্য ব্যয় করা হচ্ছে। কিন্তু আমি এখানে একটা "কোশ্চেন" করি যে শিক্ষকদের যে "পে" দেওয়া হচ্ছে সেই "পে" তাদের জীবনধারণের উপযোগী কিনা। এমন কি স্বয়ং প্রধান মন্ত্রী-মহাশয়ও স্বীকার করেছেন যে তাতে তাদের চলে না। এখানে প্রধান মন্ত্রী মহাশয় এই খাতে ২।১ কোটি টাকা বাড়িয়ে দিয়েই কি বাহবা নিতে চান। আজকে এখানে তাদের কাউকে কাউকে "কোয়ালিফাইড" ও "আনকোয়ালিফাইড" বলে "ডিক্লেয়ার" করেছেন। কিন্তু প্রত্যেক জনকল্যাণমূলক সরকারেরই দায়িত্ব আছে যে দেশের প্রত্যেক লোকের স্বাস্থ্য, চিকিৎসা, খাদ্যের ব্যবস্থা করা। যদি তাই হয় তাহলে এখানে "কোয়ালিফাইড" ও "আনকোয়ালিফাইড"র প্রশ্ন উঠে না। এখানে "গভর্ণমেণ্ট" পরিচালিত স্কুল-গুলির কোন রকম ব্যয় কমান হয়নি। "সেকেণ্ডারী এডুকেশন বোর্ড"এর "রেজাল্ট" দেখলে দেখা যায় যে বেসরকারী স্কুলগুলির ফলই ভাল হচ্ছে অথচ এই মফঃস্বল স্কুলগুলিকে বিমাতার ন্যায় দেখা হচ্ছে, এর কোন মানে হয় না। তাহলে "কোয়ালিফাইড" ও "আনকোয়ালিফাইড"এর "ডিষ্টিংসন" করার কোন অর্থ হয় না। তাদের যদি বাঁচিয়ে রাখেন তাহলে তারাই দেশের ভবিষ্যৎ নাগরিকদের উপযুক্ত করে তুলবে।

আমার শেষ কথা হচ্ছে, আমি প্রধান মন্ত্রীমহাশয়কে আবেদন জানাচ্ছি ও বাস্তহারা মন্ত্রীমহোদয়া, "রিলিফ" মন্ত্রীমহাশয়াকে জানাচ্ছি যে, যেসব সর্বহারা আজ পথে পথে ঘুরে বেড়াচ্ছে তাদের বাড়ী ঘর সব হারিয়ে এবং পূর্ব বাংলা থেকে যারা এসে তাদের বাড়ী দখল করে বসে আছে তাদের ব্যবস্থার জন্য যে "কম্পিটেণ্ট অথরিটি" হয়েছিল তাদের কাছে এক হাওড়া থেকেই ১৬টি "কেস" দেওয়া হয়েছিল কিন্তু তার কিছুই হয়নি। কারণ এদের "অল্টার-নেটিভ এরেঞ্জমেণ্ট" না করা পর্য্যন্ত আর কিছু করা হবে না অথচ এদের "রিলিফ" দেবার মত কোন ব্যবস্থা এই বাজেটের মধ্যে দেখতে পেলাম না। আমি তাঁকে অনুরোধ করবো যাতে তিনি এর একটা ব্যবস্থা করেন।

পরিশেষে আমি আর একটা কথা বলছি যে আজকে খবরের কাগজে দেখলাম আলি আলি করে সীমান্ত জেলায় ষড়যন্ত্র চলছে। এর গুরুত্ব খুব বেশী। আমি এই সরকারকে অনুরোধ করছি তারা যেন এর বিশেষ ব্যবস্থা করেন যাতে ভারত গভর্ণমেণ্ট এই ষড়যন্ত্র "কেস" করার উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতে পারেন। এটা আমরা প্রত্যেকটি নাগরিক ও দেশবাসীর পক্ষ থেকে আবেদন জানাচ্ছি। অবশ্য বলতে পারেন যে আমার খাসি আমি লেজের দিক থেকে কাটি বা মাথার দিক থেকে কাটি তা কার কি এসে যায়। কিন্তু সে খাসি যদি পেছন থেকে চু মারে তবে কি হবে। সেইজন্য এর অবিলম্বে ব্যবস্থা করা দরকার। দেশের প্রতিটি নরনারী জীবন দিয়ে, অর্থ দিয়ে সরকারকে সমর্থন করবেন। ("নয়েজ")

ওদিক থেকে অনেক বন্ধুই চিৎকার করছেন। কিন্তু আমি তাদের "চ্যালেঞ্জ" দিয়ে বলছি আমরাই প্রথমে রক্ত দেবো, ওদের মত পিছন দিয়ে পালিয়ে যাবো না। এবং এই বিষয় সরকারকে সম্পূর্ণরূপে সাহায্য ও সমর্থন করবো।

Sj. Mangal Chandra Saren: মাননীয় সভাপাল মহোদয়, মাননীয় প্রধান মন্ত্রী অর্থমন্ত্রী হিসাবে তার দপ্তরের ব্যয় নির্ব্বাহের জন্য যে অর্থের বরাদ্দ করিয়াছেন তাহা আমি সর্বান্তঃকরণে সমর্থন করি এবং এই প্রসঙ্গে আমি এই কথাগুলি বলতে চাহি—

১। সভাপাল মহোদয় পশ্চিম বাংলা সরকার এদেশের আদিবাসিগণের উন্নতির জন্য আদিবাসি উন্নয়ন বিভাগ খুলিয়া উহার মাধ্যমে আমাদের উন্নতির যে পরিকল্পনা গ্রহণ করিয়াছেন এবং এই তিন বৎসরকাল ক্রমবর্ধমান আর্থিক বরাদ্দ করিতেছেন তাহা আমাদের সংখ্যানুপাতে নিতান্ত নগন্য হইলেও তাহাদ্বারা যতটুকু উন্নতিমূলক কার্য্য হইয়াছে তাহাতে আদিম জাতি আনন্দিত, এজন্য সরকারকে ধন্যবাদ না দিয়া থাকিতে পারি না। জাতীয় সরকার গঠনের সময় হইতেই আমরা আদিম ছাত্রদের আর্থিক দুর্গতি দূর করিবার জন্য বরাবর সরকারের কাছে অনুরোধ জানাইয়া আসিতেছিলাম, তাহার ফলে কলেজের সমূহ আদিবাসী ছাত্র আর্থিক সাহায্য পাইতেছে। গত বৎসর হইতে যাহাতে সেকেণ্ডারী স্কুলের সমূহ ছাত্রই সাহায্য পায় তাহার চেষ্টা চলিতেছে। এবৎসর সম্পূর্ণ না হইলেও অধিক সংখ্যক আদিম ছাত্র সরকারী সাহায্যে স্কুলে পড়ার সুযোগ পাইয়াছে। এজন্য কোন কোন সদস্য সরকারের ক্রমবর্ধমান নীতি অস্বীকার করিলেও আমি স্বীকার না করিয়া থাকিতে পারি না।

২। পানীয় জলের জন্য অতীতে কোন ইন্দারাই আদিম পল্লীতে হয় নাই কিন্তু এই তিন বৎসরে বিভিন্ন আদিবাসী পল্লীতে ইন্দারা হইতেছে। ইহাও অতীতের তুলনায় আশাপ্রদ বলিয়া আমি মনে করি।

৩। বেকারসমস্যা সমাধান সম্বন্ধে সরকার ব্যর্থকাম হইয়াছেন বিভিন্ন বক্তা একথা বলিয়াছেন। কিন্তু আদিবাসী মনে করে জাতীয় সরকারের সৌজন্যেই আদিবাসীর বেকার সমস্যার সমাধান হইতেছে যার ফলে এই কয় বৎসর বহু আদিবাসী যুবক বিভিন্ন ডিপার্টমেণ্টে কার্য্য পাইতেছে।

[4-30—4-40 p.m.]

৪। আদিবাসীর কৃষি উন্নতির দিকেও সরকার মন দিয়েছেন এবং স্থানে স্থানে এক একজন আদিম কৃষককে বীজ সার লাঙ্গল ইত্যাদি দিয়া আধুনিক সুযোগোপযোগী অর্থাৎ অল্প জমিতে বেশী ফসল ফলাইবার প্রণালী শিক্ষা দিতেছেন, কাজেই সরকার যে কৃষি-উন্নতির বিষয় কিছু করে না সেটা আমি বুঝতে পারিনা। অন্যদিকে ছোট ছোট জলসেচ ব্যবস্থা করিয়া বিনা জলকরে আদিবাসীর কৃষির উন্নতির চেষ্টাও সরকার ত্রুটী করেন নাই। এবং বিনামূল্যে পাম্প মেসিন দিয়া সেচের ব্যবস্থা করিতেছেন।

৫। সভাপাল মহোদয়, এখন সরকারী বা সরকারের নীতির সমালোচনা না করিয়া একবার জনসাধারণের দিকে আমাদের দৃষ্টি নিয়ে যাই অবশ্য দেশের উন্নতি সরকারের সুব্যবস্থার উপর অধিক নির্ভর করে কিন্তু দেশবাসীর যে কর্তব্য নাই সেকথা আমি বিশ্বাস করি নাই। এজন্য আমি জণসাধারণের কথাও একটু আলোচনা করি।

৬। আসুন আমরা কৃষক কুলের কাছে ঘুরে আসি। আমাদের দেশে যাহারা বড় বড় চাষী তারা অধিকাংশ শিক্ষিত সমাজের লোক, তারা কিন্তু কোন দিন নিজের হাতে লাঙ্গল ধরে না, বীজ বুনে না তাহারা অশিক্ষিত মূর্খদের দিয়েই চাষ করেন ও তাদের সামান্য মজুরি দেন। এমন অনেক লোক আছেন যাদের লাঙ্গল ছুতেই নাই তারাই কিন্তু চাষী বা জমির মালিক—থাকাই উচিত। কারণ ব্যবসা না করিয়া অন্যদিকে জমির থেকে আয় করে কাজেই যদি ভূমিহীন শিক্ষিত লোক চাকরী না পায় তার জন্য দায়ী হবে সরকার।

আমি মনে করি আমাদের দেশে শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে যাহাদের জমি আছে তাহারা পরিশ্রম অভ্যাস করতঃ বুদ্ধি ও তার সহিত শক্তি নিয়োগ করিলে মনে হয় দেশের আর্থিক অবস্থার উন্নতি হইত। বেশী

[Sj. Mangal Chandra Saren.]

ফসল ফলাবে অল্প জমিতেই চাষীরা থাকো স্বয়ং-সম্পূর্ণ হইত ও অতিরিক্ত জমিগুলি দিয়া ভূমিহীনদের জমির সমস্যার সমাধান হইত।

৭। সভাপাল মহাশয়, এই কয় বৎসর কলিকাতা আসাযাওয়া অবধি বেশ ভালভাবে লক্ষ্য করেছি এই কলিকাতার অধিকাংশ শ্রমজীবিরাই ভিন্ন দেশ হইতে আসিয়াছে। যদি আমাদের দেশের কাজের অভাবই হইত তবে উড়িষ্যা, বিহার, মধ্য প্রদেশ, মাদ্রাজ, নেপাল প্রভৃতি দেশ হইতে হাজার হাজার লোক আসিয়া জীবিকা অর্জন করেন কিরূপে? যদি আমরা কেরাণী ছাড়া সব কাজ সেই ছোট লোকের কাজ বলি তবে আমাদের বেকারসমস্যার সমাধান কোন দিনই হইবে না।। এবং ভবিষ্যতে যদি আমরা সকলে শিক্ষিত হই তবে ঐ ছোট লোকের কাজগুলি করিবে কে।

৮। সভাপাল মহোদয়, ভদ্রসম্প্রদায়ের শিক্ষিত জনগণকে অনুরোধ করি এতদিন তপশীল জাতি ও উপজাতীয় লোকেরা সরকারী কোন ডিপার্টমেণ্টে কাজ পায় নাই, তাহা এতদিন একটা নির্দিষ্ট সংখ্যক লোকের হাতেই সীমাবদ্ধ ছিল। এখন তপশীল জাতিরা তাদের ন্যায্য দাবী আদায় করিতে দৃঢ়-প্রতিজ্ঞ এবং সরকারেরও কর্ত্তব্য তাদের সংখ্যানুপাতে সমুহ ডিপার্টমেণ্টে লোক নিয়োগ করা, সুতরাং যদি কেহ বলেন লোক ছাটাই করে লোক নিয়োগ হচ্ছে এই সব শ্রেণীর লোকদের দেশের অধিকার আছে তা না দিলে এসব জাতির প্রতি অবিচার করা হয়। এজন্য শিক্ষিত ও ধনী দেশবাসীর প্রতি আমার অনুরোধ তাহারা যেন অর্জিত জ্ঞানও দেশের মধ্যে বিভিন্ন উন্নতিমূলক প্রতিষ্ঠান গড়ার কাজে লাগায় তাহা হইলে দেশের বেকারসমস্যার সমাধানের জন্য সরকারী টাকার দিকে লক্ষ্য করার প্রয়োজন থাকিবে না।

৯। সভাপাল মহোদয়, আপনার মাধ্যমে আদিবাসী-উন্নয়ন বিভাগের প্রতি মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অতীতে আদিবাসী নানাদিক দিয়া প্রতারিত হয়েছে। এখনও দেখছি আদিবাসী-উন্নয়ন বিভাগ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বিভিন্ন দলীয় প্রতিষ্ঠান আমাদের উন্নতি করে দিবে এই অজুহাতে আদিবাসী-উন্নয়ন বিভাগের অর্থ অপচয় করছে। আমি লক্ষ্য করেছি যেসব এলাকায় আদিবাসী নাই সেসব এলাকায় আদিবাসী নাম দিয়া ঠিক একটা প্রতিষ্ঠান গড়া হচ্ছে। আদিবাসী এলাকায় বা অধ্যুষিত অঞ্চলে ঐ সব প্রতিষ্ঠান গড়লে আদিবাসীর সমর্থন পাওয়া যেত। এবং আরোও অনুরোধ করি যাহারা আদিবাসী কল্যাণকামী ও আমাদের উন্নতির জন্য কোন প্রতিষ্ঠান গড়তে চান তারা যেন প্রথমে নিজেদের অর্থ দিয়া আমাদের উন্নতিমূলক ক্ষেত্র গড়ে তুলেন। যখন আদিবাসী দেখবে তাদের দ্বারা আমাদের উন্নতি হচ্ছে তখন উন্নয়ন বিভাগ অর্থ সাহায্য করতে কুণ্ঠিত হবে না। এবং আমাদের তারাও ভক্তির পাত্র হবেন।

১০। আদিবাসী খ্রীষ্টানদের কথাই একটু বলে ফেলি আমরা অসহায় বলে, মূর্খ বলে যে সকল আদিবাসী সভ্য সমাজে প্রবেশ করলো নিজের সমাজ ও ধর্মকে জলাঞ্জলি দিয়া তারা কেন এখনও আদিম জাতির অর্থের আশা রাখে, আমার মত ভারতীয় খ্রীষ্টানদের অর্থ থেকে তাদের বিভিন্ন খাতে সাহায্যের ব্যবস্থা হউক।

১১। অবশেষে মন্ত্রী মহোদয় যাহাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আদিবাসী উন্নয়নের জন্য অধিক অর্থ দাবী করেন এই অনুরোধ জানাচ্ছি। কেননা কেন্দ্রীয় সরকার অন্যান্য কোন কোন প্রদেশে বাংলা অপেক্ষা স্বল্প আদিবাসী থাকলেও অধিক অর্থ সাহায্য করেন। সভাপাল মহোদয়, পুনরায় অর্থ মন্ত্রীর বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

[4-40—4-50 p.m.]

Dr. Radhakrishna Pal:

মাননীয় ডেপুটি স্পীকারমহোদয়, আমার বন্ধুরা আজ অত্যন্ত খুশী হতেন যদি আমি অর্থমন্ত্রীমহাশয়ের এই বিরাট বাজেট প্রশংসা করতে পারতাম। বাংলার প্রধান মন্ত্রীর বাজেটের উপর আলোচনা করতে যেয়ে প্রথমেই বলতে হয় গত ৫ বছর ধরে প্রতি বৎসর গড়ে ৪০ কোটির অধিক খরচ করা হয়েছে। মুখ্য-মন্ত্রী মহাশয় পুনঃ পুনঃ নিজেই স্বীকার করেছেন যে "There is growing poverty in the midst of plenty".

আজ পাঁচ বছর ধরে প্রধান মন্ত্রী যদি বাংলার গ্রামে গ্রামে যেতেন তাহলে দেখতেন ঘরে ঘরে অনাহার ও দারিদ্র্য কি পরিমাণে বেড়েছে। গ্রামাঞ্চলে যুবকের দল বেকার অবস্থায় দীর্ঘনিশ্বাস ফেলছে। এই অতি সুন্দর এবং সুচিন্তিত ভাষায় লিখিত মোটা মজবুত বাজেট বইখানা দেখলে মনে হয়, সত্যই বুঝি প্রাচুর্যের মধ্যে রয়েছে আজ বাঙ্গালী। কিন্তু সঙ্গে সঙ্গে মনে পড়ে যায়, জীবনের একটি ঘটনা। একবার একটি মারোয়াড়ী অনাথ আশ্রমের বাৎসরিক অনুষ্ঠানে গিয়ে-ছিলাম। অনুষ্ঠান প্রাঙ্গন কি সুন্দর সুচারুরূপে সজ্জিত। সম্পাদক মহাশয় ওজস্বীনী ভাষায় বাৎসরিক বিবরণী পাঠের মাধ্যমে প্রতিষ্ঠানের গৌরবময় কার্য্যাবলীর একটি মনোরম চিত্র উদ্‌ঘাটন করলেন।

অনুষ্ঠান শেষে সেই বিচিত্র প্রতিষ্ঠানটি স্বচক্ষে দেখবার লোভ সংবরণ করতে পারলাম না। সম্পাদক মহাশয় প্রথমে কিন্তু কিন্তু করে শেষ পর্য্যন্ত নিয়ে যেতে বাধ্য হলেন। ঘরে গিয়ে দেখলাম যা তা অবর্ণনীয়। কতকগুলি ময়লা ছেঁড়া বিছানা, কাঁথা ও চাদর, আর তারই সঙ্গে কৃশ, মলিন ও পাণ্ডুর ছেলের দলের করুণ চিত্র আমার হৃদয়কে ব্যথাতুর করে তুলল। মুখ্যমন্ত্রী-মহাশয়ের এই বাজেটের উজ্জ্বল আশাপূর্ণ ছবির সহিত দেশের প্রকৃত অবস্থা বিচার করলে সেই অনাথ আশ্রমের কথাই আমার মনে জাগে। গত পাঁচ বৎসরে আমরা দু'শত কোটি টাকা ব্যয় করলাম কিন্তু সাধারণ দেশবাসীর জীবনে আমরা কোনরূপ স্বস্তি, শান্তি, আনন্দ, প্রাচুর্য্য পরিবেশন করতে পারিনি।

মাননীয় ডেপুটি স্পীকারমহোদয় । এরপর দানসাগর রাজ্যপালের ঋণসাগর প্রধান মন্ত্রী ("ডাক্তার") কেমন করে আমাদিগকে লোকসান মহাসাগরে ডোবাচ্ছেন তার কয়েকটি দৃষ্টান্ত আপনার সামনে উত্থাপন করছি। প্রথমেই দেখা যাক ব্যয়বহুল মন্ত্রী ও উপমন্ত্রীর কথা। অতিবর্দ্ধিত সংখ্যক মন্ত্রী-উপমন্ত্রী প্রভৃতির বেতন-ভাতা বাবদ মোটা খরচের ব্যবস্থা করে বাজেটকে ভারাক্রান্ত করা হয়েছে। সরকারী কার্যে যে বিরাট অপচয় হয় তা যদি নিবারণ করতে পারতেন তাহলে তাদের বেতন ও ভাতার অনেক গুণ উঠে আসত। কিন্তু তা করা হয় না। দুই বৎসর পরে আমাদের আশঙ্কা সত্যে পরিণত হয়েছে। বিধান সভায় অধিকাংশ সভ্যই আজ মনে করছেন এই সংখ্যাধিক্যের ফলে গোলে হরিবোল দিয়ে যাবেন এবং অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট করবেন। দুই বৎসরে এঁরা কোন কাজই করতে সমর্থ হননি। উপমন্ত্রী একটা সাজান বস্তু-বিশেষ এই ধারণাই বদ্ধমূল হয়েছে। উপমন্ত্রীরা বিভাগীয় সেক্রেটারীর নিকট হতে "ফাইল" পর্য্যন্ত তলব করতে পারেন না। যদি তাই হয়, উপমন্ত্রীর যদি কোন কার্য্যকরী ক্ষমতা নাই থাকে তবে এতগুলি উপমন্ত্রী পুষে এত মাহিনা মোটর ও পেট্রোল প্রভৃতিতে টাকা নষ্ট করা হয় কেন? এর চাইতে কম খরচে দুই একটি করে "পার্সন্যাল এসিষ্ট্যান্ট" অথবা "প্রাইভেট সেক্রেটারী" নিযুক্ত করলেই এই বিরাট ব্যয় থেকে আমরা বেঁচে যাই।

এর পর সরকারী পরিচালনাধীনে ব্যবসার কথা ধরা যাক। প্রতি প্রদেশেই সরকার যে ব্যবসা করেছেন তাতে প্রচুর লাভ হয়েছে। আমাদের ডাঃ রায় অনেক সময় বলেন,

"I am not only a physician but also a businessman."

এবং তাঁর এই দাবী বাস্তবিক সপ্রমাণিত হয়.

Shillong Electric Supply Co., Gluconate Co. তে।

কিন্তু ডাঃ রায় "ষ্টেট" ব্যাপারে যেসব ব্যবসা করছেন তার প্রত্যেকটাতে আমাদেরকে লোকসানসাগরে ডোবাবার ব্যবস্থা করছেন। তার প্রথমটাই হল "ষ্টেট ট্রান্সপোর্ট"। সরকারী পরিবহনে প্রথম বৎসর আরম্ভ করেই ১৯৫০-৫১ সালে লোকসান দিয়েছেন ৯ লক্ষ টাকা, দ্বিতীয় বৎসরে ১৯৫১-৫২ সালে লোকসান দিয়েছেন প্রায় ২৬$\frac{১}{২}$ লক্ষ টাকা, তৃতীয় বৎসরে ১৯৫২-৫৩ সালে লোকসান হয়েছে ২৭ লক্ষ টাকা মোট, ৬২ লক্ষ টাকা, অর্থাৎ গড়ে প্রতিমাসে প্রায় ২ লক্ষ টাকা লোকসান দিচ্ছেন। ক্রমানুয়ে এরকম চলেছে। অথচ মোটা মোটা মাইনের কর্মচারী নিয়োগ করা হয়েছে। ব্যবস্থায় যে কি গলদ তা আমি ধরছি আপনাদের সামনে। ১১০১নং "ডজ" গাড়ী ১২ গ্যালেনে ৩৯ মাইল যায়। ৯৯৬ "ষ্টুডিবেকার" গাড়ী ১২ গ্যালনে ৩৬ মাইল যায়। সুতরাং যেমন করেই গাড়ী চলুক কলকাতার রাস্তায় গ্যালনে ১০।১২ মাইল যাওয়া প্রয়োজন। কিন্তু এদের ৩ মাইলে এক গ্যালন "পেট্রল" যাচ্ছে। সমস্ত গাড়ীর "এঞ্জিন" খারাপ। সামান্য একটু নমুনা দিচ্ছি। সেদিন জগুবাবুর বাজারের সামনে যে গাড়ীখানা পুড়ে গেল, বেলা দশটায় সময় তার "টায়ার পাঙ্কার্ড" হল, সঙ্গে সঙ্গে খবর গেল কিন্তু গাড়ী সরান হলনা। রাত্রি ৭-৩০ মিনিটের সময় শিক্ষক আন্দোলনে যে গণ্ডগোল সৃষ্টি হল তাতে গাড়ীখানা পুড়ে গেল।, এই মোটা টাকার গাড়ী আমাদের দেশে কোন প্রয়োজন দেখি না। ২০।২২ হাজার টাকার গাড়ী, যা এখানে চালু তার জায়গায় খুব কম পক্ষে একটা বাস কিনতে সরকারের ৩৬ হাজার টাকা পড়ছে। ("নয়েজ এণ্ড ডিষ্টারব্যা

তারপর "টিউব রেলওয়ের" সম্বন্ধে একটা কথা বলবো। "টিউব রেলওয়ে" বিষয়ে কিছুই ঠিক হল না, তার "ক্যাপিটাল"ও যোগাড় হল না কিন্তু প্রথমেই খরচ করলেন ৬ লক্ষ টাকা "প্লান ও ম্যাপ" আঁকবার জন্য। ১৯৫২-৫৩ সালে "প্রভিসন" ছিল আরও ৯ হাজার টাকা যদিও এর জন্য কোন পরিকল্পনা নাই। এখানে "এ, জি, বেঙ্গল" বলেন যে এই "স্কীম" খরচের মধ্যে নেই এবং এই "স্কীম লেজিস-লেচার"এ পাশ হয়নি সুতরাং এই খরচটা অবৈধ। এর জন্য "ক্যাপিটাল" প্রয়োজন ২৫--৫০ কোটি টাকা। কতকগুলি "ফ্রেক ইঞ্জিনিয়ার" নিয়ে এসে এই ৬ লক্ষ টাকা দিয়ে ম্যাপ তৈরী করালেন। এটা একটা বাজে খরচ। তৃতীয় হচ্ছে, কয়লার গ্যাসের "বিজনেস"। ১৯৫৩-৫৪ সালে এই খাতে ৫ লক্ষ টাকা

[Dr. Radhakrishna Pal.]

খরচের ব্যবস্থা হল। ১৯৫৪-৫৫ সালে ১২ লক্ষ ৫ হাজার টাকা ধরা হয়েছে। তারপর "জার্মান এক্সপার্ট"কে এনে এর পরিকল্পনা করা হচ্ছে। দুর্গাপুরের জঙ্গলে এর কাজ হবে সেই ব্যবস্থা করা হচ্ছে। প্রথমে এই দুর্গাপুরের এই জায়গাতেই কয়লা গ্যাসের তৈরীর কথা হয়েছিল। তারপর চেষ্টা হল "ষ্টীল প্লাণ্ট"এর কিন্তু পণ্ডিত নেহেরু তাতে রাজী হলেন না। এবার কয়লার গ্যাস প্ল্যাণ্টের ব্যবস্থা হচ্ছে। এতেও কোটি কোটি টাকা ব্যয় হবে। এই টাকাটা কোথা থেকে আসবে আমি ডাঃ রায়কে জিজ্ঞাসা করি। দুর্গাপুরের জঙ্গলের এই জমি কার, স্যার আপনাকে জিজ্ঞাসা করতে পারি কি?

(Shouts and counter shouts.)

[4-50—5 p.m.]

দুর্গাপুরের পাশে তাই আনন্দে ভীষণ মজগুল, বাংলার মীরণ। কোল গ্যাসের যে ব্যবস্থা তাতে কোটি কোটি টাকা ব্যয় হবে। (জনৈক সদস্য: কি করে জানলেন?) আমি ভাই জেনেছি আপনাদেরি মারফতে, বড় ব্যবসাতে ওর যেমন নজর তেমি ছোট ছোট কারবারও ওর তীক্ষ্ন দৃষ্টি আছে, যেমন হরিণঘাটায় পোলট্রি ইমপ্রুভমেণ্ট স্কীম, এতে ২৫ হাজার টাকা খরচ হয়েছে। এক একটা মুর্গীর জন্য গভর্ণমেণ্ট সাবসিডি দেবেন ২॥০ টাকা অর্থাৎ একটা মুর্গীর দাম ৩৲ টাকা হলে সেটা আট আনায় পাওয়া যাবে, আর ২॥০ টাকা হলে এম্নি পাওয়া যাবে। (হাস্য) আমার এক বন্ধু, কল্যাণী কংগ্রেস যে সময় হচ্ছিল সেই সময় হরিণঘাটে থেকে আসেন আরামবাগে। আমাকে খবর দিলেন যে ডাঃ রায় সুন্দর স্কীম করেছেন, পোলট্রী ইমপ্রুভমেণ্ট স্কীম। আমি গিয়ে বল্লাম দেখ বাবা আমাকে একজোড়া মুর্গী দাও ৩৲ টাকা জোড়ায়, আট আনাতেই ত পাব। পরিচালক মহাশয় বল্লেন বাবু সে মুর্গী এক দম নাই, সব কল্যাণী কংগ্রেসে গিয়েছে। জিজ্ঞাসা করলাম কাদের জন্য? উত্তর পেলাম, "ভি, আই, পিদের জন্য"। ভি, আই পি মানে "ভেরি ইম্পর্টাণ্ট পার্সনস" (হাস্য।) জানতাম স্যার, জোড়া বলদে ঘাস খায়—আবার মুরগী ধরলে কবে?

এখন বেকার সমস্যার দিকে আসা যাক। এই বেকার সমস্যা সম্বন্ধে আপনারা জানেন যে

A large per cent. of young men are unemployed.

কাজেই এইটেই আজ সব চেয়ে বড় জাতীয় সমস্যা আমরা সাবধান করে দিচ্ছি এই সমস্যার সমাধান না হলে কোন সমস্যাই মিটবে না। তারজন্য আজ দরকার ছোট বড় নানান রকমের কুটিরশিল্প। বাংলার ও বাঙ্গালীর গৌরবের তাঁতশিল্প আজ ধ্বংস প্রায় হয়ে গেছে। হবে না কেন? দেখতে উনি একটা ষ্টেট ফাইনান্স কর্পোরেসন খাড়া করেছেন কিন্তু তার সভাপতি হচ্ছেন বি, এম, বিড়লা। তিনি যত বড় শিল্পপতিই হোন না কেন বাংলার শিল্পের প্রতি তাঁর সহানুভূতি নাই। তিনি সব বড় বড় কল কারখানা নিয়েই ব্যস্ত, সামান্য শিল্প ব্যাপারে মাথা ঘামাবেন কেন? ডাঃ রায় তার বাজেট ভাষণের ছোট বড় আকারের অনেক শিল্পের কথা বলেছেন কিন্তু তাদের উন্নতি করবার কোন ব্যবস্থাই করেন নাই। সেসব করতে বল্লেই বলেন টাকা কোথায়, অথচ পুলিসের বাবদ টাকার বরাদ্দ বাড়াতে কার্পণ্য একটুও নাই। সেদিকে তিনি মুক্তহস্ত। হবেন না কেন। শিক্ষক বিতাড়ন ব্যাপারে পুলিস যা কর্মকুশলতা দেখিয়েছে, তা কারো অজানা নাই। তাছাড়া প্রেস রিপ্রেজেণ্টেটিভদের মেরে, বন্ধুবর আনন্দবাবুকে জানিয়ে দিচ্ছি, এই বাংলা দেশে পৃথিবীর ইতিহাসে যা ঘটেনি তাই তারা ঘটিয়েছে, ১৯২৩ সালে একটা প্রতিনিধি মূলক সভায় একটা প্রেস রিপ্রেসেণ্টেটিভএর কাপড় ধরে টানার দরুন তুরস্কের সর্বময় কর্তা কামাল পাশাকে দস্তরমত ক্ষমা চাইতে হয়েছিল। আমাদের বাংলা দেশের অস্থায়ী প্রধান মন্ত্রী আমাদের দণ্ডমুণ্ডের কর্তা নন, তাই তিনি আষ্টেপৃষ্ঠে মিলিটারী ছড়িয়ে হুকুমত চালাতে চান।

পুলিসের কেরামতি কতখানি শুনুন, এইত সেদিন দেখা গেল দুটো ডাকাত ধরতে এক ব্যাটালিয়ন সোলজার এলো। বাংলার মুখ্য মন্ত্রীমহাশয়ের সুব্যবস্থায় রাইটার্স বিল্ডিংএ কত সব যন্ত্রপাতি এসেছে। কিন্তু শিক্ষকদের বেলায় হলো—স্টুট টু ডেথ। এর মধ্যে যাদের সুগ্রহ ছিল তারা ত বেঁচে গেছে। কিন্তু যাদের কুগ্রহ ছিল তাদের জেলখানায় যেতে হল। এই ত সব পুলিসের ব্যবস্থা। (জনৈক সদস্য: আপনার ত কিছু হয় নি।) আরো শুনুন, বসুমতীর রিপ্রেজেণ্টেটিভ রাত্রি বেলায় বৌবাজারের সামনে কাজের সময় গুণ্ডা কর্তৃক আক্রান্ত হন, গুণ্ডার দল তার পকেট থেকে মানিব্যাগ, ফাউণ্টেনপেন ছিনিয়ে নিয়ে গেল, পুলিসে খবর দিলেন, পুলিস আজো পর্য্যন্ত কোন ব্যবস্থা করেনি। আর ৭ দিন পরে আর একজন ভদ্রলোক এবং ভদ্র মহিলা যাচ্ছিলেন, ভদ্রমহিলার গায়ের সমস্ত গহণা ছিনিয়ে নিলে, গিয়ে তারা পুলিসে খবর দিলেন, কোন ব্যবস্থা হয় নি। কিন্তু পুলিস বাজেটে সেই গুণধর পুলিসদের জন্য মোটা টাকার ব্যবস্থা।

সর্বশেষে একটা প্রশংসা করছি শুনে আনন্দিত ও খুশী হবেন। উনি প্রেসিডেন্সি হাসপাতালে একটা যন্ত্র আনিয়েছেন তার নাম হচ্ছে "এনসেফেলোগ্রাফ"। সেটা হচ্ছে যদি কারো মাথা খারাপ হয় তাহলে সেই যন্ত্র দিয়ে দেখা যাবে মাথা ঠিক আছে কিনা। আমাদের এই বাজেট শেষে বাংলার প্রধান মন্ত্রীর মাথাটা তাতে ঢুকিয়ে দিয়ে দেখতে হবে তাঁর মাথা ঠিক আছে কিনা। তারপর আমরা কীর্তন গাইব—

"ভজ মূরজ মন্ত্রে বিধান চন্দ্রে মুখ্যমন্ত্রী আসনে।
অর্থ, স্বাস্থ্য বহু সেরেস্তা স্বরাষ্ট্র বিরাট শাসনে॥"

Sj. Ananda Gopal Mukherjee: Sir, on a point of personal explanation.

স্যার, আমার বন্ধু দুর্গাপুরের কারখানার মধ্যে আমার নাম জড়িয়েছেন। সেখানে যে আই, সি, আই ফ্যাক্টরী সেটা কোথায় হবে ঠিক নাই। এই সঙ্গে—(ভয়েসেস: বসে পড়ুন, বসে পড়ন। "নয়েজ" এণ্ড ইণ্টারাপসনস"।) আমি বলতে চাই বিরোধী পক্ষের যে সমস্ত সদস্য দুর্গাপুরের—("ইণ্টারাপসনস")।

Sj. Nepal Chandra Roy:

উনি শেষ করবার আগেই আনন্দ বাবু বলতে উঠতে পারেন না, স্যার।

Sj. Ananda Gopal Mukherjee:

ওর শেষ হবার পর আমি "পার্সন্যাল এক্সপ্লানেশন" দিতে উঠি সুতরাং আমাকে আমার—

Sj. Nepal Chandra Roy: On a point of order, Sir, the member is still on his legs. It is unparliamentary for him to rise now.

Dr. Radhakrishna Pal:

আমার একটু বক্তব্য আছে স্যার—

Sj. Bibhuti Bhushan Ghose: On a point of order, Sir.

Sj. Ananda Gopal Mukherjee:

আমার বক্তব্য আমাকে বলতে দিতে কি এরা দেবে না? ("নয়েজ এণ্ড ইণ্টারাপসনস")।

Sj. Nepal Chandra Roy: On a point of order, Sir.

আমরা গোলমাল করতে জানি।

Janab A. M. A. Zaman: On a point of order, Sir (uproar).

Mr. Deputy Speaker: Order, order, Mr. Zaman is on a point of order.

Sj. Bibhuti Bhushon Ghose: I rose before him on a point of order, Sir.

আমি আগে উঠেছিলাম, সুতরাং মিঃ জামানের "পয়েণ্ট অব অর্ডারের"এর আগে আমাকে বলতে দিতে হবে।

Mr. Deputy Speaker: Order, order. There is no point of order. Sj. Bejoy Kumar Ghosh will now speak. Yes, Mr. Ghosh.

Janab A. M. A. Zaman:

স্যার আমার পয়েণ্ট অফ অর্ডারের কি হ'ল?

Sj. Bibhuti Bhushon Ghose:

আমারটা আগে হয়ে যাক তার পরে হবে।

Dr. Radhakrishna Pal:

স্যার আমার কথাটা বলবার সুযোগ কি পাব না?

Mr. Deputy Speaker: Order, order, I have called Mr. Ghosh to speak. Yes, Mr. Ghosh.

Sj. Bejoy Kumar Ghosh: Mr. Deputy Speaker, Sir, I do fully support the Budget as presented before the House. It is apparent that the Budget has been framed with the definite aim of establishing a welfare State as will be evident from the fact that besides the sum allotted for the Five-Year Development plan to which the Government is already committed, more money has been provided for the nation-building departments.

[5—5-10 p.m.]

The Government has given the most noticeable attention in the sphere of education. There is an increase in the education head to the extent of Rs. 1 crore 67 lakhs over last year's budget which was 4 crores 97 lakhs but still more is to be found out. We should note that only six years back in 1948-49 rupees two crores fifty-two lakhs was spent as against six crores fifty-six lakhs this year. The Government is quite alert and alive to the grievances of the teachers and do sincerely feel for them but more money could not be found out just at present with the present state of revenue income of the State. In this connection I wish to impress upon the Government that

[Sj. Bejoy Kumar Ghosh.]

education in West Bengal has deteriorated to such an extent that the whole set of education needs thorough recasting.

I just want to sound a note of caution. In spite of the best of intention of the Government to build a Welfare State the expectations and wishes of the Government will and can never be fulfilled if we pay no heed to the evil of corruption and its concommitant factors which are prevalent in such a degree not only amongst the officers of the State but also amongst the people in general.

It is no good keeping our eyes shut to this evil or sidetracking the issue by mere arguments. Government should find out some means through legislation and otherwise to eradicate this evil.

A few words about State trading—Government has undertaken 14 schemes of commercial nature. Most of these schemes are running at a loss since their inception. In some of the schemes the total loss up to date almost equals the total capital outlay of the scheme. In the Government housing scheme at Entally initiated in 1951-52 the average repairing and maintenance charge in 1953-54 and 1954-55 will be more than 50 per cent. of the annual rent collection in those years.

If half of the rent collected in the year is thus spent on repair there remains no chance of profit. Such cases need investigation. There is no doubt that some of these schemes are vitally important and should not be allowed to run in this fashion. A thorough investigation into the working of these schemes is overdue.

Many speakers are afraid of the public debt which will stand at 109 crores. If they go through the budget of the last several years they will find that besides capital outlay within revenue account crores of money are being spent every year outside revenue account from the loans on various projects under different heads, viz., Roads, Irrigation, Agriculture, Industrial Development, Electricity Schemes, Civil Works, Research, Community Projects and National Extension Scheme, etc., Of these if we take into consideration only three items which we think to be productive that will account for a total capital outlay of 64·70 crores—

42·87 crores on Damodar Valley.
17·73 crores on Mayurakshi.
4·10 crores on Kanchrapara Development.

Further if we care to see we will find out that under Grants Nos. 42 and 52 loans and advances are given to local bodies, to cultivators, to Government servants and for other miscellaneous purposes and these loans are repayable. Such outstanding loans will amount to more than Rs. 29 crores.

Further we have invested up to date Rs. 5 crores 56 lakhs in schemes of commercial nature. Thus these are the three items: (1) Capital outlay on the three productive schemes, (2) Capital outlay on commercial schemes, and (3) loans will account for Rs. 100 crores.

Under these circumstances I must say that up till now there is no cause of anxiety for the public debt incurred and there is far less any reason for accusing Dr. Roy of squandering away the money.

The debt money is being fully utilised for development purpose. In an undeveloped country, development works are generally done to raise the economic condition and to relieve unemployment. Regarding employment there is great doubt if we have been able to relieve unemployment to any considerable extent by these works—if not we are to ponder over this and will urge upon the Government to give more attention towards industries and specially towards revival of the cottage industries which existed in this country but are now on the verge of ruin.

With these words, I support the Budget.

Sjkta. Mira Dutta Gupta:

মি: ডেপুটী স্পীকার, স্যার, বাজেট সম্বন্ধে কিছু বলবার আগে সম্প্রতি কলিকাতার বুকে যেসব ঘটনা ঘটে গেল সেগুলি আলোচনা না করে পারা যায় না। সুখের বিষয় কিছু দিন ধরে নানা রকম হিংসাত্মক ঘটনা ও অস্বস্তিকর পরিস্থিতিতে সাধারণ জনতার স্বাভাবিক জীবনযাত্রা অচল হয়ে উঠেছিল সেইটার অবসান ঘটিয়েছেন এইজন্য প্রথমে ধন্যবাদ জানাই অর্থমন্ত্রী ডাক্তার রায়কে। তিনি যে ধৈর্য্য, সংযম ও উদারতার দৃষ্টি নিয়ে একটি কঠিন সঙ্কট থেকে জাতিকে শুধু রক্ষা করেছেন তা নয় এতে প্রমাণ করেছেন যে গণতান্ত্রিক গভর্ণমেণ্ট শুধু দমন ও শাসনই করে না অন্তরের সকল সহানুভূতির সঙ্গে জনসাধারণের দাবী ও অভিযোগ নিয়ে আপোষ মীমাংসায় উপনীত হয়। এরই সঙ্গে ধন্যবাদ জানাই শিক্ষকদের। তাঁরা ধর্মঘট প্রত্যাহার করে যে উদার বাস্তব মনোভাবের পরিচয় দিয়েছেন সেইজন্য তাঁরা প্রশংসার যোগ্য। শিক্ষকদের দাবী যে সম্পূর্ণ ন্যায়সঙ্গত ও সমর্থনীয় সেটা সকলেই স্বীকার করেছেন। আমি নিজে শিক্ষক সম্প্রদায়ের সঙ্গে সংযুক্ত; শিক্ষকদের চরম অভাব ও অভিযোগ আমি দৈনন্দিন জীবনে অনুভব করছি। দেশের শিক্ষাদানের ভার যাদের উপর ন্যস্ত, যারা ভবিষ্যত নাগরিক গঠনের মহান দায়িত্ব গ্রহণ করেছেন তাদের উপবাসী ও অসন্তুষ্ট রাখলে শুধু তারা নয় সমগ্র জাতি ক্ষতিগ্রস্ত হবে। এসব স্বীকার করেও শিক্ষক সমাজের প্রতি একটা কথা না বলে পারি না। তাঁদের অবস্থা উন্নয়নের জন্য তাঁরা যে পথ বেছে নিয়েছেন এ কি সত্যিই তাঁরা মনে প্রাণে বিশ্বাস করেন? এ আমার প্রশ্ন নয়, এ সরকার পক্ষের কোন সভ্যের প্রশ্ন নয়, এ দ্বিধাজড়িত সমগ্র জাতির অন্তরের প্রশ্ন। আঘাত দেবার কোন উদ্দেশ্য নিয়ে কোন কথা বলছিনা, গভীর দু:খ ও পরিতাপের সঙ্গে শিক্ষকদের অন্তর্নিহিত বিবেক বুদ্ধির কাছে কেবল আবেদন জানাচ্ছি। শিক্ষকদের দাবী সরকার অনেকটা মেনে নিয়েছেন অবশ্য এতে যে শিক্ষকদের অবস্থার রাতারাতি আমূল পরিবর্তন হবে তা নয়, কিন্তু আশা করি সরকার ক্রমে ক্রমে সুস্পষ্ট পরিকল্পনা অনুযায়ী শিক্ষকদের অবস্থার উন্নয়নের দায়িত্ব গ্রহণ করবেন। এই প্রসঙ্গে আর একটা বিষয়ের দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করি; বে-সরকারী কলেজের শিক্ষকদের আসল অবস্থা খোঁজ করলে দেখা যাবে যে মাধ্যমিক শিক্ষকদের চেয়েও তাদের অবস্থা স্বচ্ছল নয়, অভিযোগ ও অসন্তোষ তাঁদের মধ্যেও পুঞ্জীভূত হয়ে আছে। রাধাকিষণ কমিটি শিক্ষকদের বেতনের হার যা নির্দ্ধারিত করে দিয়েছেন সেই ব্যবস্থা যথাসম্ভব শীঘ্র অবলম্বন করতে সরকারকে আমি সনির্ব্বন্ধ অনুরোধ জানাচ্ছি। দেশের শিক্ষা সম্পর্কে আলোচনা করতে গিয়ে সম্প্রতি হিংসাত্মক ঘটনাগুলির দিকে পুনরায় দৃষ্টি দিতে হচ্ছে। শিক্ষকদের আন্দোলনের সুযোগ নিয়ে সেদিন যে অকস্মাৎ এইরূপ ব্যাপকভাবে ধ্বংসমূলক ঘটনাগুলি ঘটে গেল এর জন্য দায়ী কে? বারবার দেখা গিয়েছে কোন রাজনৈতিক আন্দোলন শুরু হলেই সমাজবিরোধী শক্তিগুলি সক্রিয় হয়ে উঠে। এরা রাজনৈতিক নেতাদের কর্মপন্থা ও নির্দেশকে সম্পূর্ণ অগ্রাহ্য করে; তারা লুঠপাট ও দাঙ্গাহাঙ্গামা করে নিজেদের স্বার্থসিদ্ধি করতে চায়, এই সব সমাজবিরোধী শক্তিগুলি আয়ত্তে না আনতে পারলে ও বশীভূত না করতে পারলে আমাদের সর্বপ্রকার রাজনৈতিক চেতনা ধ্বংস হতে বাধ্য। এই সম্বন্ধে আমি প্রত্যেকটি চিন্তাশীল সভ্যের দৃষ্টি আকর্ষণ করছি। এই সব সমাজবিরোধী ব্যক্তিদের মধ্যে সকলেই যে পেশাদার গুণ্ডা তা আমি বিশ্বাস করি না।

[5-10—5-20 p.m.]

সকলেই লক্ষ্য করেছেন এদের মধ্যে বিভিন্ন পাড়ার শিক্ষাহীন, আদর্শহীন যুবকদের সংখ্যা কম নয়। সমাজ ও পরিবারের প্রতি কোন দায়িত্ব ও কর্ত্তব্য নেই বলে এরা সব সময় একটা না একটা গোলমালের সুযোগ খোঁজেন। কোন গোলমাল বাধিয়ে সমাজের মধ্যে একটা বিশৃঙ্খলা ও অরাজকতা আনতে পারলেই এরা খুসী। এদের উপেক্ষা কিম্বা দমন করলে শুধু চলবে না, এদের মানুষ কোরে তুলবার দায়িত্ব আমাদের সরকারের গ্রহণ করতে হবে। উপযুক্ত শিক্ষা দিয়ে বিভিন্ন কর্মে এদের নিয়োজিত করতে পারলে এদের দ্বারা সমাজের বিশেষ উপকার হবার সম্ভাবনা। এই প্রসঙ্গে আমি কতকগুলি শিক্ষা-বিষয়ক ব্যাপারে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি-গোচর করতে চাই। আমাদের ছোট ছোট এই শিশু অপরাধীদের যারা বড় অবস্থায় এ গুণ্ডা ক্লাসে পরিণত হয় তাদের শাসন করবার জন্য কয়েকটি শিক্ষাগার আছে। তাদের সুব্যবস্থা করবার জন্য "জুভেনাইল হাউস অব ডিটেনসন" আছে। আমি সরকারকে অনুরোধ করি এই শাসন ব্যবস্থা পরিবর্তিত কোরে তাদের স্নেহের শাসনের দ্বারা তাদের সংশোধিত কোরে তুলুন। তাদের জন্য ১৯৫২-৫৩ সালে খরচ হচ্ছে ৩৬ হাজার টাকা। ১৯৫৩-৫৪ সালে "রিভাইজড এষ্টিমেট"এ ৩৮ হাজার টাকা এবং ১৯৫৪-৫৫ সালে ৩৮ হাজার ৪ শত টাকা। সকলে বলে থাকেন পুলিসের বাজেটে কেন বেশী টাকা দেওয়া হয়, কিন্তু আমি এখানে সকলের

[Sjkta. Mira Dutta Gupta.]

সামনে জানাবো যে পুলিসের বাজেটে যা আছে তাছাড়া আরো বেশী দেওয়া যেতে পারতো যদি তারা এই সমস্ত শিশুদের ধরে নিয়ে "জুভেনাইল কোর্টে"এ, "রিফর্মেটরী" কিম্বা সেখান থেকে সুব্যবস্থিত "রিফরমেটিক" স্কুলে বা "ইণ্ডাষ্ট্রিয়াল" স্কুলে পাঠিয়ে এই সমস্ত শিক্ষার সঙ্গে সঙ্গে সমস্ত সংশোধিত শিক্ষার ব্যবস্থা করতো। এবং তাহলে আমার মনে হয় যে অরাজকতা এই দেশের বুকে চলেছে তার কিছু উপশম হতো। একটা বিশেষ বিষয়ে আমি বিশেষতঃ নারীর তরফ থেকে জানাতে চাই যে পুলিসের কাজ হচ্ছে ছোট ছোট মেয়েদের "ইল-ফেম হাউস" থেকে সংগ্রহ কোরে নিয়ে তাদের "রেসকু হাউস"এ দেওয়া কিন্তু কিছু দিন যাবৎ সেই কাজ পরিলক্ষিত হচ্ছে না। আমি আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করবো যেন পুলিস তৎপরতা নিয়ে সেই সমস্ত কাজ আরম্ভ করে দেন, এবং তার জন্য যত অর্থ দরকার সরকার যেন তত অর্থ তাদের বাজেটে রাখেন।

জনস্বাস্থ্য সম্বন্ধে অনেকে অনেক প্রকার সমালোচনা করেছেন, এবং আমারও মনে হয় আলোচনা সমালোচনা দ্বারাই সব কিছু সংশোধিত হতে পারে। শুধু একটা বিশেষ বিষয়ে আমি এখানে উল্লেখ করবো। সকল রোগেরই চিকিৎসা আছে এবং সকল রোগেরই ব্যবস্থা আছে এবং সকল রোগেরই সেবা আছে, সকল রোগেরই উপযুক্ত যত্ন ও আদর আছে, নাই শুধু একটা মাত্র রোগের—সেটা হচ্ছে মস্তিষ্কবিকৃতদের। মস্তিষ্কবিকৃতির জন্য কলকাতা সহরের বুকে পুলিসের হেফাজতে একটা "মেণ্টাল হসপিটাল" আছে। এবং আরো একটা আছে আমাদের রাচীতে সেটা "ইণ্টারপ্রভিন্সিয়াল"। আমার মনে হয় সেখানে যে ৯ কোটী টাকা আমরা ব্যয় করছি; সেই রাচীর "মেণ্টাল হসপিটাল" রাচী থেকে উঠিয়ে নিয়ে এই কলকাতায় যদি আমরা আনতে পারি তাহলে যে সমস্ত আত্মীয়স্বজন তাদের মস্তিষ্কবিকৃতদের সেখানে পাঠানোর অসুবিধা হচ্ছে তারও খানিকটা উপশম হতে পারে।

এই কয়েকটা কথা বলে আমি আপনার কাছ থেকে বিদায় নিচ্ছি।

Sj. Kanai Lal Bhowmick: মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা পড়তে আরম্ভ করলে দেখা যায় যে আমাদের বাংলা দেশে এবার নাকি ভাল ফসল হয়েছে, "বাম্পার ক্রপ" হয়েছে, একথা যদিও ঠিক যে গত বৎসরের তুলনায় এবছর বেশী ফসল হয়েছে, কিন্তু একথা আমরা সরকারকে জানাচ্ছি এবং হিসাব করে প্রমাণ করেছি যে যদি বাংলাদেশে সকলকে পেটভরে খেতে হয় তাহলে অন্ততঃ ১০ লক্ষ টন খাদ্যের অভাব রয়েছে। এই যে "বাম্পার ক্রপ" ফলেছে, কি ফসল বেড়েছে সরকারের তরফ থেকে বলবার চেষ্টা করা হয়েছে যে "ফার্টিলাইজার" বিলি করে এই হয়েছে কিন্তু এই যে "বাম্পার ক্রপ" ফলেছে সেটা ফলিয়েছে বাংলা দেশের কৃষক যারা না খেয়ে এই সমস্ত উৎপাদন করেছে। আজ বড়ই দুঃখের কথা তাদের অবস্থার উন্নতির কোন ব্যবস্থা এই বাজেটে দেখতে পাচ্ছি না। স্বাস্থ্যখাতে কিছু মাত্র টাকা বাড়ান হয়েছে, কিন্তু পুলিস খাতে আরও বেশী বরাদ্দ হয়েছে। বাজেট বিশ্লেষণ করলে দেখা যায় পুলিস খাতে ৫ কোটি ৯৬ লক্ষ ৯৫ হাজার টাকা বরাদ্দ হয়েছে। ভাল করে দেখলে বুঝা যায় যে পুলিসের খাতে আরও বেশী নানা মাধ্যমে বরাদ্দ হয়েছে। পরোক্ষভাবে অন্যান্য "ডিপার্টমেণ্ট"এর মাধ্যমে যা বরাদ্দ হয়েছে তার পরিমাণ ৭ কোটি ৯১ লক্ষ ৫৭ হাজার টাকা। তারপর গভর্ণমেণ্টের যে "এক্সট্রা পুলিস ফোর্স" তাতে ২৬ লক্ষ ৯৫ হাজার টাকা। এছাড়া ৩৬নং "এক্সট্রাঅর্ডিনারী চার্জেস" যেখানে "লস অন্ সাবসিডাইসড ফুড টু গভর্ণমেণ্ট সার্ভেণ্টস", সেখানে মোটা টাকা বরাদ্দ করেছেন, ১ কোটি ৪১ লক্ষ ১৯ হাজার টাকা যে টাকার অধিকাংশ এই পুলিসদের জন্যে খরচ করা হয়েছে। এই যে ৩৬নং "গ্রাণ্ট" যে দেখান হয়েছে এর মধ্যে সরকারী চাতুরী আছে যাতে পুলিস খাতে কম দেখান যায় তার ব্যবস্থা হয়েছে। কৃষিখাতে টাকা কমিয়ে দিয়েছেন। বাংলা দেশের কৃষকদের যে সমস্যাগুলি দেখা দিয়েছে সে সমস্যার কথা অর্থমন্ত্রী বাজেটের মধ্যে উল্লেখ করেন নি। কৃষকদের সামনে আজ যে অর্থনৈতিক বিভীষিকা তার নিবারণের কি ব্যবস্থা করা হয়েছে? এই যে "সেন্সাস রিপোর্ট" ৫১ সালের এতে দেখা যায় আমাদের বাংলা দেশের কৃষক পরিবারের মধ্যে শতকরা ৭০.৭ "আনইকনমিক হোল্ডিং" রয়েছে। ১০০ বিঘা তার উপরে জমির মালিক মাত্র "১ পারসেণ্ট"এরও নীচে। এক হাজার কৃষি পরিবারের মধ্যে মাত্র ৯টি পরিবারের মাত্র শতকরা ১০০ বিঘার উপর জমি আছে তারপরে শূন্য থেকে (৫) একর। দেশের যে জনসংখ্যা তার মধ্যে মাত্র শতকরা ১৪.৯ ভাগ এই কৃষির উপর থেকে কোন মতে জীবন যাপন করতে পারে। এক হাজার পরিবারের মধ্যে ৬৯৮টি পরিবারের বেকারী জীবন, তাদের কোনো চাকুরীর ব্যবস্থা নেই। তারপরে দেখা যায় এই যে ৬৯৮ জন হাজার জনের মধ্যে বেকার এদের মধ্যে যদি ১৫

থেকে ৫৫ বৎসর হিসাব করে দেখা যায় এই হাজার জনের মধ্যে পুরুষ ৪০০ জন। গ্রামে পুরুষ এবং মেয়ে বেকারের সংখ্যা ভয়াবহ হয়ে দাঁড়ায়। আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন আমাদের বাংলা দেশ উন্নতির পথে এগিয়ে যাচ্ছে "ওয়েলফেয়ার ষ্টেট"এর দিকে যাচ্ছে, কিন্তু এই যে গ্রাম্য বেকার তারা কি অবস্থায় আজ রয়েছে? আমাদের এখানে যে "আনএমপ্লয়মেণ্ট" সমস্যা রয়েছে।

[5-20—5-55 p.m.]

আমাদের দেশে যে "আনএমপ্লয়মেণ্ট" বেকার সমস্যা রয়েছে—গ্রাম দেশে—"সেন্সাস রিপোর্ট" আমি পড়ে দেখেছি, মাত্র ৪০ "পার সেণ্ট" লোক কোন রকম করে নিজেদের ভরণ পোষণ করতে পারে এবং গড়ে যদি হিসাব করা যায়, তাহলে দেখা যাবে একজনের উপর ৪ জন খাওয়া পরার জন্য নির্ভরশীল। তারপর আমাদের গ্রাম দেশে যে সমস্ত ক্ষেত মজুর ও ভাগ চাষী আছে, তার মধ্যে ১৭ লক্ষ লোক নিজেদের সংসার পরিচালনা করতে পারে কিন্তু তাদের উপর প্রায় ৪০ লক্ষ লোক নির্ভরশীল হয়ে থাকে। এই যে বাংলাদেশের বেকার সমস্যা এটা এতই ভয়াবহ যে সেটা অবর্ণনীয়। তারপর বাংলাদেশে যে সমস্ত কৃষি মজুর আছে, তাদের মধ্যে মাত্র ৪৭.৭ কাজ পায়, বাকী বেকার থাকে। কাজেই ফলে এই সমস্ত বেকাররা গ্রাম ছেড়ে সহরের দিকে চলে আসছে এবং এজন্যই সহরের জন সংখ্যা এত বাড়ছে। কলকাতার আশে পাশে যদি লক্ষ্য করা যায়, তাহলে এ জিনিষটা ভাল করে চোখে পড়বে। ১৯২১ সালের "সেন্সাস রিপোর্টে"এ দেখা যায় যে কলকাতায় মাত্র ২ লক্ষ ৭৫ হাজার লোক গ্রাম দেশ থেকে এসেছিল এবং ১৯৫১ সালে দেখা যায় সেটা বেড়ে হয়েছে ৩,১১,১৫৪ জন। তাই দেখা যাচ্ছে কলকাতার জন সংখ্যা ২.৫৫ মিলিয়নের মধ্যে মাত্র ১-৩ কলকাতায় জন্মেছে; আর বাকী সব বাইরে থেকে এসেছে। এবং এর মধ্যে পশ্চিম বাংলার বিভিন্ন জেলা থেকে যারা এসেছে তার পরিমাণ হল শতকরা ১২ জন। তারপর এই কৃষি-মজুরের মাইনে এর উচ্চতম হারের সঙ্গে নিম্নতম হারের পার্থক্য এত বেশী যে সেটা লক্ষ্য করলেই বুঝা যাবে যে কৃষকদের দরিদ্রতম অংশ কি ভাবে জীবন যাপন করছে।

সাল।		"মিনিমাম ওয়েজ"	"ম্যাক্সিমাম ওয়েজ"
১৯৪৭	..	১৺০	২।০
১৯৪৮	..	১৺০	৩
১৯৫০	..	১	৩
১৯৫৩	..	১।০	৩

অর্থাৎ এর মধ্যে থেকে বোঝা যাবে এদের জীবন যাত্রার মান কত নিচু এবং এদের জীবন কত কষ্টকর। "রুরাল এমপ্লয়মেণ্ট" দিনের পর দিন বেড়েই চলেছে এই বেকার সমস্যা গ্রামাঞ্চলে ভয়াবহ আকার ধারণ করেছে। তা ছাড়া যে উচ্ছেদ আরম্ভ হয়েছে—মাননীয় রাজস্ব মন্ত্রী মহাশয় বলেছেন যে বর্গাদার "এ্যাক্ট" এই উচ্ছেদ বন্ধ করতে পারবে। এই "বর্গাদার এ্যাক্ট" ছাড়া আর কোন উন্নততর নীতি ও পদ্ধতি এই বাজেটে দেখা গেল না। কিন্তু এই "বর্গাদার এ্যাক্ট" থাকা সত্ত্বেও উচ্ছেদ কিছু কিছু হচ্ছে কারণ এই আইনে "লুপ-হোল্ড" রয়েছে।

(At this stage the Blue light was lit.)

নানা ভাবে মিথ্যা কবুলতি করে নানা রকম ভাবে ভাগ চাষীদের উচ্ছেদও চেষ্টা হচ্ছে। বাংলাদেশের ক্ষেত মজুর ভাগ-চাষীদের মিথ্যা অজুহাত দিয়ে হাজার হাজার লোককে উচ্ছেদ করা হচ্ছে। এই সমস্ত জিনিষ অনেকেই জানেন। আমাদের কাছে যে খবর আছে—পত্রিকাতে যে খবর পড়েছি—তাতে দেখেছি ২৪-পরগণার সন্দেশখালি থানা এলাকায় জোৎদার উচ্ছেদ ব্যাপারে ২ জন চাষীকে হত্যা করেছে। ৮টা বাড়ীকে সম্পূর্ণ ধ্বংসস্তুপে পরিণত করেছে। পুলিস ও জোৎদার মিলে এই তাণ্ডব লীলা চালিয়েছে। এমন কি, মেয়েদের সতীত্ব, শ্লীলতাহানি পর্য্যন্ত জোৎদারদের সহযোগে পুলিস করেছে। এবং বহু লোককে গ্রেপ্তার করেছে। মেদিনীপুরেও এ জিনিষ আরম্ভ হয়েছে, সুতাহাটা প্রভৃতি জায়গায় ভাগ-চাষীদের ধরে নিয়ে তাদের উপর মার পিট করা হয়েছে, "এরেষ্ট" করা হয়েছে।

(At this stage the Red light was lit.)

Mr. Deputy Speaker:

আপনার সময় হয়ে গিয়েছে। বসুন।

Sj. Kanailal Bhowmick:

আর এক মিনিট সময় দিন।

উচ্ছেদ বন্ধ করবার জন্য যে ভাগ-চাষ-বোর্ড করা হয়েছে সেটা কার্য্যকরী করবার জন্য সরকারের প্রচেষ্টা আছে কিনা আমার সন্দেহ আছে, এ সম্বন্ধে বিরোধী দলের অনেক "এম, এল, এ" বলেছেন। শত শত "কেস" ভাগ-চাষ-বোর্ডে রয়েছে। কিন্তু আজ পর্য্যন্ত তার কোন কিনারা হয়নি।

তৃতীয়তঃ এই যে ভাগ বোর্ডের ব্যাপারে বিভিন্ন রকম "ইণ্টারপ্রিটেশন" চলেছে, বিভিন্ন রকম ব্যাখ্যা চলছে। সেদিকে সরকারের দৃষ্টি নাই।

(At this stage the House was adjourned for fifteen minutes.)

(*After adjournment.*)

Sj. Anandilall Poddar: Mr. Speaker, Sir, I am glad that the budget statement has not minced matters and the Finance Minister has made a very realistic approach to the problem. Dr. Roy is no less alive than any other Member of this House to the intriguing financial difficulties of the State and has made the best of a bad job. It is no doubt a matter for serious examination how to improve the financial position of the State. The current year is expected to close with a deficit of Rs. 7·48 crores, which will absorb almost the whole of the Government's present cash balances, and next year's estimates envisage an increased deficit of Rs. 13·37 crores on revenue account. The State has relied largely on Central grants and loans to meet the deficit in its revenue and capital budgets. Loans from the Centre so far total Rs. 76 crores and by the end of 1954-55 it is expected to go up to Rs. 97·84 crores. But how can it be said that by taking these loans West Bengal will become servile to the Union Government? Did not West Bengal and the East Punjab pay the highest price for winning the freedom of the country? Is not partition of the country an all-India responsibility? It is not the fault of Dr. Roy that our State is an uneconomic unit of the Union. So what is there if West Bengal ask for more and more money from the Centre for rehabilitation of her dilapidated economy? My friend, Shri Sudhir Roy Choudhury, has asked how it will be repaid? The clear answer is—we shall certainly pay when we shall be in a position to do so.

At present our sources of revenue are limited. The agricultural sector will not yield much revenue in the near future. Sales tax is yielding a lesser revenue principally owing to the lessening purchasing power of the consumers. And as Dr. Roy has pointed out, the people of the State do not get the full benefit of the industrial wealth of the State. Shri Jyoti Basu wonders why Dr. Roy could not secure an equitable share of the Central taxes; because the Congress is running the administration everywhere, I would point out to Shri Basu that this is exactly the difficulty of building up a democracy—not the democracy he has in view but a democracy to be built up by persuasion and we all know that Dr. Roy is taking the best possible steps and I think Shri Basu will agree with me that Dr. Roy has proved to be the best possible Liaison Officer between the Union Government and the State Government of West Bengal. In the circumstances, the State has to pin its faith in the development projects because they will eventually place a sort of social capital in the hands of the people of the State. More electricity (and Shri Jyoti Basu knows more than I that once electricity was considered a synonym of communism), more irrigation, more roads and health measures will enable the people to change the face of West Bengal. Let us not forget that the national economy of this State, and as a matter of fact, the new Republic, had to begin from the scratch and it was really an act of faith that the Government could plan for the future in the midst of a dilapidated economy. Thanks to the combined effort of the Union and the State Governments, the foundations of a welfare State have been well laid and an appreciable progress achieved.

Those who are attempting to make political capital out of the deficits in West Bengal budget would do well to look back a little. They would find that if the deficits have been there in West Bengal budget during the recent years these were largely due to an increasing tempo of expenditure on various developmental and new schemes. I would just mention for them the expenditure that this Government have made on the development and new schemes out of the revenue account during the last few years:

In 1949-50 these schemes accounted for Rs. 5·31 crores,

in 1950-51 it was increased to Rs. 5·50 crores and thereafter to 5·92 in 1951-52, and 6·07 in 1952-53. If the revised budget for the current year exhibits a deficit of Rs. 11·75 crores on revenue account it must not be lost sight of that more than Rs. 9·35 crores out of this is accounted for expenditures on developmental and new schemes. Much is being made of the revenue deficit shown in the next year's budget but what is that amount? It is Rs. 13·37 crores and the expenditure only on the developmental schemes and the new schemes would cost nothing short of Rs. 15·08 crores during the next year.

Would anybody in this House suggest to stop these developmental expenditures on welfare measures and nation-building activities only to secure a balanced budget?

My friends have also attempted to focus the bankruptcy of the State and has extended their foresight to see that West Bengal would take 200 years to repay her public debt. I would only say that during the last few years of our freedom this State has paid out of its own resources Rs 43 crores 80 lakhs on development schemes. Nothing short of Rs. 18 crores 21 lakhs have been spent on the various productive schemes. All these projects would be certainly bringing considerable revenue after the initial stages of trial and error are passed. There is no reason, therefore, to be entirely pessimistic about the State's capacity to repay the debt.

The First Five-Year Plan has very rightly put emphasis on improvement of agriculture and West Bengal must give a greater emphasis on it with a view to self-sufficiency in food requirements. The additional irrigated area in 1952-53 under the Five-Year Plan in Part A States was 1,353,000 acres and this truncated West Bengal alone, in spite of the well-known handicaps, irrigated an additional area of 120,000 acres. The State Government has also devoted its energies to minor irrigation schemes and from April 1951 to September 1953, as many as 512 tanks were repaired and 973 channels were improved. In addition to these small irrigation works, a large-scale tube-well sinking programme is also under way. Sir, we have begun well and may take a legitimate pride for the progress made, although it must be admitted that much yet remains to be done and calls for further resources in the shape of finance and service. It is, therefore, right that the West Bengal Government considers the Community Development Project to be of paramount importance. It embraces all aspects of development in the socio-economic life of rural India and aims at increasing production, employment, literacy and other amenities of life. It is a war against poverty and disease —for a fuller and freer life. The programme for the Plan period is to undertake 1,200 blocks all over India and a population of 49 millions, nearly 1/4th of the country will receive attention under the intensive development programme under the National Extension Service. West Bengal has also fallen in line with the rest of India and launched 11 blocks under the Community Development Project and propose to cover 1/4th of the rural population under the National Extension Service. Thus, Sir, more emphasis is being given to welfare services. There is no gainsaying the fact that we require more money for education, public health and medical services. But the Government has already laid the foundation of a new pattern of expenditure. In the next year's budget estimates the expenditure on education represents 12·4 per cent. of the total revenue expenditure, on medical and public health services 10·1 per cent.

[5-55—6-5 p.m.]

I wish more than the budgetted 11·3 per cent. were allotted for the

[Sj. Anandilall Poddar.]

police, particularly because the strengthening of the police force is necessary to check those who are out to exploit any grievance, legitimate or otherwise, to whip up mass fury and to produce miniature insurrections from a safe distance. The Government is to be congratulated on dealing with such elements with a firm hand in the recent strike of teachers, who have all our sympathy and the sympathy of our Chief Minister, who is a great educationist and associated with the educational activities of this State for the last many decades. I would take this opportunity to congratulate the teachers on their timely withdrawal of the movement as soon as they realised that their cause was being exploited by some political parties.

It is a matter of congratulation for the Government of West Bengal that they have very efficiently tackled the refugee problem during these years. It is a pity that the gravity of the situation could not be realised by those in authority in the latter part of 1947, by which time a mass of uprooted people came from East Bengal. But our veteran Chief Minister since the day he took up the reins of administration of the State could foresee that the trek that had begun in 1946 would continue and upset the fragile economy of this truncated State. A lot has been done for their rehabilitation but a lot has yet to be done. In the meanwhile the unemployment problem in this State has been increasing in menacing proportions and the continuous influx of refugees is making the situation more complex.

স্বাস্থ্যের উন্নতির দিকে সরকার পক্ষ থেকে যথেষ্ট কাজ করা হচ্ছে। এ-পর্যন্ত প্রায় ১৬৬টা স্বাস্থ্য কেন্দ্র খোলা হয়েছে এবং ৫০টার নির্মাণ কাজ শেষ হয়ে আসছে ও আরও ২৭টা খোলা হবে বলে ঠিক হয়েছে। ম্যালেরিয়া কণ্ট্রোল ইউনিটগুলির কাজের ফলে গ্রাম অঞ্চলে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব যে ভাবে কমতে আরম্ভ করেছে তাতে গ্রাম অঞ্চলের চীকিৎসকদের ব্যবসা বন্ধ হয়ে যাবার উপক্রম হয়েছে। তার কারণ ম্যালেরিয়ার চিকিৎসাই গ্রামাঞ্চলে হচ্ছে তাদের প্রধান ব্যবসা। ম্যালেরিয়া যে ভাবে কমতে আরম্ভ করেছে তাতে একটা ভয়ের কারণ হয়ে দাঁড়িয়েছে, কারণ সহরের বাইরে ডাক্তাররা যদি বেকার হয়ে পড়ে তাহলে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা এই নূতন বেকারী সমস্যা নিয়ে হয়তো আন্দোলন সুরু করবেন, সেটা একটা চিন্তার কথা। তারপর কৃষি এবং সেচের উন্নতির জন্য যথেষ্ট ব্যবস্থা অবলম্বন করা হয়েছে, যার ফলে দেশে যথেষ্ট পরিমাণ খাদ্য উৎপাদন বৃদ্ধি হয়েছে।

যাতায়াতের সুবিধার জন্য বহু নূতন রাস্তাঘাট নির্মাণ করা হয়েছে এবং আরও বহু রাস্তাঘাট করার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কয়েক বৎসর পূর্বে যে সমস্ত অঞ্চলে যাতায়াত করার বা মালপত্র আমদানী রপ্তানীতে বিশেষ অসুবিধা ছিল আজ নূতন নূতন রাস্তা হওয়ার ফলে সেই সমস্ত অসুবিধা দূর হয়েছে।

এগুলি ছাড়াও বহু উন্নয়নমূলক কাজ সরকার পক্ষ থেকে করা হয়েছে এবং হোচ্ছে উদ্বাস্তু সমস্যা সমাধানকল্পেও [illegible] উন্নয়নের জন্য নানা রকমের উন্নয়নের কাজ সরকার হাতে নিয়েছেন। এই সমস্ত কাজের মধ্যে দিয়ে আমাদের দেশ উন্নতির পথে যে এগিয়ে চলেছে, সে কথাটা আমাদের বিরোধী পক্ষের বন্ধুগণ ছাড়া বোধ হয় আর কেউ অস্বীকার করবেন না।

(Here red light was lit.)

স্যার, আমাকে আর এক মিনিট সময় দেবেন। মাননীয় সভাপাল মহাশয়, মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণের মধ্য দিয়ে দেশের বিভিন্ন উন্নয়নমূলক কার্য্যের একটা বর্ণনা দিয়েছেন। এবং উপসংহারে তিনি বলেছেন আমরা যে সমস্ত উন্নয়নমূলক কাজের মধ্যে দিয়ে দেশকে উন্নতির দিকে নিয়ে যাচ্ছি সেই অগ্রগতির পথে একটা উষার আলো দেখতে পাচ্ছি। কিন্তু আমাদের বিরোধীপক্ষের বন্ধুগণের চক্ষে সেই আলো গিয়ে পড়েনি, তাই তাঁরা সব অন্ধকার দেখছেন।

এই সব উন্নয়নমূলক কাজের মধ্যে দিয়ে দেশের বিভিন্ন সমস্যা সমাধান হয়ে গেলেই, সরকারের বিরোধিতা করবার আর কিছুই তাঁদের থাকবে না। তাই তাঁরা চতুর্দ্দিকে অন্ধকার দেখছেন।

মাননীয় সভাপাল মহাশয়, এই কয়টি কথা বলে, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তা আমি সম্পূর্ণ সমর্থন করে তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

[7-25—7-35 p.m.]

Sj. Suresh Chandra Paul: মাননীয় সভাপতি মহাশয়, এই বক্তৃতা করবার আগে আমি কয়েকটি কথা বলতে চাই যে গত শনিবারে কলিকাতায় যে হাঙ্গামা হয়েছিল তাতে আমাদের দাদা হরিপদ বাবু বলে গেলেন যে কলিকাতা রিপন কলেজের "প্রফেসর"এর ছেলে প্রভাত কুমার ভট্টাচার্য্য পুলিসের গুলিতে নিহত হয়েছে। এটা গালাগালি দেবার উদ্দেশ্যে করা ঠিক নয় কারণ এটা একেবারে মিথ্যা।

Sj. Haripada Chatterjee: স্যার, এই প্রভাত ভট্টাচার্য্যকে আড়াই দিন ধরে খুঁজে পাওয়া যায় না, আমি সেই কথাই বলেছি এবং "পাবলিসিটি ডিপার্টমেণ্ট" থেকে আমি খবর নিয়ে বলছি, তার আত্মীয় স্বজনরা একথা বলেছে। ("ইণ্টারাপসন এণ্ড নয়েজ"।) উনি যে কথা বলছেন তা সত্য নয় আমি যা শুনেছি তাই বলেছি।

Mr. Speaker: Mr. Chatterjee, he is replying to your point. As an old parliamenterian you should not interrupt him.

Sj. Suresh Chandra Paul:

এই প্রভাত ভট্টাচার্য্যের ঠাকুরদার সঙ্গে আমার বিশেষ পরিচয় আছে। এই রকম মিথ্যা সংবাদ দিয়ে তাঁদের বাড়ীতে সেই রাত্রে অশান্তির সৃষ্টি করেছিলেন এই রকম কথা কেন না জেনে বলা হয়। উনি বলেছেন যে উনি একজন পুরাণো "পার্লা-মেণ্টারিয়ান", তিনি এই জিনিষ পরিবেশন করেন এই যা দুঃখ এবং তাঁর কাছ থেকে এই জিনিষ শুনতে আমরা রাজী নই। তারপর আর একটা কথা বলতে চাই যে গণেশ বাবু বলেছেন যে আমাদের শিক্ষা খাতে যা খরচ হচেছ তা সমস্ত "রেভেন্যুর" ৬ "পার্সেণ্ট" কি ৭ "পার্সেণ্ট" কিন্তু তা নয় এই খাতে সমস্ত "রেভেন্যু"র ২০ "পার্সেণ্ট" খরচ হ'চেছ। "ফ্যাক্টস এণ্ড ফিগার্স" দেখলে দেখা যায় যে ৬ কোটি ৬৯ লক্ষ টাকা এখানে খরচ করা হচেছ অর্থাৎ এটা সমস্ত "রেভেন্যু"র প্রায় "২০ পার্সেণ্ট"। কারণ যে খরচটা আমরা করি সেটা যেটা আয় হবে সেই হিসাবে হওয়া দরকার, তিনি আবার বললেন "মাইসোর, বোম্বেতে" কোথাও ২২, কোথাও ২৪ "পার্সেণ্ট" কিন্তু সে খরচটা যা হচেছ সেটা আয়ের অনপাতে ব্যয়। সেখানে যে ভুল আছে তা সংশোধন করবার জন্যে আমি দাঁড়িয়েছি। আমাদের দেশের "আনএমপ্লয়মেণ্ট" সমস্যা বেড়ে যাচেছ ওরা বলেছেন; কিন্তু এর মূলে ওরা যে কতখানি আছেন সেটা স্বীকার করুন। বছরে তিন বার করে "ষ্ট্রাইক", তিন বার করে "বাস" পোড়ান, বড় বড় ব্যবসায়ের মালিকদের ঘেরাও করা—এর ফলে আমাদের দেশে আতঙ্কের সৃষ্টি হচেছ। নোতুন করে ওরা এই যে "আনএমপ্লয়মেণ্ট" সেটা বাড়িয়ে দিচেছন। এটা শুধু আমার উক্তি নয়, "এন, সি, চাটার্জী" মহাশয় সেদিন একথা বলে গিয়েছেন যে এরকম "পলিসি" যদি বর্তমান থাকে আমাদের দেশে আরও "আনএমপ্লয়মেণ্ট" বেড়ে যাবে। বড় বড় ব্যবসায়ীরা এখান থেকে ব্যবসা তুলে নেবেন। আমাদের দেশে গত বছর থেকে আজ পর্য্যন্ত যত কাজ হয়েছে সবের ওরা নিন্দা করেছেন। শুধু "ক্রিটি-সিজম" করলে চলবে না। যে সব কাজ সরকার করেছেন সেই অনুপাতে যা খরচ হয়েছে সেটা বেশী বলে মনে করি না।

আর একটি কথা বলি ওরা যদি জেগে ঘুমান ওদের জাগান সম্ভব নয়। তাই আমরা যা ভাল মনে করি তাই করে যাব; "লেট দেম বার্ক দি ক্যারাভ্যান উইল পাস অন"।

আর একটা বিষয় বলি আমাদের দেশে যারা গৃহহারা হয়েছেন অর্থাৎ "ফোর্সিবল অকুপেসন" যেসব বাড়ীতে হয়েছে সেই সব বাড়ীর মালিকেরা ১৯৫০ সাল থেকে তাদের বাড়ী দখল পাচেছন না, তারা যে বাড়ীতে বাস করছেন "মিউনিসিপ্যালিটি"র মধ্যে সেই সব বাড়ীর ট্যাক্স আদায় হচেছ না। অনেক টাকা বকেয়া পড়ে যাচেছ সুতরাং এটা একটা মস্ত সমস্যা হয়ে দাড়িয়েছে। "ফোর্সিবল অকুপেসন" যারা করে আছে তারা কিছুই দেবে না, যারা ছেড়ে চলে গেছে তারাও কিছু দেবে না এটা একটা গুরুতর সমস্যা। যারা "অকুপাই" করেছেন তারা নিজেরা ব্যবহার করছেন আবার আত্মীয় স্বজনদের নামে ভাড়া দিচেছন। গত যুদ্ধের সময় যেসব বাড়ী "রিকুইজিসন" করা হয়েছিল তার ভাড়া হিসাবে "কম্পেনসেসন"এর টাকা দেওয়া হ'ত, তেমনি কোনো ব্যবস্থা এক্ষেত্রে করলে ভাল হয় কারণ every State exists for the security of person and property of its subject.

এই বলে আমি আজকের এই বাজেট সমর্থন করে আসন গ্রহণ করছি।

[7-35—7 45 p.m.]

Point of order.

Sj. Tarapada Bandopadhyay: On a point of order, Sir. Is that word "bark" parliamentary?

Mr. Speaker: Yes, it is a common phrase. He has not said "dogs". "Dogs bark but the caravan passes on" is a parliamentary metaphorical phrase.

General discussion of the Budget.

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, অত্যন্ত আত্মম্ভরিতার সঙ্গে ঘোষণা করেছেন যে আমাদের এই রাজ্যে অর্থনৈতিক ব্যবস্থার সর্বাঙ্গীন উন্নতি হচেছ। তিনি দেখাচেছন বাজার দরের "ফ্লাকচুয়েশন" বন্ধ হয়ে অনেকটা "ষ্টেডি" হয়েছে। তিনি এও দেখাতে চেষ্টা করেছেন যে জীবনযাত্রা নির্বাহের খরচ ক্রমেই নেমে আসছে। এবং দেশে যথেষ্ট ফসল উৎপন্ন হচেছ এবং খাদ্যাবস্থারও যথেষ্ট উন্নতি হয়েছে। তিনি আরও দেখিয়েছেন যে এবার শিল্পোৎপাদন বেশ বৃদ্ধি পেয়েছে। এবং তিনি দেখাতে চেয়েছেন যে সবদিকেই দেশের উন্নতি

হয়েছে। তিনি একথাই প্রমাণ করতে চেষ্টা করেছেন দুটো "প্যারাডক্স"এর যদি সমাধান হয় তাহলে আমাদের কিছুই ভাবতে হবে না। এবং "প্যারাডক্স"-এর সমস্যা সমাধান তিনি দেখিয়েছেন—আমাদের দেশে বেকার যে বেশী হচ্ছে সে সম্বন্ধে তিনি বলেছেন যে উৎপাদন বাড়াতে হবে এবং শিক্ষিত মধ্যবিত্ত যারা আছেন তারা যেন "হোয়াইট কলার জব"এর মোহ ত্যাগ করে সমস্ত রকম কাজ করবার জন্য প্রস্তুত হ'ন। দ্বিতীয়তঃ আমাদের দেশে প্রচুর শিল্প সম্পদ থাকা সত্বেও আমাদের দেশে মানুষ দরিদ্র কেন সে সম্পর্কে তিনি কারণ দেখিয়েছেন—তিনি বলেছেন—এ রাজ্যে শিল্প হতে যে আয় হয়, তার উপর রাজ্য সরকারের কর বসাবার অধিকার লাভ করতে হবে। কিন্তু প্রধানমন্ত্রী মহাশয় অর্থনৈতিক ব্যবস্থা সম্পর্কে এবং সমস্যা সমাধান সম্পর্কে যা বল্লেন তা অর্থনীতি বিজ্ঞানসম্মত বলে ভাববার কোনো কারণ নাই। কারণ যে সময় আমাদের অর্থনৈতিক মন্ত্রী মহাশয় বাংলাদেশের ভবিষ্যৎ সম্পর্কে আশার উজ্জ্বল চিত্র এঁকেছেন, সেই সময় ব্যবসা বাণিজ্য ও শিল্প বিষয়ে বিভিন্ন কাগজে আতঙ্ক প্রকাশ করা হচ্ছে। আমি কয়েকটি বিষয় উদ্ধৃত ক'রে শোনাচ্ছি। এটা

Annual report of the Colombo Planning Consultative Committee.

সেই "রিপোর্ট"এ আছে।

"They managed to spend more on their own development programmes in 1952-53 than they expended in 1951-52 That has been possible because of the substantial surpluses accumulated during the Korean war boom. Consequently the external asset and the internal resources of the Comombo Plan countries have been severely reduced. The prospect of continuing their development plans in the coming year, therefore, is a grim one."

আর এক জায়গায় এখানে বলা আছে—"ইষ্টার্ণ ইকনমিষ্ট ম্যানুয়েল"এ বলেছে—

"Five-Year Plan is an inadequate weapon in the Government's Economic Policy.

আর এক জায়গায় "কমার্স" বলেছে—

"While thus the immediate outlook is reassuring from the points of view of supplies and prices, the larger aspect of demand for these needs and the long term prospects of the country are uncertain, if not bleak."

যারা অর্থনীতি সম্পর্কে আলোচনা করেন, এবং এ বিষয় যাদের যাদের একটু অভিজ্ঞতা আছে তারাই এই মত প্রকাশ করছেন যে সরকার আসল অবস্থা অস্বীকার করে চলেছে। কোরিয়া যুদ্ধে সাময়িকভাবে যে উন্নতি দেখা দিয়েছিল তার অবসান হয়েছে সুতরাং বর্তমানে আত্মসন্তুষ্টি বা আত্মপ্রসাদের কোন কারণ নাই। কাজেই ভারতবর্ষের সম্পর্কে আপন দেশ সম্পর্কে সত্যিকার যাদেরই একটু দরদ আছে তাদের আজকে আত্মরক্ষামূলক ব্যবস্থা অবলম্বন করা বিষয়ে ভাবা দরকার। আমি বিশেষভাবে সে সম্পর্কেই একটু আলোচনা করবো। প্রথমতঃ যে পঞ্চবার্ষিক পরিকল্পনা এরা করেছে সেই পরিকল্পনাতেই বহু গলদ রয়েছে। এই পঞ্চবার্ষিকী পরিকল্পনার অর্থ সংগ্রহের চারিটি পথ খোলা আছে। বিদেশী মূলধন নিয়ে আসা, আভ্যন্তরীণ লোন সংগ্রহ করা, তৃতীয় হচ্ছে আরও বেশী "ট্যাক্স" বসান এবং ৪র্থ হচ্ছে "ডেফিসিট ফিন্যান্সিং"। আমরা এই জিনিষ কটি আলোচনা করি—আপাততঃ এই বৈদেশিক সাহায্যের কথাই ধরা যাক। এই বৈদেশিকস াহায্যের কথা বলতে যেয়ে মাননীয় অর্থমন্ত্রীমহাশয় দ্বিতীয় "প্যারাডক্স"-এর কথা বলেছেন যে "প্যারাডক্স" আবিষ্কারে তিনি আত্মপ্রসাদ অনুভব করছেন। "পুওর পিওপল ইন রিচ কান্ট্রি" প্রাচুর্য্যের মধ্যেও আমাদের দেশের লোকের এই গরীব অবস্থা। এই "প্যারাডক্স" নূতন কিছু আবিষ্কার নয়, যারাই কলেজের "ইকনমিক্স"এর ছাত্র তাদেরই মনে এই প্রশ্নটা এসেছে এটা সকলেই জানেন আমাদের দেশের "এক্সপোর্ট, ইম্পোর্ট, ব্যাঙ্কিং ব্যালেন্স" আমাদের দেশের লোকের হাতে নয়, শিল্প সম্পদের মালিক আমাদের দেশের লোক নয় মালিক হচ্ছে বিদেশী যারা আমাদের দেশের লুণ্ঠন করে বিদেশে নিয়ে যাচ্ছে। এরা যা করছেন তাতে বিদেশী শোষণ তো বন্ধ হচ্ছে না এবং বিদেশী শোষণ আরও ব্যাপকতর করার চেষ্টা করছেন। আমরা দেখতে পাচ্ছি এই যে ৬০০ কোটি টাকার "গ্যাপ" সেটা বিদেশী সাহায্যে পূরণ করা হবে। এই যে সাহায্য বিদেশীরা কি বিনা স্বার্থে দিয়েছে? সে নয়। সে সম্পর্কে কয়েকটি জিনিষ এখানে বলবো। এই সম্পর্কে কিছুদিন আগে একটা "রিপোর্ট" দেখেছি বিভিন্ন দেশ "ইউ, এন, ও"তে এমেরিকা থাকার জন্য অসুবিধা অনুভব করছে। তারই জন্য দাবী করেছে "ফিন্যানসিয়াল কর্পোরেসন" মারফৎ তাদের কারবার চলাবে পুঁজি নিয়োগ করবে এবং এজন্যই বড় বড় শিল্পপতি "টাটা" প্রভৃতি

[Sj. Benoy Krishna Chowdhury.]
শিল্পপতি এবং বিরুদ্ধ সমালোচনা করতে বাধ্য হয়েছেন। "টাটা অয়েল্ মিলস সেয়ার হোল্ডার্স" মিটিংএ যে বক্তৃতা "টাটা" সাহেব দিয়েছিলেন তাতে তিনি বলেছেন যে এরকম একটা শক্তিশালী প্রতিষ্ঠানকেও এভাবে পঙ্গু করে দিচ্ছে।

[7-45—7-55 p.m.]

এখানে ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েসনের তরফ থেকে যে মেমোর‍্যাণ্ডাম দেওয়া হয়েছে সেখানে দেখান হয়েছে যে কতকগুলি শিল্পের উৎপাদন কমছে, সেগুলো বিদেশী শিল্পের প্রতিযোগিতায় পঙ্গু হচ্ছে। ইতিমধ্যে রেমিংটন কোম্পানীকে এখানে যে সুযোগ দেওয়া হয়েছে তার ফলে আমাদের দেশী টাইপরাইটার কোম্পানী আজ ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমরা দেখেছি "জর্জ উইলিয়ামস"কে যে সুযোগ দেওয়া হয়েছে তার ফলে দেশের ঐ শিল্প ক্ষতিগ্রস্ত হয়েছে। এমনিভাবে বিভিন্ন ইনডাষ্টীকে ক্ষতিগ্রস্ত কোরে বিদেশী শিল্পকে সুযোগ দেওয়া হচ্ছে। সেখানে যদি আমরা মনে করি যে আমাদের দেশী শিল্প প্রতিষ্ঠানের কোন সুবিধা হচ্ছে না, আর দেশের শিল্পকে শোষণ ক'রে লাভটা বিদেশে চলে যাচ্ছে, তাহলে কেমন কোরে আমাদের দেশের উন্নতি হ'তে পারে তা চিন্তা করবেন।

দ্বিতীয়তঃ আমাদের দেশের শিল্পে লাভ না থাকায় এবং সাধারণ মানুষের আয় না থাকায় ভাল সঞ্চয়ও হ'তে পারে না। জোর ক'রে প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা নিয়ে সেখানে খাটাতে পারেন ঐ পঞ্চবার্ষিকী পরিকল্পনায়, কিন্তু তারফলে শ্রমিক ও মজুরদের কি ভীষণ অবর্ণনীয় দুর্দ্দশার উদ্ভব হয়েছে তা ভুক্তভোগীই জানেন। দেশে ধানচাল এবং অন্য খাবার জিনিষ থাকতে অর্থ না থাকায় এবং ক্রয়শক্তি নাই বলে কিনতে পারছে না। এই যেখানে প্রকৃত অবস্থা সেখানে কেমন কোরে বলতে পারেন ময়ূরাক্ষীর জলের জন্য বা দামোদরের ক্যানাল ট্যাক্স দাও:—

(At this stage the red light was lit.)

আর দু মিনিট সময় চাই, স্যার।

সেখানকার জল সেখানকার জমির কাজে লাগছে না। এদিকে বিদেশীর কাজে লাভ হয় ভীষণ এবং তাও আবার বিদেশে চলে যাচ্ছে। এ অবস্থায় বাদের বাঁধা আর তাঁদের কথা স্বতন্ত্র; কারণ মুদ্রাস্ফীতি হেতু তাঁদেরও বিশেষ অসুবিধা না হয়ে পারে না।

এখন ডি, ভি, সি, সম্বন্ধে সাধারণভাবে গুটীকয়েক কথা বলতে চাই। এ সম্বন্ধে বলতে গেলে একটা বিরাট কিছু হয়েছে ব'লে মনে হয়; কিন্তু বৈজ্ঞানিক দৃষ্টিতে যদি সমালোচনা করা যায় তাহলে এর অনেক গুলি গুরুতর গলদের কথা বৈজ্ঞানিকেরা আলোচনা করেছেন। এটা প্রধানতঃ হয়েছে বন্যানিরোধের জন্য। নীচের দিকে কতকগুলি বাঁধ বাঁধা হয়েছে। তাতে দামোদরের জল এসে জমা হচ্ছে ২ লক্ষ ৫০ হাজার কিউসেক। ১৯৪৩ সালে যে বন্যা হয়েছিল তাতে ২ লক্ষ ৯০ হাজার কিউসেক জল আসায় বন্যা হয়েছিল। এ কথা যে রিপোর্টে ছিল সে রিপোর্ট আজও প্রকাশিত করা হয় নি। কিন্তু আমেরিকার যে বিভিন্ন জায়গায় এই রকম ধরণের বাঁধ সৃষ্টি করা হয়েছে তাতে সেখানে দেখতে পাই যে কলোরাডো নদীতে ১৯১৬ সালে ১ লক্ষ ২০ হাজার কিউসেক জলে সেখানে বন্যা হয়েছিল, কিন্তু ১৯৩৮ সালে মাত্র ৬০ হাজার কিউসেক জলে সেই-রকম ধরণের বন্যা হয়েছিল। সেইজন্য মনে হয় যে সেই বাঁধ করার ফলে নীচের ক্যানালগুলো মজে যায় ব'লে তার ফলে বন্যা সম্ভব হয়।

তাছাড়া এখানকার যে জল সেই জলে পলি থাকবে না; তার ফলে সেচের দিক থেকে সেটা "ডিফেক্টিভ"। আমি সেইজন্য আগের আলোচনায় দেখিয়েছি যে এখানে "ওভারফ্লো সিষ্টেম অব ইরিগেশন" হওয়া উচিত ছিল।

তারপর গঙ্গার উপর যে এর কি প্রভাব হবে তা জানেন? সেটা জানাও বিশেষ দরকার। কাজেই বিরাট একটা কিছু দেখলেই সেটায় অভিভূত হওয়ার কিছু নেই। তাহলে টেলিফোনের বড় একটা বাড়ী দেখেও অবাক হতে হয়।

Sj. Ananda Gopal Mukherjee: মাননীয় স্পীকারমহোদয়, আজ তৃতীয় দিন এই বাজেট আলোচনার শেষ অবস্থায় আমি আপনার মাধ্যমে সহযোগী সদস্যদের দুই একটি কথা বলতে চাই।

গত দু'দিন ধরে বাজেট আলোচনায় বিরোধী পক্ষীয় সদস্যেরা তার পাতায় পাতায় কি গলদ আছে তা তীব্র ভাষায় ব্যক্ত করেছেন এবং কাজের গোড়ায় কোথায় কি ত্রুটী আছে, কি শৈথিল্য আছে তাও দেখাতে চেয়েছেন। কেউ কেউ আবার এ প্রসঙ্গ ছেড়ে গিয়ে নানারকম ভঙ্গীর কথার এখানে অবতারণা করেছেন। সেই সব সম্বন্ধে বলবার আগে আমি আপনার মাধ্যমে বিরুদ্ধপক্ষীয় বন্ধুদের বলতে চাই আজ তাঁদের অনেকে কলিকাতায় বসে বাংলা দেশের গ্রামের সঙ্গে যোগাযোগ না রেখে, সহযোগী বন্ধুদের কাছ থেকে শুনে বাংলা দেশের অবস্থার কথা বিচার করতে চাইছেন। আজ তাদের সর্বপ্রথমে এখানে

আমাদের "ম্যাডিক্যাল এণ্ড পাবলিক হেলথ" এর দিকে নজর দিতে বলব। বাংলা দেশের যা রোগ আলা তাতো অন্য দেশে চলতি কথার মত হয়ে আছে বিশেষতঃ আমি যে জেলা থেকে এসেছি সেই বৰ্দ্ধমান জেলার "বৰ্দ্ধমান ফিভার" নামটা বোধ হয় ডাক্তারী পুস্তকেও স্থান পেয়েছে। আমার স্মরণ আছে এই হাউসে ব'সে দেশবন্ধু চিত্তরঞ্জন অত্যন্ত করুণভাবে তদানীন্তন সরকারের কাছে আবেদন করেছিলেন যে ৫ কোটি টাকা দাও, বাংলা দেশের বুক থেকে ম্যালেরিয়াকে দূর ক'রব। সেদিনের সরকার তাঁর পরিকল্পনা গ্রহণ না কোরে সামান্য মাত্র অংশ হিসাবে ৪ যায়গায় "মোবাইল মেডিক্যাল ইউনিট" স্থাপন কোরে কাজ দেখাতে গিয়েছিলেন। আজ সকলের সামনে এই কথা জোরের সঙ্গে বলব যে আজ তাঁরা বাংলা দেশের স্বার্থরক্ষার জন্য যা আয়োজন চলেছে সেদিকে দৃষ্টি দিন। বাংলা দেশের গ্রাম গ্রামান্তরে বিশেষতঃ আমার থানা এবং ইউনিয়নে—সরকার যে পরিকল্পনা গ্রহণ করেছেন তাতে দেখছি তাঁরা স্বাস্থ্যকেন্দ্র গঠন করবেন স্থির করেছেন এবং এ পর্য্যন্ত থানায় এবং ইউনিয়নে ১৬৬টা হেলথ সেণ্টর গড়ে উঠেছে যার ফলে বাংলা দেশের জনসাধারণ পূর্বে যে সুবিধা পান নি তা আজ পাচ্ছেন। এটা যদি উন্নতির লক্ষণ মনে না করেন তাহলে আমি জানি না স্বাস্থ্যের দিক থেকে কাকে উন্নতির লক্ষণ মনে করবেন। বাংলা দেশের গ্রাম একদিন উপেক্ষিত ছিল। কিন্তু আজ মহকুমা সহরেও বিরাট বিরাট হাঁসপাতাল খোলা হচ্ছে। এমন কি ১৯৫৩-৫৪ সালে ৪টা সাবডিভিসনে হাসপাতাল গড়ে তোলার কাজ শেষ হয়েছে। এ বছর আরও ৪টা হাসপাতালে বেশী সংখ্যক বেড বাড়ছে। উপরন্তু এ বছরেও সরকারী পরিকল্পনায় আরও ১০০ টা নূতন হেলথ সেণ্টার গড়ে উঠবে। এই প্রসঙ্গে আর ২।১টি কথা বলব। বাংলা দেশে আজ অত্যধিক পরিমাণে যক্ষ্মারোগ দেখা যাচ্ছে। আজ স্বাস্থ্যের দিক থেকে বাংলা দেশ অনেক উন্নতির দিকে এসেছে। বাংলা দেশের যেটা বিশেষ অসুখ ম্যালেরিয়া সেই ম্যালেরিয়া কণ্ট্রোল করবার জন্য গত বছর এবং তার আগের বছর থেকে পরিকল্পনা নিয়েছেন এবং এবার ৩২ লক্ষ টাকা খরচ হবে। আমি বর্দ্ধমান জেলার গ্রাম গ্রামান্তরে ঘুরে এসে দেখেছি যে সব গ্রামে লোকে ম্যালেরিয়ার ভয়ে সর্বদা শঙ্কিত থাকত সেখানে আজ ম্যালেরিয়া নাই, এবং হাঁসপাতালেও ম্যালেরিয়া রোগীর সংখ্যা কম। ডাক্তারদেরও জিজ্ঞাসা ক'রে দেখেছি যে তাঁদেরও রোগীর সংখ্যা কম। এই সঙ্গে আরও বলি যে ভীষণ যক্ষ্মা রোগের হাত থেকে দেশকে বাঁচাবার জন্য গ্রামে গ্রামে এ্যাণ্টি টি, বি, ভ্যাকসিনেশন দেওয়া হচ্ছে। গত বছর ১ লক্ষ লোককে এই এ্যাণ্টি টি, বি, ভ্যাকসিনেশন দেওয়া হয়েছে। আমি মনে করি যে দু'বছরের মধ্যে এ্যাণ্টি টি, বি, ভ্যাকসিনেশন বাংলা দেশের প্রত্যেক লোককে দেওয়া হবে। আজ ম্যালেরিয়া কণ্ট্রোলের জন্যও অর্থব্যয় হচ্ছে এবং কাজও যথেষ্ট করা হচ্ছে। আমি জানি গ্রামের কর্মীদের এবং গ্রামের ছেলেদের সহযোগিতা নিয়ে এই ম্যালেরিয়ার বিরুদ্ধে অভিযান চলেছে। তাতে এ পর্য্যন্ত যে ফল পাওয়া গিয়েছে, তা মৃত্যুহারের হিসাব দেখলেই জানতে পারা যাবে।

[7-55—8-5 p.m.]

এই বৎসর যে ফল পাওয়া গিয়েছে তার সংখ্যা হিসাব করলে দেখা যাবে যে ম্যালেরিয়ার মৃত্যুর হার যা ছিল—১৯৫০-৫১ সালে ৫৭ হাজার, ১৯৫১-৫২ সালে ৩৯ হাজার, ১৯৫২-৫৩ সালে ৩১ হাজার এবং ১৯৫৩-৫৪ সালের ছয় মাসের হিসাব দেখলে দেখবেন ১৬ হাজারের মত মৃত্যু হয়েছে। এটাকেও যদি বিরোধীপক্ষের বন্ধুরা উন্নতির কারণ বলে মনে না করেন তাহলে আমরা নাচার। এই সঙ্গে পল্লীগ্রামে পানীয় জলের যে অভাব আছে তার দিকেও যে সরকারের দৃষ্টি গিয়েছে সেজন্য আমি সরকারকে ধন্যবাদ দিচ্ছি। ২০ লক্ষ টাকা গ্রাম্য অঞ্চলে "টিউবওয়েল" ও কুয়া করবার জন্য বরাদ্দ করা হয়েছে। আমি জানি না বিরোধীপক্ষের সভ্যেরা এদিকে লক্ষ্য করেছেন কিনা কিন্তু আজকে বাংলার অবহেলিত দরিদ্র জনসাধারণ এই সরকারকে আশীর্বাদ করছে এই জলের ব্যবহারের জন্য। এই সরকার "এডুকেশন"এর দিকেও নজর দিয়েছেন। বাংলার শিক্ষার কি অবস্থা ছিল—বাংলার গ্রামের অবস্থা কি ছিল বিশেষ করে এই শিক্ষাক্ষেত্রে। যদিও বাংলার কয়েকজন মনীষী জন্মগ্রহণ করেছিলেন এবং তাদের কার্য্যকলাপে সারা ভারতবর্ষ উদ্বুদ্ধ হয়ে উঠেছিল কিন্তু তবুও গ্রামের মধ্যে শিক্ষার ব্যবস্থা কিছুই ছিল না। এইবার দেখতে পাচ্ছি এই বৎসরের বাজেটে এই শিক্ষা খাতে প্রায় ৬ কোটি ৯৮ লক্ষ টাকা ধরা হয়েছে; গত বৎসরে ৪ কোটি ৮৭ লক্ষ টাকা ধরা হয়েছিল এবং প্রাথমিক শিক্ষার দ্বারা গ্রামের ছাত্রেরা শিক্ষা পাবে বলে এই প্রাথমিক শিক্ষা এইবার থেকে অবৈতনিকভাবে গ্রহণ করা হয়েছে। এই সব হিসাব তাঁরা দেখেও দেখেন না। এখানে দেখুন কত "স্কুল" গড়ে উঠেছে—প্রাথমিক স্কুল ১৫,৩৪৮টি, মাধ্যমিক শিক্ষা স্কুল ২,৪৩০টি, এ থেকে সকলেই বলতে বাধ্য হবেন যে শিক্ষাক্ষেত্রে বাংলা দেশ কতটা এগিয়ে গিয়েছে। অবিভক্ত বাংলার যত স্কুল ছিল আজ তার চেয়ে ঢের বেশী স্কুল হয়েছে

[Sj. Ananda Gopal Mukherjee.]

এই বিভক্ত বাংলায়, এটা জোর করে সকলে বলতে পারে। একদিকে শিক্ষা খাতে এত টাকা সাহায্য করা সত্ত্বেও সামান্য সামান্য অভাব ও অসুবিধা নানা দিকে থেকে গিয়েছে, সেটাকে সুন্দরভাবে গড়ে তুলবার জন্য সরকারকে সম্মুখীন হতে হবে। আর একদিকে দেখতে হবে যে এই ছাত্রদের শিক্ষা দেবার পদ্ধতি কি এবং স্কুলের ছাত্রদের স্বাস্থ্যরক্ষার পদ্ধতি কি এবং এই সমস্ত স্কুলের অভিভাবকের ছেলেদের মানুষ করে গড়ে তুলে মানবতার দিকে নিয়ে আসছে কিনা। সর্বশেষে আপনাদের সামনে একটি কথা বলতে চাই। আজ প্রাথমিক শিক্ষা খাতে বাংলা সরকার যে টাকা ধার্য্য করেছেন তাতে প্রাথমিক শিক্ষার দিক থেকে যে একটা বিরাট পরিবর্তন এসেছে সেটা সকলকে মেনে নিতে হবে। যদি আপনারা এদিকে নজর না দেন তার জন্য আমি এটা আপনাদের সামনে রাখছি। এই প্রাথমিক শিক্ষার জন্য ১৯৪৮-৪৯ সালে ৭৪ লক্ষ টাকা বরাদ্দ করা হত আজকে সেই জায়গায় ১ কোটি ৬৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এছাড়াও "এডুকেসন সেচ" যার বেশী ভাগ জেলা "স্কুল বোর্ড"এ দিয়ে দেওয়া হয় সেটাও আছে। অবিভক্ত বাংলায় যত স্কুল ছিল আজ বিভক্ত বাংলায় তার চেয়ে ঢের বেশী স্কুল গড়ে উঠেছে এবং আগে যে টাকা ধার্য্য করা হত এখন তার তিন গুণ টাকা এই খাতে ব্যয় হচ্ছে এটা দেখা উচিত।

তারপর আমি কৃষি সম্বন্ধে কিছু বলবো। বাংলার উন্নতি কৃষির সঙ্গে আজাজীভাবে জড়িত। বাংলা দেশের সরকারের কৃষির উপর যে নজর ও দরদ আছে তার জন্য আমি ধন্যবাদ দিচ্ছি। আজ যে সব সভ্য গ্রাম থেকে এখানে এসেছেন তাঁদের এই সম্বন্ধে নিশ্চয়ই চেতনা আছে। তবু আমি বলছি যে বাংলা দেশের কৃষির যে সবচেয়ে বড় অন্তরায় ছিল সেটা হচ্ছে সারের অভাব। বাংলা দেশে গত বৎসরে "সিনড্রি কারখানা" থেকে প্রায় ৩০ হাজার টন সার এনে বাংলাদেশের চাষীদের বিতরণ করা হয়েছে "লোন" হিসাবে। তার ফসল বাড়লে সে তার থেকে এই "লোন" পরিশোধ করবে এবং এর দ্বারা ফসল কি রকম হয়েছে তা আপনারা সকলেই জানেন। আপনারা এটা আনন্দের সঙ্গে স্বীকার করবেন যে ভারতের অন্য কোন প্রদেশে এত সার বিতরণ করা হয় নি। বাংলা দেশের সরকার তার জন্য ধন্যবাদ অর্জন করবেন। এই সার ব্যবহারের ফলে আমরা ফসল যা পেরেছি তা হচ্ছে ৪৬·৯২ লক্ষ টন। এই প্রসঙ্গে আমি সেচ সম্বন্ধে আরো দু'একটা কথা বলবো। ছোট ছোট পরিকল্পনাগুলি গ্রহণ করে, বড় পরিকল্পনার জল পাওয়ার আগে, যাতে গ্রামে চাষ ভালভাবে হতে পারে সেদিকে সরকার সচেতন। পূর্বে মাননীয় প্রফুল্ল সেন মহাশয় যখন সেচ-দপ্তরে ছিলেন তখন বহু ছোট ছোট পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল এবং ১৯৫৩-৫৪ সালে ২৭৩টা পরিকল্পনা কার্যে পরিণত হবে এবং এই বৎসরের আরো কয়েকটি পরিকল্পনা যা সম্পূর্ণ হয় নি সেগুলিও নেওয়া হবে, তাতে প্রায় ৭ শত পরিকল্পনা কার্য্যকরী হয়ে উঠবে আগামী বৎসরের শেষদিকে বলে আমি মনে করি। তারপর বিরোধীপক্ষের অনেক বন্ধু বলেছেন যে হরিণঘাটা এবং অন্যান্য ব্যবসায়ে দেখা যায় যে সরকারের ক্ষতি হয়। এই সমস্ত সুযোগ্য বন্ধুদের আমি এটা স্মরণ করিয়ে দিতে চাই যে, বাজেটের সব পাতা তাঁরা পড়েন নাই আর পড়লেও যেখানে লাভের কথা আছে সেটা বলেন না।

"Statement showing the financial results".—

এই বইয়ের ১৫ পাতা যদি দেখেন তাহলে দেখবেন যে কলিকাতায় দুধ বিলি করবার জন্য সরকার যে পরিকল্পনা গ্রহণ করেছেন এবং এতে যে টাকা পাওয়া গিয়েছে তাতে প্রায় ১২ "পার্সেণ্ট" লাভ হয়েছে।

আর একটা কৃষির যে অভাব ছিল জাতীয় সরকারের আগে, টাকার অভাবে কৃষিকার্য্য ঠিকভাবে হতে পারতো না সেদিকে আজ এই সরকারের দৃষ্টি পড়েছে সেই জন্য সরকারকে আমরা ধন্যবাদ দেবো। এই কৃষি খাতে গতবৎসর যে টাকা দেওয়া হয়েছে তা উপেক্ষার বস্তু নয়। এ বৎসরও চাষীদের যাতে এই সমস্ত অভাব দূর হয় সেই জন্য ১৯৫৩-৫৪ সালে ২০ লক্ষ টাকা এই খাতে ধরা হয়েছে এবং ১৯৫৪-৫৫ সালেও ২০ লক্ষ টাকা ধরা হয়েছে। আমি এর জন্য সরকারকে অভিনন্দন জানাচ্ছি। আর একটা কথা বলবো যেভাবে এই টাকা বিলি করা হয় তাতে সাধারণ গরীব চাষী তাদের নিজেদের কাজে লাগিয়ে উঠতে পারে না সেই টাকায় তারা গরু বাছুর না কিনে নিজেদের অভাবে ও খেয়ে খরচ করে ফেলে।

[8-5—8-15 p.m.]

যখন চাষ শুরু হয় হয়ত তখন পেলেন না, পেলেন হয়ত পরে, আর যে পরিমাণ পেলেন তাতে হয়ত গরু কেনা হয় না অভাবের জন্যে খেয়ে ফেলেন। বরং যদি সম্ভব হয় সরকার এ সম্বন্ধে চেষ্টা করবেন; যাকেই দেন সে যেন তাতে গরু কিনতে পারে। "এগ্রিকালচারাল লোন" এবং "ক্রপ লোন" যাতে চাষী অভাবের দিন চাষ ছেড়ে অন্য জায়গায় না যায় সরকার তার ব্যবস্থা করেছেন। যদি এটি কৃষি

বিভাগের কাজ না দেখে "রিলিফ" হিসাবে দেখি তাহলে দেখব "এগ্রিকালচারাল লোন" ৫৩-৫৪ সালে ৫৪ লক্ষ, ৫৪-৫৫ সালে প্রায় ৫০ লক্ষ টাকা ধার্য্য হয়েছে এবং পূর্বেও হয়েছিল। আর একটি কথা আমাদের চাষীরা বৈজ্ঞানিক পদ্ধতিতে সব সময় চাষ করতে সাহস পান না। একে তারা ঠিক বিশ্বাস বা নির্ভর করতে পারছেন না। যাতে এর উপর তাদের বিশ্বাস আসে যে বৈজ্ঞানিক উপায়ে চাষ করলে বেশী ফসল পাওয়া যায় এ জন্য সরকার চেষ্টা করছেন। এ বছরের শেষ দিকে প্রায় ২০০ "ডেমনষ্ট্রেসন সেণ্টার" খুলেছিলেন এবং পূর্বে ৪২৩টি এই ভাবে মোট ৬২৩টি "ডেমনষ্ট্রেসন সেণ্টার"। থানায় থানায় ইউনিয়নে ইউনিয়নে গিয়ে চাষী যাতে বৈজ্ঞানিক চাষবাসে বিশ্বাস করে তার চেষ্টা করেছেন তাছাড়া "প্ল্যাণ্ট প্রটেক্সন"এর জন্য সরকার ব্যবস্থা করছেন যেটা আগে ছিল না। আগে ধানে পোকা হয়ে ধান নষ্ট হত, সরকার এ সম্বন্ধে সচেতন হয়েছেন। প্রায় ৮$\frac{১}{২}$ লক্ষ টাকা এ জন্যে বরাদ্দ করা হয়েছে। এ বছর এদিকে ভাল করে দৃষ্টি রাখতে সরকারকে অনুরোধ করব। বাংলা দেশের রাস্তাঘাটের দিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করি। যদিও জাতীয় সরকার কায়েমী হবার পর বাংলা দেশে ১,১৮১ মাইল রাস্তা ছিল। এ বছরের শেষ পর্য্যন্ত ৩ হাজার ৭৭১ মাইল রাস্তা লোক চলাচল, যানবাহন চলাচলের জন্যে কার্য্যকরী করা হয়েছে। আমাদের ২১ জন বন্ধু কলকাতার "টিউব রেলওয়ে"এর কথা বলে ব্যঙ্গ করেছেন, তারা কলকাতার বুকে বসে বুঝতে পারেন না কি কষ্টে হাজার হাজার মানুষ সারাদিন কলকাতায় খাটুনির পর বাড়ী ফিরে যান। ২০ বছর পরে যে কাজ হবে তার পরিকল্পনা মুখ্যমন্ত্রী নিয়েছেন, এটা যদি আজ না নেওয়া হয় তবে ১৫ বছর পরেও সে পরিকল্পনা করা হয়ে উঠবে না। যদি কয়েক হাজার টাকা "প্ল্যান" করতে লেগে থাকে সেটা খুব অন্যায় হয়নি। এবারে সেচ ব্যবস্থার কথা কিছু বলব। বাংলা দেশে আজ অসংখ্য নদী-নালা মজে গিয়ে সারা দেশটাকে অস্বাস্থ্যকর করে তুলেছিল, দেশের কৃষি ব্যবস্থাকে পঙ্গু করে দিয়েছিল। জাতীয় সরকার হবার পর পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং অন্যান্য পরিকল্পনার মাধ্যমে আজ যে কল্যাণ-মূলক কাজ হয়েছে তা ভাল করে বুঝে দেখলে আমি জানি বিরোধীপক্ষের বন্ধুরাও লজ্জা পাবেন। বাংলা-দেশে ময়ূরাক্ষী "প্রজেক্ট" সুন্দরভাবে সরকার সম্পূর্ণ করেছেন। অন্যান্য প্রদেশে যারা একই সময় এ জাতীয় পরিকল্পনা গ্রহণ করেছিলেন তারা কেউ শেষ করতে আজও পারেন নি। বীরভূমের কাঁকুরে মাটিতে যেখানে ঘাস পর্য্যন্ত হ'ত না সেখানে আজ সবুজ ফসল ফলেছে তা অস্বীকার করবার উপায় নেই। এ বছর প্রায় ১৭ কোটি ৩৫ লক্ষ ২৫ হাজার টাকা সেচ খাতে ধরা হয়েছে এর মধ্যে "দামোদর ময়ূরাক্ষী"র টাকা আছে এবং অন্যান্য ছোটখাট পরিকল্পনা আছে। ৫৪-৫৫ সালে ময়ূরাক্ষী ধরে ১৬১টি "স্কিম স্যাংসও" আছে তাতে আগে খরচা হয়েছে ১৭ কোটি ৭৭ লক্ষ ৪৫ হাজার টাকা। এবং এই পরিকল্পনায় যে সব জায়গায় ফসল হ'ত না এমন জমিতে প্রায় ১১ লক্ষ ৭৬ হাজার একর জমিতে সবুজ শস্য উঠেছে। এপ্রসঙ্গে বিরোধী-পক্ষের বন্ধু শ্রীযুত রাধাকৃষ্ণ পাল মহাশয় দুর্গাপুরের "ষ্টিল ফ্যাক্টরী"র কথা বলেছেন। আমার বক্তব্য ছিল এই বাংলাদেশে আজ বেকারী সমস্যা বেড়ে যাচেছ, অনেক অভাব অনটন আছে তাই বাংলা দেশের প্রধানমন্ত্রী চেয়েছিলেন যে বাংলা দেশে দুর্গাপুরে এই "ষ্টিল ফ্যাক্টরী" হোক, কিন্তু বলতে লজ্জা হয় "সেণ্ট্রাল গভর্ণমেণ্ট" এই পরিকল্পনা গ্রহণ করেন নি। সাম্প্রতিক কলকাতার অবস্থা আমাদের এখানকার লোকদের উচ্ছৃঙ্খল আচরণই আমাদের এই সুযোগ থেকে বঞ্চিত করেছে। সেজন্যে বলছি যারা বাংলাকে ভালবাসেন, তাকে সুন্দর দেখতে চান 'তার মাথা উঁচু রাখতে চান' তারা যেন এই উচ্ছৃঙ্খলতার পথ ত্যাগ করেন। এরকম করলে যত গালাগালিই দিন সরকারকে আর ডাঃ রায়কে দেশের কোনো কাজই হবে না।

Mr. Speaker: Your time is up.

Sj. Ananda Gopal Mukherjee: এক মিনিট স্যার, শিক্ষক আন্দোলনের সময় এখানে যে ট্রাম বাস পোড়ান হল তাতে নাকি ডাঃ রায়ের হাত আছে। তিনি নাকি নিজের লোক দিয়ে এসব কাজ করিয়ে বিরোধীপক্ষকে দমন করতে চান, এ বিষয়ে আমি বলতে চাই যে রাশিয়ায় তাদের নীতিকে কায়েমী করবার জন্যে "ষ্ট্যালিন" যে পদ্ধতি গ্রহণ করেছিলেন তা যদি এখানে করা হত তাহলে হয়ত জ্যোতি বাবু এখানে আশ্রয় পেতেন না।

Adjournment.

The House was then adjourned at 8-15 p.m. till 9-30 a.m. on Saturday, the 27th February, 1954, at the Assembly House, Calcutta.

ASSEMBLY PROCEEDINGS

Saturday, the 27th February, 1954.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 27th February, 1954, at 9-30 a.m.

Present:

Mr. Speaker (The Honble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 180 Members.

General discussion of the Budget.

[9-30—9-40 a.m.]

Sj. Dintaran Moni: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় প্রধান মন্ত্রিমহাশয় যে বাজেট পেশ করেছেন তাতে বিভিন্নখাতে বহু ব্যয় বরাদ্দ করেছেন, গতবারের অপেক্ষা এবারে শিক্ষাখাতে বেশী টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে, কিন্তু দু:খের বিষয় "সিডিউল্ড কাষ্ট"এর জন্য পৃথকভাবে কোন ব্যয় বরাদ্দ নাই, "ব্যাকওয়ার্ড ক্লাস"-এর জন্য যা বলেছেন তাতে প্রকৃত "সিডিউল্ড কাষ্ট"এর জন্য কত ব্যয় হচ্ছে সে সম্পর্কে বুঝা যায় না। "ব্যাকওয়ার্ড" কথাটি জটিল, পশ্চিম বঙ্গের যারা এক চতুর্থাংশের অধিক তাদের উন্নয়নের জন্য পৃথক কোন পরিকল্পনা নাই, সরকার "সিডিউল্ড কাষ্ট"এর একাধিক "হোষ্টেল অ্যাবলিস্‌ড" করেছেন, যেখানে ৮০ জন 'ছাত্র' মাসিক ৩০।৩৫ টাকা খরচে থাকতে পারত। তার পরিবর্তে রামকৃষ্ণ মিশনের হাতে ২ লক্ষ টাকা দিয়ে বলেছেন "সিডিউল্ড কাষ্ট"এর ছাত্ররা সেখানে থাকতে পারবে। সেখানে মাসিক ৩৫৲ টাকা এবং "সিট রেণ্ট" ১৫৲ মোট ৫০৲ টাকা খরচ লাগে, আর তাতেও মাত্র ৩৫।৩৬ জন ছাত্র আছে। ছাত্র সমস্যা ক্রমশ: বাড়ছে। কোথায় "সিট" বাড়ান দরকার তা না করে কমান হ'ল, আর যেখানে ৩৫।৩৬ টাকা দিতে কষ্ট হ'ত সেখানে ৫০৲ টাকা দেওয়া কতদূর কষ্টকর এবং অসম্ভব তা গরীব ছাত্রেরা বেশ বুঝতে পারছে। রামকৃষ্ণ মিশন যদি দুই লক্ষ টাকা নিয়ে "সিডিউল্ড কাষ্ট"এর ছাত্র রাখতে বাধ্য হয় তবে "সিট রেণ্ট" তাদের দিতে হবে কেন? এভাবে "সিডিউল্ড কাষ্ট"এর কি মঙ্গল হ'ল বুঝতে পারি না। আমহার্ষ্ট ষ্ট্রীট পোষ্ট অফিসের নিকট একটা "হোষ্টেল" এদের জন্য হবে "প্ল্যান" হ'ল কিন্তু তা বন্ধ হয়ে গেল কেন জানিনা। সুতরাং যাতে শতাধিক "সিডিউল্ড কাষ্ট"এর ছাত্র অল্প ব্যয়ে "হোষ্টেল"এ স্থান পায় তার জন্য সরকারের বিশেষভাবে লক্ষ্য করা দরকার। সরকার যে "ষ্টাইপেণ্ড" দিচ্ছেন তা অধিকাংশই "ফার্ষ্ট ডিভিসন" ও "সেকেণ্ড ডিভিসন"এর ছাত্রদের, "থার্ড ডিভিসন"এর ছাত্র খুব কম সংখ্যায়ই পাইয়া থাকে, তা না করে গরীব এবং প্রকৃত "ডিজার্ভিং" ছাত্রদের দেওয়া আবশ্যক। কলেজের ছাত্ররা কিছু কিছু পায় কিন্তু স্কুলের ছাত্র খুব কম সংখ্যায়ই পাইয়া থাকে। আরও দেখা যায় "ব্যাকওয়ার্ড ক্লাস"এর বরাদ্দ টাকায় সমুদয় খরচ হয়না, ইহার কারণ কি? তাহাতে সরকারের কোন দৃষ্টি নাই। এই "ষ্টাইপেণ্ড" বিভাগ করবার জন্য একটা সরকারী ও বে-সরকারী কমিটি পূর্বে ছিল, ভারত সরকারও সেটা রেখেছেন কিন্তু বাংলা সরকার এখন কেবল সরকারী কর্মচারী দ্বারা তাহা পরিচালনা করেন। আমার মনে হয় "অফিসিয়াল" এবং "নন্‌-অফিসিয়াল মেম্বার" দ্বারা উহা পরিচালনা করুন; স্থানীয় এম্‌, এল্‌, এ কিংবা দায়িত্ব সম্পন্ন যোগ্য ব্যক্তিকে নিয়ে উক্ত বোর্ড পরিচালনা করা যুক্তিসঙ্গত। সরকার যে পরিমাণ "ষ্টাইপেণ্ড" দিচ্ছেন তা যথেষ্ট নয়। "ডি, আই অফ স্কুলস্‌"এর হাতে অধিক পরিমাণ টাকা দেওয়া দরকার; এই সব দিকে দৃষ্টি রাখার জন্য পৃথক মন্ত্রী রাখা না গেলেও অন্ততঃ পৃথক বিভাগ থাকা দরকার।

"মেডিক্যাল কলেজ" ও অন্যান্য "টেকনিক্যাল" স্কুলে "সিডিউল্ড কাষ্ট"এর ছাত্রদের জন্য "রিজার্ভেসন"-এর কোন কিছু কথা বাজেটে নাই। বিহার গভর্ণমেণ্ট ও ভারত গভর্ণমেণ্ট সেটা করেছেন কিন্তু আমাদের প্রধান মন্ত্রিমহাশয়ের "সিডিউল্ড কাষ্ট"এর দিকে আদৌ দৃষ্টি নাই। কংগ্রেস সদস্যগণের মধ্যে অনেকে আছেন যাঁরা "সিডিউল্ড কাষ্ট"এর প্রতিনিধি। তাঁদেরও এ বিষয়ে সতর্ক হওয়া দরকার, নতুবা ডা: রায়ের মোহে বা খপ্পরে পড়ে তাঁরা দেখছি তাদের যা কিছু ব্যক্তিত্ব হারাতে বসেছেন. ডা: রায় তাদের বেশ বোকা বানিয়ে রেখেছেন।

এ বাজেটে অনুন্নত অবহেলিত পল্লীর উন্নতির কোন ব্যবস্থা নাই। পল্লীগ্রামে যেখানে রাস্তা নাই,

জলনিকাশের কোন উপায় নাই, শিক্ষার কোন ব্যবস্থা নাই, সেখান থেকে আবেদন নিবেদন করে "প্রপার চ্যানেল" দিয়ে আসতে সব আশা মিলিয়ে যায়। অনেক চেষ্টার পর ২।১টি কাজ বা আরম্ভ হয় তা এত দেরীতে যে বর্ষা এসে পড়ে, কাজ চলেনা, বন্ধ হয়ে যায়, আর পূর্ত বিভাগের কথা ত এক অদ্ভুত ব্যাপার। যেভাবে বাঁধের মাটী কাটা হয় তা ১৫ হাজার টাকার মাটী কেটে ৩০ হাজার টাকা সরকার থেকে আদায় করে, আপত্তি দিলে সব পড়ে থাকে—কে কার কথা শোনে? জয়নগর থানার গুড়গুড়ে-ভুবনেশ্বরী বাঁধ বাঁধতে যেভাবে মাটী নষ্ট করেছে স্বয়ং দেখে এলাম, স্থানীয় প্রজাগণ আপত্তি দিলেন, কিছুই হ'ল না, "ওভারসিয়ার, কণ্ট্রাক্টর" গণ ভ্রূক্ষেপও করেন না, তাঁরা জানেন ওপারের সঙ্গে ঠিক ওসব আছে, কি করবে আপত্তি করে?

Mr. Speaker:

(ঐগুলিতো সব "কাট মোশন"এর ব্যাপার।)

Sj. Dintaran Moni:

ঐ জয়নগরের মগরাহাট "ক্যানাল" যেভাবে গতবারে কেটেছে এবং এবারেও কাটছে তাতে বহু লোক আপত্তি দিয়েছে, কোন "এ্যাক্সন" নাই। ময়দা-তারানগর রোড দক্ষিণ বারাসাত "রেলওয়ে ষ্টেসন" থেকে রাজতলা পর্য্যন্ত রাস্তা বিশেষ দরকারী, সেজন্য জনসাধারণ সরকারের নিকট কতবার না জানিয়েছেন কিছুই হয়নি, এরূপভাবে "প্রপার চ্যানেল" লক্ষ্য না করে মন্ত্রিমহাশয়গণ স্বচক্ষে দেখে আসুন না। কোথায় কি দরকার, নিজেরাই ঠিক করুন না। এরকমভাবে সমস্যা মিটবে না, দুর্নীতি দূর হবে না—সরকার ইচ্ছা করলে একদিনে দুর্নীতি দূর করতে পারেন, বৃটিশের বরাবরের নীতি ছেড়ে দিয়ে খোলা প্রাণে গরীবদের দু:খ দুর্দ্দশার প্রতি লক্ষ্য রেখে বাজেট করুন, জন-হিতকর পন্থা নির্বাচন করুন। নিশ্চয় সুন্দর বাজেট হবে। সব সমস্যা মিটে যাবে সকলের দিকে লক্ষ্য রাখলে। এই যে শান্ত শিষ্ট নির্বিরোধী শিক্ষকগণ রৌদ্রে রাস্তায় অনাহারে থেকেও নিষ্কৃতি না পেয়ে ধৃত হলেন, অপমানিত হলেন এগুলো হবার পূর্বে কি সরকার সুব্যবস্থা করতে পারতেন না? শুনি বিরোধী দলের রাজনৈতিক চাল—সে যাই হোক সে সুযোগ বা বিরোধীদল পেলেন কেন? জগতের ইতিহাসে এরূপ একটা কলঙ্কময় ঘটনা লিখা হয়ে গেল। আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় শান্ত, শিষ্ট নিষ্ক্রিয় হয়ে বসে থাকেন, তিনি কি পূর্ব্বে এর ব্যবস্থা করা সঙ্গত মনে করেন নি? সবইতো ডা: রায়ের দোষ, তাহলে সংশ্লিষ্ট মন্ত্রীদেরই বা আবশ্যকতা কি? কেন এত টাকা ব্যয় হবে মন্ত্রীদের পেছনে? সব যদি ডা: রায় তিনি একাই থাকুন না।

শিক্ষকদের ব্যাপার মিটল, মাঝখান থেকে "ষ্টেট"এর কত ক্ষতি হল, বিশেষ করে সাতজন নির্দোষ লোকের জীবন গেল, এর জন্য দায়ী কে? আমরা বলবো, সংশ্লিষ্ট শিক্ষামন্ত্রী। তার কাছে আমরা এর কৈফিয়ত চাই। তিনি তাঁর বিভাগের কি খবর রাখেন? কিছুইনা বলে মনে করি। কিশলয় বই নিয়ে তিনি ভানুমতি খেলা করছেন। ভানুমতি খেলায় যে মানুষকে সিন্দুকে তালা বন্ধ করে রাখা হয়, সে বাইরে হেটে বেড়ায়; "রাইটার্স বিল্ডিংস"এ কিশলয় "রিজার্ভ" আছে কিন্তু বাজারে দ্বিগুণ দাম দিলে "ব্ল্যাক"এ পাওয়া যায়, একি কাণ্ড। মার্চ মাস আসছে অথচ বহু ছাত্র এখন পর্য্যন্ত কিশলয় পায়নি। খোলা বাজারে নাই কেন। এর জন্য শিক্ষামন্ত্রী মহাশয় দায়ী নয় কি? শিক্ষার প্রসার হচ্ছে কি সঙ্কোচ হচ্ছে বাস্তব ক্ষেত্রে তা দেখা দরকার। শুধু বাজেট করলে কাজ হবে না সংশ্লিষ্ট মন্ত্রীদের মাঝে মাঝে গ্রামে গিয়ে দেখা দরকার।

"হাউস"এ বসে বাজেটের জন্যে ডা: রায়কে এক পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হচ্ছে, "সাপোর্ট" করা হচ্ছে, এটা কিন্তু খুব প্রশংসা বা ব্যক্তিত্বের কথা নয়। অপরপক্ষ থেকেও যখন ধন্যবাদ পড়বে তখনি বাজেটের সার্থকতা প্রমাণিত হবে।

অনুন্নতদের প্রতি দৃষ্টি, বেকারীদের অন্নের ব্যবস্থা, নিভৃত পল্লীর উন্নয়নের ব্যবস্থা, অবহেলিতদের প্রতি সমদর্শিতা, শিক্ষকদিগের উন্নতির প্রচেষ্টা যখন বাজেটে স্থান পাবে তখন সকল দিক থেকে ধন্যবাদ পড়বে এবং সেইটাই হবে প্রকৃত ধন্যবাদ—নতুবা যাঁরা বাজেট করেছেন তাঁরাই ধন্যবাদ দিচ্ছেন। এ আর এমন কি গৌরবের কথা। আমাদের রাজা বড় দাতা, খুব অর্থ বিতরন করেন, অন্দরমহলে দুয়োর সে দান রাণী। আমাদের অবস্থা ঠিক তাই।

Sj. Sasadhar Kar:

মাননীয় স্পীকার মহোদয়, আমি আমাদের অর্থ-মন্ত্রীমহাশয় আমাদের সম্মুখে যে বাজেট উপস্থিত করেছেন সেই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করছি। আমি ডুয়ার্স চা বাগান অঞ্চলের প্রতিনিধি। চা শিল্প এবং বনজ সম্পদের জন্য এই অঞ্চল প্রসিদ্ধ। সুতরাং আমি চা শিল্প বিষয়ে কিছু নিবেদন করবো। সরকারের বিভিন্ন প্রচেষ্টায় চা শ্রমিকদের উন্নতি হইয়াছে কিন্তু এখনও বহু চা বাগান সরকার-নির্দিষ্ট কাজে অগ্রসর হয় নাই। এজন্য তদন্ত হওয়া দরকার। প্রসূতিদের হাঁসপাতালের ব্যবস্থা ও ভাতা বৃদ্ধি করেছেন, শ্রমিকদের জন্য চিকিৎসার ব্যবস্থা করেছেন, অধিকাংশ বাগানে হাঁসপাতাল হয়েছে ও চিকিৎসা বাবদ মাথাপিছু বছরে ৫৲ থেকে

[Sj. Sasadhar Kar.]

ছয় টাকা ব্যয় হয়প শ্রমিকদের মজুরিবৃদ্ধি কিছু হইয়াছে, তবে পাতা তুলবার মজুরি আরও বাড়ান দরকার। শ্রমিকদের শিক্ষা ব্যবস্থা হয়েছে কিন্তু প্রত্যেক বাগানেই বালক বালিকাদের শিক্ষা বাধ্যতা মূলক হওয়া আবশ্যক, এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করি। দুঃখের বিষয় অনেক বিদেশী চা বাগানের মালিক মিথ্যা মামলা রুজু করিয়া শ্রমিক ইউনিয়নগুলি নষ্ট করতে চেষ্টা করছেন, ছাটাই এখনও চলছে, শ্রমিক মামলায় খালাস হলেও তাকে কাজে নিযুক্ত করা হচ্ছে না, তার পরিবারবর্গকেও ছাটাই করা হচ্ছে এবং বাগান থেকে বের করা হচ্ছে এ বিষয়ে প্রমাণ আছে।

[9-40—9-50 a.m.]

ব্যক্তিগতভাবে এই সব শ্রমিকদের ট্রাইবিউন্যালে যাওয়ার সঙ্গতি নাই, এদের সুবিচার পাওয়ার ব্যবস্থার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বাঙালী এবং ভারতীয় কর্মচারীদের সর্ববিভাগের কাজ শিখবার সুযোগ না দেওয়ায় তাদের কেবল কেরাণী কোরে রাখা হয়, অথচ বিলাত ও ভারতের অন্য প্রদেশ থেকে বহু যুবক নিয়ে এসে তাদের সহকারী ম্যানেজার নিযুক্ত করেছেন ও তাদের মোটা মাহিনা দিচ্ছেন। এদেশের লোকেরা অর্থাৎ বাঙালীরা কি এ কাজের উপযুক্ত হতে পারত না? আসল কথা তাদের এই সুযোগ দেওয়া হয় না। আশাকরি সরকার এ বিষয়ে দৃষ্টি দিবেন। এখন কেবল লোক দেখান ২।৪টা এপ্রেন্টিস নিযুক্ত কোরে ধোকা দেবার চেষ্টা করা হচ্ছে। বাগানে যে সব শিক্ষিত ও অভিজ্ঞ কর্মচারী বহুদিন কাজ করছেন তাঁদের মধ্য থেকে এপ্রেন্টিস ম্যানেজার নিযুক্ত করা সঙ্গত।

কতকগুলি ব্যবসায়ী চায়ের দাম বেশী হওয়ায় লাল ডানটি ও যে সব চা খাদ্যের উপযোগী নয় সেগুলি বাগান থেকে সস্তাদরে আমদানী করছে। জলপাইগুড়ি ও কলিকাতা সহরের অনেক ব্যবসায়ী ঐ সব ডান্‌টিও নানা প্রকার জিনিষ পিটিয়ে গুড়া কোরে গুড়া চা তৈরী করে এবং সেগুলি বাজারে বিক্রী হয়। এগুলি স্বাস্থ্যের পক্ষে খুব খারাপ। এতে ভাল চায়ের বাজার নষ্ট হচ্ছে এবং তার ফলে ভবিষ্যতে ভারতীয় চায়ের বদনাম হবে। কঠোর হস্তে সরকারের এ জিনিষ বন্ধ করা প্রয়োজন। জলপাইগুড়ি জেলায়ও বেকারের সংখ্যা কম নয়; এদের কাজে লাগাতে হলে সেই রূপ পরিকল্পনা করা দরকার। সস্তায় বিদ্যুত উৎপাদনের ব্যবস্থা এই জেলায় হওয়া দরকার।

আজ একথা সত্য যে পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দেশ অগ্রসর হয়েছে। আজ দেশের যুবসম্প্রদায় সর্বপ্রকার কাজের জন্য প্রস্তুত হয়ে এগিয়ে আসছে। বেকার সমস্যা সমাধান করতে হলে গঠনমূলক কাজের প্রবর্তন করা প্রয়োজন। এই সব যুবকদের নিযুক্ত করলে সরকারী কর্মচারীদের তৎপরতাবৃদ্ধি এবং সততা ও নাগরিকদের সহযোগিতা দেশকে অগ্রগামী করতে পারে।

রাষ্ট্রের সমস্ত বিভাগকে কেন্দ্রীভূত না কোরে বিকেন্দ্রী-করনের জন্য আমি অনুরোধ করছি।

এ জেলায় ও ডুয়ার্স অঞ্চলে ডাকাতীর হিড়িক লেগেই আছে, কিন্তু তার কোন কিনারা হচ্ছে না। পুলিসের পক্ষে এবিষয়ে একটু তৎপর হওয়া দরকার। বিচার বিভাগের অবস্থা নিম্নগামী ও শোচনীয়। বড়ই দুঃখের বিষয় বৎসরের পর বৎসর চলে আসছে একটা মামলারও নিষ্পত্তি হচ্ছে না, বাদী এবং প্রতিবাদী সর্বস্বান্ত হচ্ছে, এর তদন্তের এবং সর্বপ্রকার ব্যবস্থা প্রয়োজন মনে করি।

জলপাইগুড়ী জেলায় আমন ফসল ভাল হয়নি এবং চালের দরও কমছে না। ওয়াগনের সুব্যবস্থার অভাবে সরবরাহ ঠিকমত হচ্ছে না; এই ব্যবস্থা হওয়া দরকার। এ জেলা সরকারী হিসাবে ঘাটতি এলাকা। এই বিচ্ছিন্ন অংশকে স্বয়ং সম্পূর্ণ করা প্রয়োজন, উপযুক্ত সেচ ব্যবস্থা ও উন্নত ধরণের কৃষির দ্বারা যতটা করা সম্ভব সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ডুয়ার্স অঞ্চলে গো মহিষ ও গৃহ পালিত জন্তুদের নদীতে জল খাওয়াতে কর দিতে হয়। একমাত্র খাসমহল এলাকায়ই ঐ সব নিয়ম আছে। গরীব কৃষক ও শ্রমিকদের পক্ষে এই কর দেওয়া কষ্টকর। এই কর রহিত করা প্রয়োজন, অথবা নামমাত্র করের ব্যবস্থার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করি।

মালখানার একটা অঞ্চল তিস্তা নদীর ভাঙনে ভেঙে যাওয়ায় ঐ অঞ্চলের লোকজনের হাট বাজার করা, চলাচল করা, শহরে মামলা মকোর্দমার জন্য যাওয়া আসা বন্ধ। একটি মাত্র রাস্তা আছে যার দুধারে ডি-বি রাস্তা এবং মধ্যভাগে ৭ মাইল বন বিভাগের রাস্তা। ঐ রাস্তায় যানবাহন চলাচল নিষিদ্ধ। ঐ ৭ মাইল রাস্তায় যানবাহন চলাচলের অনুমতি দিতে সরকারকে অনুরোধ জানাচ্ছি, নতুবা অন্য নূতন রাস্তা তৈরীর জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। একটা বিরাট অঞ্চল অবরুদ্ধ অবস্থায় আছে। দীর্ঘ দিন ধরে সরকারকে জানান সত্তেও তার কোন প্রতিকার হয় নি। এই প্রতীকারের জন্য পুনঃ পুনঃ অনুরোধ জানাচ্ছি।

আমাদের এই সরকার বহুবিধভাবে দেশকে উন্নত ও স্বাবলম্বী করতে চেষ্টা করছেন সেজন্য সরকারকে ধন্যবাদ দিচ্ছি। নিষ্ক্রিয় ও নিশ্চেষ্ট সরকারের বাজেটে ঘাটতি হয় না। যে অর্থ উন্নয়ন কার্য্যে ব্যয় হইয়াছে তাহাও পর্য্যাপ্ত নহে, দেশকে স্বয়ংসম্পূর্ণ করতে আরও অর্থের প্রয়োজন মনে করি। এজন্য আমি সরকারকে আবার ধন্যবাদ দিচ্ছি এবং এই বাজেট সমর্থন করছি।

Sj. Rameswar Panda: Mr. Speaker, Sir, I have heard with interest the statement on budget delivered by the Hon'ble Finance Minister and I have also listened with attention to all the discussions that have been made on the floor of this House during the past three days, but I am not satisfied with nor am I prepared to welcome this budget with applause, as has been done by my friends on the other side.

Sir, the first thing that strikes me in the budget is the heavy amount of deficit. The deficit which was in the year 1953-54 Rs. 7 crores 48 lakhs will amount to Rs. 12 crores 42 lakhs in the year 1954-55. This has been referred to many a time by many speakers in this Assembly, but we do not find in the budget statement any explanation as to how this deficit will be met in the future. In my opinion, there should have been a note in the statement as to how the Hon'ble Chief Minister desires to meet this deficit in future.

Next, Sir, we have been given a book "Statement showing Financial Results of Important Schemes of Government involving transactions of a Commercial or Semi-Commercial Nature". In this book there are 14 schemes and in 12 of them the net result was loss and heavy loss too. I think that in the statement there should have been an explanation how there occurred such a loss in all the State undertakings. While private concerns of similar nature are all flourishing and making gains, these State undertakings, which are managed by efficient officers and also supervised by competent men, are leading to such heavy loss. Sir, I think there should be an enquiry commission to enquire into the reasons why in all such undertakings there is loss to the Government. If after enquiry it is found that there has been lack of supervision or there is corruption, the offenders should be brought to book.

Sir, in the budget statement we find that the main source of Bengal's income is excise and sales tax. It has been stated that there has been a decrease in the collection of sales tax owing to the insufficient purchasing capacity of the people. What steps do our Hon'ble Chief Minister intend to take, so that the main source of income can be improved?

[9-50—10 a.m.]

With regard to education, the teachers' strike has ended in a compromise, and we are all happy that it has so ended, but one thing I would like to add. The addition that has been made to the remuneration of teachers is not too much, and their pay is much less than what they deserve. But the teachers also—I should like to remind them—have a sacred duty of imparting education to the future makers of our nation. They must understand that there were high ideals of teachers in this country, and that in ancient times teachers imparted lessons to their learners without any remuneration at all. But the way in which the teachers of the present day impart education leaves much to be desired. Many of them take to private tuition of the students at home and often take a lot of remuneration from their guardians. I hope the teachers will do their duty properly, so that the guardians may not have any complaint about their wards in the schools in future.

One thing, Sir, about the budget. The Finance Minister has referred to the Taxation Enquiry Commission and to the Government of

[Sj. Rameswar Panda.]

India. We have read in the budget estimate the view that is given there, namely, that the State of West Bengal is involved in debt, and that for any future programme for improvement we have only to look forward to the kind dispensation of the Taxation Enquiry Commission and the mercy of the Union Government. This is the picture given there. We agree with the speech of His Excellency the Governor in which he said that "we are passing through a night dark and perilous but we do not see a faint glimmer of a glorious dawn".

Sj. Narbahadur Gurung: Mr. Speaker, Sir, the budget was presented by the Finance Minister with a deficit of twelve crores and thirty-two lakh rupees with an explanatory note that while presenting the budget before this House, the State of West Bengal had to face a double set of paradoxes. Perhaps it was this anomalous statement and the huge deficit figure that might have puzzled the honourable members on the opposite bench as well as some of the members on this side of the House.

Deficit budget, in a State where huge capital investments are being made, is inevitable at initial stages until such time when the capital investments begin to yield profitable returns. This is not an indication of danger signal of a State's budgetary position as is apprehended by the members of the opposite bench. Dr. Roy has already enumerated development projects in various public sectors in his budget speech. So far as the productive side of the investments are concerned, the bold steps taken by the State Government is highly appreciable and there is nothing to fear that a deficit budget would lead to State's bankruptcy under the present special circumstances. However, I would like to caution the Government in the proper utilisation of the money invested in public investments. One of the greatest defects of the State managed enterprises is the mismanagement. Public servants who are directly in charge of such State enterprises should be made fully responsible for the profit and loss of such enterprises. There is no reason why there should be losses in the State Transport business when the private parties are making fortune out of the same type of business.

On the other hand, unlike my friend, Shri Basantlall Murarka, who said in his speech the other day, I would not like to encourage Dr. Roy or any Finance Minister to pile up the police budget as much as he likes for the security of Calcutta citizens, nor I would like the leaders of the opposite party to pat those mischief-mongers who took advantage of the teachers' movement and made the whole of Calcutta a place of terror compelling the Finance Minister to inflate his Police budget. We are no more fighting against any foreign Government. It is our own Government and while healthy and constructive criticisms on Government activities should be welcomed, the opposition should not seek any plea to destroy the State properties and directly or indirectly compel the Finance Minister to increase the expenditure of the State.

Sir, the two paradoxes which the Finance Minister has elaborately dealt with in his opening budget speech, are the real dangers which the State might find itself in an awkward position to balance its budget. The first paradox in the language of Dr. Roy, the Finance Minister, and the Chief Minister too, is "The paradox of disparity between expansion and employment" and the second is "the paradox of disparity between wealth and taxing power". Perhaps, Dr. Roy or any of his successors will have no hand on the second paradox of disparity and in spite of the rapidly growing economic activities and the accumulation of wealth within the State of West Bengal, the Finance Minister will find himself helpless in balancing the budget so long as the pattern of distribution of taxing power is left with the Union Government under the present Constitution of the

country. Still more disastrous is the first paradox of disparity between expansion and employment. Expansion of investments, both in public and private sectors, do help to solve the unemployment problems to some extent, but in the long run when permanent machineries are set up more people are thrown out of employment in a country like India where Gandhian theory of cottage industry is more favourable and preferred by the people of this country, more so in Bengal where Bengali youths are slow in adapting themselves to work in diverse fields and "with their hands as well as with their heads" as Dr. Roy has rightly remarked.

Sir, in this connection I would like to draw the attention of the Government through you to the growing menace of unemployment problem in the district of Darjeeling. To meet the demands of the unemployed Bengali youths on the plea of refugees, the young hill boys are gradually thrown out of employment. In tea gardens nearly 40 per cent. of the employable population are left unemployed. Darjeeling being a border district adjoining to Tibet it will not be wise on the part of both State Government and Union Government to allow things to remain at such filuid condition. Better facilities and higher wages are the allurement shown in day to day business by the traders from Tibet in the border towns like Kalimpong and Gangtok (Sikkim), and naturally the unemployed youths and labourers are attracted by such offers and make propaganda that the Red China Government is better than the democratic set-up.

It is however gratifying to note, Sir, that the Government have included in the budget of this year under Community Development Projects three National Extension Service Blocks in the district of Darjeeling, and I would request the Government to take up the work as soon as possible so that the problem of unemployment in the hill district of Darjeeling,— the gateway of Tibet, would be solved to some extent.

One of the main reasons as to why the discontentment amongst the hill people of Darjeeling is growing rapidly is that they are not getting fair deal in Government services and in commercial concerns such as tea industries, etc. It is surprising to note that even khalasis, orderlies, postmen, etc., are recruited from the plains for the hill areas. I have already said that this policy of the Government is driving our young people to unemployment to the greatest detriment of our people as well as that of the Government. Of late, we have represented our case to the Backward Classes Commission set up by the Government of India, to include the Gorkhas in the backward classes, and I would request the Government to recommend our case, so that the Gorkhas also may get the facilities which the other two of their brethern, viz., Bhutias and Lepchas, are already enjoying.

Last, but not the least, I would like to mention here that in spite of our representations made to the Government times without number, the most undemocratic system of nomination in local bodies, such as District Boards, Local Boards and Municipalities, is still persisting in the district of Darjeeling alone in the whole of West Bengal retaining the old order of the autocratic British regime. I fail to understand the policy of the Government in this respect and one of the causes of widespread discontentment is the continuance of this undemocratic system of nomination. I would draw the attention of the Government, through you Sir, to abolish this system.

While inviting pointed attention of our Chief Minister on the above points, I congratulate Dr. B. C. Roy in presenting the budget without any taxation, and I wholeheartedly support the budget.

[10—10-10 a.m.]

Sj. Amarendra Nath Basu:

মাননীয় স্পীকার মহোদয়, এই বাজেটের পক্ষে এবং বিপক্ষে অনেক কথা শুনেছি। কিন্তু সত্যিই আমরা, যারা বিরোধীপক্ষ হিসাবে এসেছি তারা, এই বাজেটকে সমর্থন করতে পারি না। তার কারণ অন্যান্য বৎসরের বাজেট থেকে এর চেহারার কোনো পার্থক্য নেই। কংগ্রেস সরকারের যে নীতি আগে ছিল আজও সেই নীতি আছে। সেই নীতিটা হচ্ছে এই যে তারা এদেশের জনকতক ধনী এবং বিদেশী মিল মালিকদের মনে করেন আসল বাংলা দেশ। কিন্তু বাংলা দেশ যে সত্যি কৃষকের দেশ, শ্রমিকের দেশ—তাদের উন্নতি হলে সত্যি বাংলার উন্নতি হবে এটা তাঁরা অনুভব করতে পারেন না। আজকে এই বাজেটে ঋণের কথা অনেকে বলেছেন, কিন্তু তাতে ভয় পেতাম না যদি দেখতাম যে বিরাট দেনার পরিমাণ ঘাড়ে নিয়ে আমাদের দেশের লোকের ক্রমে উন্নতি হচ্ছে। কিন্তু আজ ভয়ের কারণ রয়েছে। গণতান্ত্রিক স্বাধীনরাষ্ট্রে সর্বপ্রথম কাজ হচ্ছে যে প্রত্যেকটি মানুষের জন্য কাজের ব্যবস্থা করা কিন্তু তার কিছু দেখেতে পাচ্ছিনে। বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে। সরকারের অনেক দোষ আছে অনেকেই সেগুলি বলেছেন; আমি ২।১টি কথা বলব। কলকাতার বস্তীর মধ্যে আমরা যাই। এগুলির যে কি অবস্থা, সেখানে কি রকম মানুষ বাস করে তারা যদি দেখেন তাহলে দেখবেন আমাদের মতন মধ্যবিত্ত বহুলোক সেখানে বাস করছেন। সেখানে আলো নেই, জলের ব্যবস্থা নেই, রাস্তার ব্যবস্থা নেই—দুই দিন আগে কাগজে পড়ছিলাম কলিকাতা করপোরেশন একটি পরিকল্পনা গ্রহণ করেছেন। কিন্তু আমরা একটা কথা জোর করে বলব, সেটা হাওড়া সহরের কথা, কলকাতার একটা অঙ্গ তাকে বলাই চলে, গঙ্গার ওপারে। সেখানকার আজ অবস্থা কি? সেখানে হাজার হাজার খাটা পায়খানা, দুর্গন্ধে মানুষ বাস করতে পারে না। ড্রেনের অবস্থা অত্যন্ত খারাপ। বড় বড় পথ নাই। তার উন্নতি করবার ইচ্ছা সরকারের আছে বলে আমার মনে হয়না। যে পরিশ্রম করে বাসস্থানের ব্যবস্থা করবার জন্যে প্রধান মন্ত্রী কল্যাণী করছেন তার সেই পরিশ্রম যদি হাওড়ার দিকে হত, আর সেই অর্থ যদি ওখানে কাজে লাগান হত তাহলে সেটা আর একটা কলকাতা হয়ে উঠত। আর একটি কথা বলব সেটা হচ্ছে আয়ুর্বেদীয় চিকিৎসা। এর প্রতি সরকারের অবহেলা বড় বেশী। আপনারা সকলে জানেন আজ আমরা আমাদের দেশের নানারকম ঐতিহাসিক সম্পদ, ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল হয়েছি, লোক সংগীতের পুনরুদ্ধারের চেষ্টা করছে। আজ আয়ুর্বেদীয় চিকিৎসার দিকে এইভাবে নজর দিলে এর মধ্যে যে বিরাট সম্পদ আছে তাকে পুনঃপ্রতিষ্ঠিত করে আমরা উপকৃত হতে পারি। ডাঃ রায় নিজে সাহায্য করলে এটা সম্ভব হয়। গ্রামের লোকদের ব্যয়সাধ্য চিকিৎসা করবার উপায় নেই। আয়ুর্বেদীয় চিকিৎসা ভাল করে চালু হলে গ্রামের গরীব লোকদের অশেষ উপকার হবে। হয়ত এমন দিন আসবে যে বিদেশ থেকেও কবিরাজী শেখবার জন্য লোক এখানে আসবে। আমি অনুরোধ করি কংগ্রেস সরকার যেন গ্রামের দিকে আজ দৃষ্টি ফেরান। বাংলা দেশকে যেন তারা বুঝবার চেষ্টা করেন। কৃষকদের, শ্রমিকদের, মধ্য-বিত্তের আশা আকাঙ্খা যেন ভাল করে বুঝবার চেষ্টা করেন। তাদের দাবীদাওয়া মেটাতে গিয়ে পুলিসের সাহায্য যেন না নিতে হয়। অনেকে "ডি, ভি, সি" পরিকল্পনার প্রশংসা করেছেন আমিও দেখেছি সেটা একটা বিরাট পরিকল্পনা, কিন্তু সরকারের নীতির জন্যে মন খারাপ হয়ে যায়। এখানে যা হচ্ছে সেটা সত্যিকারের কৃষক ও শ্রমিকদের কল্যানে লাগবে কি না সেইটেই ভাবনার কথা। যদি লাগে তাহলে খুবই ভাল, আর যদি না লাগে তাহলে এই যে বিরাট খরচা করছেন তাহলে সেটা দেবতা না হয়ে একটা বিরাট দৈত্য হয়ে দাড়াবে।

[10-10—10-20 a.m.]

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকারমহোদয়, মাননীয় অর্থমন্ত্রীমহাশয় বিধান সভায় পশ্চিম বাংলার যে বাজেট উপস্থিত করেছেন, তা আমাদিগকে সম্পূর্ণভাবে নিরাশ করেছে। এর দ্বারা পশ্চিম বাংলা শুধু দেউলিয়া সাব্যস্ত হয় নাই অধিকন্তু নানা সম্পদের সম্ভাবনায় পরিপূর্ণ আড়াই কোটী নর-নারী অধ্যুষিত একটা গৌরবময় দেশ যে ধ্বংসের দিকে এগিয়ে যাচ্ছে তারই চেহারা আমরা এই বাজেটের মধ্যে পাই। এই বাজেটে কংগ্রেসের বহু ঘোষিত শোষণহীন সমাজ প্রতিষ্ঠার আদর্শের প্রতি চরম বিশ্বাসঘাতকতা করা হয়েছে। সর্বোদয় সমাজ গঠনের কংগ্রেসের বড় বড় বুলির আসল স্বরূপ আজ বাজেটের মধ্যে ধরা পড়েছে। প্রকৃত-প্রস্তাবে এই বাজেট এক কথায় পুঁজিবাদীর বাজেট, সুবিধা বাদীর বাজেট অথবা ইহাকে পুঁজিবাদীদের রক্ষার জন্য পুলিসী বাজেট বলা যেতে পারে।

বাজেটের যদি প্রকৃত উদ্দেশ্য হয় আয়-ব্যয়ের ভার সাম্য বজায় রেখে রাজ্যের সর্বসাধারণের সুখ-সমৃদ্ধি বৃদ্ধি করা, সুপরিকল্পিত আর্থিক ব্যবস্থার

দ্বারা জনসাধারণের অর্থনৈতিক বুনিয়াদকে মজবুত করা এবং রাজ্যকে অগ্রগতির পথে এগিয়ে নিয়ে যাওয়া তাহলে বলতে হয় এ বাজেট দ্বারা কৃষক শ্রমিক, মধ্যবৃত্ত প্রভৃতি শ্রেণীর বিশেষ উপকার হবে না, দেশের নিদারুন বেকার সমস্যার সমাধান হবে না। যে মুষ্টিমেয় এত দিন সমাজের সর্বপ্রকার সুখ, সুবিধা ও ক্ষমতা ভোগ করে এসেছে, তাদেরই অধিকতর সুবিধা দেওয়া হবে। এতে ধনী অধিকতর ধনী হবে এবং দরিদ্র আরও দারিদ্র্যের চরম সীমায় পৌছিবে।

অর্থমন্ত্রীমহাশয় নিজে একজন পুঁজিবাদী, সুতরাং বাজেট রচনায় তাঁর পুঁজিবাদী চরিত্র সুস্পষ্ট ভাবে ফুটে উঠেছে। পুঁজিবাদী চরিত্রের বিশেষ রূপ হচ্ছে, পরিবার, সমাজ অথবা দেশের স্বার্থ অপেক্ষা ব্যক্তি-স্বার্থকে বড় করে দেখা—ফলে তাকে মাথাভারী শাসন ব্যবস্থা এবং মজবুত পুলিসী ব্যবস্থা কায়েম রাখতে হয়। এই বাজেটে তার কোনই ব্যতিক্রম হয় নাই। অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয় জানেন—এই বাজেট জনসাধারণকে সন্তুষ্ট করতে পারে না—তাদের দীর্ঘদিনের দুঃখ দুর্দ্দশার অবসান ঘটাতে পারে না। এতে বঞ্চিত, শোষিত জনসাধারণের মধ্যে অসন্তোষের আগুণ জ্বলে উঠতে পারে। বাজেটে ১২ কোটী ৪২ লক্ষ ৮৫ হাজার টাকা ঘাটতি সত্বেও এবং কৃষি, শিল্প, সমবায়, স্বাস্থ্য, পাণীয়জল প্রভৃতি জরুরি কার্য্যের অনটনের নামে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করতে না পেরেও পুলিস খাতে পূর্বাপেক্ষা টাকার বরাদ্দ বাড়ান হয়েছে। তাই জনকল্যাননূলক রাষ্ট্রে দিনের পর দিন পুলিসি বরাদ্দ বেড়ে যাওয়া সুনামের পরিচায়ক নয় বরং ব্যর্থতারই নিদর্শন। বস্তুতঃ কংগ্রেসী সরকারের প্রতি জনসাধারণ যে আস্থাহীন তা তারা এই পুলিসী ব্যবস্থার দ্বারা পরোক্ষভাবে স্বীকার করেছেন।

(JANAB A. M. A. ZAMAN: পুলিসের জন্য ব্যবস্থা না করলে পুলিস কাজ করবে কেন? দেশে শান্তি রক্ষা হবে কি করে?)

আমি জামান সাহেবের কথার উত্তরে বলতে চাই—দেশের উন্নয়ন কার্য্য, কল্যানমূলক কার্য্যের যদি সুব্যবস্থা করা হয়—স্বাস্থ্যের, শিক্ষার সুব্যবস্থা হয়—রাস্তা ঘাটের ভাল ব্যবস্থা হয়, লোকে যদি খেতে পায়, পরতে পায় তাহলে এই পর্ব্বত প্রমাণ পুলিসি ব্যয়ের দরকার হবে না। কিন্তু বর্তমানে পুলিসের কাজ হচ্ছে শান্তি শৃঙ্খলার নামে জনসাধারণকে দাবিয়ে রাখা—তাদিগকে পদদলিত করে তাদের সর্ব্বস্ব লুণ্ঠন করা—আর এর জন্য পুলিসকে আরও প্রবল করা তাঁরা দরকার মনে করেন। এটা দরকার হত না যদি জনসাধারণ মনে করত এই সরকার তাদেরই সরকার।

এবারে বাজেটে প্রকৃত প্রস্তাবে পুলিসকেই প্রধান্য দেওয়া হয়েছে। অথচ পশ্চিমবঙ্গের পুলিসের অকর্মন্যতা ও দুর্নীতি ও আমানুষিকতা সর্বজন বিদিত। কিন্তু এই পুলিসের খাতেই প্রকৃত প্রস্তাবে রাজস্বের ১৭·৩ ভাগ ব্যয় হবে। তা ছাড়া, জেল, বন্দী নিবাস এবং "এক্সট্রাঅর্ডিনারী চার্জ"এ "এক্সট্রা পুলিস ফোর্স" বাবদ খরচ হবে। সাধারণ শাসন খাতে শতকরা ৭·১ ভাগ ব্যয় করা হবে। কিন্তু জন-কল্যান মূলক কাজগুলির মধ্যে শিক্ষায় ১৫·৭ এবং জন-স্বাস্থ্য, চিকিৎসা, কৃষি, সমবায়, কুটীর শিল্প প্রভৃতি খাতে যথাক্রমে রাজস্বের শতকরা ৩·২, ১২·৫, ১·৪, ০·৬, ০·৩ ভাগ ব্যয় করা হবে। এই সামান্য বরাদ্দ অর্থের দ্বারা পশ্চিম বঙ্গের আড়াই কোটী জনসাধারণের কতটুকু উপকার হবে তা সহজেই অনুমেয়। এবং এই জনকল্যানমূলক কাজে যে টাকা বরাদ্দ হয়েছে তার অর্দ্ধেকেরও বেশী খরচ হবে অফিসার পুষবার জন্য। এবং চেয়ার, টেবিল, আলো, ফ্যান এবং আফিসের পরিপাটী বজায় রাখবার জন্য। সুতরাং জনসাধারণের হাতে ঐ অর্থের কতটুকু অংশ যাবে তা উল্লেখ করা নিষ্প্রয়োজন। মাসিক জনপ্রতি একটাকা চৌদ্দ আনা চিকিৎসায় ব্যয় করা হবে অর্থাৎ দৈনিক একজনের জন্য এক আনা মাত্র ঔষধের খরচ দেওয়া হবে। ইতিমধ্যে মফঃস্বলের ডাক্তারখানাগুলিতে যে "সার্কুলার" গেছে, তাতে বলা হয়েছে প্রতিদিন "আউট ডোর"এ কতজন রোগী উপস্থিত হবে তাদের সংখ্যা অনুসারে এক আনা হিসাবে এবং "ইনডোর" রোগীর জন্য দুই আনা হিসাবে ঔষধ খরচ হবে। আমি মাননীয় স্বাস্থ্য-মন্ত্রী এবং এশিয়ার অন্যতম প্রধান চিকিৎসক মুখ্যমন্ত্রী মহোদয়কে জিজ্ঞাসা করি এই এক আনায় তারা কি ঔষধ ব্যবস্থা করবেন। আজকাল যে কোন এক "ডোজ" এ্যালোপ্যাথিক ঔষধের দাম চার আনা। হয়ত একদিন তারা অর্থাভাবের জন্য সর্বরোগহর মাদুলির ব্যবস্থা করবেন। ("লাফটার") অথচ তারা গরীব দেশের লোকের জন্য হোমিওপ্যাথি বা আয়ুর্বেদ চিকিৎসার কোন ব্যবস্থা করছেন না—। মাথাভারী শাসন ব্যবস্থা ও পুলিস খাতে কোটি কোটি টাকার ব্যবস্থা হচ্ছে। অথচ পল্লীর জনসাধারণ একটু পানীয় জলের জন্য আর্তনাদ করে, ঘরে ঘরে অন্নাভাব, বস্ত্রাভাব—তাদের কোন ব্যবস্থাই হচ্ছে না।

[10-20—10-30 a.m.]

আজ যেখানে এই অবস্থা, ক্ষুধার্ত জনসাধারণ যেখানে খেতে পায় না, পরতে পায় না, চিকিৎসা পায় না,

[Sj. Balailal Das Mahapatra.]

রাস্তাঘাটের যেখানে ব্যবস্থা নাই, সেখানে একটা ঘাটতি বাজেটে গভর্ণরের জন্য খরচ ধরা হয়েছে ৫ লক্ষ ৫৫ হাজার টাকা। অথচ বাংলায় তখন মাত্র ১১জন মন্ত্রীদ্বারা কাজ চলত সেখানে আজ ১/৩ অংশ বাংলার জন্য মন্ত্রীর সংখ্যা হয়েছে প্রায় ৩৬ জন। তাই শুধু নয়, মন্ত্রীদের সঙ্গে পার্লামেণ্টারী সেক্রেটারী, জয়েণ্ট সেক্রেটারী, এসিস্টেণ্ট সেক্রেটারী সবএসিস্টেণ্ট সেক্রেটারী ইত্যাদি সেক্রেটারীই যে কত হয়েছে তার ঠিক নাই। তাদের বেতন, টি, এ, ত আছেই তাছাড়া চাকর বাকর ইত্যাদি আরো কত কিছু খরচ হচ্ছে। কেবল তাদের বেতন বাবদই ১০ লক্ষ ৬৩হাজার টাকা খরচ হচ্ছে তাছাড়া বাড়ী মোটর গাড়ী ইত্যাদির খরচও রয়েছে। আমি আমাদের পার্শ্ববর্তী চীন রাষ্ট্রের সম্বন্ধে এখানে একটা ব্যাপার উল্লেখ করছি। ডাঃ কুমার আপ্পা যে সময় চীন ভ্রমনে গিয়েছিলেন ঠিক সেই সময় ডাঃ প্রফুল্ল ঘোষকে একখানা পত্র লেখেন। সে পত্রখানা আমি নিজে দেখেছি। তাতে তিনি লিখেছিলেন মাও সে তুঙের সঙ্গে দেখা করতে গেলাম, তিনি সাধারণ কুটীরে বাস করেন, তাঁর স্ত্রী তাঁর জন্য রান্না করেন। ৪০ কোটি লোক অধ্যুসিত একটা বিরাট দেশের যিনি রাষ্ট্রপতি তিনি এত সাধারণভাবে থাকেন যে তাঁকে চেনাই দায়। আর আমাদের এই দরিদ্র দেশের গভর্ণর থাকেন বিরাট প্রাসাদে। অথচ গান্ধিজী বলেছিলেন আমাদের দেশ যখন স্বাধীন হবে তখন আমাদের রাষ্ট্রপতি ও গভর্ণর প্রভৃতি রাজ পুরুষদের বাসস্থান হবে ভাঙ্গি পল্লীতে হরিজনদের মধ্যে। আজো এখানে বড় বড় প্রাসাদ সেই ভাবেই রয়েছে ইংরেজ শাসনের সময় যে ভাবে ছিল। তার কারণ ইংরেজদেরই শাসন ব্যবস্থা পূর্ণ মাত্রায় চালু রয়েছে।

("ব্লু লাইট ওয়াজ লিট")

আমার আর দুটো পয়েণ্ট আছে, স্যার।

Mr. Speaker: Finish soon.

Sj. Balailal Das Mahapatra:

এদিকে মুখে বলা হয় জনসাধারণের হাতে অর্থ নাই, কিন্তু আমাদের সরকার ঋণের বোঝা বাড়িয়েই চলেছেন, জানা গিয়েছে, শতাধিক কোটি টাকা তাঁরা ঋণ করেছেন। তারপরে কয়েক দিন আগে যে জমিদারী দখল বিল পাশ করে নিয়েছেন ভোটের জোরে, বিরোধী দল বার বার বলেছিল বিনা ক্ষতিপূরণে জমিদারী দখল করবার জন্য কিন্তু যে রকম ভাবে ক্ষতিপূরণ দিতে স্বীকার করে তাঁরা অগ্রসর হয়েছেন তাতে আমরা মত দিতে পারি না। আমি সেদিন বলেছিলাম সমগ্র বাংলাদেশকে বিক্রয় করলেও ক্ষতিপূরণ দিয়ে জমিদারী দখল করা চলবে না। এবং আমি মনে করি তার জন্য আরো অন্ততঃ ১০০ কোটি টাকার দরকার হবে। কাজেই এই ঋণের বোঝা বাংলা দেশের দরিদ্র জনসাধারণ কি করে শোধ করতে পারবে আমরা তা বুঝতে পারি না।

Mr. Speaker:

আর কতটা আছে শেষ করুন।

Sj. Balailal Das Mahapatra:

কৃষি খাতে বরাদ্দ করা হয়েছে ২ কোটি ২২ লক্ষ ৯৭ হাজার টাকা আমার মনে হয় বাংলা দেশের কৃষকদের যদি উন্নতি করতে হয় তাদের যদি শক্তিমান করতে হয় তাহলে আরো বেশী বরাদ্দ করা উচিত ছিল। (জনৈক সদস্য—তাহলে ঋণ আরো বেড়ে যাবে।) কেন ঋণ বাড়বে, পুলিসের ব্যয় কমালেই ত হয়। এসম্পর্কে আমার মন্তব্য আর একটা হচ্ছে এই যে কৃষি, সেচ ও সমবায় বিভাগ যদি একই মন্ত্রীর অধীনে রাখা যায় তাহলে কৃষকদের উন্নতির শুষ্ঠু ব্যবস্থা করা যেতে পারে এবং তাহলে কৃষকদের উন্নতিও হতে পারে। আমি মনে করি যতক্ষণ পর্য্যন্ত ভূমি ব্যবস্থার আমুল পরিবর্তন না হচ্ছে এবং যতক্ষণ পর্য্যন্ত কৃষিযোগ্য জমি আবাদের ব্যবস্থা না হচ্ছে ততক্ষণ পশ্চিম বাংলায় খাদ্য সমস্যার সমাধান হবে না।

(At this stage the red light was lit.)

(Voices from the Congress benches: বসে পড়ুন, লাল বাতি জ্বলেছে।)

(Noise and interruptions.)

Sj. Nepal Chandra Roy:

স্যার, ওরা বলে আমরা নাকি গোলমাল করি, এখন ওরা হল্লা করছে কেন?

Mr. Speaker: Order, order.

(The member having reached his time limit resumed his seat.)

Sj. Jagannath Majumder:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে সব আলোচনা শুনে মনে হচ্ছে যে মানুষের আশা আকাঙ্খা অনেক। কিন্তু বাজেটের যে 'বটলনেক' সেটার মধ্য দিয়েই সেই আশা আকাঙ্খা যে কতটুকু বেটান যায় তাতে সন্দেহ হচ্ছে। তাই মনে হয় যে বাজেট দিয়ে আমাদের আশা আকাঙ্খাকে মেটান যায় না। যিনি বাজেট রচনা করেছেন তাঁরও আশা আকাঙ্খা এই বাজেট রচনা কোরে মিটেছে কি না সন্দেহ। আজ বাংলা দেশ বিভক্ত; বহু উদ্বাস্ত এই পশ্চিম বাংলায় এসেছে এবং যে বাংলাদেশ সমস্যাসঙ্কুল পূরণ হবে কিছু

হয়েছে সেই বাংলা দেশের সর্বপ্রকার আয় বিলিয়ে যে বাজেট করা হয়েছে সেই বাজেট দিয়ে সব লোককে সন্তুষ্ট করা কঠিন ব্যাপার। সেই জন্যই আমরা আজকে এই সভায় শুনতে পাই যে বিভিন্ন রকম ত্রুটি হয়েছে।

এখন আলোচনার প্রধান বিষয় বস্তু হয়েছে যে বাংলা-দেশের বাজেটের বিশেষ রূপ কি। সেটা ত সকলেই প্রকাশ করেছেন। সেটা হচ্ছে যে আমাদের সরকারের দেনা প্রচুর বেড়ে যাচ্ছে এবং আমাদের ঘাটতিও বেড়ে যাচ্ছে। এখন আমাদের আয়ের দিকটা "রেভেনিউ সাইড"এ বাড়াবার উপায় আছে কিনা সেইটাই আজকে বিবেচ্য বিষয়। সেদিক থেকে প্রধান মন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতায় দেখিয়েছেন যে আমাদের পাওনার দিকটা বিশেষ বাড়ছে না, যেটা পাচ্ছি সেটাও যথেষ্ট নয় এবং উপস্থিত পাওয়ার সম্ভাবনা কম, এবং ভবিষ্যতে পাওনা আরও কমে যেতে পারে। কারণ "এষ্টেটস একুইজিসন এক্ট" যদি কার্য্যকরী হয় তাহলে আমাদের এই পাওয়ানর দিক আরও কমে যাবে। কারণ, সেস বাবত আমাদের যা প্রাপ্য, 'এগ্রিকালচারল ইনকম ট্যাক্স'এ আমাদের যা প্রাপ্য এবং "ল্যাণ্ড রেভিনিউ' বাবত যা প্রাপ্য এটা যদি আমরা না পাই তাহলে আরও ২ কোটি টাকা আমাদের ঘাটতি হতে পারে। উপরন্তু জমিদারও মধ্যস্বত্ব ভোগীদের খেসারত ইত্যাদি বাবদ টাকাও দিতে হবে অনেক তা ছাড়া গভর্ণমেণ্টের নানা রকম ডেভেলপমেণ্টের কাজ এবং বিশেষ কোরে শিক্ষকদের নিয়োগ, বেকার সমস্যা সমাধান এই সব কাজের জন্য ব্যবস্থা করতে হয়েছে। শিক্ষা ব্যবস্থাটাকে "কনট্রি-বিউটারী স্কীম" বলা যেতে পারে। উপস্থিত প্রতিবৎসর কেন্দ্রীয় সরকার তার শতকরা ৭৫ভাগ দিচ্ছেন এবং রাজ্য সরকার শতকরা ২৫ ভাগ দিচ্ছেন, তার পর স্কীম যখন "এডভান্স" করবে তখন আমাদের রাজ্য সরকারের উপর ব্যয়ের দায়িত্ব বেশী পড়বে; তখন রাজ্য সরকার ৭৫ ভাগ এবং কেন্দ্রীয় সরকার ২৫ভাগ খরচ দেবেন--এই নূতন শিক্ষা ব্যবস্থার জন্য। এতে ভবিষ্যতে ব্যয়ের দিকটা আরও বেড়ে যাবে। সে অবস্থায় আয়ের দিকটা না বাড়লে আমরা কোথায় গিয়ে দাঁড়াব। আজকে প্রত্যেক অর্থনীতিবিদ এই সমস্যা সম্বন্ধে মাথা ঘামাতে ব্যস্ত হয়েছেন। মনে হয় যে "প্যারাডক্স"এর কথা প্রধান মন্ত্রী মহাশয় বলেছেন, অর্থাৎ "ইনডাসট্রিয়াল সেকটরে" আমাদের আর এগুবার উপায় নাই, আর "এগ্রিকালচার সেকটরে" আমাদের যাওয়া "ফিকসট্" হয়ে আছে এমন কি আরও কমবার সম্ভাবনা। এতে মাত্র দুইটি দিক তিনি দেখিয়েছেন তৃতীয় একটী মাত্র সেকটর "কমার্শিয়াল সেকটর" সেই সেকটরে আমরা এগুতে পারি কিনা সেইটাই ভাববার কথা।

আপনারা জানেন যে কিছুদিন ধরে খবরের কাগজে এই নিয়ে বাদানুবাদ হচ্ছে যে 'সেলস ট্যাক্স'এর ব্যাপারটায় আমরা এগুতে পারি কি না। "ইণ্টারষ্টেট সেলস ট্যাক্স" এ নিয়ে যে সমস্যার উদ্ভব হয়েছিল সে সম্বন্ধে সুপ্রীম কোর্ট "ইউনাইটেড মোটর কম্পানী ভার্সাস ষ্টেট অব বম্বে" এই মোকদ্দমায় যে রায় দিয়েছেন এবং তার আগে "বেঙ্গল ইমুনিটি কোম্পানী ভার্সাস ষ্টেট অব বিহার" এই মামলায় বিহার হাইকোর্ট যে রায় দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি যে "ইণ্টারষ্টেট সেলস"এর ব্যাপারে যে রাজ্য যে জিনিষগুলো গ্রহণ করে সেই রাজ্য সেলস ট্যাক্স "ইমপোজ" করতে পারে।

[10-30—10-40 a.m.]

কারণ এর থেকে যদি আমরা দু চার কোটী টাকা পেতে পারি তাহলে আমাদের এই যে ক্রমবর্দ্ধমান ঘাটতি এটা পুরন করতে পারি। কিছুদিন আগে আমরা ভারত গভর্ণমেণ্টের একটা "প্রেসনোট" দেখেছিলাম। সেই "প্রেসনোট অফিসিয়াল কমিটি"র "রেকমেণ্ডেসন" অনুসারে বেরিয়েছে তাতে দেখতে পাচ্ছি "ইণ্টার ষ্টেট"এর কেনা বেচার উপর করধার্য্যের কোন বাধা নিষেধ আরোপ করা হয়নি। "ইণ্টার-ষ্টেট সেলসট্যাক্স" সুষ্ঠুভাবে নিয়ন্ত্রন করতে তাতে কতকগুলি নিয়ম রচনা করা হয়েছে। "ইণ্টার ষ্টেট সেলস ট্যাক্স"ধার্য্য করার জন্য কতকগুলি "প্রসিডিওর" আছে এইগুলি না মেনে চললে যারা ট্যাক্স দেয় তাদের খুব অসুবিধা হয়।

কিছুদিন আগে "পার্লামেণ্টের শ্রী এস, সি, সাহার প্রশ্নে ডেপুটি ফিনান্স মিনিষ্টার", বলেছিলেন যে পশ্চিম বঙ্গ সরকার "সেলস ট্যাক্স ইণ্টার ষ্টেট" কেনা বেচার উপর আরোপ করতে পারবেন না। আমরা জানিনা, কেন আমরা এটা আরোপ করতে পারবো না। কারণ আমাদের রাজ্য থেকে আমাদের যে সব জিনিষ বম্বে বা আসাম প্রদেশে যাচ্ছে সেই সব প্রদেশের কাছ থেকে আমরা "সেলস ট্যাক্স" পাচ্ছি না। উপরন্তু বাইরে থেকে বোম্বে বা আসাম এরা যে সমস্ত জিনিষ আমাদের দেশে পাঠাচ্ছে সেই সকল জিনিষ-পত্রের উপর "সেল ট্যাক্স বসাতে পারছি না। আমরা দুই দিক থেকেই ঠকছি সুতরাং আমার মনে হয় এ সম্বন্ধে অনেক কিছু ভাববার আছে।

(At this stage, red light was lit.)

স্যার, আমাকে আর একটু সময় দিতে হবে। এখানে আরও কয়েকটা জিনিষ বলবার আছে যেমন

[Sj. Jagannath Majumder.]

"ইওয়ী"র উপরও অন্যান্য উপায়েও ট্যাক্স বসাবার পথ রাজ্যসরকারের আছে, যাতে আমাদের আয় বাড়তে পারে। সংবিধানের "ষ্টেট লিষ্টের এনট্রি" অনুযায়ী সেগুলি আমরা বাড়াতে পারি।

Mr. Speaker:

আপনি "ইওয়ী" সম্পর্কে পরে বলবেন, এখন বসুন, অপানার সময় হয়ে গিয়েছে।

Sj. Madan Mohon Khan:

মাননীয় স্পীকারমহাশয়, আপনার মাধ্যমে অর্থমন্ত্রী মহাশয়কে জানাতে চাই যে তিনি এই বহু টাকার যে বাজেট করেছেন আমরা অনেকেই তা সমর্থন করতে পারি না। কেন সমর্থন করতে পারি না সেই কথাই বলছি। আমাদের বাংলাদেশে ৭৯টি পৌরসভাযুক্ত সহর আছে এবং সেই সহরগুলির দুরবস্থা সম্বন্ধে আপনারা সকলেই অবগত আছেন। প্রধানমন্ত্রী মহাশয় গতবার বলেছিলেন যে হাওড়া ও মেদিনীপুর মিউনিসিপ্যালিটির রাস্তার উন্নতির ব্যবস্থা করবেন কিন্তু এক বৎসর কেটে গেল এবং এই নূতন বাজেটের মধ্যেও এই দুটো মিউনিসিপ্যালটির উন্নতির জন্য একটা পয়সাও বরাদ্দ করছেন বলে দেখতে পাচ্ছি না। আমরা জানি যে তাঁরা বলছেন যে বহু কাজ তাঁরা করছেন যেমন ঝাড়গ্রামে একশো বছরের পুরাতন জঙ্গল কেটে নূতন নূতন বাড়ী নির্মাণ করে সহর গড়ে তুলছেন অথচ পুরাতন সহরগুলির দিকে কোন নজরও দিচেছন না।

শিক্ষা বিষয়ে শিক্ষামন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে বলছি যে "ইউ, পি" স্কুলে যে সমস্ত ছাত্র-ছাত্রী "ক্লাস টু, থ্রি, ফোর"এ লেখা পড়া শেখে, এমন কি "ক্লাস ফোর" পর্য্যন্ত ইংরাজী পড়ান বন্ধ করে দিয়েছেন কিন্তু "ক্লাস ফাইভ" থেকে ইংরাজী পড়ান সুরু হয় এবং এত ইংরাজী বই দেওয়া হয়, তাতে এই "ইউ, পি পাশ করা ছেলে মেয়েরা এই সমস্ত বই পড়ে উঠতে পারে না, এবং "ম্যাট্রিকুলেসন"এ পূর্বে যে "ইংলিশ"এ সিলেবাস ছিল এখনও সেই সিলেবাসএরও কোন পরিবর্তন হয়নি। ("এ ভয়েস ফ্রম দি কংগ্রেস বেঞ্চ": বসে পড়ুন, আর বলতে হবে না।)

আপনারা একটু ধৈর্য্য ধরে শুনুন না, এত গোলমাল করছেন কেন?

(Sj. Nepal Chandra Roy: আপনি পাগলদের কথা শুনবেন না।)

অর্থমন্ত্রী মহাশয় ও আমাদের কংগ্রেসী বন্ধুরা বলেছেন যে আমাদের দেশের "ব্যাকওয়ার্ড ক্লাস, সিডিউল্ড কাষ্ট" ও "সিডিউল্ড ট্রাইবস"দের জন্য সরকার বহু টাকা বরাদ্দ করেছেন। কিন্তু আমি একটা হিসাব দেখাচ্ছি আমাদের পশ্চিম বাংলায় প্রায় ৬০ হাজার "ব্যাকওয়ার্ড ক্লাস, সিডিউল্ড কাষ্ট এণ্ড সিডিউল্ড ট্রাইব"এর ছেলে মেয়েরা মাধ্যমিক বিদ্যালয়ে লেখা পড়া করে, তাদের "সেকেণ্ডারী এডুকেসন" লেখাপড়া শেখাবার জন্য সরকার মাত্র ১,৪০০টি ছেলে মেয়েকে সামান্য সাহায্য করে থাকেন আর বাকি ছেলেমেয়েরা বিনা সাহায্যে লেখাপড়া শিখতে বাধ্য হচ্ছে। উক্ত কারনে বহু গরীব ছেলেমেয়েরা লেখাপড়া ছাড়তে বাধ্য হইয়াছে। আমাদের দেশে "সিডিউল্ড কাষ্টস, সিডিউল্ড ট্রাইবস" এবং অন্যান্য "ব্যাকওয়ার্ড ক্লাস" এর জন্য সরকার কি ব্যবস্থা করেছেন তারই একটা নমুনা দিলাম।

আর একটা বিষয় হচেছ আমাদের বাংলা সরকারের অধীনে যে সমস্ত নিম্নতম কর্মচারী বা পিয়োন আছে তাদের বেতন হচেছ "মেক্সিমাম" ৫৫৲ টাকা। আর সেই জায়গায় কলিকাতা সহরে বা অন্য সহরে বলুন যেমন "সেণ্ট্রাল গভর্ণমেণ্ট"এর আফিসে যে সমস্ত পিয়োন আছে তারা পায় ৭০৲ টাকার উপর। আমাদের সরকারের পিয়োন, ও "সেণ্ট্রাল গভর্ণমেণ্ট"এর পিয়োন, একই সময় ও একই ধরণের কাজ করছে অথচ একজন পাচেছ ৫৫৲ টাকা আর, আর একজন পাচেছ ৭০৲ টাকা। এই সামান্য ৫৫৲ টাকা মাইনাতে কি করে তারা সংসার চালাবে, কি করে তারা বেঁচে থাকবে কি করে তাদের ছেলেমেয়েদের লেখা পড়া শিক্ষা দেবে, সেটা সরকারের দেখা উচিত। আমি এই দিকে বিশেষ করে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর সরকার বলেছেন আমরা "এগ্রিকালচার" বাবত বহু কিছু করেছি। চাষীদের ভাল ভাল সার বিতরণ করেছেন। সরকার যে এ্যামোনিয়াম সালফেট সার চাষিদের মধ্যে দিয়েছেন, তাতে চাষের কি পরিমাণ উপকার হয়েছে তার আমি একটা উদাহরণ একটু পরে দিচ্ছি। গতবছর মেদিনীপুর জেলায় আমাদের এই "স্মল ইরিগেসন" বাবদে ৬ লক্ষ টাকা দেওয়া হয়েছিল, কিন্তু এ বছর সেখানে মাত্র এক লক্ষ টাকা দেওয়া হয়েছে।

আপনারা বলেছেন এ্যামোনিয়াম সালফেটের সার দ্বারা অনেক ভাল কাজ পাওয়া গিয়েছে। কিন্তু আমি এইটুকু জানাতে চাই এই এ্যামোনিয়াম সালফেট ব্যবহার করে চাষী আলু, কুমড়া, পেঁয়াজ প্রভৃতি চাষ করেছিল এবং তার ফলনও খুব বেশী হয়েছিল কিন্তু এক মাস পরে দেখা গেল যে সেই সমস্ত আলু, কুমড়া ও পেঁয়াজ পচে একেবারে নষ্ট হয়ে গেল। চাষীরা বেশী পয়সা খরচ করে সার দিয়ে চাষ করে

তাদের উৎপন্ন ফসলের দাম পাচ্ছে না, বরং তাদের ক্ষতি করা হয়েছে এবং যার জন্য তারা এই এ্যামোনিয়াম সালফেট সার ব্যবহার করা বন্ধ করে দিয়েছেন। চাষীদের ক্ষতিপূরণ করার জন্য অনুরোধ করি। আর একটা জিনিষ সরকার গর্ব করে বলেছেন যে এই কলিকাতা সহরে, তাঁরা ৩০৩ খানি বাস চালিয়ে অনেক বাঙ্গালী ভাইদের "প্রোভাইড" করেছেন। উনি এই ৩০৩খানা বাসে মাত্র ২,০৫৫টি লোকের জীবিকা অর্জনের ব্যবস্থা করেছেন। কিন্তু এখানে যে অন্যান্য লোকের নিজস্ব আরও ছয়শোখানি বাস চলছে, সেই সমস্ত বাস ওনাররা এক একটি বাসে দশজন করে লোককে "প্রোভাইড" করছেন, আর আমাদের সরকার করছেন মাত্র সাতজন করে। এই সমস্ত "প্রাইভেট বাস ওনাররা" প্রতিটি বাসের জন্য ১২৫ টাকা করে "ইনকাম ট্যাক্স" ও অন্যান্য "ট্যাক্স" দিচ্ছেন। কিন্তু সরকারকে কোন "ট্যাক্স" দিতে হয় না তবুও তাঁদের লোকসান হচ্ছে এবং তাঁরা গর্ব করে বলে থাকেন যে আমরা বহু বাঙ্গালীকে "প্রোভাইড" করছি। আমি আর একটা বিষয় সরকারকে জানাতে চাই। যখন কল্যাণীতে কংগ্রেসের অধিবেশন হইতেছিল তখন বিহার প্রদেশ থেকে একদল মৈথিলীবাসী তারা তাদের একটি অভিযোগ জানাতে কল্যাণীতে অধিবেশনে যাইতেছিলেন তাঁরা বলেন "আমরা বিহার থেকে দূরে চলে যেতে চাই, কারণ আমাদের আচার ব্যবহার, ভাষা বিহারীদের সঙ্গে মিশছে না"। তখন কল্যাণীতে কংগ্রেসের অধিবেশন চলছিল, কিন্তু সেখানে তাদের কেন যেতে দেওয়া হয় নাই সেটা আমি বুঝতে পারছি না। এমন কি কাহার আদেশে তাঁহাদিগকে মধ্য রাস্তায় আটক করে জেলে পাঠান হয়েছিল, বিনা অপরাধে উক্ত লোকগুলিকে কেন আটক করা হইয়াছিল, যাহারা সরকারের বিনা আদেশে নিরীহ দেশবাসীকে জেল ভোগ করিয়েছে তাদের বিচার চাই।

(The member having reached his time limit resumed his seat.)

Sj. Ramhari Roy: Sir, at the very outset I appreciate our Finance Minister for the scholarly and erudite speech he made on the occasion of his presenting the budget estimates before this House. It is thought-provoking and deserves careful consideration. The budget as has been presented by him is a budget framed and planned for the welfare of the State. The service of the common man in the keynote of the budget. I have heard lectures from my friends opposite, and they have levelled charges against the budget in various ways. I shall try to meet some of them in a brief way because the time at my disposal is very very limited.

[10-40—10-50 a.m.]

It has been argued that the budget is without a plan but it is not so. Any reasonable man will notice that it is planned. The plan is for providing the common people with sufficient food by increased production of agricultural produce with the help of improved irrigation and distribution of fertilisers. The plan is for providing the people with better roads and communication facilities. The plan is for providing the people with industrial facilities with the help of electric power and financial aids. The plan is for providing the people with better facilities of education, better provision for medical relief. The plan is for providing the people with better supplies of drinking water in rural areas.

It has also been said that the budget is a deficit one, but I must say to them that we should not worry for the deficit in the budget because to have an all-round development for an underdeveloped province like this, deficit is more or less unavoidable. When our province will progress considerably in various directions, I think it will not be very difficult to adjust the budget and pay the loan.

Honourable members who are intimately connected with the countryside see before their own eyes the steady progress in the food front, agriculture, irrigation, roads and communications, education, medical and public health. With the introduction of the new policy of gradual decontrol and withdrawal of restrictions on foodgrains the food position of the province has considerably improved.

I do not like to dilate on the development affairs because my friends of our group have dealt with them at length. There are no

[Sj. Ramhari Roy.]

defects in the budget. There may be defects with the administration which we propose to rectify when time and occasion arise. I do not claim that all is well in the administration, but what I want to say is this, that our Government is sincere and honest in removing the wrongs.

Sir, much has been said by our friends opposite on expenditure on police though this year expenditure on education is higher. My answer to them is this, that expenditure on police cannot but be so because of the activities of the so-called leftist friends of mine. The systematic adoption of new tactics by them of attacking the police party with bombs, crackers and brickbats to demoralise them as has been evidenced during the tram fare and teachers strike agitation has all the more necessitated a large expenditure on Police, because we feel that in order to build up a Welfare State, law and order and peace must be maintained at any cost. The object of the left not to successfully implement the Five-Year Plan by creating disturbances and anarchy must be frustrated. Sir, there can be no bigger untruth when Sri Jyoti Basu said that agent provocateurs of Dr. Roy threw bombs and crackers on the police party. I have evidence that the agitators with C. P. I. flags raided the USIS office and destroyed its library. I do not know how a sacred thing as a library can be destroyed by these people. I say to my friends that they cannot hide truth from the common people by saying untruth in the Assembly. Hence the Congress win in the recent Diamond Harbour bye-election by thumping majority. The verdict of the people is not with anarchy and chaos but with the constructive and nation-building plan of the West Bengal Government with Dr. Roy as its Chief Minister.

Sir, in spite of all these developments our Government is conscious of the unemployment problem of the province and it is not sitting idle over it but has taken steps to tackle it. A sample survey has already been made in Calcutta and other municipal areas. In the middle-class sector of the age group of 16-60 for every one hundred Bengalees employed as many as 47 Bengalees are unemployed and are seeking employment. This is a huge problem no doubt and the honourable members all know that the Planning Commission has considered the problem anew.

(The member having reached his time limit resumed his seat.)

Sj. Amulya Ratan Ghosh: মাননীয় স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করিয়াছেন তাহাতে ঘাটতি বাজেট দেখা যাইতেছে। উক্ত বাজেটে ১২ কোটি ৩২লক্ষ টাকা ঘাটতি হইবে বলিয়া বাজেটে দর্শিত হইয়াছে। বাজেটে পাবলিক "ডেট" পর বৎসর ১১ কোটি ৩৫ লক্ষ হইবে। এবং "ইউনিয়ন গভর্ণমেণ্টের"এর ১৯৫৪।৫৫ সালের শেষে ৯৭ কোটি ৮৪ লক্ষ টাকা "ডেট" হইবে। উক্ত "ডেট" কোথা হইতে শোধ হইবে তাহার কোন উক্তি নাই এমতে পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্ট প্রতি বৎসর ঋণের দায়ে জড়িত হইতেছেন এবং দেউলিয়া হইবার উপক্রম হইতেছে।

প্রথমেই তিনি এবৎসর খুব ধান্য বেশী পরিমানে উৎপন্ন হইয়াছে বলিয়া সন্তোষ প্রকাশ করিয়াছেন। এবৎসর ভালই ধান্য উৎপন্ন হইয়াছে কিন্তু এখনই চাষীগণ তাহাদের দেয় খাজনাদী এবং কাপড়ও অন্যান্য আবশ্যকীয় দ্রব্যাদির ক্রয়ের জন্য যেরূপ হারে ধান্য বিক্রয় করিতে আরম্ভ করিয়াছেন, তাহাতে তাহাদের শ্রাবণ ভাদ্র মাসে নিজেদের আহারের বা চাষাদী খরচের জন্য ধান্য থাকিবে না এবং তৎকালে ধান্যের দর মহাজনগণ আটক করিয়া ধান্য রাখিয়া বেশী দরে বিক্রয় করিবে এবং তখন জনসাধারণ কষ্টে পড়িবে তজ্জন্য এক্ষণ হইতেই গভর্ণমেণ্টের এ বিষয়ে অবহিত হওয়া উচিত। সুতী বস্ত্রের উৎপন্নের অবস্থা ভাল বলিয়াছেন কিন্তু এতক গভর্ণমেণ্ট তাদের মূল্য কমাইবার দিকে কোন নজর দেন নাই এবং তাহা জনসাধারণের ক্রয় ক্ষমতার বাহিরে আছে। এ বিষয়ে গভর্ণমেণ্টের দৃষ্টি দেওয়া প্রয়োজন।

বাজেটে দেখা যাইতেছে যে বৃটিশ গভর্ণমেণ্টের আমলে যে "টপ হেভি গভর্ণমেণ্ট" ছিল এখনও তাহাদের পদাঙ্ক অনুসরন করিয়া বর্ত্তমান গভর্ণমেণ্টও

সেইভাবে পরিচালিত হইতেছে বরং তাহা অপেক্ষাও বেশী "টপহেভি" হইয়াছে। পূর্বের একজন সেক্রেটারী বা "ডিরেক্টর" এবং মোটা বেতনের "অফিসার"এর স্থলে প্রত্যেক "ডিপাটমেণ্ট"এ কোথাও দুজন তিনজন এবং আরও বেশী "অফিসার" নিযুক্ত হইয়াছেন তাহাতে কাজের যে শৃংখলা হইয়াছে তাহা নয় তৎস্থলে আরও বেশী বিশৃংখলার সৃষ্টি হইয়াছে। এতজন মন্ত্রী বা উপমন্ত্রী যাঁহাদের জন্য প্রচুর টাকা ব্যয় হইয়াছে ও হইতেছে তাঁহারা যে কি করেন তাহার কোন চিহ্ন দেখিতে পাওয়া যায় না কেবল দলপুষ্টির জন্য উক্তরূপ ব্যবস্থা হইয়াছে।

"এগ্রিকালচার" ও "ইরিগেশন" বাবত যে টাকা বাজেটে আছে তাহা যেন সুষ্ঠুভাবে খরচ হয় আমি গভর্ণমেণ্টকে দৃষ্টি দিতে অনুরোধ করি। অবশ্য উক্ত "ডিপাটমেণ্ট"এ অনেক ভাল কাজ হইত কিন্তু অনেকস্থানে দেখা যায় গভর্ণমেণ্ট কোন পুষ্করিণী বা বাঁধের জন্য যে টাকা দেন তাহার অধিকাংশ টাকা অফিসারদের যোগে "কণ্ট্রাক্টর"রা টাকা আত্মসাৎ করে। দেশে দুর্নীতির প্রাবল্য হইয়াছে। অনেক সময় দেখা যায় যে কৃষি ঋণ বা বীজ ধান্য সময় মত দেওয়া হয় না। যখন কৃষি ঋণ দেওয়ার বেশী আবশ্যক সেই সময় না দিয়ে যখন আবশ্যক নাই তখন দেওয়া হইয়া থাকে। অনেক সময় প্রকৃত দুঃস্থ ব্যক্তি না পাইয়া অপেক্ষাকৃত অবস্থাপন্ন ব্যক্তিরা পাইয়া থাকে। এই সমস্ত বিষয়ে গভর্ণমেণ্টের দৃষ্টি দেওয়া প্রয়োজন।

"সেকেণ্ডারী স্কুল"এ শিক্ষকগণকে বর্তমান শিক্ষক আন্দোলনের ফলে যদিও কিছু বেতন বৃদ্ধি ও "ডি,এ" দেওয়া হইয়াছে; কিন্তু "প্রাইমারী টিচার্স"দের সম্বন্ধে বিশেষ কিছু উন্নতিজনক ব্যবস্থা হয় নাই। তাঁহারা যে বেতন ও "ডি,এ" পাইয়া থাকেন তাহা তাঁহাদের গ্রাসাচ্ছাদনের উপযুক্ত নয় এবং প্রায়ই তাঁহারা সময়মত বেতন পান না। এটা অফিসারগণের গাফিলতি ছাড়া আর কিছুই নয়। বাজেটেও উক্ত "প্রাইমারী টিচার্স"এর উন্নতি মূলক কিছু ব্যবস্থা নাই। তাহা করা উচিত ছিল।

"মেডিকেল" বাজেটএ দেখা যাইতেছে কলিকাতার "মেডিকেল কলেজ" ও হাঁসপাতালের বহু টাকা ব্যয় করা হইতেছে ও হইবে কিন্তু মফঃস্বলে সেরূপ কোন উন্নতিমূলক ব্যবস্থা নাই। গ্রামাঞ্চলেই "মেডিকেল এড" বিশেষ আবশ্যক।

[10-50—11 a.m.]

গ্রামাঞ্চলে বেশীর ভাগই গরীব ও মধ্যবিত্ত লোক বাস করে। অবশ্য সরকার কোন কোন জায়গায় স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করছেন। সরকারী প্রচেষ্টায় গ্রামাঞ্চলে "ডি, ডি, টি" প্রভৃতি দেওয়ার ফলে ম্যালেরিয়া কিছু কমে ছিল কিন্তু অন্যান্য ব্যাধি রয়েছে। কাজেই মফঃস্বল সহরে যে সমস্ত হাঁসপাতাল আছে তার জন্য কোন ব্যবস্থা করছেন না, এটা দুঃখের কথা।

আর একটা দুঃখের বিষয় হচ্ছে এই যে বাঁকুড়া সম্মিলনীর হাসপাতালে যে (৫০ হাজার টাকা) "গ্রাণ্ট" সরকার দিতেন তা বন্ধ করে দিয়েছেন। এর কারণ কি জানিনা। আমি মনে করি যে এখানে স্থানীয় জনসাধারণকে উপেক্ষা করা হচ্ছে। যাহাতে এই "গ্রাণ্ট" মঞ্জুর হয়, আমি গভর্ণমেণ্টের কাছে দাবী জানাচ্ছি।

Mr. Speaker:

এ সমস্ত "কাট মোশন"এর সময় বলবেন।

(The member having reached his time limit resumed his seat.)

Janab Tafazzal Hossain:

মাননীয় সভাপাল মহাশয়, গত কদিন ধরে কংগ্রেস-পক্ষ ও বিরোধী পক্ষের সদস্যগণ বাজেট সম্বন্ধে যে আলোচনা করছেন সে সম্পর্কে আমি অনেক কিছু শুনলাম। বিরোধীপক্ষকে এ কদিন ধরে কেবল একথাই বলতে শুনলাম যে এই বাজেট ক্ষতিকর, কোন উন্নতিই হয়নি। আমার মনে হয় যে সমস্ত বিষয় এখানে আলোচিত হয় তার সব কিছু অল্প সময়ে করার ক্ষমতা কারও নাই। কিন্তু আমার কথা হচ্ছে যে বাজেট আমাদের অর্থমন্ত্রী মহাশয় আমাদের সামনে রেখেছেন তাতে চেষ্টার কোন অভাব আছে বলে আমার মনে হয় না। অবশ্য যা হয়েছে তাতে সব কিছু করা হয়েছে একথা বলি না কিন্তু যা সম্ভবপর তাই করার চেষ্টা হয়েছে। বর্তমান আর্থিক অবস্থায় যা সম্ভব তাই করা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি যে গত কয়েক বৎসর ধরে শিক্ষার ব্যয় ক্রমশঃ বেড়েই চলেছে। এবং তা প্রায় দ্বিগুণ তিনগুণ হয়ে উঠেছে। রাস্তাঘাটের প্রচুর উন্নতি হয়েছে এবং জলসেচ প্রভৃতি "ডেভেলাপমেণ্ট স্কীম"এ বহু টাকা ব্যয় করা হচ্ছে। কাজেই কিছুই করা হয়নি যদি একথা বলা হয় তাহলে তা ঠিক বলা হবে বলে মনে হয় না। কেবল বিরোধীতা না করে যদি "কনষ্ট্রাকটিভ সাজেশান" এবং "কনষ্ট্রাকটিভ ক্রিটিসিজম" করা হয় তাহলে সত্যিকারের কর্তব্য পালন করা হয়। আমার এখানে বহুদিন পূর্বের একটা গল্প মনে পড়ছে সেটা না বলে পারছি না। কোন এক ভাস্কর বহুকাল আগে একটা অপূর্ব সুন্দর ও মনোহর মূর্তি তৈরী করেন। তার মধ্যে খুঁজতে গেলে কোন খুঁত ছিল না। তারপর সেই মূর্তি

[Janab Tafazzal Hossain.]

রাস্তার পাশে প্রকাশ্য স্থানে রেখে এটা ঘোষণা করে দেওয়া হল যে, যেখানে যে খুঁত পাবে সেখানে একটি করে পেনসিলের ছোট দাগ দেবে। কিছুদিন পর দেখা গেল সেই মুর্তির সর্বত্রই পেনসিলের দাগ অর্থাৎ সর্বত্রই খুঁত। এই বাজেট সম্বন্ধে যদি কেবলি আপনারা খুঁত ধরতে যান তাহলে বহু খুঁত পাবেন কিন্তু সমগ্র বাজেট যদি পর্য্যালোচনা করে দেখেন তাহলে দেখবেন এর ভেতর বহু ভাল জিনিষ রয়েছে। এটা যে "ওয়েলফেয়ার ষ্টেট"এর বাজেট হয়েছে সেটা বোঝা যায়। তাই আমি বিপক্ষদলকে এই কথাই বলবো বাজেটের কেবল খুঁত না ধরে কি করে বাজেটকে উন্নত করা যায় সে সম্বন্ধে যেন "কনষ্ট্রাকটিভ সাজেসান" দেন। এবং সেই দৃষ্টিভঙ্গি নিয়ে যদি আলোচনা করেন তাহলে দেশের বহু কল্যাণ হবে এবং দেশ উন্নতির পথে এগিয়ে যাবে। বর্ত্তমানে আমাদের শিক্ষা সম্বন্ধে বহু সমালোচনা হয়ে গেছে সম্প্রতি যে শিক্ষকদের ধর্মঘট হয়ে গেছে তারজন্য গভর্ণমেণ্টকে বিরুদ্ধ পক্ষ সম্পূর্ণরূপে দায়ী করেছে। কিন্তু যখন ব্যাপারটা রাজনৈতিক রূপ পরিগ্রহণ করল এবং দাঙ্গাহাঙ্গামা চলল তখনই প্রধানমন্ত্রী মহাশয় সেটা থামিয়ে দেন। এজন্য যদি তাকে হিটলার এবং এই "ষ্টেট"কে "হিটলার ষ্টেট" বলা হয় তাহলে সেটা ঠিক হবে না। এই বলেই আমি এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করছি।

Sj. Gangapada Kuar: Mr. Speaker, Sir, the budget that has been presented to us by the Finance Minister, Dr. Roy is replete with disquieting features which ought not to escape the notice of any casual reader of the budget. The first thing which strikes the readers is its revenue deficit of an unprecedented magnitude. Yesterday, Sir, Dr. Roy, while speaking in the Legislative Council, supported deficit financing on the ground of the many development projects taken by his Government. But this year's budgets of other States which are no less ahead of developmental work than West Bengal show that the budget deficit, if there be any, is not so alarming as here. Bombay's budget shows a surplus of Rs. 15 lakhs; Madras shows a deficit of Rs. 58 lakhs; Orissa shows a deficit of Rs. 73 lakhs and odd; and Madhya Pradesh shows a surplus of Rs. 18.75 lakhs.

[11—11-10 a.m.]

As to our State any man of little economic sense can hardly imagine of a State budget with a deficit of just equal to one-third of the total revenue receipts which is 39 crores and odd. It will, doubtless, retard the development and progress of the much-boosted Five-Year Plan and all other nation building works undertaken by the Government. Besides this, taxation direct or indirect is bound to increase in future years in great quantum.

The second feature which concerns me most is the huge amount of loan to the tune of Rs. 1,09 crores in which our small State will be deeply involved at the end of the coming financial year. But when we look back and see that Dr. Roy assumed his office with a loan of only 4 crores, we shudder to think of the present loan condition of our State which is gradually being dragged into ever-increasing poverty and bankruptcy. We are, of course, fully at one with Dr. Roy that the present pattern of distribution of taxing powers which is very unrealistic for West Bengal must be changed. For this I like to suggest that a resolution to this effect pressing the Union Government for changing the distribution system in our favour should be passed to realise our legitimate demand.

Another aspect of the budget as to the gigantic loss to the neighbourhood of 127 lakhs up to the year 1954-55 in all the State-run concerns has been dealt with by our leaders the other day at great length. All these go to prove undoubtedly the utter inefficiency of the Roy Ministry which is an unnecessary burden on this truncated State of West Bengal.

Sir, the Finance-*cum*-Chief Minister, Dr. Roy who has hardly any knowledge of rural conditions and the actual progress so far made in the country-side and who sees progress only through the official files says in his budget speech very optimistically of the development in all directions in the State. But we

on this side of the House fail to see any perceptible progress at all. Sir, though there is fair growth of paddy in greater part of the State this year, the contrary picture will be seen in many flood-affected areas of the State especially in Midnapore where occasional floods of the Cossye and the Subarnarekha have caused great havoc to the cultivation and production resulting in poor harvest attended with consequential ills which are being experienced greatly even at this present moment. Price level of most of the agricultural produce especially of paddy comes down but that of the daily used industrial goods mounts causing great hardship to the poor peasantry. Again paradoxically and unfortunately enough, the rural people who are substantially financing the budget are reaping little or no benefits of good roads, hospitals, health centres, girl schools, adult training centres, libraries and a host of other things they need most in their every day life.

Coming to the budget allotment, I see that a sum of Rs. 4,25,000 has been allocated under Medical while rupees one crore sixteen lakhs has been earmarked for public health. But it is a matter of every day regret that people seeking admission into hospitals, whether they be in Calcutta or in mofussil towns, are curtly refused. It must be the experience of the members as well that to get a patient admitted into the T. B. Hospital is rather a special privilege. Besides, the expenditure to maintain a T. B. patient in Government or Government-aided hospitals is beyond the reach of ordinary people. Sir, we find that the salary of the professorial staff at the Calcutta Medical College has been increased from Rs. 2,87,000 in 1952-53 to Rs. 4,05,000. This, I say, is only a sample as to how salaries of already highly paid staff have been increased. Side by side, we see that the Government is very unscrupulously closing down the A. G. Hospitals from mofussil areas even before establishing a single health centre in the area of a whole thana.

Sir, the expenditure under Police is objectionably high especially in view of the fact that it goes against the principle of the Welfare State as it is so often termed by the Congress Government. But it is not the police but the contented people at large that go to establish a Welfare State. Hence sooner the expenditure on Police is curtailed to a considerable extent and more money alloted to Education, Irrigation, Civil Works and towards other social programme, the better for the problem State of West Bengal.

Sj. Copal Chandra Das Adhikary: মাননীয় সভাপাল মহাশয়, সরকার কর্তৃক ১৯৫৪।৫৫ সালের যে বাজেট পেশ করা হয়েছে সেই বাজেট সমর্থন করতে গিয়ে আমি ২।১টি কথা বলতে চাই।

এই বাজেটে বিভিন্ন উন্নয়নমূলক খাতে বহু টাকা দেওয়ায় বাজেট ঘাটতি হয়েছে। বাজেট ঘাটতি হওয়া সত্বেও নূতন কর ধার্য্য হয়নি, তজ্জন্য অর্থ মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি।

বিরোধীপক্ষীয় সদস্যেরা শুধু আজ নয় কোন দিনই বাজেটকে সমর্থন করেন নি এবং করতে পারেন না। যেদিন কংগ্রেস কর্তৃত্ব এখানে প্রতিষ্ঠিত হয়েছে সেইদিন থেকেই সরকারের বাজেট তাঁদের নিরাশ করেছে। তাঁদের এই নিরাশার মধ্যে আমরা কি দেখতে পাচ্ছি? আমরা দেখতে পাচ্ছি যে ২০০ বৎসরের বিদেশী শাসনে দেশের যে অর্থনৈতিক, সামাজিক এবং রাজনৈতিক কাঠামো একেবারে ভেঙ্গে চুরমার হয়ে গেছলো এখন সেই কাঠামো ধীরে ধীরে জোড়া লাগছে।

আরও ভাল করে বিশ্লেষণ করলে দেখতে পাই যে গ্রামের শ্রমিকের ও কৃষকের অবস্থার উন্নতি ঘটেছে যারা আগে ভূমিহীন ছিল বা যারা দেনার জন্য জমি বিক্রী করত তারা আজ ২।১ কাঠা জমি কিনছে। যারা বাড়ীর অসুখ বিসুখে পড়সীর বাড়ী থেকে পয়সা ধার কোরে না আনলে রোগীর মুখে ঔষধ পথ্য দিতে পারত না আজ তাদের কাছে দু একটা টাকা দেখা যাচ্ছে। গ্রামের মহাজনের মহাজনী ব্যবসা ক্রমেই কমে যাচ্ছে। গ্রামে অনাহারের সংখ্যা ধীরে ধীরে কমছে। শ্রমিকদের বেশভূষা এবং জীবন যাপন প্রণালী একটু যে উন্নতির পথে চলেছে এতে কোন সন্দেহ নেই। সর্বাপেক্ষা গরীব শ্রমিক

[Sj. Gopal Chandra Das Adhikary.]

যে সাঁওতাল—আজ তাদের আর্থিক অবস্থা ও জীবন যাত্রার মান উন্নতির পথে চলেছে। আজ তাদের পরনে ১০নং সুতার তাঁতের কাপড়ের পরিবর্তে দেখা যায় মিলের সরু সুতার কাপড়। তাদের মধ্যে অনাহারের সংখ্যাও কমেছে। শিক্ষার দিক দিয়ে দেখি অবৈতনিক শিক্ষা ব্যবস্থা ও বুনিয়াদী বিদ্যালয় চালু হচ্ছে। মাধ্যমিক বিদ্যালয়ে "ডেফিসিট"এর ভিত্তিতে সাহায্য দানের ব্যবস্থা এই সরকারই করেছেন। এই সব উন্নতিমূলক কাজে সরকারের প্রচেষ্টা রয়েছে। অবিভক্ত বাংলার ১৯৪৬।৪৭ সালের বাজেটে যেখানে প্রায় ৩ কোটি টাকা বরাদ্দ হয়েছিল আজ সেখানে ১৯৫৪-৫৫ সালের বাজেটে $\frac{১}{৩}$ বাংলার জন্য প্রায় ৮ কোটি টাকা বরাদ্দ হয়েছে। অর্থাৎ প্রায় ৮ গুণ (১৯৪৬-৪৭ সালের খরচের $\frac{১}{৩}$ এর আটগুণ) প্রতি থানায়, প্রতি ইউনিয়নে স্বাস্থ্য কেন্দ্র স্থাপন কোরে জনসাধারণের স্বাস্থ্যের উন্নতির জন্য সব সময়ে সরকার চেষ্টিত। গ্রামে গ্রামে ম্যালেরিয়া নিবারণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং তার কাজও আরম্ভ হয়েছে। বহুস্থানে নলকূপের দ্বারা গ্রামবাসীর স্বাস্থ্যের উন্নতি বিধানের জন্য সরকার সব সময়েই সচেষ্ট। ১৯৪৬-৪৭ সালে যে খাতে প্রায় ৪ কোটি টাকা সমগ্র বাংলার জন্য বরাদ্দ হয়েছিল সেই খাতে ১৯৫৪-৫৫ সালে এই $\frac{১}{৩}$ বাংলার প্রায় পৌনে ৬ কোটি টাকা বরাদ্দ হয়েছে, অর্থাৎ প্রায় ৪৷৷০ গুণ।

[11-10—11-20 a.m.]

এই দেশে খাদ্যের অভাব ছিল, এই সরকার বিদেশ থেকে বহু কোটি টাকার খাদ্য এনে এই দেশের একটা মানুষকেও মরতে দেন নি। অথচ ১৯৪৩ সালে দুর্ভিক্ষ বাংলা দেশের বুক থেকে হাজার হাজার লোককে চিরতরে সরিয়ে দিয়েছিল। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় খাদ্য উৎপন্নকে প্রধান স্থান দেওয়া হয়েছে। এখানে কোটি কোটি টাকা দামোদর ও ময়ূরাক্ষী সেচ পরিকল্পনার জন্য খরচ করছেন যাতে দেশ খাদ্য স্বয়ংসম্পূর্ণ হতে পারে। এই দামোদর ভ্যালি প্রোজেক্ট যখন আমরা দেখতে গিয়েছিলাম তখন তা দেখে হরিপদ বাবু বলেছিলেন যে গঙ্গা ব্যারেজ হয়ে গেলেই আমি আর সরকারের বিরুদ্ধতা করবো না। ১৯৪৭ সালে এই বিভাগে যেখানে প্রায় ২ কোটি টাকা বরাদ্দ হয়েছিল এখন সেখানে এই ১৯৫৪-৫৫ সালে $\frac{১}{৩}$ অংশ বাংলার প্রায় ১৬ কোটি টাকা বরাদ্দ হয়েছে প্রায় ২৪ গুণ। আমাদের জীবনধারণের জন্য যেসব মোটামুটি জিনিষের দরকার তার অভাব মোচনের জন্য সরকার এগিয়ে যাচ্ছেন তাতে সন্দেহ নেই।

Sj. Nepal Chandra Roy: মাননীয় স্পীকার মহোদয়, আজকে দেখা যাচ্ছে এই বাজেটে প্রায় আমাদের ১৩ কোটি টাকা ঘাটতি। ডাঃ বিধান চন্দ্র রায় দেখিয়েছেন, এবং এটা আমি মনে করি ঠিক কাবুলিওয়ালাদের মতন; যেমন "ইনভেষ্টমেন্ট" করে "ফর নাথিং" যারা কলকারখানায় কাজ করে, তারা এই কাবুলিওয়ালাদের কাছ থেকে টাকা ধার নিয়ে মদ, গাঁজা প্রভৃতি খায় ও অন্যান্য খারাপ কাজ করে, ঠিক তেমনি আমাদের "ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট" টাকা ধার নেন এবং বাজে কাজ করবার জন্য এই টাকা ব্যয় করেন। আসলে সাধারণ মানুষের কাজে লাগছে এমন কোন ইঙ্গিত এই বাজেটের মধ্যে দেখতে পাইনি। আমরা দেখছি ডাঃ বিধান চন্দ্র রায় বয়েসে ৭২ হয়েছেন এবং দেখা যাচ্ছে বুদ্ধিতেও তাঁকে ৭২এ ধরেছে, তার কারণ তিনি যে ভাবে এই শিশু রাষ্ট্রের উপর এই ঋণের বোঝা একটার পর একটা চাপাচ্ছেন তাতে আমাদের শিশু রাষ্ট্রের অকাল মৃত্যু ঘটবে। "ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট"এর এই বাজেট "ওয়েষ্ট পেপার বাস্কেট"এ ফেলে দেবার সামিল। আমি তাই তাঁকে এইটুকু হুসিয়ার করে দিচ্ছি তিনি যেন এইভাবে আর কখনও ভবিষ্যতে ধার করা বাজেট তৈরী করবার চেষ্টা না করেন। তবে এখানে একটা কথা হচ্ছে, এই ধার করা বাজেটে যদি দেশের জনসাধারণের কোন উপকারে আসত তাহলে এই টাকা কেন, একশো কোটি টাকাও যদি ধার করতেন তাহলে তা আমরা সমর্থন করতাম। কিন্তু এখানে দেখছি এই ১৩কোটি টাকা দিয়ে গরীব জনসাধারণের প্রকৃত কোন উন্নতিই হচ্ছে না। আমরা দেখতে পাচ্ছি কতকগুলি পুরাতন লোক ঐ কংগ্রেসওয়ালাদের, যারা পথেঘাটে মা, বোনদের বেইজ্জত করেছে, সেই সমস্ত পুরাতন অফিসারদের "এক্সটেনসন অব সার্ভিস" দেওয়া হচ্ছে। সেটা যদি বন্ধ করেন তাহলে ৩ কোটী টাকা বেঁচে যেতে পারে। আর যারা মোটা ধরণের মাইনে পান, অর্থাৎ ২,৭০০ টাকা মাইনের "আই, সি, এস," এবং তাঁদের নীচে ছোট অফিসার যাঁরা খুব মোটা মাইনে পান এবং অন্যান্য ব্যক্তি যাঁরা তিনশো টাকার উপর মাইনে পান তাঁদের "ডিয়ারনেস এলাওয়ান্স" বন্ধ করে দেওয়া উচিত, এবং তাতে কয়েক কোটি টাকা বাংলা দেশের "সেভ" হয়। সুতরাং "এক্সটেন্সন অব সার্ভিস" থেকে প্রায় ৩ কোটি টাকা পাওয়া

যাবে, এবং যারা "হাই স্যালারী" পায় তাদের "ডিয়ারনেস এলাওয়্যান্স" যদি বন্ধ করে দেওয়া যায় তাহলে ৪ কোটি টাকা আমাদের "সেভ" হয়।

বাংলাদেশে সবচেয়ে বড় যেটা নাকি "প্রোডাকসন" চায়ের এবং টুবাকোর; যা আমাদের দেশে তৈরী হয় এবং এর থেকে যা কিছু ট্যাক্স আমরা আদায় করি সেটার সব কিছু "সেণ্ট্রাল গভর্ণমেণ্ট" নিয়ে যায়। বাংলা দেশকে কলা দেখিয়ে যায়, অথচ প্রকৃত পক্ষে এখানে চাএর উপর যে ট্যাক্স আদায় হয় সেটা বাংলাই পাবার অধিকারী। এই আদায়ী ট্যাক্স থেকে "সেণ্ট্রাল গভর্ণমেণ্ট" বাংলা সরকারকে একটা পয়সাও দেন না। ডাঃ রায় যদি চান সেই দাবী উত্থাপন করতে তাহলে আমরা ডাঃ রায়ের সেই দাবীর সঙ্গে যোগ দিতে রাজী আছি।

আমি এখানে কতকগুলি "কনষ্ট্রাকটিভ সাজেসান" দিচ্ছি, তিনি যদি এগুলি গ্রহণ করেন তাহলে আমাদের সমর্থন পাবেন, তা নাহ'লে আমরা এই বাজেটকে কোন রকমেই সমর্থন করতে পারি না। আজকে সবচেয়ে বড় জিনিষ যেটা দেখা যায় সেটা হচ্ছে দেশের "আনএমপ্লয়মেণ্ট প্রব্লেম", এবং "আনএমপ্লয়ড"দের মধ্যে একটা "ফ্রাষ্ট্রেসন" এসেছে। আজকে তারা বুঝতে পারছে এর জন্য কে দায়ী।

(The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
একটু আস্তে বলুন।)

ডাঃ রায় যখন একজন "বেষ্ট ডক্টর", তখন তার কথা মেনে নিতেই হবে। আচ্ছা, আমি আস্তেই বলছি। আজ কয়েক লক্ষ লোক যারা বেকার তারা "এমপ্লয়-মেণ্ট এক্সচেঞ্জ"এ নাম লেখাবার সুযোগ পেয়েছে কিন্তু ১৯৫০ সালের পূর্বে যে সমস্ত বেকার ছিল তারা এই "ইমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ"এর কোন সুযোগ পায়নি। সেখানকার "ষ্ট্যাটিষ্টিক" নিয়ে যদি দেখেন তাহলে আমাদের এই ব্যুরোর কি প্রকৃত রূপ সেটা ভালভাবে দেখা যাবে।

এই "আনএমপ্লয়মেণ্ট প্রব্লেম" সম্বন্ধে আমি দু-একটি কথা বলছি। আজ আমরা দেখছি পাকি-স্থানের লোকরা আমাদের ভারতের কাছ থেকে যথেষ্ট সুযোগ সুবিধা পাচ্ছে। আজ এখানে প্রায় ২৫।৩০ হাজার পাকিস্থানী বাস করছে। কিন্তু পাক-মার্কিন চুক্তির ফলে ভারতে এক নূতন সমস্যা দেখা দিয়েছে এবং ভারত আজ বিপদগ্রস্থ হতে চলেছে। তথাপি আজ এখানে পাকিস্থানীদের "নেভি"তে চাকরী দেওয়া হচ্ছে, এবং তারাই "নেভিগেসন" সমস্ত কাজ চালাচ্ছে। যদি কোন দিন পাকিস্থানের সঙ্গে ভারতের যুদ্ধ বাঁধে তা হ'লে আমাদের নেভী, জলযান যলে যা কিছু আছে সমস্ত পাকিস্থানের পক্ষে থাকবে। সেই-জন্য সেই দিক থেকে যদি আমাদের গভর্ণমেণ্ট হুসিয়ার হন তাহলে প্রায় ২৫ হাজার বেকারী যুবক এবং মধ্যবিত্তদের একটা চাকরীর সংস্থান করতে পারেন। আজকে বেকারী যুবকও মধ্যবিত্ত যারা জাহাজি খালাসির কাজ করবার জন্য এগিয়ে যাচ্ছে তাদের চাকরী দেওয়া উচিত। আমাদের ২৫ হাজার পাকিস্থানী জাহাজী লোকদের সরিয়ে দিয়ে ঐ স্থানে বাংলা বা ভারতের অন্য জেলা থেকে লোক নিয়ে দিতে পারেন তার ব্যবস্থা করুন।

আর একটা জিনিষের প্রতি আমি নজর দিতে বলছি সেটা হচ্ছে—"প্রাইভেট মার্চেণ্ট ফার্ম"। আমি এখানে অবশ্য "প্রভিনসিয়ালিজম"এর কথা বলছি না; কিন্তু এখানে প্রথম বাঙ্গালীকেই দেখতে হবে। আগে তারা যাতে চাকরী পায় তার ব্যবস্থা করতে হবে। কিন্তু এই সমস্ত "প্রাইভেট মার্চেণ্ট ফার্ম"এর বেশীর ভাগ মালিকরাই বাংলার বাইরে থেকে লোক এনে চাকরী দিয়ে থাকেন। যাঁরা কংগ্রেসের পক্ষে ভোট দেবেন সেই রকম সব লোককে চাকরী দিয়ে থাকেন। বিশেষ করে বিহার প্রদেশের কথা বলছি এরা বাংলাকে সব সময়ই খারাপ চোখে দেখেন এবং মোরস্যুয়ের জন্য ওরা এখানে আসেন। অর্থাৎ খালি ভোট দেবারই সুযোগ তাঁরা পাবেন, এ-ছাড়া অন্য কোন সুযোগ এদের দ্বারা হবে না।

আর একটা কথা হচ্ছে যে "মিলিটারী"তে বাঙ্গালী ছাত্রদের কোন সুযোগ সুবিধা দেওয়া হয় না। ডাঃ রায়কে জানাচ্ছি মিলিটারীতে যদি বাঙ্গালী যুবকদের সুযোগ দেওয়া হয় তাহলে তারা অন্য কোন জাতের লোকের চেয়ে কম যাবে না। আপনারা হয়ত বাঙ্গালী এয়ার কমাণ্ডার সুব্রত মুখার্জীর কথা ভুলে যান নি। বাঙ্গালী যেখানেই গিয়েছে সেখানেই অন্য কোন জাতের চেয়ে কম যায় নি। তাই আমি ডাঃ রায়কে অনুরোধ করবো, যে সর্বপ্রথম এই সমস্ত বেকার যুবক মিলিটারীতে যাতে কাজ পায় তার "অপরচুনিটি" দেওয়ার জন্য ব্যবস্থা করুন।

[11-20—11-30 a.m.]

মাননীয়, স্পীকার, স্যার, আমি একটা জিনিষ দেখতে পাচ্ছি। আমাদের "ষ্টেট"এর "ইকনমিক ষ্ট্রাকচার" যেটা সেটার আসল রূপ কি? বেকার যুবকদের সংখ্যায় দেশ ভরে উঠেছে। একই লোক দেখুন ২৫ জায়গায় দরখাস্ত করছে কোনো জায়গায়

[Sj. Nepal Chandra Roy.]

"টাইপিষ্ট" হিসাবে, কোন জায়গায় কেরাণী হিসাবে দরখাস্ত করছে, কিন্তু কোনো জায়গায় কাজ পাচেছ না। আজকের যুগ হ'ল "স্পেশালিজেসন'এর যুগ, "স্পেশাল" বিভাগ যদি সরকার নির্ণয় করে না দেন, আমি "টাইপ" শিখেছি, আমি যদি সেই চাকরী না পাই "ষ্ট্যাবিলিটি" যদি না থাকে, পাওয়ার "গ্যারাণ্টি" যদি না থাকে তাহলে সে প্রকৃতপক্ষে দেশকে ভালবাসতে পারে না। মানুষের যোগ্যতাকে ঠিকপথে "চ্যানালাইজ" করতে হবে। যে "লেবার" সে "লেবার" করবার জন্য শিখবে, যে "মেকানিগেশন" শিখবে "প্রোডাকসন" করতে তাকে "প্রোডাকসন" লাইনে দাঁড়াতে হবে। শ্রমনীতিটা "চ্যানালাইজ" করা বিশেষ দরকার। আজকে সব চেয়ে বড় জিনিষ যেটা ইংরাজ আমলে দেখতে পাইনি, আজকে "হাই কোর্ট"এর "জাষ্টিস"এর মধ্যে "করাপসন" এসে পড়েছে, আমি বলছি স্যার যেটা নাকি "ইনফ্লুয়েন্স" দ্বারা—

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: May I point out that the honourable member cannot criticise the High Court.

Sj. Nepal Chandra Roy:

আজকে যখন কোনো আন্দোলন হয় সরকার থেকে যে "কমিশন" নিযুক্ত হয় তার উপর আস্থা রাখা সম্ভব হয় না--কেন হয় না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I again protest against that. If that is the only argument you have got, then please sit down.

Sj. Nepal Chandra Roy:

আজকে সব চেয়ে বড় কথা যেটা বলতে চাই সরকার থেকে "প্রেসমেন"কে যেভাবে "অপ্রেস" করা হয়েছে, তার জন্যে সরকারের তরফ থেকে কোনো দুঃখ প্রকাশ করা হয়নি। অন্য কোনো দেশে এরকম হ'লে সেখানকার "মিনিষ্ট্রী রিজাইন" করত। আজ যদি "প্রেসমেন"কে তকমা লাগিয়ে ঘুরে কাজ করতে হয় তার চেয়ে অসম্মানজনক ব্যাপার আর কিছুই হ'তে পারে না। ডাঃ রায় কিছুদিন আগে পুলিসদের সম্বন্ধে বলেছেন যে "তোমরা সাধারণ মানুষের সঙ্গে ভাল ব্যবহার যদি করতে পার তাহ'লে তোমাদের মাইনে বিবেচনা করব"।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have never said anything like that.

Sj. Nepal Chandra Roy:

বিবেচনা করব বলেছিলেন। পুলিসদের সাধারণ মানুষের সঙ্গে যেভাবে মেলামেশা করবার জন্য সুযোগ দেওয়া হয় সাধারণ মানুষের আন্দোলন দমন করবার জন্যে যেভাবে তাদের নিয়োগ করা হয় তাতে এই সম্পর্ক উন্নতির কোন সম্ভাবনা নেই।

সব চেয়ে বড় সমস্যা বেকার সমস্যা, তারপর ভিক্ষুকদের যে বিরাট সমস্যা আমাদের দেশে পৃথিবীর অন্য দেশের সঙ্গে তার তুলনা হয় না। কিন্তু এ সমস্যা আমাদের সরকার কর্তৃক "নেগলেকটেড"। প্রায় ২ লক্ষের উপর পশ্চিমবঙ্গে ভিক্ষুক আছে, এরা নানা রোগাক্রান্ত, নানা কঠিন রোগ এরা সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে দেয়, যে পয়সা তারা ভিক্ষা করে পায় সেটা বাজারে আবার চলছে, ফলে রোগ বিস্তারের সুবিধা হচেছ। স্বাস্থ্য বিভাগ এদিকে দৃষ্টি দিলে ভাল হয়, কলকাতার বুকের উপর প্রায় ১ লক্ষ "হকার্স" আছে, তাদের সম্বন্ধে সামান্য নাম মাত্র ব্যবস্থা সরকার করেছেন। তাদের সকলকে সুবিধা সুযোগ না দিলে অনেকেই চোর ডাকাত হয়ে যাবে, ফলে পুলিসের বাজেট আরও বাড়াতে হবে। এদের সম্বন্ধে বিচার বিবেচনা করবার জন্যে আমি অনুরোধ করছি।

Sj. Bankim Mukherji:

